



**বিডিনিয়োগ.কম**

[www.bdnियog.com](http://www.bdnियog.com)

# বিডিনিয়োগ.কম

www.bdniyog.com

## মতকাঁকরণ



মকল পিডিএফ বিডিনিয়োগ.কম

ফেসবুক ও গুগল থেকে সংগ্রহ করে,

যেগুলো ইতিমধ্যে পাওয়া যাচ্ছে।

আমরা কোনো লেখককে বা প্রকাশনীকে  
ক্ষতি করার উদ্দেশ্যে পিডিএফ প্রকাশ করিনা।

তাদেরকে সর্বোচ্চ সম্মান দেই আমরা।

যদি কেউ মনে করে যে আমরা পিডিএফ

প্রকাশের কারণে কোনো ক্ষতি হচ্ছে বা

অন্য কোনো সমস্যায়, আমরা আপনার

পিডিএফটি মরিয়ে নিবো।

## আমাদের ইমেইল করুন

[admin@bdniyog.com](mailto:admin@bdniyog.com)

# অধ্যয়নভিত্তিক প্রশ্নবন্টন

## [পদার্থবিজ্ঞান প্রথম পত্র]

মেডিকেল ভর্তি পরীক্ষায় পদার্থবিজ্ঞান অংশ (প্রথম পত্র + দ্বিতীয় পত্র) হতে মোট ২০টি প্রশ্ন এসে থাকে। এর মধ্যে পদার্থবিজ্ঞান ১ম পত্র থেকে ৮টি, ৯টি, ১০টি, ১১টি বা কখনো ১২টি প্রশ্ন এসে থাকে

২০০৭-২০০৮ থেকে ২০১৮-২০১৯ সেশন পর্যন্ত বিগত ১২ বছরে পদার্থবিজ্ঞান প্রথম পত্রের বিভিন্ন অধ্যায় থেকে আগত প্রশ্নের সংখ্যা

অধ্যায়ের নাম/বিষয়	২০১৮-১৯	১৭-১৮	১৬-১৭	১৫-১৬	১৪-১৫	১৩-১৪	১২-১৩	১১-১২	১০-১১	০৯-১০	০৮-০৯	০৭-০৮
অধ্যায়-১ ভৌতজগৎ ও পরিমাপ	১	১	১		১							
অধ্যায়-২ ভেক্টর	১	১				২				১		
অধ্যায়-৩ গতিবিদ্যা	১	১	২	২	১	১	২	১		১	২	
অধ্যায়-৪ নিউটনিয়ান বলবিদ্যা	১	১	১	১	১	৩	২	২			২	১
অধ্যায়-৫ কাজ, শক্তি ও ক্ষমতা	১	১	১	১	২		১	২	৩	২	২	১
অধ্যায়-৬ মহাকর্ষ ও অভিকর্ষ	২	১		১	২	২					১	
অধ্যায়-৭ পদার্থের গাঠনিক ধর্ম	১	১	১	১	৩	২	২	১	৩	১	২	
অধ্যায়-৮ পর্যাবৃত্তিক গতি	১	১	১	১					২		১	
অধ্যায়-৯ তরঙ্গ	১								২	১		
অধ্যায়-১০ আদর্শ গ্যাস ও গ্যাসের গতিতত্ত্ব		১	১		১			১	২	১		
মোট	১০	১০	৮	৮	১১	১২	৭	৯	১২	৭	১০	২

**ছাত্র/ছাত্রীদের দৃষ্টি আকর্ষণ:** নতুন সিলেবাসের পাঠ্যবইতে অধ্যায়ের পুনর্বিন্যাসের কারণে উপরিউক্ত ছকে পদার্থবিজ্ঞান ১ম পত্র থেকে মোট প্রশ্নসংখ্যা ৮, ১০, ১২, ৭, ৯, ১২, ..... ৭ ইত্যাদি সংখ্যায় দাঁড়িয়েছে।

## Reference Books: (নতুন সিলেবাস অনুসারে)

## উচ্চ মাধ্যমিক পদার্থবিজ্ঞান ১ম পত্র; By-

১. ড. আমির হোসেন খান [ষষ্ঠ সংস্করণ-২০১৮]
২. ড. শাহজাহান তপন [বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮]
৩. অধ্যাপক গোলাম হোসেন প্রামাণিক [৪র্থ সংস্করণ-২০১৭]
৪. ড. তফাজ্জল হোসেন [সংস্করণ-২০১৮]
৫. অধ্যাপক আবদুল গনি [সংস্করণ-২০১৭]
৬. অধ্যাপক শামসুর রহমান সেলু [বর্ধিত সংস্করণ-২০১৭]

Chapter Index: এই অধ্যায়ের Important বিষয়সমূহ  
[ বর্ণমালার ক্রমানুসারে সাজানো ]

গুরুত্বপূর্ণ বিষয়সমূহ	MCQ সহ যে পৃষ্ঠায় রয়েছে
আইনস্টাইনের বিখ্যাত প্রবন্ধসমূহ	১৫৫
আকাশে প্রাচীনকাল উড়ার যন্ত্র আবিষ্কার	১৫১
আধুনিক পদার্থবিজ্ঞানের আওতাভুক্ত শাখা	১৪৫
আধুনিক পদার্থবিজ্ঞানের ক্রম বিকাশে বিজ্ঞানীদের অবদান	১৫১
আন্তর্জাতিক পদ্ধতির একক	১৪৭
আপেক্ষিকতার বিশেষ তত্ত্ব	১৫৪, ১৫৫
আলোক বর্ষ	১৪৫
আলোর কণিকা তত্ত্ব ও তরঙ্গ তত্ত্ব	১৫৩
ইয়ং এর দ্বি-চিড় পরীক্ষা	১৫৩
এককের আদর্শ মান	১৪৭
এলোমেলো বা অনিয়মিত ক্রটি	১৫৬
ক্যান্সার চিকিৎসায় পদার্থবিজ্ঞান	১৪৬
কৃষিতে পদার্থবিজ্ঞানের অবদান	১৪৬
কোয়ান্টাম তত্ত্ব	১৫৪
চলচ্চিত্র আবিষ্কার	১৫৩
চিকিৎসাক্ষেত্রে পদার্থবিজ্ঞান	১৪৫
জেমস ওয়াটের আবিষ্কার	১৫১
জ্যোতির্বিজ্ঞান ও গণিতশাস্ত্রে ভারতীয়দের অবদান	১৫০
তৈলদ্রাফ আবিষ্কার	১৫২
তড়িৎ চুম্বকীয় তরঙ্গ তত্ত্ব আবিষ্কার	১৫৪
তড়িৎচৌম্বক আবেশ	১৫৪
তেজস্কণাবাদ	১৫৪
তেজস্ক্রিয় রশ্মি আবিষ্কার	১৫৪
তেজস্ক্রিয়তা ও X-ray আবিষ্কার	১৫৩
পাত রয়েডের ক্রিয়া পর্যবেক্ষণ	১৪৬
দশের সূচক	১৪৮
সৈন্যের একক	১৪৭
নিত্যনীয় পদার্থবিজ্ঞান	১৪৬
নিউটনের গবেষণা	১৫২
পদার্থবিজ্ঞান ও খেলাধূলা	১৪৬
পদার্থবিজ্ঞানে কয়েকজন বিজ্ঞানীর অবদান	১৫৩
পদার্থবিজ্ঞানের উপর ভিত্তি করে প্রযুক্তির অগ্রগতি	১৪৬
পদার্থের ধর্ম	১৪৫
পরম ক্রটি	১৫৬
পরমাণুতে শক্তি সঞ্চয়ের তথ্য উদ্ঘাটন	১৫৫

গুরুত্বপূর্ণ বিষয়সমূহ	MCQ সহ যে পৃষ্ঠায় রয়েছে
পরিমাপের ক্রটির প্রকারভেদ	১৫৫
পড়ন্ত বস্তুর সূত্র	১৫২
পিছট ক্রটি	১৫৬
পুনরাবৃত্তিক বা নিয়মিত ক্রটি	১৫৬
প্রেট টেকটোনিক তত্ত্ব	১৪৪
ফোটন	১৫৫
ফ্রেঞ্চ পদ্ধতিতে একক	১৪৭
বলবিদ্যার আবিষ্কার	১৫২
বাস্পীয় ইঞ্জিন আবিষ্কার	১৫১
ব্যক্তিগত ক্রটি	১৫৬
ব্যবহারিক একক	১৪৭
বিজ্ঞানী (আর্কিমিডিস, পিথাগোরাস, রজার বেকন)	১৫১
ভর নির্ণয়	১৪৬
ভৌত জগত	১৪৪
ভৌত বিজ্ঞান	১৪৪
মহাবিশ্বের গ্যালাক্সির সংখ্যা	১৪৫
মাইকেল ফ্যারাডের আবিষ্কার	১৫৪
মানব চোখে আলোর সংবেদনশীলতা	১৫৩
মৌলিক একক ও লব্ধ একক	১৫০
যান্ত্রিক ক্রটি	১৫৫
যৌগিক রাশি	১৫০
রাদাফোর্ডের পরমাণু মডেল	১৫১
রেডিওথেরাপি	১৪৫
রেডিওকাডিওগ্রাফি	১৪৬
লব্ধ রাশি	১৫০
লেভেল ক্রটি	১৫৬
শক্তির রূপান্তর	১৪৫
শূন্য ক্রটি	১৫৬
সর্বপ্রথম টেলিস্কোপ আবিষ্কার	১৫২
সর্বপ্রথম বেতার তরঙ্গ প্রেরণ	১৫৩
সূর্যকেন্দ্রিক সৌরজগতের ধারণা	১৫২
সূর্যগ্রহণ	১৪৪
সূর্যগ্রহণ সম্পর্কে ভবিষ্যদ্বাণী	১৫০
সূর্যের অভ্যন্তরের তাপমাত্রা	১৪৪
Atom-এর ধারণা	১৫০


বিডিনি.কম

অধ্যায়-১ : Concept Map

ভৌত জগৎ

জগৎ

জীব জগৎ



[Ref: ড. আমির হোসেন, ড. শাহজাহান তপন]

☑ Glossary (Important সংজ্ঞাসমূহ)

(বাংলা বর্ণমালার ক্রমানুসারে সাজানো)

বিষয়	সংজ্ঞা/পরিচয়	Reference
তত্ত্ব (Hypothesis)	যুক্তি নির্ভর ও সুচারুরূপে উপস্থাপিত কল্পনা, প্রস্তাব বা সিদ্ধান্তকে অণুকল্প বলে।	ড. তপন পৃষ্ঠা: ৪ (সংস্করণ-২০১৮)
আপেক্ষিক ত্রুটি (Relative error)	পরম ত্রুটি ও প্রকৃতমানের অনুপাতকে আপেক্ষিক ত্রুটি বলে।	ড. আমির, পৃষ্ঠা: ২৭ (সংস্করণ-২০১৮)
আলোক তড়িৎ ক্রিয়া (Photo electric effect)	কোন ধাতব পদার্থের উপর উপযুক্ত কম্পাঙ্ক বা তরঙ্গদৈর্ঘ্যের আলোক আপতিত হলে ঐ পদার্থ হতে ইলেকট্রন নির্গত হয়। একে আলোক তড়িৎ ক্রিয়া বলে।	ড. আমির, পৃষ্ঠা: ২৪-২৫ (সংস্করণ-২০১৮)
একক (Unit)	কোনো একটি রাশিকে পরিমাপ করতে হলে তার একটি নির্দিষ্ট অংশকে আদর্শ হিসেবে ধরে নিয়ে রাশিটি পরিমাপ করা হয়। পরিমাপের এই আদর্শকে একক বলা হয়।	ড. আমির, পৃষ্ঠা: ৪২ (সংস্করণ-২০১৮)
তত্ত্ব (Theory)	যথোপযুক্ত যুক্তি-প্রমাণ উপস্থাপন, পরীক্ষণ, পর্যবেক্ষণ, ফলাফল বিশ্লেষণের আলোকে যখন একটি ঘটনাকে বিজ্ঞানীদের সামনে উপস্থাপনের উপযোগী করে প্রকাশ করা হয় তখন তাকে তত্ত্ব বলে।	ড. তফাজ্জল, পৃষ্ঠা: ৮ (সংস্করণ-২০১৮)
তড়িৎ চৌম্বক আবেশ (Electromagnetic induction)	চৌম্বক ক্ষেত্র দ্বারা তড়িৎ প্রবাহ সৃষ্টি করার প্রক্রিয়াকে বলা হয় তড়িৎচৌম্বক আবেশ। ১৮৩১ সালে মাইকেল ফ্যারাডে তড়িৎচৌম্বক আবেশ আবিষ্কার করেন।	ড. আমির, পৃষ্ঠা: ২৪ (সংস্করণ-২০১৮)
তেজস্কণাবাদ (Quantum theory)	জার্মানির প্রখ্যাত পদার্থবিদ ম্যাক্স প্ল্যাঙ্ক ১৯০০ সালে তেজস্কণাবাদ বা কোয়ান্টাম তত্ত্ব আবিষ্কার করেন।	ড. আমির, পৃষ্ঠা: ২৫ (সংস্করণ-২০১৮)
ধারণা/প্রত্যয় (Concept)	আমাদের পঞ্চ ইন্দ্রিয়র সাহায্যে অনুভব করে ও পর্যবেক্ষণ করে মস্তিষ্কে যে সত্যের কাল্পনিক ছাঁচ অনুভূত হয় তাকেই ধারণা বলে।	ড. তপন, পৃষ্ঠা: ৪ (সংস্করণ-২০১৮)
নীতি (Principle)	একটি আদর্শ বা যুক্তিপূর্ণ আচরণ ভিত্তি যার সাপেক্ষে অন্যান্য বিষয় তুলনা, বিচার বিশ্লেষণ ও পরিমাপ করা হয় তাই নীতি। যেমন আর্কিমিডিসের নীতি।	তপন, পৃষ্ঠা: ৪ (সংস্করণ-২০১৮)
পরম ত্রুটি (Absolute error)	কোন একটি রাশির প্রকৃতমান এবং পরিমাপকৃত মানের পার্থক্যকে পরম ত্রুটি বলে।	ড. আমির, পৃষ্ঠা: ২৬ (সংস্করণ-২০১৮)
পর্যবেক্ষণমূলক বা ব্যক্তিগত ত্রুটি (Observational or personal errors)	পর্যবেক্ষকের পর্যবেক্ষণে ভুল এবং সঠিক মূল্যায়নের অভাবে এ ত্রুটি পরিলক্ষিত হয়। একে পর্যবেক্ষণমূলক ত্রুটি বা ব্যক্তিগত ত্রুটি বলে। দৃষ্টিভ্রম এ ধরনের একটি ত্রুটি।	ড. আমির, পৃষ্ঠা: ২৬ (সংস্করণ-২০১৮)
পুনরাবৃত্তিক বা নিয়মিত ত্রুটি (Systematic errors)	পরীক্ষাকালে কোনো কোনো ত্রুটির ফলে পরীক্ষাধীন রাশির পরীক্ষালব্ধ মান সর্বদাই এবং নিয়মিতভাবে রাশিটির প্রকৃত মান অপেক্ষা কম বা বেশি হতে পারে। এ ধরনের ত্রুটিকে নিয়মিত বা পুনরাবৃত্তিক ত্রুটি বলে। মিটার ব্রিজের প্রান্তিক ত্রুটি, পোটেনশিওমিটার প্রান্তিক ত্রুটি, এই ত্রুটির অন্তর্গত।	ড. আমির, পৃষ্ঠা: ২৬ (সংস্করণ-২০১৮)
ফোটন বা কোয়ান্টা (Photon/Quanta)	বিজ্ঞানী ম্যাক্স প্ল্যাঙ্ক এর মতে শক্তির নিঃসরণ বা শোষণ যে গুচ্ছ বা প্যাকেটে নির্গত হয় তাদের প্রতিটি শক্তি কণা বা শক্তিগুচ্ছ এক একটি অবিভাজ্য একক। তিনি শক্তির এ ক্ষুদ্র গুচ্ছের নাম দেন কোয়ান্টা। প্রতিটি কোয়ান্টার শক্তি বিকিরণ কম্পাঙ্কের সমানুপাতিক। এই শক্তি কোয়ান্টা পরবর্তীতে ফোটন হিসেবে পরিচিত লাভ করে।	ড. আমির, পৃষ্ঠা: ২৫ (সংস্করণ-২০১৮)
বলবিজ্ঞান (Mechanics)	পদার্থবিজ্ঞানের যে শাখা পদার্থের ভর, জড়তা, গতি, বল ইত্যাদি নিয়ে আলোচনা করে তাকে বলবিজ্ঞান বলে।	ড. তপন, পৃষ্ঠা: ৩৩ (সংস্করণ-২০১৮)
ব্যবহারিক একক (Practical unit)	কোনো কোনো মৌলিক একক খুব বড় বা খুব ছোট হওয়ায় ব্যবহারিক কাজে তাদের উপগুণিতক (ভগ্নাংশ) বা গুণিতককে একক হিসেবে ব্যবহার করা হয়। এর নাম ব্যবহারিক একক।	ড. আমির, পৃষ্ঠা: ৪২ (সংস্করণ-২০১৮)
মাত্রা (Dimension)	কোনো একটি রাশি এবং তার মৌলিক এককের মধ্যে সম্পর্ক স্থাপনের জন্য যে সংকেত ব্যবহার করা হয় তাকে উক্ত রাশির মাত্রা বলে।	ড. আমির, পৃষ্ঠা: ৪২ (সংস্করণ-২০১৮)
মাত্রা সমীকরণ (Dimensional equation)	কোনো ভৌত রাশি যদি একাধিক রাশির উপর নির্ভর করে, তবে দুই পাশের রাশিগুলোর মান না লিখে কেবলমাত্র মাত্রা লিখলে যে সমীকরণ পাওয়া যায় তাকে রাশিগুলোর মাত্রা সমীকরণ বলে।	ড. আমির, পৃষ্ঠা: ৪২ (সংস্করণ-২০১৮)
মৌলিক একক (Fundamental unit)	যে একক অন্য কোন এককের উপর নির্ভর করে না এবং একেবারে স্বাধীন তাকে মৌলিক একক বলে।	ড. আমির, পৃষ্ঠা: ৪২ (সংস্করণ-২০১৮)
রেডিওথেরাপি (Radiotherapy)	নিয়ন্ত্রিতভাবে শরীরের অংশবিশেষে রেডিও তরঙ্গের ব্যবহার করে ক্যান্সার স্থানের ক্যান্সার কোষকে ধ্বংস করার পদ্ধতিকে বলা হয় রেডিওথেরাপি।	ড. আমির, পৃষ্ঠা: ৬ (সংস্করণ-২০১৮)
লব্ধ বা যৌগিক একক (Derived unit)	মৌলিক একক হতে যে একক পাওয়া যায় তাকে লব্ধ বা যৌগিক একক বলে।	ড. আমির, পৃষ্ঠা: ৪২ (সংস্করণ-২০১৮)
শতকরা ত্রুটি (Percentage of error)	ভগ্নাংশ ত্রুটি বা আপেক্ষিক ত্রুটিকে শতকরায় প্রকাশ করলে শতকরা ত্রুটি পাওয়া যায়।	ড. আমির, পৃষ্ঠা: ২৭ (সংস্করণ-২০১৮)
সময় (Time)	দুটি ঘটনার মধ্যবর্তী ব্যবধানকে সময় বলে।	ড. আমির, পৃষ্ঠা: ৮ (সংস্করণ-২০১৮)
সূত্র (Law)	বিজ্ঞানীদের দ্বারা প্রস্তাবিত, পরীক্ষাগারে পরীক্ষিত এবং গাণিতিকভাবে প্রমাণিত একটি ঘটনাকে যখন সুচিন্তিত বৈজ্ঞানিক আকারে প্রকাশ করা হয়, তখন তাকে সূত্র বলে।	ড. তফাজ্জল, পৃষ্ঠা: ৮ (সংস্করণ-২০১৮)
স্থান (Place)	স্থান হলো এমন একটি জগৎ বৈশিষ্ট্য যা ভৌত ঘটনাবলীকে প্রসারিত করে পারস্পরিক সম্বন্ধে স্থাপিত তিনটি লব্ধ দ্বারা গঠিত একটি কাঠামোতে।	ড. আমির, পৃষ্ঠা: ৮ (সংস্করণ-২০১৮)
স্বীকার্য (Postulates)	কোনো গাণিতিক মডেল বা সূত্র প্রতিষ্ঠা করার লক্ষ্যে যদি কিছু পূর্বশর্ত স্বীকার করে নেওয়া হয়, তবে ঐ পূর্বশর্তসমূহকে স্বীকার্য (Postulates) বলে।	ড. আমির, পৃষ্ঠা: ৫ (সংস্করণ-২০১৮)

## বিগত মেডিকেল ভর্তি পরীক্ষার MCQ সমূহ:

### ✓ এক নজরে –

১। একটি দণ্ডের পরিমাপকৃত দৈর্ঘ্য 10cm এবং প্রকৃতমান 10.40cm হলে পরিমাপের শতকরা ত্রুটি কত? (মে: ভ: প: ২০১৮-১৯)

- (A) 4% (B) 3.8%  
(C) 3.84% (D) 0.4%

উত্তর: (C) 3.84%

১। 1 মাইল ও 1 কিলোমিটার দূরত্বের পার্থক্য মিটারে কত?

(মে: ভ: প: ২০১৭-২০১৮)

- (A) 0.609 m (B) 6.09 m  
(C) 60.9 m (D) 609 m

উত্তর: (D) 609 m

২। কোন এককের সংকেত সঠিক?

(মে: ভ: প: ২০১৬-২০১৭)

- (A) চার্জ - W (B) তড়িৎ প্রবাহ - A  
(C) বিভব - C (D) তড়িৎ রাসায়নিক তুল্যাক - JS<sup>-1</sup>

উত্তর: B. তড়িৎ প্রবাহ - A

৩। একটি সিলিন্ডারের দৈর্ঘ্য  $\frac{7}{22}$  মিটার। যদি উহার আয়তন 4 m<sup>3</sup> হয়

(মে: ভ: প: ২০১৪-২০১৫)

তাহলে উহার ব্যাস কত হবে?

- (A) 1 m (B) 4 m  
(C)  $\frac{22}{7}$  m (D) 2 m

উত্তর: (B) 4 m

## ✓ এবারের মেডিকেল ভর্তি পরীক্ষার জন্য Important MCQ সমূহ

১। ভৌতজগতকে কোনগুলোর উপস্থিতি দ্বারা বুঝানো হয়?

- (A) ভর ও শক্তি (B) স্থান ও কাল  
(C) সময় ও ভর (D) স্থান ও ভর

উত্তর: (A) ভর ও শক্তি

ব্যাখ্যা:

জগতের শ্রেণিবিন্যাস: জগতের শ্রেণিবিন্যাস দুটি, যথা- ভৌত জগৎ ও জীব জগৎ।

ভৌতজগত মোট চারটি উপাদান নিয়ে গঠিত, যথা: (i) স্থান (ii) কাল (iii)

ভর এবং (iv) শক্তি। প্রথম দুটি তাত্ত্বিক হওয়ায় ভৌত জগতকে ভর ও

শক্তিই উপস্থিতি দ্বারা বুঝানো হয়। এক্ষেত্রে ভর ও শক্তি একই সূত্রে গাঁথা।

[Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ১.১, পৃষ্ঠা: ২]

২। ভৌত বিজ্ঞানের শাখা নয় নিচের কোনটি?

- (A) গণিত শাস্ত্র (B) জ্যোতির্বিদ্যা  
(C) রসায়নবিদ্যা (D) বাস্তববিদ্যা

উত্তর: (D) বাস্তববিদ্যা

ব্যাখ্যা:

ভৌত বিজ্ঞান: ভৌতবিজ্ঞানের অনেক শাখার মধ্যে রয়েছে পদার্থবিজ্ঞান,

রসায়ন শাস্ত্র, গণিত শাস্ত্র, জ্যোতির্বিদ্যা, ভূবিদ্যা ইত্যাদি। উল্লেখ্য,

বাস্তববিদ্যা হল জীববিজ্ঞানের একটি শাখা।

[Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ১.১, পৃষ্ঠা: ২]

৩। বৃহৎ ছায়াপথগুলো নিচের কোনটিকে কেন্দ্র করে ঘুরছে বলে বিজ্ঞানীদের ধারণা?

- (A) নিউট্রন তারকা (B) ব্ল্যাকহোল  
(C) শ্বেত বামন (D) রক্তিম দৈত্য

উত্তর: (B) ব্ল্যাকহোল

ব্যাখ্যা:

ভৌত জগত: ভৌত জগতে রয়েছে উপগ্রহ, গ্রহ, সৌরজগতের মত ছায়াপথ আরও বৃহত্তর বস্তুসমূহ। অনুমান করা হয় এক বৃহৎ ব্ল্যাকহোল কেন্দ্র করে বৃহৎ ছায়াপথগুলো ঘুরছে। ব্ল্যাকহোল হতে কোন আলো বের আসতে পারে না, এজন্য এগুলো দেখা যায় না। তবে বিশেষ পদ্ধতিতে এগুলোর অস্তিত্ব উপলব্ধি করা যায়।

[Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৭), অনু: ১.১, পৃষ্ঠা: ২]

৪। গ্রিক Fosis শব্দটির অর্থ কী?

- (A) পরিমাপ (B) প্রকৃতি  
(C) ভৌতজগত (D) পদার্থ

উত্তর: (B) প্রকৃতি

ব্যাখ্যা:

গ্রিক ফুসিস শব্দের অর্থ: গ্রিক শব্দ 'Fosis' (ফুসিস) থেকে পদার্থবিজ্ঞান কথটি এসেছে। গ্রিক ভাষায় ফুসিস শব্দের অর্থ প্রকৃতি। প্রকৃতি ও প্রাকৃত ঘটনা নিয়ে যে বিজ্ঞান আলোচনা করে তাকে পদার্থবিজ্ঞান বলা হয়।

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ১.১, পৃষ্ঠা: ২]

৫। চন্দ্র ও পৃথিবীর গতির কারণে কোন সময় যদি চন্দ্র, পৃথিবী সূর্যের মাঝে এসে পড়ে তাহলে নিচের কোন ঘটনাটি ঘটে?

- (A) পূর্ণিমা (B) আমাবস্যা  
(C) চন্দ্রগ্রহণ (D) সূর্যগ্রহণ

উত্তর: (D) সূর্যগ্রহণ

ব্যাখ্যা:

সূর্যগ্রহণ: দৈনন্দিন জীবনের বিভিন্ন ভৌত ঘটনা সরল নিয়ম দ্বারা প্রকাশ করা যায়। এরূপ একটি সহজ নিয়ম হলো- চন্দ্র ও পৃথিবীর গতির কারণে কোন সময় যদি চন্দ্র, পৃথিবী ও সূর্যের মাঝে এসে পড়ে তাহলে সূর্যগ্রহণ হয়।

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ১.১, পৃষ্ঠা: ২]

৬। 'প্রেট টেকটোনিক তত্ত্ব' নিচের কোনটির সাথে সম্পর্কযুক্ত?

- (A) জলোচ্ছ্বাস (B) ভূমিকম্প  
(C) এসিড বৃষ্টি (D) খরা

উত্তর: (B) ভূমিকম্প

ব্যাখ্যা:

প্রেট টেকটোনিক তত্ত্ব: ভূ-পৃষ্ঠের নিচে গুরুমণ্ডলের উপরে শিলামণ্ডল কতকগুলো খণ্ড বা প্লেটে বিভক্ত। 'প্রেট টেকটোনিক তত্ত্ব' অনুযায়ী প্লেটগুলো গুরুমণ্ডলের আংশিক তরল অংশের উপরে ভাসমান অবস্থায় আছে। প্লেটগুলোর একটি অন্যটির সাথে ধাক্কা খেলে পৃথিবী কেঁপে উঠে, যাকে ভূমিকম্প বলে।

[Ref: অধ্যাপক শামসুর রহমান সেলু (বর্ধিত সংস্করণ-২০১৭), অনু: ১.১, পৃষ্ঠা: ৩]

৭। সূর্যের অভ্যন্তরের তাপমাত্রা কত?

- (A)  $2 \times 10^3$  K (B)  $2 \times 10^5$  °C  
(C)  $2 \times 10^6$  K (D)  $2 \times 10^6$  °C

উত্তর: (C)  $2 \times 10^6$  K

ব্যাখ্যা:

সূর্যের অভ্যন্তরের তাপমাত্রা: সূর্যে আছে হিলিয়াম, হাইড্রোজেন ও কার্বন। সূর্যের অভ্যন্তরে তাপমাত্রা  $2 \times 10^6$  K। সূর্যের ভিতর তাপ তৈরিতে সমভাবে কার্বন এবং প্রোটিন-প্রোটিন চক্র দায়ী। বেশি তাপমাত্রায় ঘটে কার্বন চক্র। প্রোটিন-প্রোটিন চক্র কাজ করে কম তাপমাত্রায়। সূর্যের চেয়ে উষ্ণ নক্ষত্র বা তারকা শক্তি পায় কার্বন চক্র থেকে।

[Ref: অধ্যাপক আবদুল গণি (সংস্করণ-২০১৭), অনু: ১.৪, পৃষ্ঠা: ১২]

৮। মহাবিশ্বের গ্যালাক্সির সংখ্যা কত?

- (A)  $10^5$  (B)  $10^{10}$   
(C)  $10^{15}$  (D)  $10^{50}$

উত্তর: (B)  $10^{10}$

ব্যাখ্যা: মহাবিশ্বের গ্যালাক্সির সংখ্যা: মহাবিশ্বে আছে প্রায়  $10^{10}$  সংখ্যক গ্যালাক্সি। এই নক্ষত্র, গ্যাস ও ধুলোর সমষ্টিকে গ্যালাক্সি বলে। আমরা যে গ্যালাক্সিতে বাস করি এর নাম ছায়াপথ (Milky way)।  
[Ref: অধ্যাপক আবদুল গণি (সংস্করণ-২০১৭), অনু: ১.৪, পৃষ্ঠা: ১২]

৯ এক আলোকবর্ষ = কত?

- (A)  $9.4 \times 10^{12}$  km (B)  $1.49 \times 10^8$  m  
(C)  $2.49 \times 10^8$  km (D)  $2.49 \times 10^8$  m

উত্তর: (A)  $9.4 \times 10^{12}$  km  
ব্যাখ্যা: আলোক বর্ষ: আলোক এক বছরে যে দূরত্ব অতিক্রম করে তাকে এক আলোকবর্ষ বলে। এর মান  $9.4 \times 10^{12}$  km।  
[Ref: অধ্যাপক শামসুর রহমান সেলু (বর্ধিত সংস্করণ-২০১৭), অনু: ১.১, পৃষ্ঠা: ২]

১০ নিচের কোনটি আধুনিক পদার্থবিজ্ঞান (Modern Physics)-এর আওতাভুক্ত শাখা নয়?

- (A) কঠিন অবস্থার পদার্থবিজ্ঞান (Solid State Physics)  
(B) এক্স-রে ও ক্রিস্টালোগ্রাফি (X-ray and Crystallography)  
(C) কোয়ান্টাম বলবিদ্যা (Quantum Mechanics)  
(D) জৈবিক পদার্থবিজ্ঞান (Organic Physics)

উত্তর: (D) জৈবিক পদার্থবিজ্ঞান (Organic Physics)  
ব্যাখ্যা: আধুনিক পদার্থবিজ্ঞানের আওতাভুক্ত শাখা: ১৯০০ সালের পরে বর্তমানের জ্ঞান 'আধুনিক পদার্থবিজ্ঞান' নামে পরিচিত-যার দুটি মৌলিক তত্ত্ব হচ্ছে-  
(i) আপেক্ষিকতা ও (ii) কোয়ান্টাম বলবিদ্যা। যার আওতাভুক্ত শাখাগুলো হচ্ছে-

- কঠিন অবস্থার পদার্থবিজ্ঞান (Solid State Physics)
  - এক্স-রে ও ক্রিস্টালোগ্রাফি (X-ray and Crystallography)
  - পারমাণবিক পদার্থবিজ্ঞান (Atomic Physics)
  - নিউক্লিয়ার পদার্থবিজ্ঞান (Nuclear Physics)
  - কোয়ান্টাম বলবিদ্যা (Quantum Mechanics)
  - ইলেকট্রনিক্স (Electronics) ইত্যাদি।
- এসব শাখা সূক্ষ্মবিষয়ক ঘটনাবলি (Microscopic Phenomena) নিয়ে কাজ করে।  
[Ref: অধ্যাপক শামসুর রহমান সেলু (বর্ধিত সংস্করণ-২০১৭), অনু: ১.২, পৃষ্ঠা: ৫]

১১ গতি বিদ্যার শাখা কোনটি?

- (A) বলবিদ্যা (B) চলবিদ্যা  
(C) স্থিতিবিদ্যা (D) তড়িৎ বিজ্ঞান

উত্তর: (B) চলবিদ্যা  
ব্যাখ্যা: পদার্থবিজ্ঞানের বিভিন্ন শাখা:  
১. সাধারণ পদার্থবিজ্ঞান ২. তাপবিজ্ঞান  
৩. শব্দবিজ্ঞান ৪. আলোকবিজ্ঞান  
৫. চুম্বকবিজ্ঞান ৬. তড়িৎ বা বিদ্যুৎবিজ্ঞান  
৭. ইলেকট্রনিক্স ৮. পারমাণবিক বিজ্ঞান

সাধারণ পদার্থবিজ্ঞানকে আবার দুই ভাগে ভাগ করা হয়েছে, যথা-  
১. বলবিদ্যা ২. পদার্থের ধর্ম  
বলবিদ্যা বস্তুর ওপর বলের ক্রিয়া সংক্রান্ত বিভিন্ন বিষয় আলোচনা করে। পদার্থের ধর্ম বস্তুর বিভিন্ন গুণ আলোচনা করে।  
বলবিদ্যা আবার দুই ভাগে বিভক্ত, যথা-  
১. স্থিতিবিদ্যা ২. গতিবিদ্যা  
স্থিতিবিদ্যা স্থিতিশীল বস্তুর ওপর বলের ক্রিয়া আলোচনা করে এবং গতিবিদ্যা গতিশীল বস্তুর ওপর বলের ক্রিয়া আলোচনা করে। গতিবিদ্যাকে পুনরায় দুই অংশে ভাগ করা হয়; যথা- সূতিবিদ্যা ও চলবিদ্যা।  
[Ref: আমির হোসেন (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ১.২.১, পৃষ্ঠা: ৩]

১২ কঠিন পদার্থের বিশেষ ধর্মের মধ্যে কোনটি সঠিক নয়?

- (A) দৃঢ়তা (B) ভঙ্গুরতা  
(C) স্থিতিস্থাপকতা (D) তারতা

উত্তর: (C) স্থিতিস্থাপকতা  
ব্যাখ্যা: পদার্থের ধর্ম: যে ধর্ম সকল পদার্থেরই কম-বেশি রয়েছে তাকে পদার্থের সাধারণ ধর্ম বলে, যেমন ওজন, বিস্তৃতি, রোধ, স্থিতিস্থাপকতা ইত্যাদি। আর যে ধর্ম সকল পদার্থের নেই তাকে পদার্থের বিশেষ ধর্ম বলে, যেমন তারতা (Visco), পাততা, দৃঢ়তা, ভঙ্গুরতা ইত্যাদি ধর্ম কেবলমাত্র কঠিন পদার্থের বেলায় দেখা যায়। এসব ধর্ম কঠিন পদার্থের বিশেষ ধর্ম। সান্দ্রতা (Viscosity) তরল ও বায়বীয় পদার্থের বিশেষ ধর্ম। পৃষ্ঠটান বা তলটান (Surface Tension) তরল পদার্থের বিশেষ ধর্ম।  
[Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ১.২, পৃষ্ঠা: ৩]

১৩ বোর এর পরমাণু মডেল নিচের কোনটির উদাহরণ?

- (A) স্বীকার্য (B) তত্ত্ব  
(C) অনুকল্প (D) নীতি

উত্তর: (A) স্বীকার্য  
ব্যাখ্যা: স্বীকার্য (Postulates): কোনো গাণিতিক মডেল বা সূত্র প্রতিষ্ঠা করার লক্ষ্যে যদি কিছু পূর্বশর্ত স্বীকার করে নেওয়া হয়, তবে ঐ পূর্বশর্তসমূহকে স্বীকার্য (Postulates) বলে। যেমন- বিখ্যাত বিজ্ঞানী নীলস বোর (Neils Bohr) পরমাণু মডেল প্রদানের জন্য দুটি স্বীকার্য গ্রহণ করেন।  
[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ১.৩, পৃষ্ঠা: ৪;  
ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ১.৩, পৃষ্ঠা: ৫]

১৪ পারমাণবিক চুল্লীতে কোন প্রকার শক্তি থেকে বৈদ্যুতিক শক্তি পাওয়া যায়?

- (A) তাপশক্তি (B) যান্ত্রিকশক্তি  
(C) বিভবশক্তি (D) নিউক্লিয়ারশক্তি

উত্তর: (D) নিউক্লিয়ারশক্তি  
ব্যাখ্যা: শক্তির রূপান্তর:  
(i) বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রে তাপ শক্তিকে বৈদ্যুতিক শক্তিতে রূপান্তরিত করা হয়।  
(ii) জলবিদ্যুৎ কেন্দ্রে পানির বিভব শক্তিকে ব্যবহার করে যান্ত্রিক শক্তিকে বৈদ্যুতিক শক্তিতে রূপান্তরিত করা হয়।  
(iii) নিউক্লিয়ার পারমাণবিক চুল্লীতে ফিশন মিথস্ক্রিয়ার ফলে সৃষ্ট নিউক্লিয়ার শক্তিকে ব্যবহার করে বিদ্যুৎ উৎপাদন করা হয়।  
[Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ১.৪, পৃষ্ঠা: ৬]

১৫ নিচের কোনটি রোগের চিকিৎসায় ব্যবহৃত হয়?

- (A) X-ray (B) ই.সি.জি  
(C) সিটি স্ক্যান (D) রেডিওথেরাপি

উত্তর: (D) রেডিওথেরাপি  
ব্যাখ্যা: চিকিৎসাক্ষেত্রে পদার্থবিজ্ঞান: ক্যান্সার ও অন্যান্য রোগের চিকিৎসায় রেডিওথেরাপি প্রদান করা হয় এবং এতে রেডিও আইসোটোপ ব্যবহার করা হয়। রোগ নির্ণয়ে X-ray ইসিজি, সিটিস্ক্যান ইত্যাদি ব্যবহৃত হয়।  
[Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ১.৪, পৃষ্ঠা: ৬]

১৬ জেনে রাখা ভালো:

রেডিওথেরাপি: নিয়ন্ত্রিতভাবে শরীরের অংশবিশেষে এ তেজস্ক্রিয় রশ্মি প্রয়োগ করে সেই স্থানের ক্যান্সার কোষকে ধ্বংস করার পদ্ধতিকে বলা হয় রেডিওথেরাপি। যেসব মৌলের নিউক্লিয়াস থেকে স্বতন্ত্রভাবে বিভিন্ন রশ্মি নির্গত হয় তাদেরকে রেডিও আইসোটোপ বলে। রেডিওথেরাপিতে এসব আইসোটোপ ব্যবহৃত হয়। যেমন: কোবাল্ট-৬০, আয়োডিন-১৩১ ইত্যাদি।



১৬ উড়োজাহাজের নকশা তৈরিতে নিচের কোনটি সাহায্য করেছে?

- (A) লিভার সিস্টেম (B) প্রবাহীর প্রবাহের জ্ঞান  
(C) কৃত্রিম উপগ্রহ (D) কৃত্রিম উপগ্রহ

উত্তর: (B) প্রবাহীর প্রবাহের জ্ঞান

ব্যাখ্যা:

পদার্থবিজ্ঞানের উপর ভিত্তি করে প্রযুক্তির অগ্রগতি:

- লিভার সিস্টেমের সাহায্যে অনেক গুরুত্বপূর্ণ ও দরকারি মেশিনের নকশা করা সম্ভব হয়েছে।
- প্রবাহীর প্রবাহের জ্ঞান উড়োজাহাজের নকশা তৈরিতে আমাদের সহায়তা করেছে।
- তাপকে কাজে রূপান্তর তাপ ইঞ্জিন তৈরির দিকে আমাদের চালিত করে।
- অর্ধপরিবাহী জংশন ডায়োড ও ট্রানজিস্টরের আবিষ্কার রেডিও, টেলিভিশন, কম্পিউটার ও রোবট তৈরি করা সম্ভব করেছে।
- কৃত্রিম উপগ্রহের সাহায্যে আবহাওয়ার পূর্বাভাস, যোগাযোগ, গবেষণা, গোয়েন্দাগিরি ইত্যাদি কাজ করা সম্ভব হচ্ছে।
- চিকিৎসাবিজ্ঞানে এক্সরে, আল্ট্রাসোনোগ্রাফি, ইসিজি, এমআরআই, ইকোকার্ডিওগ্রাফি, এনডোস্কপি ও এনজিওগ্রাম করা সম্ভব হচ্ছে পদার্থবিজ্ঞানের অবদানের কারণেই এগুলো চিকিৎসা জগতে বিপ্লব এনেছে।
- নিউক্লিয় ফিশনের আবিষ্কার আমাদের শক্তির বিপুল উৎসের সন্ধান দিয়েছে। নিউক্লিয়ার পাওয়ার স্টেশন ও নিউক্লিয় বোমার জন্য প্রয়োজনীয় বিপুল পরিমাণ শক্তি পাওয়া যাচ্ছে ভরকে শক্তিতে রূপান্তরের মাধ্যমে।
- লেজার রশ্মির আবিষ্কার মানবদেহের ক্যান্সার, গলগ্লাডার ও কিডনি থেকে পাথর অপসারণ চোখের বিভিন্ন রোগের উন্নত চিকিৎসা সম্ভব করেছে।

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ২য় সংস্করণ-২০১৮), অনু: ১.৪, পৃষ্ঠা: ৬]

১৭ ফসল সংরক্ষণে কোনটির ব্যবহার বহুল প্রচলিত?

- (A) বিটা বিকিরণ (B) আলফা বিকিরণ  
(C) গামা বিকিরণ (D) অবলোহিত বিকিরণ

উত্তর: (C) গামা বিকিরণ

ব্যাখ্যা:

কৃষিতে পদার্থবিজ্ঞানের অবদান: পদার্থবিজ্ঞানের বিভিন্ন সূত্রের উপর ভিত্তি করে উদ্ভাবিত প্রযুক্তি (যেমন ট্রান্সিস্টর, ফসল বোনা, সেচ দেয়া, কাচা ও মাড়াই যন্ত্র ইত্যাদি) কৃষিতে বহুল ব্যবহৃত। তাছাড়া পদার্থবিজ্ঞানের অগ্রগতির ফলে উদ্ভাবিত গামা বিকিরণ ফসল সংরক্ষণে বহুল প্রচলিত।

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ১.৪, পৃষ্ঠা: ৭]

১৮ থাইরয়েড ক্রিয়া পর্যবেক্ষণের জন্য নিচের কোনটি ব্যবহৃত হয়?

- (A)  $^{131}\text{I}$  (B)  $^{99}\text{Tc}$   
(C)  $^{137}\text{Cs}$  (D)  $^{222}\text{Rn}$

উত্তর: (A)  $^{131}\text{I}$

ব্যাখ্যা:

থাইরয়েডের ক্রিয়া পর্যবেক্ষণ: থাইরয়েড ক্রিয়া পর্যবেক্ষণে রেডিও-এক্সিট্র  $^{131}\text{I}$  মুখ দ্বারা প্রবেশ করানো হয়। সিনটিলেশন (Scintillation) কাউন্টার দ্বারা কাউন্ট হার নির্ণয় করে, স্বাভাবিক হারের সাথে তুলনা করে ব্যবস্থান নেওয়া হয়।

[Ref: অধ্যাপক আবদুল গণি (সংস্করণ-২০১৭), অনু: ১.৪, পৃষ্ঠা: ১৪]

১৯ সম্ভ্রান্ত কোনটি ব্যবহার করে Radiocardiography করা হয়েছে?

- (A)  $^{131}\text{I}$  (B)  $^{99}\text{Tc}$   
(C)  $^{137}\text{Cs}$  (D)  $^{222}\text{Rn}$

উত্তর: (B)  $^{99}\text{Tc}$

ব্যাখ্যা:

রেডিওকার্ডিওগ্রাফি (Radiocardiography): হাটে কোনো স্থানে রেডিওএকটিভ ট্রেসার সনাক্ত করে চিকিৎসা ব্যবস্থা নেওয়া হয়।  $^{131}\text{I}$  এবং সম্ভ্রান্ত  $^{99}\text{Tc}$  ব্যবহার করে রেডিওকার্ডিওগ্রাফি তৈরি করা হয়।

[Ref: অধ্যাপক আবদুল গণি (সংস্করণ-২০১৭), অনু: ১.৪, পৃষ্ঠা: ১৪]

২০ নিচের কোনটির চিকিৎসায়  $^{137}\text{Cs}$  ব্যবহৃত হয়?

- (A) থাইরয়েড ক্যান্সার (B) ইউটেরিন ক্যান্সার  
(C) কোলনিক ক্যান্সার (D) ব্রেইন ক্যান্সার

উত্তর: (B) ইউটেরিন ক্যান্সার

ব্যাখ্যা:

ক্যান্সার চিকিৎসায় পদার্থবিজ্ঞান: X রশ্মি বা  $\gamma$  রশ্মি দ্বারা ম্যালিগন্যান্ট টিউমারকে টিউমারকে ক্যান্সারও বলা হয়।  $^{137}\text{Cs}$  ও  $^{60}\text{Co}$  যথাক্রমে ইউটেরিন (uterine) ও থাইরয়েড ক্যান্সার চিকিৎসায় ব্যবহৃত হয়। [Ref: অধ্যাপক আবদুল গণি (সংস্করণ-২০১৭), অনু: ১.৪, পৃষ্ঠা: ১৪]

লক্ষ্য করুন: অধ্যাপক আবদুল গণি স্যার-এর বইয়ে ম্যালিগন্যান্ট টিউমারকে ক্যান্সার বলা হয়েছে। প্রকৃতপক্ষে শব্দটি ম্যালিগন্যান্ট (Malignant), ম্যালিগ্যান্ট নয়। এটি একটি Printing Mistake.

২১ বিলিয়ার্ড খেলায় কোনটির সঠিক প্রয়োগ প্রয়োজন?

- (A) কেন্দ্রমুখী বলের ধারণা (B) ভারসাম্য  
(C) প্রতিক্রিয়া (D) ভরবেগের সংরক্ষণশীলতা নীতি

উত্তর: (D) ভরবেগের সংরক্ষণশীলতা নীতি

ব্যাখ্যা:

পদার্থবিজ্ঞান ও খেলাধুলা: ক্যারম বা বিলিয়ার্ড খেলায় ভরবেগের সংরক্ষণশীলতা নীতি সঠিকভাবে প্রয়োগ করতে পারলে ইলিশ লক্ষ্য সহজে অর্জন করা সম্ভব। কেন্দ্রমুখী বলের ধারণা মৃত্যুকূপে মটর সাইকেল চালানোর আরোহীকে সাহস জোগায়। সার্কাসের বিভিন্ন খেলায় "ভারসাম্য" গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। এ ছাড়াও মোটর রেস, ড্রাইভিং, বেলেমে উভয় প্রভৃতি খেলায় পদার্থবিজ্ঞানের বিভিন্ন সূত্রের ব্যাপক প্রয়োগ দেখা যায়।

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ১.৪, পৃষ্ঠা: ৮]

২২ স্থানকাল সম্ভ্রিত (space time continuum) হলে একটি জ্যামিতি যাতে চতুর্থমাত্রা হিসেবে কোনটি অন্তর্ভুক্ত হয়েছে?

- (A) ভর (B) শক্তি  
(C) সময় (D) স্থান

উত্তর: (C) সময়

ব্যাখ্যা:

নিউটনীয় পদার্থবিজ্ঞান: নিউটনীয় পদার্থবিজ্ঞানে স্থান ও কালকে পৃথক স্বতন্ত্র হিসাবে বিবেচনা করা হলেও আইনস্টাইনের পদার্থবিজ্ঞানে স্থান ও কালকে একত্রিত করে একটি চতুর্মাত্রিক সম্ভ্রিত বিবেচনা করা হয়। স্থানকাল সম্ভ্রিত (space-time continuum) হলো একটি জ্যামিতি যাতে তিনটি স্থানিক মাত্রা ও চতুর্থ মাত্রা হিসাবে সময় অন্তর্ভুক্ত হয়েছে।

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ১.৫, পৃষ্ঠা: ১১]

২৩ বল প্রয়োগে বস্তুর গতিকে বাধা দেয়ার ধর্মকে কী বলা হয়?

- (A) জড় ভর (B) মহাকর্ষীয় ভর  
(C) অভিকর্ষীয় ভর (D) কেন্দ্রমুখী ভর

উত্তর: (A) জড় ভর

ব্যাখ্যা:

ভর নির্ণয়: ভরকে দুইভাবে নির্ণয় করা যায়।  
(i) জড় ভর বা জাডা ভর ( $m_0$ ) যা বল প্রয়োগে বস্তুর গতিকে বাধা দেয় না।  
দিতে চায়। এই ভর  $F = m_0 a$  সূত্র থেকে পাওয়া যায়।

(ii) বস্তুর দ্বারা সৃষ্ট মহাকর্ষীয় বল ( $F = \frac{GMm_0}{d^2}$ ) থেকে ভর ( $m_0$ ) পাওয়া যায়।

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ১.৫, পৃষ্ঠা: ১১]

২৪ আন্তর্জাতিক পদ্ধতির এককের ক্ষেত্রে নিচের কোনটি সঠিক?

- (A) তাপমাত্রার একক ডিগ্রি-সেলসিয়াস।  
(B) দীপন মাত্রার একক লুমেন।  
(C) ত্রিমাত্রিক কোণের একক স্টেরিডিয়ান।  
(D) বিদ্যুৎ প্রবাহের একক অ্যাম্পিয়ার/সেকেন্ড।

উত্তর: (C) ত্রিমাত্রিক কোণের একক স্টেরিডিয়ান।



ব্যবহার: আন্তর্জাতিক পদ্ধতির একক: বিভিন্ন দেশে পরিমাপের বৈষম্য দূর করার জন্য ১৯৬০ সালে পরিমাপের একটি নতুন পদ্ধতি চালু করা হয়। এটাই আন্তর্জাতিক পদ্ধতির একক বা এস.আই একক। এই পদ্ধতিতে মোট নয়টি মৌলিক রাশি আছে। যথা-

রাশি	একক	এককের প্রতীক
দৈর্ঘ্য	মিটার	m
ভর	কিলোগ্রাম	kg
সময়	সেকেন্ড	s
তাপমাত্রা	ডিগ্রী-কেলভিন	K
বিদ্যুৎ প্রবাহ মাত্রা	অ্যাম্পিয়ার	A
কোণ (দ্বিমাত্রিক)	রেডিয়ান	rad
কোণ (ত্রিমাত্রিক)	স্টেরিডিয়ান	Sr
দীপন মাত্রা	ক্যান্ডেলা	cd
পদার্থের পরিমাণ	মোল	mole

[Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ১.৬, পৃষ্ঠা: ১০]

২৫ কোনটি মৌলিক রাশি নয়?

- (A) তড়িৎ বিভব (B) তাপমাত্রা  
(C) দীপন তীব্রতা (D) পদার্থের পরিমাণ

উত্তর: (A) তড়িৎ বিভব

Note: পূর্বের ২৪নং প্রশ্নের ব্যাখ্যা দেখুন।

২৬ নিচের কোন প্রতীকটি মৌলিক একক নির্দেশ করে?

- (A) N (B) K  
(C) J (D) W

উত্তর: (B) K

Note: পূর্বের ২৪নং প্রশ্নের ব্যাখ্যা দেখুন।

২৭ দৈর্ঘ্যের একক নির্ধারণে ব্যবহৃত সংকর ধাতুর দণ্ডটি নিচের কোন উপাদান দিয়ে তৈরি?

- (A) ৯০ ভাগ প্রাটিনাম ও ১০ ভাগ ইরিডিয়াম  
(B) ৯০ ভাগ ইরিডিয়াম ও ১০ ভাগ প্রাটিনাম  
(C) ৮০ ভাগ প্রাটিনাম ও ২০ ভাগ ইরিডিয়াম  
(D) ৮০ ভাগ ইরিডিয়াম ও ২০ ভাগ প্রাটিনাম

উত্তর: (A) ৯০ ভাগ প্রাটিনাম ও ১০ ভাগ ইরিডিয়াম

ব্যাখ্যা: দৈর্ঘ্যের একক: আন্তর্জাতিক ওজন ও পরিমাপ সংস্থার রক্ষণশালায় ০°C তাপমাত্রায় বিশেষভাবে রক্ষিত ৯০ ভাগ প্রাটিনাম ও ১০ ভাগ ইরিডিয়ামের দণ্ডে নির্মিত দণ্ডের উপর দুইটি নির্দিষ্ট দাগের মধ্যবর্তী দূরত্বকে ১ মিটার বলে। [Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ১.৬, পৃষ্ঠা: ১১]

একের আদর্শ মান: ১৯৬০ সালে General Conference on Weights and Measures এর ১১ তম বৈঠকে International System of Units গৃহীত হয়। বিশেষ গৃহীত আদর্শ মানগুলো হল-

দৈর্ঘ্যের একক মিটার: শূন্য স্থানে আলো  $\frac{1}{299792458}$  সেকেন্ডে যে দূরত্ব

অতিক্রম করে তাকে ১ মিটার বলে। অর্থাৎ শূন্যস্থান আলোর দ্রুতি  $299792458$  m/s.

সময়ের একক সেকেন্ড: একটি সিজিয়াম-133 পরমাণুর 9192631770টি কম্পন সম্পন্ন হতে যে সময় লাগে তাকে ১ সেকেন্ড বলে।

ভরের একক কিলোগ্রাম: ফ্রান্সের স্যাম্প্রোতে International Weights and Measures এ রক্ষিত প্রাটিনাম-ইরিডিয়াম সংকর ধাতুর তৈরি একটি সিলিন্ডারের ভরকে ১ কিলোগ্রাম বলে। উক্ত সিলিন্ডারের ব্যাস 3.9 cm উচ্চতা 3.9 cm.

তাপমাত্রার একক কেলভিন: পানির ত্রৈধ বিন্দুর তাপমাত্রার  $\frac{1}{273.16}$  ভাগকে কেলভিন বলে।

তড়িৎ প্রবাহের একক অ্যাম্পিয়ার: শূন্য স্থানে ১ মিটার দূরত্বে অবস্থিত অসীম দৈর্ঘ্যের এবং উপেক্ষণীয় প্রস্থচ্ছেদের দুটি সমান্তরাল সরল পরিবাহকের প্রত্যেকটিতে যে পরিমাণ তড়িৎ প্রবাহ চলে পরস্পরের মধ্যে প্রতি মিটার দৈর্ঘ্যে  $2 \times 10^{-7}$  নিউটন বল উৎপন্ন হয়, তাকে ১ অ্যাম্পিয়ার বলে। দীপন তীব্রতার একক ক্যান্ডেলা: ক্যান্ডেলা হচ্ছে সেই পরিমাণ দীপন তীব্রতা যা কোনো আলোক উৎস একটি নির্দিষ্ট দিকে  $540 \times 10^{12}$  হার্জ কম্পাঙ্কের এক বর্ণী বিকিরণ নিঃসরণ করে এবং ঐ নির্দিষ্ট দিকে তার বিকিরণ তীব্রতা হচ্ছে প্রতি স্টেরিডিয়ান ঘনকোণে  $\frac{1}{683}$  ওয়াট।

পদার্থের পরিমাপের একক মোল: যে পরিমাণ পদার্থের, 0.012 kg কার্বন-12 তে অবস্থিত পরমাণুর সমান সংখ্যক প্রাথমিক ইউনিট (পরমাণু, অণু, আয়ন, ইলেকট্রন ইত্যাদি বা এগুলোর নির্দিষ্ট কোনো গ্রুপ) থাকে, তাকে ১ মোল (Mole) বলে।

[Ref: ড. তফাজ্জল হোসেন (সংস্করণ-২০১৮), অনু: ১.৯, পৃষ্ঠা: ১৬]

২৮ শূন্যস্থান আলোর ১ মিটার দূরত্ব অতিক্রম করতে কত সময় প্রয়োজন?

- (A)  $\frac{1}{792299458}$  sec (B)  $\frac{1}{299793485}$  sec  
(C)  $\frac{1}{299792458}$  sec (D)  $\frac{1}{279392485}$  sec

উত্তর: (C)  $\frac{1}{299792458}$  sec

Note: পূর্বের ২৭নং প্রশ্নের ব্যাখ্যা দেখুন।

২৯ ১ মাইল ও ১ কিলোমিটার দূরত্বের পার্থক্য মিটারে কত?

- (A) 0.609 m (B) 6.09 m [মে:ভ:প: ২০১৭-১৮]  
(C) 60.9 m (D) 609 m

উত্তর: (D) 609 m

ব্যাখ্যা: মাইল ও কিলোমিটারের সম্পর্ক: ১ কিলোমিটার = 1000 মিটার। ১ মাইল = 1609 মিটার। ∴ ১ মাইল ও ১ কিলোমিটারের দূরত্বের পার্থক্য 1609 - 1000 = 609 মিটার [Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনুশীলনীর বহুনির্বাচনি প্রশ্ন-৫: পৃষ্ঠা: ৪৪]

৩০ নিচের কোন এককের মানটি সঠিকভাবে উল্লেখ করা হয়নি?

- (A) ১ এক্সরে ইউনিট =  $10^{-13}$  মিটার  
(B) ১ অ্যাস্ট্রোনমিক্যাল ইউনিট =  $1.495 \times 10^8$  মিটার  
(C) ১ আলোক বৎসর =  $9.42 \times 10^{15}$  মিটার  
(D) ১ পারসেক =  $3.083 \times 10^{13}$  মিকোমিটার

উত্তর: (B) ১ অ্যাস্ট্রোনমিক্যাল ইউনিট =  $1.495 \times 10^8$  মিটার

ব্যাখ্যা: কয়েকটি এককের মান: • ১ এক্সরে ইউনিট =  $10^{-13}$  মিটার =  $10^{-11}$  সে.মি.  
• ১ অ্যাস্ট্রোনমিক্যাল ইউনিট =  $1.495 \times 10^8$  মিটার =  $9.289 \times 10^7$  মাইল  
• ১ আলোক বৎসর =  $9.42 \times 10^{15}$  মিটার =  $5.865 \times 10^{12}$  মাইল  
• ১ পারসেক =  $3.083 \times 10^{13}$  কিলোমিটার  
• ১ পারমাণবিক ভর =  $1.66 \times 10^{-27}$  কিলোগ্রাম  
• ১ টন = 1016 কিলোগ্রাম  
• ১ অ্যাংস্ট্রম =  $10^{-10}$  মিটার =  $10^{-8}$  সে.মি.  
• ১ গ্যালন =  $4.54 \times 10^{-3}$  ঘনমিটার

[Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ১.৬, পৃষ্ঠা: ১১, ১২]

৩১ নিচের কোনটি প্লাঙ্কের ধ্রুবকের সঠিক মান?

- (A)  $6.63 \times 10^{-34}$  J-s (B)  $6.63 \times 10^{34}$  J-s  
(C)  $6.63 \times 10^{-34}$  J/s (D)  $6.36 \times 10^{-34}$  J-s

উত্তর: (A)  $6.63 \times 10^{-34}$  J-s

ব্যাখ্যা:

কয়েকটি মান:

- এক আলোকবর্ষ =  $9.46 \times 10^{12}$  km (প্রায়)
- সূর্য থেকে পৃথিবীর দূরত্ব =  $1.49 \times 10^8$  km
- আইনস্টাইনের সাড়া জাগানো সমীকরণ,  $E = mc^2$   
এখানে, E = শক্তি, m = ভর

এবং c = আলোর বেগ =  $3 \times 10^8$  ms<sup>-1</sup>

- $1 \text{ eV} = 1.6 \times 10^{-19} \text{ J}$ ,  $10^6 \text{ eV} = 1 \text{ MeV}$
- $1 \text{ a.m.u} = 1.6605 \times 10^{-27} \text{ kg}$
- প্রাক্কর ফ্রিক,  $h = 6.63 \times 10^{-34} \text{ J-s}$
- $1 \text{ kg} = 2.205 \text{ lb}$ ,  $1 \text{ lb}$  (পাউন্ড) = 453.6 g

$$\begin{aligned} \therefore 1 \text{ MeV} &= 10^6 \text{ eV} \\ &= 10^6 \times 1.6 \times 10^{-19} \text{ J} \\ &= 10^6 \times 10^{-19} \text{ J} \end{aligned}$$

[Ref: অধ্যাপক শামসুর রহমান সেনু (বর্ধিত সংস্করণ-২০১৭), পৃষ্ঠা: ৩৯ (সারসংক্ষেপ)]

**Note:** পারমাণবিক ও নিউক্লিয়ার পদার্থবিদ্যায় শক্তির একক ইলেকট্রন ভোল্ট (eV) এবং  $1 \text{ eV} = 1.6 \times 10^{-19} \text{ J}$  আবার,  $1 \text{ MeV} = 10^6 \text{ eV} = 1.6 \times 10^{-13} \text{ J}$ .

[Ref: অধ্যাপক শামসুর রহমান সেনু (বর্ধিত সংস্করণ-২০১৭), অনু: ১.৫.২, পৃষ্ঠা: ১৩]

**৩২**  $1 \text{ MeV} = ?$

- (A)  $1.6 \times 10^{-19} \text{ J}$
- (B)  $1.6 \times 10^{-13} \text{ J}$
- (C)  $1.6 \times 10^{-27} \text{ J}$
- (D)  $10^{12} \text{ eV}$

উত্তর: (B)  $1.6 \times 10^{-13} \text{ J}$

**Note:** উপরের ৩১নং প্রশ্নের ব্যাখ্যা দেখুন।

**৩৩** দশের সূচক ও তাদের নামের ক্ষেত্রে সঠিকভাবে উল্লেখ করা

হয়নি নিচের কোনটি?

- (A)  $10^{-18}$  = অটো
- (B)  $10^{-9}$  = ন্যানো
- (C)  $10^{12}$  = টেরা
- (D)  $10^{15}$  = ফেমটো

উত্তর: (D)  $10^{15}$  = ফেমটো

ব্যাখ্যা:

দশের সূচক: মূলত  $10^{15}$  হলো পেটা (Peta), এবং ফেমটো বলতে বুঝায়  $10^{-15}$ ; পরীক্ষার জন্য গুরুত্বপূর্ণ আরো কতগুলো দশের সূচক ও তাদের নাম উল্লেখ করা হলো-

উপসর্গ	উৎপাদক	সংকেত
এক্সা (exa)	$10^{18}$	E
পেটা (peta)	$10^{15}$	P
টেরা (tera)	$10^{12}$	T
গিগা (giga)	$10^9$	G
মেগা (mega)	$10^6$	M
কিলো (kilo)	$10^3$	k
হেক্টো (hecto)	$10^2$	h
ডেকা (deca)	$10^1$	da
ডেসি (deci)	$10^{-1}$	d
সেন্টি (centi)	$10^{-2}$	c
মিলি (milli)	$10^{-3}$	m
মাইক্রো (micro)	$10^{-6}$	$\mu$
ন্যানো (nano)	$10^{-9}$	n
পিকো (pico)	$10^{-12}$	p
ফেমটো (femto)	$10^{-15}$	f
অটো (atto)	$10^{-18}$	a

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), সারণী: ১.৩, পৃষ্ঠা: ১৩, ১৪]

**৩৪** 1 পিকো (p) সমান নিচের কোনটি?

- (A)  $10^{12}$
- (B)  $10^9$
- (C)  $10^{-9}$
- (D)  $10^{-12}$

উত্তর: (D)  $10^{-12}$

**Note:** পূর্বের ৩৩নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

**৩৫**  $1 \text{ N} =$  কত dyne?

- (A)  $10^5$  dyne
- (B)  $10^3$  dyne
- (C)  $10^7$  dyne
- (D)  $10^4$  dyne

উত্তর: (A)  $10^5$  dyne

ব্যাখ্যা:

Newton এককে প্রকাশিত কোনো মানকে dyne এককে পরিবর্তন করার

রূপান্তর গুণক (conversion factor) হলে  $\frac{10^5 \text{ dyne}}{1 \text{ N}}$

$\therefore 1 \text{ Newton} = 10^5 \text{ dyne}$

[Ref: আমির হোসেন (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ১.৭, পৃষ্ঠা: ১৬]

**৩৬** নিচের মাত্রা সমীকরণগুলোর মধ্যে কোনটি সঠিকভাবে উল্লেখ করা হয়নি?

- (A) বলের ড্রামক  $[ML^2T^{-2}]$
- (B) পীড়ন  $[ML^{-2}T^{-2}]$
- (C) পৃষ্ঠটান  $[MT^{-2}]$
- (D) সান্দ্রতাংক  $[ML^{-1}T^{-1}]$

উত্তর: (B) পীড়ন  $[ML^{-2}T^{-2}]$

ব্যাখ্যা:

পীড়নের মাত্রা সমীকরণ:

$$[\text{পীড়ন}] = \frac{[\text{বল}]}{[\text{ক্ষেত্রফল}]} = \frac{[MLT^{-2}]}{[L^2]} = [ML^{-1}T^{-2}]$$

ভর্তি পরীক্ষার জন্য আরো কিছু গুরুত্বপূর্ণ রাশির একক ও মাত্রা সমীকরণ উল্লেখ করা হলো-

কয়েকটি প্রাকৃতিক রাশি, সম্পর্ক, মাত্রা ও এস.আই. একক:

ক্র.স.	প্রাকৃতিক রাশি	সম্পর্ক	মাত্রা	এস.আই. একক
১।	দৈর্ঘ্য, প্রস্থ, উচ্চতা, ব্যাসার্ধ, সরণ, দূরত্ব ইত্যাদি		[L]	মিটার (m)
২।	ভর (mass)		[M]	কিলোগ্রাম (kg)
৩।	সময় (time)		[T]	সেকেন্ড (s)
৪।	ক্ষেত্রফল (area)	(দৈর্ঘ্য) <sup>২</sup>	[L <sup>২</sup> ]	m <sup>২</sup>
৫।	আয়তন (volume)	(দৈর্ঘ্য) <sup>৩</sup>	[L <sup>৩</sup> ]	m <sup>৩</sup>
৬।	ঘনত্ব (density)	$\frac{\text{ভর}}{\text{আয়তন}}$	[ML <sup>-৩</sup> ]	kgm <sup>-৩</sup>
৭।	গতিবেগ (velocity)	$\frac{\text{দূরত্ব}}{\text{সময়}}$	[LT <sup>-১</sup> ]	ms <sup>-১</sup>
৮।	ত্বরণ (acceleration)	$\frac{\text{বেগের পরিবর্তন}}{\text{সময়}}$	[LT <sup>-২</sup> ]	ms <sup>-২</sup>
৯।	বল (force)	ভর × ত্বরণ	[MLT <sup>-২</sup> ]	নিউটন (N)
১০।	চাপ (pressure)	$\frac{\text{বল}}{\text{ক্ষেত্রফল}}$	[ML <sup>-১</sup> T <sup>-২</sup> ]	প্যাসকাল (pa) = Nm <sup>-২</sup>
১১।	কার্য বা শক্তি (work or energy)	বল × সরণ	[ML <sup>২</sup> T <sup>-২</sup> ]	জুল (J)
১২।	ক্ষমতা (power)	$\frac{\text{কার্য}}{\text{সময়}}$	[ML <sup>২</sup> T <sup>-৩</sup> ]	ওয়াট (W)
১৩।	ভরবেগ (momentum)	ভর × গতিবেগ	[MLT <sup>-১</sup> ]	kgms <sup>-১</sup>
১৪।	বলের ঘাত (impulse of force)	বল × সময়	[MLT <sup>-১</sup> ]	kgms <sup>-১</sup>
১৫।	বলের ড্রামক (moment of force)	বল × দূরত্ব	[ML <sup>২</sup> T <sup>-২</sup> ]	kgm <sup>২</sup> s <sup>-২</sup>

ক্র.স.	প্রাকৃতিক রাশি	সম্পর্ক	মাত্রা	এস.আই. একক
১৬	জড়তার ভ্রামক (moment of inertia)	$ডব \times (দূরত্ব)^2$	$[ML^2]$	$kgm^2$
১৭	চক্রগতির ব্যাসার্ধ (radius of gyration)	$\left(\frac{\text{জড়তার ভ্রামক}}{ডব}\right)^{\frac{1}{2}}$	$[L]$	$m$
১৮	কোণ (angle)	$\frac{\text{চাপ}}{\text{ব্যাসার্ধ}}$	মাত্রাহীন রাশি	রেডিয়ান (rad)
১৯	ঘনকোণ (solid angle)	$\frac{\text{ক্ষেত্রফল}}{(দূরত্ব)^2}$	মাত্রাহীন রাশি	স্টেরেডিয়ান (steradian)
২০	মহাকর্ষীয় শ্রাব্যতা (gravitational intensity)	$\frac{\text{বল}}{ডব}$	$[L^2T^{-2}]$	$Nkg^{-1}$
২১	মহাকর্ষীয় বিভব (gravitational potential)	$\frac{\text{কাজ}}{ডব}$	$[L^2T^{-2}]$	$Jkg^{-1}$
২২	কৌণিক ভরবেগ (angular momentum)	বেগিক ভরবেগ $\times$ দূরত্ব	$[ML^2T^{-1}]$	$kgm^2s^{-1}$
২৩	বেগের নতিমাত্রা (velocity gradient)	$\frac{\text{বেগের পরিবর্তন}}{\text{দূরত্ব}}$	$[T^{-1}]$	$s^{-1}$
২৪	পীড়ন (stress)	$\frac{\text{বল}}{\text{ক্ষেত্রফল}}$	$[ML^{-1}T^{-2}]$	$kgm^{-1}s^{-2}$ বা $Nm^{-2}$
২৫	বিকৃতি (strain)	$\frac{\text{দৈর্ঘ্যের পরিবর্তন}}{\text{প্রাথমিক দৈর্ঘ্য}}$	মাত্রাহীন রাশি	-
২৬	স্থিতিস্থাপক গুণাঙ্ক (modulus of elasticity)	$\frac{\text{পীড়ন}}{\text{বিকৃতি}}$	$[ML^{-1}T^{-2}]$	$Nm^{-2}$
২৭	পয়সন অনুপাত (Poisson's ratio)	$\frac{\text{পাশ্বীয় বিকৃতি}}{\text{অনুদৈর্ঘ্য বিকৃতি}}$	মাত্রাহীন রাশি	-
২৮	অতিকর্ষজ ত্বরণ (acceleration due to gravity)	$\frac{\text{মহাকর্ষীয় ধ্রুবক} \times \text{পৃথিবীর ভর}}{(\text{পৃথিবীর ব্যাসার্ধ})^2}$	$[LT^{-2}]$	$ms^{-2}$
২৯	পৃষ্ঠটান (surface tension)	$\frac{\text{বল}}{\text{দৈর্ঘ্য}}$	$[MT^{-2}]$	$Nm^{-1}$ বা $kgs^{-2}$
৩০	সান্দ্রতা (coefficient of viscosity)	$\frac{\text{বল/ক্ষেত্রফল}}{\text{বেগের পরিবর্তন/দূরত্ব}}$	$[ML^{-1}T^{-1}]$	$Nsm^{-2}$ বা $Pas^{-1}$
৩১	আপেক্ষিক গুরুত্ব (specific gravity)	$\frac{\text{বস্তুর সমআয়তন পানির ভর}}{\text{সমআয়তন পানির ভর}}$	মাত্রাহীন রাশি	-
৩২	বন্দ্য (frequency)	$\frac{\text{ঘটনা সংখ্যা}}{\text{সময়}}$	$[T^{-1}]$	Hertz (Hz) = $s^{-1}$
৩৩	পরিচালকাল (time period)	সময়	$[T]$	$s$
৩৪	তাপ (heat)	-	-	-
৩৫	তাপমাত্রা (temperature)	-	-	-
৩৬	আপেক্ষিক তাপ (specific heat)	$\frac{\text{তাপশক্তি}}{\text{ভর} \times \text{তাপমাত্রার পার্থক্য}}$	$[L^2T^{-2}\theta^{-1}]$	$JKg^{-1}K^{-1}$
৩৭	লীন তাপ (latent heat)	$\frac{\text{তাপশক্তি}}{\text{ভর}}$	$[L^2T^{-2}]$	$JKg^{-1}$
৩৮	তাপ ধারকত্ব (thermal capacity)	$\frac{\text{শোষিত তাপশক্তি}}{\text{তাপমাত্রা বৃদ্ধি}}$	$[MKL^2T^{-2}\theta^{-1}]$	$JK^{-1}$
৩৯	তাপ পরিবাহিতাঙ্ক (thermal conductivity)	$\frac{\text{তাপশক্তিবাহ}}{\text{ক্ষেত্রফল} \times \text{তাপমাত্রার পার্থক্য} \times \text{সময়}}$	$[MLT^{-3}\theta^{-1}]$	$Wm^{-1}k^{-1}$
৪০	তাপমাত্রার নতিমাত্রা (temperature gradient)	$\frac{\text{তাপমাত্রার পরিবর্তন}}{\text{দূরত্ব}}$	$[\theta L^{-1}]$	$m^{-1}K$

ক্র.স.	প্রাকৃতিক রাশি	সম্পর্ক	মাত্রা	এস.আই. একক
৪১	এনট্রপি (entropy)	$\frac{\text{তাপ}}{\text{উষ্ণতা}}$	$[ML^2T^{-2}\theta^{-1}]$	$JK^{-1}$
৪২	মোলার গ্যাস ধ্রুবক (molar gas constant)	$\frac{\text{কাজ বা শক্তি}}{\text{মোল সংখ্যা} \times \text{উষ্ণতা}}$	$[ML^2T^{-2}\theta^{-1}]$	$Jmole^{-1}K^{-1}$
৪৩	টর্ক (torque)	বল $\times$ বাহুর দৈর্ঘ্য	$[ML^2T^{-2}]$	$Nm$
৪৪	বোল্টজম্যান ধ্রুবক (Boltzmann's constant)	$\frac{\text{শক্তি}}{\text{উষ্ণতা}}$	$[ML^2T^{-2}\theta^{-1}]$	$JK^{-1}$
৪৫	তড়িৎ আধান (electric charge)	তড়িৎ প্রবাহমাত্রা $\times$ সময়	$[IT]$	কুলম্ব (C)
৪৬	প্রবাহমাত্রা (electric current)	-	$[I]$	আম্পিয়ার (A)
৪৭	তড়িৎ বিভব (electric potential)	$\frac{\text{কাজ}}{\text{আধান}}$	$[ML^2T^{-2}I^{-1}]$	$JC^{-1}$
৪৮	তড়িৎক্ষেত্রের শ্রাব্যতা (electric field intensity)	$\frac{\text{বল}}{\text{আধান}}$	$[MLT^{-2}I^{-1}]$	$NC^{-1}$ বা $Vm^{-1}$
৪৯	প্রবাহ ঘনত্ব (current density)	$\frac{\text{প্রবাহমাত্রা}}{\text{প্রস্থচ্ছেদের ক্ষেত্রফল}}$	$[IL^{-2}]$	$Am^{-2}$
৫০	তড়িৎ রোধ (electric resistance)	$\frac{\text{ক্ষমতা}}{(\text{প্রবাহমাত্রা})^2}$	$[ML^2T^{-3}I^{-2}]$	ohm ( $\Omega$ )
৫১	তড়িৎ রোধাঙ্ক (electrical resistivity)	$\frac{\text{তড়িৎ রোধ} \times \text{প্রস্থচ্ছেদ}}{\text{দৈর্ঘ্য}}$	$[ML^3T^{-3}I^{-2}]$	ohm-m
৫২	তড়িৎ দ্বিমেরু আমক (electric dipole moment)	আধান $\times$ দূরত্ব	$[ITL]$	$C\cdot m$
৫৩	ধারকত্ব (capacitance)	$\frac{\text{আধান}}{\text{বিভব পার্থক্য}}$	$[M^{-1}L^{-2}T^4I^2]$	Farad (F)
৫৪	স্টিফান ধ্রুবক (Stefan's constant)	$\frac{\text{বিকিরণ}}{\text{ক্ষেত্রফল} \times \text{সময়} \times (\text{উষ্ণতা})^4}$	$MLT^{-3}\theta^{-4}$	$Wm^{-2}K^{-4}$
৫৫	চৌম্বক মেরুশক্তি (magnetic pole strength)	$\frac{\text{চৌম্বক ভ্রামক}}{\text{দৈর্ঘ্য}}$	$[IL^{-1}]$	$A\cdot m$
৫৬	স্বাভেদাঙ্ক (self inductance)	$\frac{\text{বিভব পার্থক্য}}{\text{প্রবাহমাত্রা পরিবর্তনের হার}}$	$[ML^2T^{-2}I^{-2}]$	henry (H)
৫৭	চৌম্বক দ্বিমেরু আমক (magnetic dipole moment)	প্রবাহমাত্রা $\times$ ক্ষেত্রফল	$[IL^2]$	$A\cdot m^2$
৫৮	চৌম্বক প্রবাহ ঘনত্ব (magnetic flux density)	$\frac{\text{বল}}{\text{প্রবাহমাত্রা} \times \text{দৈর্ঘ্য হার}}$	$[MT^{-1}I^{-1}]$	$Wbm^{-2}$ (Tesla)
৫৯	চৌম্বক ফ্লাক্স (magnetic flux)	$\frac{\text{চৌম্বক প্রবাহ ঘনত্ব} \times \text{ক্ষেত্রফল}}$	$[ML^2T^{-1}I^{-1}]$	$Wb$
৬০	কৌণিক বেগ (angular velocity)	$\omega$	$[T^{-1}]$	$rad\ s^{-1}$
৬১	কৌণিক ত্বরণ (angular acceleration)	$\alpha$	$[T^{-2}]$	$rad\ s^{-2}$
৬২	পৃষ্ঠ শক্তি (surface energy)	E	$[MT^{-2}]$	$Jm^{-2}$ বা $Nm^{-1}$
৬৩	তরঙ্গের তীব্রতা (intensity of wave)	শক্তি ঘনত্ব $\times$ তরঙ্গ বেগ	$[MLT^{-3}]$	$Jm^{-2}s^{-1}$ বা $Wm^{-2}$

[Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ১.৯, পৃষ্ঠা: ১৮-২১]

অধ্যায়-১: ভৌতজ্ঞান ও পরিমাপ

৩৭ কোন এককের সংকেত সঠিক? [মে:ভ:প: ২০১৬-১৭]

- (A) চার্জ - W  
(B) তড়িৎ প্রবাহ - A  
(C) বিভব - C  
(D) তড়িৎ রাসায়নিক তুল্যাক - JS<sup>-1</sup>

উত্তর: B. তড়িৎ প্রবাহ - A  
Note: পূর্বের ৩৬ নং প্রশ্নের ব্যাখ্যা দেখুন।

৩৮ পরিবাহকত্বের মাত্রা সমীকরণ নিচের কোনটি?

- (A)  $[M^{-1}L^{-3}T^3I^2]$   
(B)  $[ML^3T^{-3}I^2]$   
(C)  $[ML^2T^{-3}I^{-1}]$   
(D)  $[M^2L^2T^{-3}I^{-1}]$

উত্তর: (A)  $[M^{-1}L^{-3}T^3I^2]$   
Note: পূর্বের ৩৬ নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

৩৯ বেগ অবক্রমের একক কোনটি?

- (A)  $ms^{-1}$   
(B)  $ms^{-2}$   
(C)  $s^{-1}$   
(D)  $kgms^{-1}$

উত্তর: (C)  $s^{-1}$   
Note: পূর্বের ৩৬ নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

৪০ নিম্নের কোন রাশির একক  $\mu_0/\epsilon_0$  এর এককের সমান?

[জ.বি. (ক-ইউনিট)-২০১৮-১৯]

- (A) বেগ<sup>২</sup>  
(B) (রোধ)<sup>২</sup>  
(C) চৌম্বক ক্ষেত্র  
(D) বৈদ্যুতিক বিভব

উত্তর: (B) (রোধ)<sup>২</sup>

ব্যাখ্যা:

আমরা জানি,

$\mu_0$  এর একক  $TmA^{-1}$   
 $\epsilon_0$  এর একক  $C^2N^{-1}m^{-2}$   
রোধের একক  $\Omega$

$$\text{এখন, } \frac{\mu_0}{\epsilon_0} = \frac{TmA^{-1}}{C^2N^{-1}m^{-2}}$$

$$= \frac{JA^{-1}m^{-2} \cdot mA^{-1}}{A^2s^2m \cdot J^{-1}m^{-2}} \quad [\because 1T = 1JA^{-1}m^{-2} \text{ এবং } 1C = 1As]$$

$$= (JA^{-2}s^{-1})^2$$

$$= (\text{রোধ})^2 \quad [\because \Omega = \frac{V}{A} = \frac{JC^{-1}}{A} = \frac{JA^{-1}s^{-1}}{A^{-1}} = JA^{-2}s^{-1}]$$

[Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ১.৯, পৃষ্ঠা: ১৮-২১ (উদ্ধৃত)]

৪১ নিচের কোনটি লব্ধ রাশি?

- (A) তাপমাত্রা  
(B) ভর  
(C) সময়  
(D) কম্পাঙ্ক

উত্তর: (D) কম্পাঙ্ক

ব্যাখ্যা:

লব্ধ রাশি বা যৌগিক রাশি: যে সকল রাশি মৌলিক রাশি থেকে লাভ করা যায় অর্থাৎ এক বা একাধিক মৌলিক রাশির গুণফল বা ভাগফল থেকে প্রতিপাদন করা যায় তাদেরকে লব্ধ রাশি বা যৌগিক রাশি বলে।

লব্ধ একক এবং তাদের প্রতীক নিম্নে বর্ণিত হলো:

ক্রমিক সংখ্যা	রাশি	একক	এককের প্রতীক
1.	বল	নিউটন	N
2.	শক্তি	জুল	J
3.	ক্ষমতা	ওয়াট	W
4.	তড়িতাধান	কুলম্ব	C
5.	বৈদ্যুতিক রোধ	ও'ম	$\Omega$
6.	বৈদ্যুতিক বিভব	ভোল্ট	V
7.	কম্পাঙ্ক	হার্জ	Hz

[Ref: ড. আমির হোসেন খান, (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ১.৬, পৃষ্ঠা: ১০]

৪২ নিচের কোনটি লব্ধ একক নয়?

- (A) joule  
(B) watt  
(C) kilogram  
(D) newton

উত্তর: (C) kilogram

ব্যাখ্যা:

মৌলিক একক ও লব্ধ একক: মৌলিক রাশির একককে মৌলিক একক বলা হয়। যেমন: metre, kilogram, second ইত্যাদি হল যথাক্রমে মৌলিক রাশি দৈর্ঘ্য, ভর ও সময়ের একক।

আবার, লব্ধ রাশির একককে লব্ধ একক বলা হয়।

যেমন: newton, joule, watt ইত্যাদি হল যথাক্রমে লব্ধ রাশি বল, শক্তি ও ক্ষমতার একক।

[Ref: ড. তফাজ্জল হোসেন (সংস্করণ-২০১৮), অনু: ১.৮, পৃষ্ঠা: ১৯]

৪৩ কোন বিজ্ঞানী সূর্যগ্রহণ সম্পর্কে ভবিষ্যদ্বাণীর জন্য বিখ্যাত?

- (A) থেলিস  
(B) আর্কিমিডিস  
(C) পীথাগোরাস  
(D) গ্যালিলিও

উত্তর: (A) থেলিস

ব্যাখ্যা:

সূর্যগ্রহণ সম্পর্কে ভবিষ্যদ্বাণী: প্রাচীনকালে ভৌত বিজ্ঞানের বিকাশে গ্রিকদের একচ্ছত্র আধিপত্য ছিল। থেলিস (Thales) (খ্রিঃ পূঃ 622-569) সূর্য গ্রহণ সম্পর্কে ভবিষ্যদ্বাণীর জন্য বিখ্যাত। উল্লেখ্য, চন্দ্র ও পৃথিবীর গতির কারণে যদি চন্দ্র কখনো পৃথিবী ও সূর্যের মাঝে এসে পড়ে তাহলে সূর্যগ্রহণ হয়। [Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ১.১১, পৃষ্ঠা: ২২]

৪৪ পদার্থের অবিভাজ্য একক Atom এর ধারণা দেন নিচের কোন বিজ্ঞানী?

- (A) থেলিস  
(B) আর্কিমিডিস  
(C) ডেমোক্রিটাস  
(D) ডাল্টন

উত্তর: (C) ডেমোক্রিটাস

ব্যাখ্যা:

Atom-এর ধারণা: গ্রিক দার্শনিক ডেমোক্রিটাস (খ্রিস্টপূর্ব ৪৬০-৩৭০) ধারণা দেন যে পদার্থের অবিভাজ্য একক রয়েছে। তিনি এর নাম দেন Atom বা পরমাণু।

[Ref: ড. তফাজ্জল হোসেন (সংস্করণ-২০১৮), অনু: ১.৪, পৃষ্ঠা: ৭]

৪৫ নিম্নের কোন বিজ্ঞানী সর্বপ্রথম সঠিকভাবে পৃথিবীর ব্যাস নির্ণয় করেন?

- (A) আর্ঘভট্ট  
(B) কণাদ  
(C) ভাস্করাচার্য  
(D) মহাবীর

উত্তর: (C) ভাস্করাচার্য

ব্যাখ্যা:

জ্যোতির্বিজ্ঞান ও গণিতশাস্ত্রে ভারতীয়দের অবদান: ভারতীয়রা জ্যোতির্বিজ্ঞান ও গণিতশাস্ত্রে অনেক গবেষণা করেন। এদের মধ্যে আর্ঘভট্ট, কণাদ, ভাস্করাচার্য, মহাবীর এর নাম উল্লেখযোগ্য। ভাস্করাচার্য সর্বপ্রথম সঠিকভাবে পৃথিবীর ব্যাস নির্ণয় করেন তাঁর গণনায় পৃথিবীর ব্যাস পাওয়া গিয়েছিল ৭১৮২ মাইল। তিনি  $\pi$  এর মান  $22/7$  দ্বারা প্রকাশ করেন। তাছাড়া মহাবীর সিদ্ধান্ত নামক গ্রন্থে ভারতীয় জ্যোতির্বিদ্যা বিষয়ক কাজ তুলে ধরেন তিনি সর্বপ্রথম শূন্যের ব্যবহার নিয়ে আলোচনা করেন।

[Ref: অধ্যাপক গোলাম হোসেন প্রামাণিক (৪র্থ সংস্করণ-২০১৭), অনু: ১.২, পৃষ্ঠা: ৫]

৪৬ সর্বপ্রথম শূন্যের ব্যবহার নিয়ে আলোচনা করেন কে?

- (A) আর্ঘভট্ট  
(B) কণাদ  
(C) ভাস্করাচার্য  
(D) মহাবীর

উত্তর: (D) মহাবীর

Note: উপরের ৪৫নং প্রশ্নের ব্যাখ্যা দেখুন।

৬৭ খ্রিস্টপূর্ব চতুর্থ শতকে ইউক্লিড জ্যামিতির মূল্যবান গবেষণালব্ধ তথ্য প্রদান করেন নিম্নের কোন বিজ্ঞানী?  
(A) পিথাগোরাস (B) ইউক্লিড  
(C) আর্কিমিডিস (D) নিউটন

উত্তর: (A) পিথাগোরাস  
ব্যাখ্যা: পিথাগোরাস (Pythagoras খ্রি. পূ. 560-480) জ্যোতির্বিদ্যা, গণিত, শব্দবিজ্ঞান বিষয়ে অবদানের জন্য বিখ্যাত। তিনি এবং তাঁর অনুসারীরা বিশ্বাস করতেন যে, গাণিতিক সূত্রের সাহায্যে সবকিছুই প্রকাশ করা যেতে পারে। তিনি খ্রি. পূ. চতুর্থ শতকে ইউক্লিড (Euclid) জ্যামিতি ও আলোকবিজ্ঞানের অনেক মূল্যবান গবেষণা লব্ধ তথ্য প্রদান করেন। [Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ১.১১, পৃষ্ঠা: ২২]

৬৮ 'গাণিতিক সূত্রের সাহায্যে সব কিছুই প্রকাশ করা যেতে পারে' এটি কোন বিজ্ঞানীর ধারণা ছিল?  
(A) আর্কিমিডিস (B) থেলিস  
(C) টমাস ইয়ং (D) পিথাগোরাস  
উত্তর: (D) পিথাগোরাস  
Note: পূর্বের ৬৭ নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

৬৯ পরীক্ষামূলক বৈজ্ঞানিক পদ্ধতির পথিকৃৎ কে ছিলেন?  
(A) নিউটন (B) রজার বেকন  
(C) পিথাগোরাস (D) আর্কিমিডিস  
উত্তর: (B) রজার বেকন  
ব্যাখ্যা: রজার বেকন ছিলেন পরীক্ষামূলক বৈজ্ঞানিক পদ্ধতির পথিকৃৎ। তিনি পর্যবেক্ষণ ও পরীক্ষার মাধ্যমে বিজ্ঞানের সকল সত্য যাচাই করে নেওয়ার বিশ্বাসী ছিলেন।  
[Ref: অধ্যাপক গোলাম হোসেন (৪র্থ সংস্করণ-২০১৭), অনু: ১.২, পৃষ্ঠা: ৫]

৭০ 'লিভারের নীতি' আবিষ্কার করেন নিম্নের কোন বিজ্ঞানী?  
(A) আইনস্টাইন (B) আর্কিমিডিস  
(C) গ্যালিলিও (D) নিউটন  
উত্তর: (B) আর্কিমিডিস  
ব্যাখ্যা: আর্কিমিডিস: খ্রি. পূ. তৃতীয় শতকে আর্কিমিডিস (Archimedes খ্রি. পূ. 287-212) লিভারের নীতি ও উদস্থিতিবিদ্যার সূত্র আবিষ্কার করেন। তিনি গোলকীয় দর্পণের সাহায্যে সূর্য রশ্মি কেন্দ্রীভূত করে আগুন ধরানোর কৌশল উদ্ভাবন করেন। তিনি তরলে নিমজ্জিত বস্তুর উর্ধ্বমুখী বলের সূত্র থেকে ধাতুর ভেজাল নির্ণয়ে সক্ষম হন।  
[Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ১.১১, পৃষ্ঠা: ২২; ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ১.১০, পৃষ্ঠা: ১৬]

৭১ আবিষ্কার ও আবিষ্কারকের ক্ষেত্রে নিচের কোন তথ্যটি সঠিকভাবে উল্লেখ করা হয়নি?  
(A) বায়ু ধার্মোস্কোপ → গ্যালিলিও  
(B) আলোর ব্যতিচার → টমাস ইয়ং  
(C) ক্যালকুলাস → নিউটন  
(D) বৃহস্পতি গ্রহের চাঁদ → পিথাগোরাস  
উত্তর: (D) বৃহস্পতি গ্রহের চাঁদ → পিথাগোরাস  
ব্যাখ্যা: আধুনিক পদার্থবিজ্ঞানের ক্রম বিকাশে বিজ্ঞানীদের অবদান:

বিজ্ঞানী	অবদান
আর্কিমিডিস (খ্রিস্টপূর্ব 287-212)	ধাতুর ভেজাল নির্ণয় করতে সক্ষম হন। তিনি লিভারের নীতি আবিষ্কার করেন। সূর্যরশ্মি কেন্দ্রীভূত করে আগুন জ্বালানোর কৌশল জানতেন।

বিজ্ঞানী	অবদান
গ্যালিলিও (1564-1642)	পড়ন্ত বস্তুর সূত্র (1589), যৌগিক অণুবীক্ষণ যন্ত্র (1610), দূরবীক্ষণ যন্ত্র, বৃহস্পতি গ্রহের চাঁদ, পানি-উত্তোলন যন্ত্র, বায়ু ধার্মোস্কোপ, চাঁদের পিঠে পাহাড়, সৃষ্টিবিদ্যার ভিত্তি স্থাপন, হাইড্রোস্ট্যাটিক ব্যালেন্স, সরল দোলকের দোলনকালের সূত্র, দোলক ঘড়ি।
নিউটন (1642-1727)	স্বর্গীয় বস্তুসমূহের গতিবিধি, মহাকর্ষ বল, ক্যালকুলাস, আলোর বর্ণালী, আলোর কণিকা তত্ত্ব, শব্দের গতিবেগ ফিলোসোফিয়া ন্যাচারালিস-প্রিন্সিপিয়া ম্যাথেমেটিকা গ্রন্থ, গতিসূত্র, বলবিদ্যার ভিত্তি স্থাপন, প্রতিফলক টেলিস্কোপ, আলোর বিচ্ছুরণ, লেন্সের সূত্র।
টমাস ইয়ং (1773-1829)	আলোর ব্যতিচার (1801), স্থিতিস্থাপকতার একটি সূত্র, মানবচোখে বিভিন্ন আলোর সংবেদনশীলতা, দ্বি-চিড় পরীক্ষা।
মাইকেল ফ্যারাডে (1791-1867)	ফ্যারাডে ক্রিয়া, তড়িৎচুম্বকীয় তরঙ্গতত্ত্ব, তড়িৎচুম্বকীয় আবেশ, আপেক্ষিক আবেশিক ধারকত্ব, তড়িৎ বিশ্লেষণের সূত্র।
রাদারফোর্ড (1871-1937)	$\alpha$ , $\beta$ ও গামা রশ্মি, ফ্রেড্রিক সোডি এর সাথে আলফা কণার বিক্ষেপণ পরীক্ষা (1911), পরমাণুর নিউক্লিয়াস, পরমাণুর সৌর মডেল, হালকা পরমাণুর বিভাজন (1911)।
আলবার্ট আইনস্টাইন (1879-1955)	আপেক্ষিক তত্ত্ব, আলোক তড়িৎ ক্রিয়ার ব্যাখ্যা, ভরশক্তি সমীকরণ, ব্রাউনীয় গতি।
ম্যাক্স প্লাঙ্ক (1858-1947)	তেজকণাবাদ, কৃষ্ণবস্তুর বিকিরণ ব্যাখ্যা, আলোর কোয়ান্টাম তত্ত্ব, ফোটন।
আল হাজেন (965-1038)	বস্তু থেকে আলো আসে বলে আমরা তা দেখতে পাই।
লিওনার্দো দা ভিঞ্চি (1452-1519)	উড়োজাহাজের মডেল।
জেমস ওয়াট (1736-1819)	বাস্পীয় ইঞ্জিন।
ওয়েরস্টেড (1791-1851)	তড়িৎ প্রবাহের চৌম্বক ক্রিয়া।
মার্কনি (1874-1937)	মোর্স কোডে সংকেত প্রেরণ।
ওটো হান (১৮৭৯-১৯৬৮) এক্স স্ট্রেসম্যান (১৯০২-১৯৮০)	নিউক্লিয়াস ফিশনযোগ্য।
জাদীশচন্দ্র বসু (১৮৫৮-১৯৩৭)	তড়িৎচৌম্বক তরঙ্গের মাধ্যমে একস্থান থেকে অন্যস্থানে শক্তি প্রেরণ।

[Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ১.১১, পৃষ্ঠা: ২২-২৫; ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ১.১০, পৃষ্ঠা: ১৬-১৮; ড. তফাজ্জল হোসেন (সংস্করণ-২০১৮), অনু: ১.৬, ১.১০, পৃষ্ঠা: ৭-১১]

৭২ সর্বপ্রথম কে বা কান্না আকাশে উড়ার যন্ত্র তৈরি করেন?  
(A) ম্যাক্স ওয়েল ও ম্যাক্স প্লাঙ্ক  
(B) আলবার্টাইন ম্যাগনাস ও রজার বেকন  
(C) ওরভিল রাইট ও উইলবার রাইট  
(D) রজার বেকন ও লিওনার্দো দ্যা ভিঞ্চি  
উত্তর: (C) ওরভিল রাইট ও উইলবার রাইট  
ব্যাখ্যা: আকাশে প্রাচীনকাল উড়ার যন্ত্র আবিষ্কার: আগে থেকেই মানুষ আকাশে উড়বার প্রতি অগ্রহী ছিল কিন্তু ওরভিল রাইট ও উইলবার রাইট ভ্রাতৃদ্বয়ের আগে কেউ কোনো প্রক্রিয়া উদ্ভাবন করতে পারে নি। তাঁরা চিন্তা করতে লাগলেন বেলুনের মতো কোনো ব্যবস্থায় গ্যাসোলিন ইঞ্জিন লাগিয়ে ওড়া যায় কিনা। ১৯০৩ খ্রিস্টাব্দে তাঁরা সর্বপ্রথম আকাশে ওড়ার যন্ত্র তৈরি করেন।  
[Ref: অধ্যাপক আবদুল গণি (সংস্করণ-২০১৭), অনু: ১.২, পৃষ্ঠা: ৫]

**৫৩** বিজ্ঞানী গ্যালিলিও পড়ন্ত বস্তুর বিভিন্ন তথ্য উপাত্ত সংগ্রহ করে তিনটি সূত্র প্রদান করেন নিম্নের কত খ্রিস্টাব্দে?  
(A) 1610 (B) 1579  
(C) 1589 (D) 1599  
উত্তর: (C) 1589

ব্যাখ্যা:  
পড়ন্ত বস্তুর সূত্র: 1589 খ্রিস্টাব্দে বিজ্ঞানী গ্যালিলিও (Galileo) মুক্তভাবে পড়ন্ত বস্তুর বিভিন্ন তথ্য-উপাত্ত সংগ্রহ করে তিনটি সূত্র আবিষ্কার করেন। এগুলোকে পড়ন্ত বস্তুর সূত্র বলা হয়। তিনি স্থিতিবিদ্যা ও গতিবিদ্যার ওপর যথেষ্ট অবদান রাখেন।

[Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ১.১১, পৃষ্ঠা: ২৩]  
৩ লক্ষ কক্ষন: গ্যালিলিও পড়ন্ত বস্তুর পতনের সূত্র আবিষ্কার করেন এবং দেখান যে, পড়ন্ত বস্তুর প্রতি এর ভরের উপর নির্ভরশীল নয়।

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ১.১০, পৃষ্ঠা: ১৭]

১ জেনে রাখা জ্ঞানো: পড়ন্ত বস্তু সম্পর্কিত গ্যালিলিওর সূত্র তিনটি নিম্নরূপ-  
১ম সূত্র: স্থির অবস্থান থেকে এবং একই উচ্চতা থেকে বিনা বাধায় পড়ন্ত সকল বস্তু সমান সময়ে সমান পথ অতিক্রম করে।

২য় সূত্র: স্থির অবস্থান থেকে বিনা বাধায় পড়ন্ত বস্তুর নির্দিষ্ট সময়ে প্রাপ্ত বেগ ঐ সময়ের সমানুপাতিক।

৩য় সূত্র: স্থির অবস্থান থেকে বিনা বাধায় পড়ন্ত বস্তু নির্দিষ্ট সময়ে যে দূরত্ব অতিক্রম করে তা ঐ সময়ের বর্গের সমানুপাতিক।

**৫৪** নিম্নের কোন বিজ্ঞানী সর্বপ্রথম টেলিস্কোপ আবিষ্কার করেন?  
(A) নিউটন (B) আর্কিমিডিস  
(C) কোপার নিকাস (D) গ্যালিলিও  
উত্তর: (D) গ্যালিলিও

ব্যাখ্যা:  
সর্বপ্রথম টেলিস্কোপ আবিষ্কার: ১৬১০ সালে গ্যালিলিও সর্বপ্রথম জ্যোতির্বিদ্যা বিষয়ক টেলিস্কোপ আবিষ্কার করেন এবং এর সাহায্যে বৃহস্পতি গ্রহের চারটি উপগ্রহ ও চাঁদের পিঠে পাহাড় আবিষ্কার করেন।  
[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ২য় সংস্করণ-২০১৮), অনু: ১.১০, পৃষ্ঠা: ১৭]

**৫৫** সূর্যকেন্দ্রিক সৌরজগতের ধারণা কে প্রদান করেন?  
(A) কোপার্নিকাস (B) গ্যালিলিও  
(C) কেপলার (D) টাইকোব্রাহে  
উত্তর: (A) কোপার্নিকাস

ব্যাখ্যা:  
সূর্যকেন্দ্রিক সৌরজগতের ধারণা: কোপার্নিকাস সূর্যকেন্দ্রিক সৌরজগতের ধারণা উপস্থাপন করেন। পরবর্তীতে কেপলার (১৫৭১-১৬৩০) সেই ধারণার সাধারণ গাণিতিক বর্ণনা দেন তিনটি সূত্রের সাহায্যে। কেপলারের সাফল্যের মূলভিত্তি হল, তিনি প্রচলিত বৃত্তাকার কক্ষপথের পরিবর্তে উপবৃত্তাকার কক্ষপথ কল্পনা করেন।

[Ref: অধ্যাপক তফাজ্জল হোসেন (সংস্করণ-২০১৮), অনু: ১.৪, পৃষ্ঠা: ৭]

**৫৬** গ্রহ সংক্রান্ত তিনটি সূত্র প্রদান করেন কে?  
(A) কেপলার (B) গ্যালিলিও  
(C) টাইকোব্রাহে (D) কোপার্নিকাস  
উত্তর: (A) কেপলার  
Note: পূর্বের ৫৫নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

**৫৭** বল সম্পর্কে ধারণা লাভের জন্য বাতাসের অনুকূলে ও প্রতিকূলে লাফ দিয়ে দূরত্বের পার্থক্য পর্যবেক্ষণ করেন নিম্নের কোন বিজ্ঞানী?  
(A) গ্যালিলিও (B) নিউটন  
(C) আর্কিমিডিস (D) কোপার্নিকাস  
উত্তর: (B) নিউটন

ব্যাখ্যা:  
39. মিটার স্কেলে দৈর্ঘ্য পরিমাপের সূক্ষতার পরিমাপ কত?  
 (A)  $\pm 1$  cm (B)  $\pm 1$  m  
 (C)  $\pm 1$  mm (D)  $\pm 0.1$  mm
40. নিচের কোন এককের মানটি সঠিকভাবে উল্লেখ করা হয়নি?  
 (A) 1 এক্সরে ইউনিট =  $10^{-13}$  মিটার  
 (B) 1 অ্যাস্ট্রোনমিক্যাল ইউনিট =  $1.495 \times 10^8$  মিটার  
 (C) 1 আলোক বৎসর =  $9.42 \times 10^8$  মিটার  
 (D) 1 পারসেক =  $3.083 \times 10^{13}$  মিকোমিটার

Answer Sheet

- |                                     |                                     |                                     |                                     |                                     |
|-------------------------------------|-------------------------------------|-------------------------------------|-------------------------------------|-------------------------------------|
| 1. (D) ব্যাখ্যা: রয়েল পৃষ্ঠা- ১৪৪  | 2. (B) ব্যাখ্যা: রয়েল পৃষ্ঠা- ১৪৪  | 3. (D) ব্যাখ্যা: রয়েল পৃষ্ঠা- ১৪৪  | 4. (D) ব্যাখ্যা: রয়েল পৃষ্ঠা- ১৪৭  | 5. (A) ব্যাখ্যা: রয়েল পৃষ্ঠা- ১৪৫  |
| 6. (C) ব্যাখ্যা: রয়েল পৃষ্ঠা- ১৪৫  | 7. (D) ব্যাখ্যা: রয়েল পৃষ্ঠা- ১৪৫  | 8. (B) ব্যাখ্যা: রয়েল পৃষ্ঠা- ১৪৬  | 9. (A) ব্যাখ্যা: রয়েল পৃষ্ঠা- ১৪৬  | 10. (B) ব্যাখ্যা: রয়েল পৃষ্ঠা- ১৪৬ |
| 11. (B) ব্যাখ্যা: রয়েল পৃষ্ঠা- ১৪৬ | 12. (C) ব্যাখ্যা: রয়েল পৃষ্ঠা- ১৫৭ | 13. (C) ব্যাখ্যা: রয়েল পৃষ্ঠা- ১৪৬ | 14. (B) ব্যাখ্যা: রয়েল পৃষ্ঠা- ১৪৪ | 15. (B) ব্যাখ্যা: রয়েল পৃষ্ঠা- ১৪৮ |
| 16. (B) ব্যাখ্যা: রয়েল পৃষ্ঠা- ১৫০ | 17. (A) ব্যাখ্যা: রয়েল পৃষ্ঠা- ১৪৮ | 18. (C) ব্যাখ্যা: রয়েল পৃষ্ঠা- ১৫০ | 19. (C) ব্যাখ্যা: রয়েল পৃষ্ঠা- ১৫২ | 20. (D) ব্যাখ্যা: রয়েল পৃষ্ঠা- ১৫২ |
| 21. (B) ব্যাখ্যা: রয়েল পৃষ্ঠা- ১৫২ | 22. (A) ব্যাখ্যা: রয়েল পৃষ্ঠা- ১৫২ | 23. (B) ব্যাখ্যা: রয়েল পৃষ্ঠা- ১৫০ | 24. (D) ব্যাখ্যা: রয়েল পৃষ্ঠা- ১৫৩ | 25. (D) ব্যাখ্যা: রয়েল পৃষ্ঠা- ১৫৩ |
| 26. (C) ব্যাখ্যা: রয়েল পৃষ্ঠা- ১৫৩ | 27. (A) ব্যাখ্যা: রয়েল পৃষ্ঠা- ১৫৪ | 28. (D) ব্যাখ্যা: রয়েল পৃষ্ঠা- ১৫৪ | 29. (A) ব্যাখ্যা: রয়েল পৃষ্ঠা- ১৫৫ | 30. (C) ব্যাখ্যা: রয়েল পৃষ্ঠা- ১৪৪ |
| 31. (A) ব্যাখ্যা: রয়েল পৃষ্ঠা- ১৫৬ | 32. (D) ব্যাখ্যা: রয়েল পৃষ্ঠা- ১৫৩ | 33. (C) ব্যাখ্যা: রয়েল পৃষ্ঠা- ১৫৭ | 34. (A) ব্যাখ্যা: রয়েল পৃষ্ঠা- ১৪৭ | 35. (D) ব্যাখ্যা: রয়েল পৃষ্ঠা- ১৪৮ |
| 36. (B) ব্যাখ্যা: রয়েল পৃষ্ঠা- ১৪৮ | 37. (D) ব্যাখ্যা: রয়েল পৃষ্ঠা- ১৫০ | 38. (D) ব্যাখ্যা: রয়েল পৃষ্ঠা- ১৫১ | 39. (C) ব্যাখ্যা: রয়েল পৃষ্ঠা- ১৫৭ | 40. (B) ব্যাখ্যা: রয়েল পৃষ্ঠা- ১৪৭ |

1-8 m



## Reference Books: (নতুন সিলেবাস অনুসারে)

### উচ্চ মাধ্যমিক পদার্থবিজ্ঞান ১ম পত্র; By-

১. ড. আমির হোসেন খান [ষষ্ঠ সংস্করণ-২০১৮]
৩. অধ্যাপক গোলাম হোসেন প্রামাণিক [৪র্থ সংস্করণ-২০১৭]
৫. অধ্যাপক আবদুল গনি [সংস্করণ-২০১৭]

২. ড. শাহজাহান তপন [বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮]
৪. ড. তফাজ্জল হোসেন [সংস্করণ-২০১৮]
৬. অধ্যাপক শামসুর রহমান সেলু [বর্ধিত সংস্করণ-২০১৮]

## Chapter Index: এই অধ্যায়ের Important বিষয়সমূহ


[ বর্ণমালার ক্রমানুসারে সাজানো ]

গুরুত্বপূর্ণ বিষয়সমূহ	MCQ সহ যে পৃষ্ঠায় রয়েছে
অদিক রাশি	১৬৭
অপারেটর	১৭৪
অবস্থান ভেক্টর	১৬৮
অসদৃশ ভেক্টর	১৬৮
আয়ত একক ভেক্টর	১৬৮
স্থান ভেক্টর	১৬৮
একক ভেক্টর	১৬৮
কাল	১৭৩
কার্নের ভৌত তাৎপর্য	১৭৩
ক্যালকুলাস	১৭৪
মোটরভেন্ট	১৭৩
চলন্ত গাড়িতে বৃষ্টি	১৭৩
জ্যামিতিক উপায়ে ভেক্টরের নির্ণয়	১৬৯
ডাইভারজেন্স	১৭৩
ডাইভারজেন্সের ভৌত তাৎপর্য	১৭৩
দিক রাশি	১৬৭
দুটি বলের মধ্যবর্তী কোণ নির্ণয়	১৭৪
নাল ভেক্টর	১৬৮, ১৭২
নির্দিক রাশি	১৬৭
বল কর্তৃক সম্পাদিত কাজের পরিমাণ নির্ণয়	১৭৭
বহুভুজ সূত্র	১৭৪
বিনিময় সূত্র	১৭২
বিপরীত ভেক্টর	১৬৮
বিপ্রতীপ ভেক্টর	১৬৮
বিশেষ ক্ষেত্রে ডট গুণফল	১৭১
বিসদৃশ ভেক্টর	১৬৮
ভেক্টর অপারেটর	১৭৩
ভেক্টর গুণফলের দিক	১৭১
ভেক্টর বিভাজনের দৃষ্টান্ত	১৭৩
ভেক্টর বীজগণিতের কতিপয় সূত্র	১৭২
ভেক্টর যোগের প্রকারভেদ	১৭৩
ভেক্টর যোজনের দৃষ্টান্ত	১৭৩

গুরুত্বপূর্ণ বিষয়সমূহ	MCQ সহ যে পৃষ্ঠায় রয়েছে
ভেক্টর রাশি	১৬৭
ভেক্টর রাশির গুণন	১৭০
ভেক্টর রাশির গুণফলের উদাহরণ	১৭১
ভেক্টর রাশির প্রকাশ রীতি	১৬৮
ভেক্টর রাশির প্রকাশ	১৬৮
ভেক্টর রাশির বিয়োজন	১৬৯
ভেক্টর রাশির যোগ	১৬৯
ভেক্টরের ধর্ম	১৭৪
রাশি	১৬৭
লন রোলার	১৭০
লক্কি	১৭০, ১৭৪
লক্কির সর্বনিম্ন মান	১৭০
লক্কির সর্বোচ্চ মান	১৭০
শূন্য ভেক্টর	১৭৪
সঠিক ভেক্টর	১৬৮
সদিক রাশি	১৬৭
সদৃশ ভেক্টর	১৬৮
সম ভুক্তীয় ভেক্টর	১৬৮
সম প্রারম্ভিক ভেক্টর	১৬৮
সমভেক্টর	১৬৮
সমরেখ ভেক্টর	১৬৮
সমান ভেক্টর	১৬৮, ১৬৯
সরণ ভেক্টর	১৬৮, ১৬৯
সামান্তরিকের সূত্র	১৭২
সীমাবদ্ধ ভেক্টর	১৬৮
স্কেলার গুণনের ধর্ম	১৭১
স্কেলার রাশি	১৬৭
স্বাধীন ভেক্টর	১৬৮

অধ্যায়-২: Concept Map

ভৌত রাশি



# Glossary (Important সংজ্ঞাসমূহ)

(বাংলা বর্ণমালার ক্রমানুসারে সাজানো)

বিষয়	সংজ্ঞা / পরিচয়	Reference
অপারেটর (Operator)	যে গাণিতিক চিহ্নের দ্বারা একটি রাশিকে অন্য একটি রাশিতে রূপান্তর করা যায় বা কোনো পরিবর্তনশীল রাশির ব্যাখ্যা দেয়া যায় তাকে অপারেটর বলে।	ড. আমির, পৃষ্ঠা: ৯১ (সংস্করণ-২০১৮)
অবস্থান ভেক্টর (Position vector)	প্রসঙ্গ কাঠামোর মূল বিন্দুর সাপেক্ষে কোন বিন্দুর অবস্থান যে ভেক্টরের সাহায্যে নির্ণয় বা নির্দেশ করা হয় তাকে অবস্থান ভেক্টর বলে।	ড. আমির, পৃষ্ঠা: ৬২ (সংস্করণ-২০১৮)
আয়ত একক ভেক্টর (Rectangular unit vector)	ত্রিমাত্রিক স্থানাঙ্ক ব্যবস্থায় ধনাত্মক X, Y এবং Z অক্ষের দিকে ব্যবহৃত যথাক্রমে $\hat{i}$ , $\hat{j}$ এবং $\hat{k}$ একক ভেক্টরগুলোকে আয়তাকার বা আয়ত একক ভেক্টর বলে।	ড. আমির, পৃষ্ঠা: ১০৭ (সংস্করণ-২০১৮)
ভেক্টর রাশির বিভাজন বা বিশ্লেষণ ও উপাংশ (Component)	একটি ভেক্টর রাশিকে দুই বা ততোধিক ভেক্টর রাশিতে বিভক্ত করার প্রক্রিয়াকে ভেক্টর রাশি বিভাজন বা বিশ্লেষণ বলে। এই বিভক্ত ভেক্টর রাশিগুলোর প্রত্যেকটিকে মূল ভেক্টর রাশির এক একটি উপাংশ বা অংশক বলে।	ড. আমির, পৃষ্ঠা: ১০৭ (সংস্করণ-২০১৮)
একক ভেক্টর (Unit vector)	যে সকল ভেক্টরের মান শূন্য নয় এরূপ একটি ভেক্টরকে এর মান দ্বারা ভাগ করলে ওই ভেক্টরের দিক বা সমান্তরালে একটি একক ভেক্টর পাওয়া যাবে। অর্থাৎ যে ভেক্টর রাশির মান এক একক তাকে একক ভেক্টর বলে।	ড. আমির, পৃষ্ঠা: ৬১ (সংস্করণ-২০১৮)
চল রাশি বা চলক (Variable)	গাণিতিক ক্রিয়ার ক্ষেত্রে যে সকল রাশি পরিবর্তনশীল অর্থাৎ বিভিন্ন মান ধারণ করতে পারে তাদেরকে চলরাশি বা চলক বলে। সাধারণত x, y, z, u, v, w ইত্যাদি চলরাশি বিবেচনা করা হয়।	ড. তপন, পৃষ্ঠা: ৬৪ (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮)
ধ্রুবক (Constant)	গাণিতিক ক্রিয়ার ক্ষেত্রে যে সকল রাশি অপরিবর্তনশীল তাদেরকে ধ্রুবক বলে। যেমন- সকল স্বাভাবিক সংখ্যা, ভগ্নাংশ, $\pi$ , e ইত্যাদি।	ড. তপন, পৃষ্ঠা: ৬৪ (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮)
ফাংশন বা অপেক্ষক (Function)	দুটি পরস্পর নির্ভরশীল চলক যার একটি পরিবর্তিত হলে অপরটিও পরিবর্তিত হয়, এদের মধ্যে যে চলকটি ইচ্ছানুযায়ী পরিবর্তন করা যায় তাকে স্বাধীন চলক (independent variable) এবং যে চলকটিকে ইচ্ছানুযায়ী পরিবর্তন করা যায় না, অপর চলকের পরিবর্তনের উপর নির্ভরশীল তাকে অধীন বা নির্ভরশীল চলক (dependent variable) বলে। অধীন চলককে স্বাধীন চলকের অপেক্ষক বা ফাংশন বলে।	ড. তপন, পৃষ্ঠা: ৬৪ (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮)
বিপরীত বা ঋণ ভেক্টর (Negative vector)	নির্দিষ্ট দিক বরাবর কোন ভেক্টরকে ধনাত্মক ধরলে তার বিপরীত দিকে সমমানের সমজাতীয় ভেক্টরকে ঋণাত্মক বা বিপরীত ভেক্টর বলে।	ড. তপন, পৃষ্ঠা: ৪৩ (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮)
বিপ্রতীপ/ব্যতিহার ভেক্টর (Reciprocal Vector)	দুটি সমান্তরাল ভেক্টরের একটির মান অপরটির বিপ্রতীপ (যেমন ১টি এর বিপ্রতীপ $\frac{1}{5}$ ) হলে তাদেরকে বিপ্রতীপ বা ব্যতিহার ভেক্টর বলা হয়।	ড. আমির, পৃষ্ঠা: ৬৩ (সংস্করণ-২০১৮)
বিসদৃশ ভেক্টর (Unlike vector)	সমজাতীয় অসম মানের দুটি ভেক্টর যদি পরস্পর বিপরীত দিকে ক্রিয়া করে তবে তাদেরকে অসদৃশ বা বিসদৃশ ভেক্টর বলে।	অধ্যাপক গনি, পৃষ্ঠা: ৭৪ (সংস্করণ-২০১৭)
ভেক্টর রাশি/দিক রাশি/সদিক রাশি (Vector quantity)	যে সব ভৌত রাশির মান এবং দিক দুই-ই আছে, তাদেরকে দিক রাশি বা ভেক্টর রাশি বলা হয়।	ড. আমির, পৃষ্ঠা: ৫৮ (সংস্করণ-২০১৮)
ভেক্টরের বিভাজন (Resolution of vector)	একটি ভেক্টরকে দুই বা ততোধিক রাশিতে বিভক্ত করার পদ্ধতিকে ভেক্টরের বিভাজন বলে।	ড. তপন-পৃষ্ঠা: ৫১ (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮)
ভৌত রাশি (Physical quantity)	পদার্থবিজ্ঞানের অন্তর্গত যে কোনো রাশিকে ভৌত (physical quantity) রাশি বলে।	ড. আমির, পৃষ্ঠা: ৫৮ (সংস্করণ-২০১৮)
রাশি (Quantity)	পদার্থের যে সব ভৌত বৈশিষ্ট্য পরিমাপ করা যায় তাদেরকে রাশি (quantity) বলে। যেমন দৈর্ঘ্য, ভর, সময়, আয়তন, বেগ, কাজ ইত্যাদি প্রত্যেকে এক একটি রাশি।	ড. আমির, পৃষ্ঠা: ৫৮ (সংস্করণ-২০১৮)
লব্ধি (Resultant)	দুই বা ততোধিক একজাতীয় ভেক্টর বা যোগ করলে একটি নতুন ভেক্টর পাওয়া যায়। এ নতুন ভেক্টরটিকে দুই বা ততোধিক ভেক্টর রাশির লব্ধি (resultant) বলে।	ড. তপন-পৃষ্ঠা: ৪৬ (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮)
শূন্য ভেক্টর/নাল ভেক্টর (Null Vector/Zero vector)	যে ভেক্টর রাশির মান শূন্য এবং যার কোনো নির্দিষ্ট দিক থাকে না, তাকে নাল ভেক্টর বা শূন্য ভেক্টর বলা হয়।	ড. আমির, পৃষ্ঠা: ৬১ (সংস্করণ-২০১৮)
সঠিক ভেক্টর (Proper Vector)	যে সকল ভেক্টরের মান শূন্য নয়, তাদেরকে সঠিক ভেক্টর বলা হয়।	ড. তপন, পৃষ্ঠা: ৪৪ (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮)
সরণ ভেক্টর (Displacement vector)	কোনো বস্তুর অবস্থান ভেক্টরের পরিবর্তনকে সরণ ভেক্টর বলে।	ড. তপন-পৃষ্ঠা: ৪৫ (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৭)
সম-তলীয় ভেক্টর (Co-planar Vector)	দুই বা ততোধিক ভেক্টর একই তলে অবস্থান করলে তাদেরকে সম-তলীয় ভেক্টর বলা হয়।	ড. আমির, পৃষ্ঠা: ৬৩ (সংস্করণ-২০১৮)
সম-ভেক্টর বা সমান ভেক্টর (Equal vector)	সমজাতীয় দুটি ভেক্টরের মান যদি সমান হয় আর তাদের দিক যদি একই দিকে হয় তবে তাদেরকে সমান ভেক্টর বলে।	ড. তপন, পৃষ্ঠা: ৪৩ (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮)
সমরেখ ভেক্টর (Collinear Vector)	দুই বা ততোধিক ভেক্টর যদি এমন হয় যে তারা একই রেখায় বা সমান্তরালে ক্রিয়া করে, তাদেরকে সমরেখ ভেক্টর বলা হয়।	ড. আমির, পৃষ্ঠা: ৬৩ (সংস্করণ-২০১৮)
সীমাবদ্ধ ভেক্টর (Localised vector)	যদি কোন নির্দিষ্ট বিন্দুকে ভেক্টরের পাদবিন্দু হিসেবে ঠিক করে রাখা হয়, তবে তাকে সীমাবদ্ধ ভেক্টর বলা হয়।	ড. তপন, পৃষ্ঠা: ৪৩ (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮)
স্কেলার রাশি/অদিক রাশি (Scalar quantity)	যে সব ভৌত রাশির শুধু মান আছে, কিন্তু দিক নেই তাদেরকে স্কেলার রাশি বা অদিক রাশি বলা হয়।	ড. আমির, পৃষ্ঠা: ৫৮ (সংস্করণ-২০১৮)
স্বাধীন ভেক্টর (Free vector)	কোন ভেক্টর রাশির পাদবিন্দু কোথায় হবে তা যদি ইচ্ছামতো ঠিক করা যায়, তবে ঐ ভেক্টরকে স্বাধীন ভেক্টর বলা হয়।	ড. তপন, পৃষ্ঠা: ৪২ (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮)

বিভিভি.কম

এক নজরে -

**বিগত মেডিকেল ভর্তি পরীক্ষার MCQ সমূহ:**

১। নিচের কোনটি ভেক্টরের বিনিময় সূত্র? [মে: ভ: প: ২০১৮-১৯]

- (A)  $\vec{P}(\vec{Q} + \vec{R}) = \vec{P} \cdot \vec{Q} + \vec{P} \cdot \vec{R}$  (B)  $\vec{P} + \vec{Q} = \vec{Q} + \vec{P}$   
 (C)  $(\vec{P} + \vec{Q}) + \vec{R} = \vec{P} + (\vec{Q} + \vec{R})$  (D)  $\vec{P} + \vec{Q} = \vec{P} \cdot \vec{Q}$

উত্তর: (B)  $\vec{P} + \vec{Q} = \vec{Q} + \vec{P}$

২। নিচের কোন ভেক্টরের দিক নির্দিষ্ট নয়? [মে: ভ: প: ২০১৭-১৮]

- (A) বিপ্রতীপ ভেক্টর (B) শূন্য ভেক্টর  
 (C) সমান ভেক্টর (D) বিপরীত ভেক্টর

উত্তর: (B) শূন্য ভেক্টর

৩। দুটি ভেক্টর  $\vec{A}$  ও  $\vec{B}$  এর মান যথাক্রমে 5 ও 6 একক। এরা কোন বিন্দুতে  $60^\circ$  কোণে ত্রিভুজীকৃত।  $\vec{A} \times \vec{B}$  মান কত? [মে: ভ: প: ২০১৩-১৪]

- (A)  $15\sqrt{2}$  (B)  $10\sqrt{3}$  (C)  $15\sqrt{3}$  (D)  $15\sqrt{5}$

উত্তর: (C)  $15\sqrt{3}$

৪। স্কেলার রাশির বেলায় কোনটি সঠিক নয়? [মে: ভ: প: ২০১৩-১৪]

- (A) স্কেলার রাশির যোগ, বিয়োগ, গুণ সাধারণ গাণিতিক নিয়মে করা যায়  
 (B) মানের পরিবর্তন হলে স্কেলার রাশির পরিবর্তন হয়  
 (C) দুটি স্কেলার রাশির কোনটির মান শূন্য না হলেও এদের গুণফল শূন্য হতে পারে  
 (D) দুটি স্কেলার রাশির গুণফল একটি স্কেলার রাশি

উত্তর: C. দুটি স্কেলার রাশির কোনটির মান শূন্য না হলেও এদের গুণফল শূন্য হতে পারে

৫। নিচের কোনটি স্কেলার রাশি? [মে: ভ: প: ২০০৯-১০]

- (A) তড়িৎ বিভব (C) তড়িৎ প্রাবল্য (D) বেগ  
 (B) তড়িৎ বিভব (D) ভর বেগ

উত্তর: A) তড়িৎ বিভব

৬। একটি নদীতে স্রোতের বেগ  $5 \text{ kmh}^{-1}$  এবং একটি নৌকার বেগ  $10 \text{ kmh}^{-1}$ । স্রোতের সাথে কত ডিগ্রী কোণ করে নৌকা চলালে নৌকাটি অপর পারে ঠিক সোজাসুজি পৌঁছাবে? [মে: ভ: প: ২০০৫-০৬]

- (A)  $150^\circ$  (B)  $100^\circ$  (C)  $120^\circ$  (D)  $130^\circ$

উত্তর: (C)  $120^\circ$

৭।  $20\text{N}$  এবং  $60\text{N}$  মানের দুটি ভেক্টর রাশির মধ্যকার কোণ  $30^\circ$ । রাশি দুটির লব্ধির মান কত  $\text{N}$  হবে? [ডে: ভ: প: ২০০৫-০৬]

- (A) 69.77 (B) 96.77 (C) 77.96 (D) 77.69

উত্তর: (C) 77.96

৮। নিচের কোনটি ভেক্টর রাশির বিয়োজন সূত্র নয়? [মে: ভ: প: ০৮-০৫]

- (A) সাধারণ (B) সমান্তরাল  
 (C) সামান্তরিক (D) উপাংশ

উত্তর: (B) সমান্তরাল

৯। নিচের কোনটি ভেক্টরের প্রকারভেদ নয়? [মে: ভ: প: ০৩-০৪]

- (A) অণুভ্রমক ভেক্টর (B) সমান ভেক্টর  
 (C) সমতলীয় ভেক্টর (D) ধন ভেক্টর

উত্তর: (D) ধন ভেক্টর

১০। দুটি ভেক্টরের সমষ্টি ও পার্থক্যের মান একই হয় তখন, যখন ভেক্টর দুটির মধ্যবর্তী কোণ [ডে: ভ: প: ০২-০৩]

- (A)  $90^\circ$  (B)  $60^\circ$  (C)  $120^\circ$  (D)  $180^\circ$

উত্তর: (A)  $90^\circ$

১১। কোনটি ভেক্টর (দিক) রাশি নয়? [মে: ভ: প: ১০-১১]

- (A) দ্রুতি (B) বল (C) ত্বরণ (D) বেগ

উত্তর: (A) দ্রুতি

১২। লন রোলারের ক্ষেত্রে কোনটি ঠিক? [মে: ভ: প: ১১-১২]

- (A) ঠেলার চেয়ে টানা সহজতর (B) টানার চেয়ে ঠেলা সহজতর  
 (C) ঠেলা বা টানার মধ্যে কোন তফাৎ নেই (D) উপরের কোনটাই নয়।

উত্তর: (A) ঠেলার চেয়ে টানা সহজতর।

১৩। খাড়াভাবে পতিত বৃষ্টির বেগের মানের সমান বেগের মানে এক ব্যক্তি সমতল রাস্তার উপর দিয়ে দৌড়ে যাচ্ছে। বৃষ্টি হতে রক্ষা পেতে তাকে উল্লম্বের সাথে যে কোণে ছাড়া ধরতে হবে- [মে: ভ: প: ১৫-১৬]

- (A)  $45^\circ$  (B)  $120^\circ$  (C)  $90^\circ$  (D)  $60^\circ$

উত্তর: (A)  $45^\circ$

 এবারের মেডিকেল ভর্তি পরীক্ষার

**জন্য Important MCQ সমূহ**

১। পদার্থের যে সব ভৌত বৈশিষ্ট্য পরিমাপ করা যায় তাদেরকে কী বলে?

- (A) মোমেন্ট (B) রাশি  
 (C) একক (D) লব্ধি

উত্তর: (B) রাশি

ব্যাখ্যা:

রাশি: পদার্থের যে সব ভৌত বৈশিষ্ট্য পরিমাপ করা যায় তাদেরকে রাশি (quantity) বলে। যেমন দৈর্ঘ্য, ভর, সময়, আয়তন, বেগ, কাজ ইত্যাদি প্রত্যেকে এক একটি রাশি। পদার্থবিজ্ঞানের অন্তর্গত যে কোনো রাশিকে ভৌত (physical quantity) রাশি বলে।

[Ref: ড. আমির হোসেন (ষষ্ঠ সংস্করণ-২০১৮), সূচনা, পৃষ্ঠা: ৫৮]

২. জেনে রাখা ভালো:

মৌলিক রাশি: যে সব রাশি অন্য কোন রাশির উপর নির্ভর করে না, তাদেরকে মৌলিক রাশি বলা হয়।

যৌগিক রাশি: একাধিক মৌলিক রাশির সমন্বয়ে গঠিত রাশিকে যৌগিক রাশি বলা হয়। যেমন, আয়তন = দৈর্ঘ্য  $\times$  দৈর্ঘ্য  $\times$  দৈর্ঘ্য

$$\text{ঘনত্ব} = \frac{\text{ভর}}{\text{আয়তন}}$$

এইগুলো সবই একাধিক মৌলিক রাশির সমন্বয়ে গঠিত।

[Ref: ড. আমির হোসেন (ষষ্ঠ সংস্করণ-২০১৮), সূচনা, পৃষ্ঠা: ৫৮]

২। নিচের কোনটি স্কেলার রাশি?

[মে: ভ: প: ০৯-১০]

- (A) তড়িৎ বিভব (C) তড়িৎ প্রাবল্য  
 (D) বেগ (D) ভর বেগ

উত্তর: (A) তড়িৎ বিভব

ব্যাখ্যা:

স্কেলার রাশি/অদিক রাশি/নির্দিষ্ট রাশি: যে সব ভৌত রাশির শুধু মান আছে, কিন্তু দিক নেই তাদেরকে স্কেলার রাশি বা অদিক রাশি বলা হয়।

উদাহরণ: দৈর্ঘ্য, ভর, সময়, আয়তন, দ্রুতি, কাজ, তড়িৎ বিভব, ক্ষমতা, শক্তি, কর্মদক্ষতা, ঘনত্ব, আপেক্ষিক গুরুত্ব, বিকৃতি, স্থিতিস্থাপক গুণাংক, তাপ, তাপমাত্রা, আপেক্ষিক তাপ, পানিসম, তাপ গ্রাহীতা, সুগুতাপ, প্রসারণ গুণাংক, শিশিরাংক, হিমাংক, গলনাংক, স্ফুটনাংক, আপেক্ষিক অর্দ্রতা, তাপের যান্ত্রিক সমতা, তরঙ্গদৈর্ঘ্য, কম্পাংক, বিস্তার, দীপনমাত্রা, দীপন ক্ষমতা, ফোকাস দৈর্ঘ্য, লেন্সের ক্ষমতা, চৌম্বক বা বৈদ্যুতিক বিভব, বিচ্যুতি, বিনতি, রোধ, গ্যালভানোমিটার হ্রাসাংক, চার্জ, স্বকীয় আবেশ গুণাংক, পারস্পরিক আবেশ গুণাংক, আপেক্ষিক রোধ, রাসায়নিক সমতুল্য, বৈদ্যুতিক রাসায়নিক সমতুল্য, প্রতিসরাংক, ধারকত্ব, মহাকর্ষীয় ধ্রুবক।

ভেক্টর রাশি/দিক রাশি/সদিক রাশি: যে সব ভৌত রাশির মান এবং দিক দুই-ই আছে, তাদেরকে দিক রাশি বা ভেক্টর রাশি বলা হয়।

উদাহরণ: সরণ, বেগ, ত্বরণ, মন্দন, বল, ভরবেগ, অভিকর্ষজ ত্বরণ, মহাকর্ষীয় বল, চৌম্বক প্রাবল্য, বৈদ্যুতিক প্রাবল্য, চৌম্বকত্বের অনুভূমিক প্রাবল্য, ওজন, পৃষ্ঠটান, সাদ্রতা গুণাংক, টর্ক বা বলের প্রামক, চৌম্বক ড্রামক, চৌম্বক দৈর্ঘ্য।

[Ref: ড. আমির হোসেন, সূচনা, পৃষ্ঠা: ৫৮; ড. শাহজাহান তপন, অনু. ২.১; পৃষ্ঠা: ৪১; ড. তফাজ্জল হোসেন, অনু. ২.১; পৃষ্ঠা: ৪৫]

৩. মনে রাখার Tips / Mnemonic :

ভেক্টর রাশিসমূহ:

সাধারণত ভবে সব তরুণের প্রবল টক দই প্রিও।

সাধারণত	ভ	বে	স	ব	তরুণের প্রবল	টক	দই	প্রি	ও
↓	↓	↓	↓	↓	↓	↓	↓	↓	↓
সাম্প্রতা গুণাংক	ভরবেগ	বেগ	সরণ	বল	ত্বরণ	প্রাবল্য	টর্ক	চৌম্বক দৈর্ঘ্য	পৃষ্ঠ টান ওজন

অধ্যায়-২: ভেক্টর

৩) নিচের কোনটি ক্ষেত্র রাশি?

- (A) তড়িৎ বিভব (B) তড়িৎক্ষেত্র  
(C) ত্বরণ (D) রৈখিক ভরবেগ

উত্তর: (A) তড়িৎ বিভব

Note: পূর্বের ২নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

৪) নিচের কোন রাশিটি ভেক্টর?

- (A) আপেক্ষিক তাপ (B) তাপমাত্রা  
(C) ত্বরণ (D) দ্রুতি

উত্তর: (C) ত্বরণ

Note: পূর্বের ২নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

৫) অক্ষর দ্বারা যদি একটি ভেক্টর রাশিকে প্রকাশের সঠিক রূপ নয় কোনটি?

- (A)  $\vec{A}$  (B)  $\vec{A}$   
(C)  $\underline{A}$  (D)  $|A|$

উত্তর: (D)  $|A|$

ব্যাখ্যা:  
ভেক্টর রাশির প্রকাশ রীতি: কোন ভেক্টর রাশিকে চিহ্ন দ্বারা দুই ভাবে প্রকাশ করা হয়। যথা- (i) অক্ষর দ্বারা; (ii) সরলরেখা দ্বারা। অক্ষর দ্বারা একটি ভেক্টর রাশিকে নিচের চারটি উপায়ের যে- কোন একটি দিয়ে প্রকাশ করা হয়।

ক. রাশিটির সংকেতের উপর তীর চিহ্ন দিয়ে, যেমন  $\vec{A}$

খ. রাশিটির সংকেতের উপর রেখা চিহ্ন দিয়ে, যেমন  $\underline{A}$

গ. রাশিটির সংকেতের নিচে রেখা চিহ্ন দিয়ে, যেমন  $\underline{A}$

ঘ. মোটা হরফ দিয়ে, যেমন  $\mathbf{A}$

উল্লেখ্য, প্রশ্নের (D) তে উল্লেখিত সংকেতটি ভেক্টরের মান প্রকাশ করে।

অতএব প্রশ্নের (D)-ই সঠিক উত্তর।

[Ref: ড. আমির হোসেন (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ২.১, পৃষ্ঠা: ৫৯]

৬) নিচের কোন ভেক্টরের দিক নির্দিষ্ট নয়? [মে:ভ:প: ২০১৭-১৮]

- (A) বিপ্রতীপ ভেক্টর (B) শূন্য ভেক্টর  
(C) সমান ভেক্টর (D) বিপরীত ভেক্টর

উত্তর: (B) শূন্য ভেক্টর

ব্যাখ্যা:

কতিপয় ভেক্টর:

১) স্বাধীন ভেক্টর: কোনো ভেক্টর রাশির পাদবিন্দু কোথায় হবে তা যদি ইচ্ছামতো পছন্দ করা যায়, তবে সেই ভেক্টরকে স্বাধীন ভেক্টর বলে।

২) সীমাবদ্ধ ভেক্টর: কোনো ভেক্টরের পাদবিন্দু যদি ইচ্ছামতো পছন্দ করতে দেওয়া না হয় অর্থাৎ কোনো নির্দিষ্ট বিন্দুকে যদি পাদবিন্দু হিসেবে ঠিক করে রাখা হয় তাহলে সেই ভেক্টরকে সীমাবদ্ধ ভেক্টর বলে।

৩) সদৃশ ভেক্টর: সমজাতীয় দুটি বা ততোধিক ভেক্টর যদি একই দিকে ক্রিয়া করে তবে তাদেরকে সদৃশ বা সমান্তরাল ভেক্টর বলে।

৪) বিসদৃশ ভেক্টর: সমজাতীয় দুটি ভেক্টর যদি বিপরীত দিকে ক্রিয়া করে তবে তাদেরকে বিসদৃশ ভেক্টর বলে।

৫) সমান ভেক্টর: সমজাতীয় দুটি ভেক্টরের মান যদি সমান হয় আর তাদের দিক যদি একই দিকে হয় তবে তাদেরকে সমান ভেক্টর বলে।

৬) ঋণাত্মক বা বিপরীত ভেক্টর: নির্দিষ্ট দিক বরাবর কোনো ভেক্টরকে ধনাত্মক ধরলে তার বিপরীত দিকে সমমানের সমজাতীয় ভেক্টরকে ঋণাত্মক ভেক্টর বা বিপরীত ভেক্টর বলে।

৭) সমরেখ ভেক্টর: দুই বা ততোধিক ভেক্টর যদি একই সরলরেখা বরাবর বা পরস্পর সমান্তরাল ক্রিয়া করে তবে তাদেরকে সমরেখ ভেক্টর বলে।

৮) সমতলীয় ভেক্টর: দুই বা ততোধিক ভেক্টর যদি একই সমতলে অবস্থিত হয় তবে তাদেরকে সমতলীয় ভেক্টর বলে।

৯) সঠিক ভেক্টর: যে সকল ভেক্টরের মান শূন্য নয় তাদেরকে সঠিক ভেক্টর বলে।

১০) নাল ভেক্টর বা শূন্য ভেক্টর: যে ভেক্টরের মান শূন্য তাকে নাল ভেক্টর বা শূন্য ভেক্টর বলে। একটি ভেক্টরের সাথে তার বিপরীত ভেক্টর যোগ করে বা দুটি সমান ভেক্টর বিয়োগ করে নাল ভেক্টর পাওয়া যায়। নাল ভেক্টরের পাদবিন্দু ও শীর্ষবিন্দু একই বিন্দুতে হয়। নাল ভেক্টরের কোন

সুনির্দিষ্ট দিক নেই। নাল ভেক্টরকে সাধারণত  $\vec{0}$  দিয়ে প্রকাশ করা হয়।

১১) একক ভেক্টর: কোনো ভেক্টরের মান যদি একক হয় তাহলে তাকে একক ভেক্টর বলে। কোনো ভেক্টরের মান যদি শূন্য না হয় তাহলে সেই ভেক্টরকে তার মান দিয়ে ভাগ করলে ভেক্টরটির দিকে একটি একক ভেক্টর পাওয়া যায়।

১২) অবস্থান ভেক্টর: প্রসঙ্গ কাঠামোর মূল বিন্দুর সাপেক্ষে কোনো বিন্দুর অবস্থান যে ভেক্টর দিয়ে নির্দেশ করা হয় তাকে ঐ বিন্দুর অবস্থান ভেক্টর বলে।

১৩) সরল ভেক্টর: কোনো বস্তুর অবস্থান ভেক্টরের পরিবর্তনকে সরল ভেক্টর বলে।

১৪) বিপ্রতীপ বা ব্যতিহার ভেক্টর: সমজাতীয় দুটি সমান্তরাল ভেক্টর একটির মান যদি অপরটির বিপরীত সংখ্যা হয়, তবে তাদেরকে বিপ্রতীপ বা ব্যতিহার ভেক্টর বলে।

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ২.৪, পৃষ্ঠা: ৪০-৪১]

৭) কোন ভেক্টর রাশির পাদবিন্দু কোথায় হবে তা যদি ইচ্ছামতো ঠিক করা যায়, তবে ঐ ভেক্টরকে কী বলে?

- (A) স্বাধীন ভেক্টর (B) সরল ভেক্টর  
(C) সীমাবদ্ধ ভেক্টর (D) অবস্থান ভেক্টর

উত্তর: (A) স্বাধীন ভেক্টর

Note: পূর্বের ৬নং প্রশ্নের ব্যাখ্যা দেখুন।

৮) ভৌত রাশির ভেক্টর প্রকাশের ক্ষেত্রে নিচের কোনটি সঠিক নয়?

- (A)  $\vec{r} = \vec{r} \times \vec{F}$  (B)  $\vec{v} = \vec{\omega} \times \vec{r}$   
(C)  $\vec{L} = \vec{r} \times \vec{P}$  (D)  $\vec{F} = \vec{m} \times \vec{a}$

উত্তর: (D)  $\vec{F} = \vec{m} \times \vec{a}$

ব্যাখ্যা:

ভেক্টর রাশির প্রকাশ: বল  $\vec{F} = m\vec{a}$  [ $m =$  ভর (ক্ষেত্রার রাশি),  $a =$  ত্বরণ]

টর্ক বা ঘূর্ণন বল,  $\vec{\tau} = \vec{r} \times \vec{F}$  [ $\vec{r} =$  অবস্থান ভেক্টর,  $\vec{F} =$  প্রযুক্ত বল]

রৈখিক বেগ,  $\vec{v} = \vec{\omega} \times \vec{r}$  [ $\vec{\omega} =$  কৌণিক বেগ,  $\vec{r} =$  ব্যাসার্ধ ভেক্টর]

কৌণিক ভরবেগ,  $\vec{L} = \vec{r} \times \vec{P}$  [ $\vec{r} =$  ব্যাসার্ধ ভেক্টর,  $\vec{P} =$  রৈখিক ভরবেগ]

[Ref: ড. আমির হোসেন (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ২.২, পৃষ্ঠা: ৬১]

৯) মান শূন্য নয় এরূপ একটি ভেক্টরকে তার মান দিয়ে ভাগ করে কী পাওয়া যায়?

- (A) একক ভেক্টর (B) সমতলীয় ভেক্টর  
(C) অবস্থান ভেক্টর (D) নাল ভেক্টর

উত্তর: (A) একক ভেক্টর

ব্যাখ্যা:

একক ভেক্টর: কোন ভেক্টরের মান যদি শূন্য না হয় তাহলে সেই ভেক্টর তার মান দিয়ে ভাগ করলে একক ভেক্টর পাওয়া যায়।

উক্ত ভেক্টর রাশি

∴ একক ভেক্টর = উক্ত ভেক্টর রাশির মান

আয়ত একক ভেক্টর (Rectangular Unit Vector): একটি ত্রিমাত্রিক স্থানাংক ব্যবস্থার তিনটি ধনাত্মক অক্ষ  $x$ ,  $y$  ও  $z$  বরাবর যে তিনটি একক ভেক্টর বিবেচনা করা হয় তাদেরকে আয়ত একক ভেক্টর বলে।

ত্রিমাত্রিক কার্টেসীয় স্থানাংক ব্যবস্থায় আয়ত একক ভেক্টরগুলোকে

দ্বারা প্রকাশ করা হয়।

[Ref: ড. আমির হোসেন (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ২.৩, পৃষ্ঠা: ৬২]

ড. তফাজ্জল হোসেন (সংস্করণ-২০১৮), অনু: ২.৫, পৃষ্ঠা: ৬৩]

১০. কোনে রাখা জালো:

একক ভেক্টরের দিক শুধুমাত্র X, Y এবং Z অক্ষ বরাবর।  
কোন একক ভেক্টরের দিক যে কোন দিকেই হতে পারে।

[Ref: ড. তফাজ্জল হোসেন (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু. ২.৫, পৃষ্ঠা: ৫০]

১১. A ভেক্টরের দিকে একক ভেক্টর  $\hat{a}$  হলে  $\hat{a} =$  কত?

(B) A

(D) 1

উত্তর: (C)  $\frac{\vec{A}}{A}$

Note: পূর্বের ৯নং প্রশ্নের ব্যাখ্যা দেখুন।

১২.  $\vec{A} = 5\hat{i}$  হলে এর বিপরীত ভেক্টর কোনটি হবে?

(B)  $-\frac{1}{5}\hat{i}$

(D)  $5\hat{i}$

উত্তর: (C)  $\frac{1}{5}\hat{i}$

Note: পূর্বের ৯নং প্রশ্নের ব্যাখ্যা দেখুন।

১৩. কোন বস্তুর অবস্থান ভেক্টরের পরিবর্তনকে কী বলে?

(A) সরণ ভেক্টর

(B) সমান ভেক্টর

(C) ব্যাসার্ধ ভেক্টর

(D) স্বাধীন ভেক্টর

উত্তর: (A) সরণ ভেক্টর

ব্যাখ্যা: কোন বস্তুর অবস্থান ভেক্টরের পরিবর্তনকে সরণ ভেক্টর বলে।

কোন বস্তুর শেষ অবস্থান ভেক্টর  $\vec{r}_f$  এবং আদি অবস্থান ভেক্টর  $\vec{r}_i$  এর

পার্থক্যই হচ্ছে সরণ ভেক্টর  $\Delta \vec{r}$ ।

$\Delta \vec{r} = \vec{r}_f - \vec{r}_i$

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ২.৪, পৃষ্ঠা: ৪৫]

১৪. সমজাতীয় অসমমানের দুটি ভেক্টর বিপরীত দিকে ক্রিয়া করলে

ফলাফল কী বলে?

(A) বিপরীত ভেক্টর

(B) অসম ভেক্টর

(C) অসীম ভেক্টর

(D) বিসদৃশ ভেক্টর

উত্তর: (D) বিসদৃশ ভেক্টর

Note: পূর্বের ১২নং প্রশ্নের ব্যাখ্যা দেখুন।

১৫. দুই বা ততোধিক ভেক্টর পরস্পর সমান্তরালে ক্রিয়া করলে

ফলাফল কী বলে?

(A) সমান্তরাল ভেক্টর

(B) সমান ভেক্টর

(C) সমরেখ ভেক্টর

(D) সমরেখা ভেক্টর

উত্তর: (C) সমরেখ ভেক্টর

Note: পূর্বের ১২নং প্রশ্নের ব্যাখ্যা দেখুন।

১৬. সমান ভেক্টর সম্পর্কে সঠিক নয় কোনটি?

(A) এরা সমজাতীয়

(B) পাদবিন্দুর অবস্থানের উপর নির্ভর করে

(C) এরা একই দিকে নির্দেশিত হয়

(D) দুটি সমান্তরাল রেখা দিয়ে বুঝানো হয়


উত্তর: (B) পাদবিন্দুর অবস্থানের উপর নির্ভর করে

ব্যাখ্যা:

সমান ভেক্টর (Equal Vectors): সমজাতীয় দুটি ভেক্টরের মান যদি সমান হয় আর তাদের দিক যদি একই দিকে হয় তবে তাদেরকে সমান ভেক্টর বলে।

চিত্রে  $\vec{A}$  ও  $\vec{B}$  ভেক্টর দুটি সমান অর্থাৎ  $\vec{A} = \vec{B}$

দুটি ভেক্টরের সমতা ভেক্টরদ্বয়ের পাদবিন্দুর অবস্থানের উপর নির্ভর করে না। পাদবিন্দু যেখানেই থাক না কেন যদি ভেক্টরদ্বয়ের মান সমান এবং দিক একই দিকে হয়, তাহলেই তারা সমান ভেক্টর হবে। একই দিকে নির্দেশিত সমান দৈর্ঘ্যের দুটি সমান্তরাল রেখা দিয়ে দুটি সমান ভেক্টর বোঝানো হয়।



[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ২.৪, পৃষ্ঠা: ৪৩]

১৬. কোন ভেক্টরের পাদবিন্দু ও শীর্ষবিন্দু একই হলে ভেক্টরটি কোন ধরনের হবে?

(A) একক ভেক্টর

(B) অবস্থান ভেক্টর

(C) সীমাবদ্ধ ভেক্টর

(D) শূন্য ভেক্টর

উত্তর: (D) শূন্য ভেক্টর

Note: পূর্বের ১৫নং প্রশ্নের ব্যাখ্যা দেখুন।

১৭. ভেক্টর রাশির যোগ কয়টি সূত্রের সাহায্যে করা যায়?

(A) 2

(B) 3

(C) 4

(D) 5

উত্তর: (D) 5

ব্যাখ্যা:

ভেক্টর রাশির যোগ: জ্যামিতিক পদ্ধতিতে একই জাতীয় ভেক্টর রাশির যোগ নিম্নলিখিত পাঁচটি সূত্রের সাহায্যে করা যায়-

- (i) সাধারণ সূত্র, (ii) ত্রিভুজ সূত্র, (iii) বহুভুজ সূত্র, (iv) সামান্তরিক সূত্র, (v) উপাংশ সূত্র।

[Ref: ড. আমির হোসেন (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ২.৪, পৃষ্ঠা: ৬৪]

মনে রাখার Tips / Mnemonic :

★ ভেক্টর রাশির যোগের সূত্র:

☑ তুসা বহু সময় উপাসনালয়ে যোগ দেয়।

তু	সা	বহু	সময়	উপাসনালয়ে	যোগ দেয়
↓	↓	↓	↓	↓	↓
ত্রিভুজ সূত্র	সাধারণ সূত্র	বহুভুজ সূত্র	সামান্তরিকের সূত্র	উপাংশ সূত্র	ভেক্টর যোগের সূত্র

ভেক্টর রাশির বিয়োজন: যে ভেক্টরকে বিয়োজন করতে হবে তার ঋণাত্মক ভেক্টরকে অপর ভেক্টরের সাথে যোগ করলে বিয়োগফল পাওয়া যায়। অর্থাৎ ভেক্টরের বিয়োগ এক প্রকার যোগ ছাড়া কিছুই নয়। যেহেতু সাধারণ সূত্র, সামান্তরিকের সূত্র এবং উপাংশ সূত্র দিয়ে ভেক্টর যোগ করা যায় কাজেই ভেক্টর বিয়োজনও করা যাবে। কিন্তু সমান্তরাল সূত্র বলে কিছু নেই।

সুতরাং সমান্তরাল সূত্র ভেক্টর রাশির বিয়োজন সূত্র নয়।

[Ref: ড. আমির হোসেন (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ২.৪, পৃষ্ঠা: ৬৪; ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ২.৫, পৃষ্ঠা: ৪৫]

১৮. জ্যামিতিক উপায়ে দুটি ভেক্টর রাশির লব্ধি ভেক্টর কোন সূত্রের সাহায্যে নির্ণয় করা যায়?

(A) ত্রিভুজ সূত্র

(B) বিনিময় সূত্র

(C) বর্টন সূত্র

(D) বহুভুজ সূত্র

উত্তর: (A) ত্রিভুজ সূত্র

ব্যাখ্যা:

জ্যামিতিক উপায়ে ভেক্টরের নির্ণয়: জ্যামিতিক উপায়ে দুটি ভেক্টর রাশির 'লব্ধি ভেক্টর' ত্রিভুজ সূত্র বা সামান্তরিক সূত্রের সাহায্যে এবং দুইয়ের অধিক ভেক্টর রাশির লব্ধি বহুভুজ সূত্রের সাহায্যে নির্ণয় করা যায়।


[Ref: ড. তফাজ্জল হোসেন (সংস্করণ-২০১৮), অনু: ২.৬, পৃষ্ঠা: ৫২]



১৯ দুটি ভেক্টর  $\vec{P}$  ও  $\vec{Q}$  একই দিকে ক্রিয়া করলে তাদের লব্ধি  $\vec{R}$  এর ক্ষেত্রে নিচের কোন সম্পর্কটি সঠিক?  
 (A)  $R = P + Q$  (B)  $R = P^2 + Q^2$   
 (C)  $R = (P + Q)^2$  (D)  $R = \sqrt{P + Q}$

উত্তর: (A)  $R = P + Q$

ব্যাখ্যা:  
 লব্ধি: দুই বা ততোধিক ভেক্টর বাশি যোগে যে একটি নতুন ভেক্টর বাশি হয় তাকে এদের লব্ধি বলে। অর্থাৎ লব্ধি হল ভেক্টর বাশি গুলোর সম্মিলিত ফল।



মনে করি, দুটি ভেক্টর  $\vec{P}$  ও  $\vec{Q}$  একই দিকে ক্রিয়া করছে। এদের লব্ধি  $\vec{R}$  হলে, লব্ধির সূত্র থেকে আমরা জানি,  $R^2 = P^2 + Q^2 + 2PQ \cos\alpha$   
 (দুটি ভেক্টর একই দিকে ক্রিয়া করে বলে তাদের মধ্যবর্তী কোণের মান হবে  $0^\circ$ )  
 $R^2 = P^2 + Q^2 + 2PQ \cos 0^\circ$   
 $= P^2 + Q^2 + 2PQ$  [যেহেতু,  $\cos 0^\circ = 1$ ]  
 $= (P + Q)^2$   
 $\therefore R = (P + Q)$

[Ref: ড. আমির হোসেন (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ২.৪, পৃষ্ঠা: ৬৭]

২০ দুটি ভেক্টর বাশি পরস্পর বিপরীতমুখী হলে, তাদের লব্ধির মান ভেক্টরদ্বয়ের মানের-

- (A) যোগফলের সমান (B) বিয়োগফলের সমান  
 (C) গুণফলের সমান (D) ভাগফলের সমান

উত্তর: (B) বিয়োগফলের সমান

ব্যাখ্যা:  
 একই দিকে এবং পরস্পর বিপরীত দিকে ক্রিয়াশীল ভেক্টরের লব্ধি:

- (i) দুটি ভেক্টরের লব্ধির সর্বোচ্চ মান হলো  $c = a + b$ , যখন মূল ভেক্টর দুটি সমমুখী।  
 (ii) দুটি ভেক্টরের লব্ধির সর্বনিম্ন মান হলো  $c = a - b$ , যখন মূল ভেক্টর দুটি বিপরীতমুখী।  
 (iii) মূল ভেক্টর দুটি সমান ও বিপরীতমুখী হলে তাদের লব্ধির মান শূন্য হয়।  
 (iv) দুটি ভেক্টরের মধ্যবর্তী কোণ,  $\alpha = 0^\circ$  হলে, ভেক্টরদ্বয় সমান্তরাল হবে।  
 (v) দুটি ভেক্টরের মধ্যবর্তী কোণ,  $\alpha = 120^\circ$  হলে, ভেক্টরের লব্ধি প্রত্যেক ভেক্টরের সমান হবে।  
 (iv) দুটি ভেক্টরের মধ্যবর্তী কোণ,  $\alpha = 180^\circ$  হলে, ভেক্টরদ্বয় পরস্পর বিপরীত দিকে ক্রিয়া করবে।

[Ref: ড. আমির হোসেন (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ২.৪, পৃষ্ঠা: ৬৬, ৬৮]


২১ লন রোলারের ক্ষেত্রে কোনটি সঠিক? [সে: ড. পৃ: ৯১-৯২]

- (A) ঠেলার চেয়ে টানা সহজতর।  
 (B) টানার চেয়ে ঠেলা সহজতর।  
 (C) ঠেলা বা টানার মধ্যে কোন তফাৎ নেই।  
 (D) উপরের কোনটাই নয়।

উত্তর: (A) ঠেলার চেয়ে টানা সহজতর।

ব্যাখ্যা:  
 ধরা যাক, রোলারের ওজন =  $\vec{W}$   
 হাতলের উপর প্রযুক্ত বল =  $\vec{F}$   
 $\vec{F}$  বল রোলারের O বিন্দুতে প্রযুক্ত। এই বল O বিন্দুতে দুটি লম্ব উপাংশে বিভাজিত হয়ে যায়।  
 অনুভূমিক উপাংশ =  $F \cos\theta$ ; এটি রোলারকে সামনের দিকে এগিয়ে নিয়ে যায়।

ঠেলার ক্ষেত্রে-  
 উল্লম্ব উপাংশ =  $F \sin\theta$ ; এটি নিচের দিকে ক্রিয়ারত; এর ফলে রোলার ওজন বেড়ে যায়। ফলে রোলার ঠেলা কষ্টকর হয়।  
 রোলারের আপাত ওজন =  $W + F \sin\theta$  ... (ক)



টানার ক্ষেত্রে-  
 অনুভূমিক উপাংশ =  $F \cos\theta$ ; এটি রোলারকে সামনের দিকে এগিয়ে নিয়ে যায়।  
 উল্লম্ব উপাংশ =  $F \sin\theta$ ; এটি উপর দিকে রোলারের ওজনের বিপরীত ক্রিয়ারত; এর ফলে রোলারের ওজন হ্রাস পায়। ফলে রোলার টানা সহজতর।  
 রোলারের আপাত ওজন =  $W - F \sin\theta$   
 (ক) ও (খ) নং সমীকরণ হতে দেখা যায় যে, টানার সময় রোলারের ওজন কমে যায়।  
 তাই, টানার সময় ঘর্ষণ বল তুলনামূলকভাবে কম। ফলে, রোলারকে টানা সহজতর।

[Ref: ড. তফাজ্জল হোসেন (সংস্করণ-২০১৮), অনু: ২.১০, পৃষ্ঠা: ৯২]

২২ জেনে রাখা ভালো:  
 > উল্লেখ্য, লন রোলার টানা বা ঠেলা বল বিভাজনের একটি প্রকৃষ্ট উদাহরণ।  
 > লন রোলারের প্রধান কাজ ভূমি সমতল করা। টানার চেয়ে ঠেলার ক্ষেত্রে বেশী সমতল হবে, কারণ ঠেলার সময় উল্লম্ব-নিম্নমুখী বল মাটির উপর চাপ প্রয়োগ করবে।

লক্ষ করুন: এই প্রশ্নটি খুবই গুরুত্বপূর্ণ। পরীক্ষায় আসতে পারে।  
 সহজে মনে রাখার উপায় হল-  
 লন রোলার ঠেলা অনেক কঠিন। কঠিন শব্দটিতে 'ঠ' বর্ণটি আছে। আবার 'ঠ' শব্দটিতেও 'ঠ' বর্ণটি আছে। সুতরাং, ঠেলা → কঠিন।

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ২.৬, পৃষ্ঠা: ৯২]

২২ ট্রিলি ব্যাগের হাতল লম্বা হলে কোনটি ঘটে?

- (A) অনুভূমিকের সাথে কম কোণ উৎপন্ন হয়  
 (B) টানের অনুভূমিক উপাংশ কম হয়  
 (C) স্থানান্তর কঠিন হয়  
 (D) অনুভূমিকের সাথে বেশি কোণ উৎপন্ন হয়

উত্তর: (A) অনুভূমিকের সাথে কম কোণ উৎপন্ন হয়

ব্যাখ্যা:  
 ট্রিলি ব্যাগের হাতল লম্বা হলে টানার সময় টানের অনুভূমিক উপাংশ কম হয়, ফলে টানের অনুভূমিক উপাংশ বেশি হবে। এবং ট্রিলি ব্যাগকে স্থানান্তর সহজ হবে।

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ২.৬, পৃষ্ঠা: ৯২]

২৩ ভেক্টর রাশির গুণন কয় প্রকার?

- (A) এক প্রকার (B) দুই প্রকার  
 (C) তিন প্রকার (D) চার প্রকার

উত্তর: (B) দুই প্রকার

ব্যাখ্যা:  
 ভেক্টর রাশির গুণন: দুটি দিক রাশি বা ভেক্টর রাশির গুণন সাধারণত দুই প্রকার। যথা-  
 (১) স্কেলার গুণন বা ডট গুণন: দুটি ভেক্টর রাশির যে গুণনের ফলে স্কেলার রাশি পাওয়া যায় তাকে ভেক্টরদ্বয়ের স্কেলার গুণন বলে।

(২) ভেক্টর গুণন বা ক্রস গুণন: দুটি ভেক্টর রাশির গুণফল যদি একটি ভেক্টর রাশি হয়, তবে ঐ গুণনকে ভেক্টর গুণন বা ক্রস গুণন বলে। এই ভেক্টর গুণফলের মান ভেক্টর রাশি দুটির মান এবং তাদের মধ্যবর্তী কোণের সাইন (sin) এর গুণফলের সমান। ভেক্টর গুণফলের দিক ডানহাতি স্কু নিয়মে নির্ণয় করা হয়।

[Ref: ড. আমির হোসেন (ষষ্ঠ সংস্করণ-২০১৭), অনু: ২.৭, পৃষ্ঠা: ৮১, ৮৩]

স্কেলার গুণনের ক্ষেত্রে সঠিক নয় নিচের কোনটি?

- (A)  $\hat{i} \cdot \hat{i} = 1$   
 (B)  $\hat{i} \cdot \hat{j} = 0$   
 (C)  $\hat{j} \cdot \hat{k} = 1$   
 (D)  $\hat{k} \cdot \hat{k} = 1$

উত্তর: (C)  $\hat{j} \cdot \hat{k} = 1$

ব্যাখ্যা: স্কেলার গুণফলের কয়েকটি ধর্ম (Some properties of scalar product):

(i)  $\vec{A} \cdot \vec{A} = A^2$ , অর্থাৎ একই ভেক্টরকে দুবার নিয়ে স্কেলার গুণ করলে ভেক্টরের মানের বর্গ পাওয়া যায়।

(ii)  $\vec{A} \cdot \vec{B} = \vec{B} \cdot \vec{A}$  অর্থাৎ স্কেলার গুণফল বিনিময়ে নিয়ম মেনে চলে।

(iii) পরস্পর লম্ব দুটি ভেক্টরের স্কেলার গুণফল শূন্য হয়। অর্থাৎ  $\vec{A} \cdot \vec{B} = 0$  অর্থাৎ যদি দুটি ভেক্টরের কোনোটির মানই শূন্য না হয় ( $A \neq 0, B \neq 0$ ), তবে  $\vec{A} \cdot \vec{B} = 0$  হলে  $\vec{A} \perp \vec{B}$ ।

(iv) দুটি ভেক্টরের মধ্যবর্তী কোণ,  $\theta = \cos^{-1} \left( \frac{\vec{A} \cdot \vec{B}}{AB} \right)$ ।

(v) সমকোণিক একক ভেক্টরসমূহের স্কেলার গুণফল  
 $\hat{i} \cdot \hat{i} = \hat{j} \cdot \hat{j} = \hat{k} \cdot \hat{k} = 1$   
 $\hat{i} \cdot \hat{j} = \hat{j} \cdot \hat{i} = \hat{j} \cdot \hat{k} = \hat{k} \cdot \hat{j} = \hat{k} \cdot \hat{i} = \hat{i} \cdot \hat{k} = 0$

(vi) উপাংশের মাধ্যমে দুটি ভেক্টরের স্কেলার গুণফল  $\vec{A} \cdot \vec{B} = A_x B_x + A_y B_y + A_z B_z$

[Ref: ড. আমির হোসেন (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ২.৮.১, পৃষ্ঠা: ৮২]

২৫) ভেক্টর রাশির স্কেলার গুণফলের উদাহরণ নয় নিম্নের কোনটি?

- (A) কাজ  
 (B) স্থিতিশক্তি  
 (C) টর্ক  
 (D) বৈদ্যুতিক বিভব

উত্তর: (C) টর্ক

ব্যাখ্যা: ভেক্টর রাশির গুণফলের উদাহরণ: কাজ, স্থিতিশক্তি, বৈদ্যুতিক বিভব ইত্যাদি হলো ভেক্টর রাশির স্কেলার গুণফলের উদাহরণ।

উদাহরণ টর্ক হল ভেক্টর রাশির ক্রস গুণফলের উদাহরণ।

[Ref: ড. আমির হোসেন (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ২.৮, পৃষ্ঠা: ৫০]

২৬) ভেক্টরকে ভেক্টর দ্বারা গুণ করলে, গুণফল কী রূপ হয়?

- (A) স্কেলার  
 (B) ভেক্টর  
 (C) কখনও স্কেলার, কখনও ভেক্টর  
 (D) ধ্রুবক

উত্তর: (C) কখনও স্কেলার, কখনও ভেক্টর।

Note: পূর্বের ২৫নং প্রশ্নের ব্যাখ্যা দেখুন।

২৭) দুটি ভেক্টর  $\vec{P}$  ও  $\vec{Q}$  পরস্পর  $180^\circ$  কোণে ক্রিয়ারত থাকলে গুণফল কত হবে?

- (A)  $-PQ$   
 (B)  $PQ$   
 (C)  $0$   
 (D)  $P/Q$

উত্তর: (A)  $-PQ$

ব্যাখ্যা:

বিশেষ ক্ষেত্রে ডট গুণফল:  $\vec{P}$  ও  $\vec{Q}$  দুটি ভেক্টর,

(i) যদি মধ্যবর্তী কোণ,  $\alpha = 0^\circ$  হয় তবে  $\vec{P} \cdot \vec{Q} = PQ \cos 0^\circ = PQ$ । এক্ষেত্রে ভেক্টর দুটি পরস্পর সমান্তরাল হবে।

(ii) যদি মধ্যবর্তী কোণ,  $\alpha = 90^\circ$  হয় তবে  $\vec{P} \cdot \vec{Q} = PQ \cos 90^\circ = 0$ । এক্ষেত্রে ভেক্টর দুটি পরস্পর লম্ব হবে।

(iii) যদি মধ্যবর্তী কোণ,  $\alpha = 180^\circ$  হয় তবে  $\vec{P} \cdot \vec{Q} = PQ \cos 180^\circ = -PQ$ । এক্ষেত্রে ভেক্টর দুটি পরস্পর সমান্তরাল ও বিপরীতমুখী হবে।

সুতরাং, দুটি ভেক্টর পরস্পর  $180^\circ$  কোণে ক্রিয়ারত থাকলে ভেক্টর দুটি পরস্পর সমান্তরাল ও বিপরীতমুখী হবে। এবং ডট গুণফল হবে  $-PQ$ ।

[Ref: ড. আমির হোসেন (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ২.৮.১, পৃষ্ঠা: ৮১]

২৮) দুটি ভেক্টরের অন্তর্ভুক্ত কোণ  $90^\circ$  হলে নিচের কোন বাক্যটি সঠিক?

- (A) তাদের ডট গুণফল শূন্য হবে  
 (B) তাদের ক্রস গুণফল শূন্য হবে  
 (C) তাদের ডট গুণফল 1 হবে  
 (D) তাদের ক্রস গুণফল  $-1$  হবে

উত্তর: (A) তাদের ডট গুণফল শূন্য হবে

ব্যাখ্যা:

$\vec{A}$  ও  $\vec{B}$  এর ডট গুণ:

$\vec{A} \cdot \vec{B} = AB \cos 90^\circ = 0$

অর্থাৎ দুটি ভেক্টরের অন্তর্ভুক্ত কোণ  $90^\circ$  হলে তাদের ডট গুণফল শূন্য হবে।

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ২.৯, পৃষ্ঠা: ৬০]

মনে রাখার Tips / Mnemonic :

বিশেষক্ষেত্রে ডট গুণফলের মান:

ডলস (Dolls)

ড	ল	স
↓	↓	↓
ডট গুণফল	লম্ব হলে	শূন্য

২৯) ভেক্টর গুণফলের দিক পাওয়া যায় কোন্টি থেকে?

- (A) ফ্লেমিং এর বাম হস্ত নিয়ম (B) ফ্লেমিং এর দক্ষিণ হস্ত নিয়ম  
 (C) ডানহাতি স্কু নিয়ম (D) বামহাতি স্কু নিয়ম

উত্তর: (C) ডানহাতি স্কু নিয়ম

ব্যাখ্যা:

ভেক্টর গুণফলের দিক: ডানহাতি স্কু নিয়মের সাহায্যে নির্ণয় করা হয়।

ডানহাতি স্কু নিয়ম: দুটি ভেক্টরের সমতলে একটি ডানহাতি স্কু কে লম্বভাবে স্থাপন করে প্রথম ভেক্টর থেকে দ্বিতীয় ভেক্টরের দিকে ক্ষুদ্রতর কোণে ঘুরালে স্কুটি যে দিকে অগ্রসর হয় সে দিকে হবে ভেক্টর গুণফলের দিক। এটি ভেক্টরদ্বয় যে তলে অবস্থিত তার উপর লম্ব।

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ২.১০, পৃষ্ঠা: ৬০, ৬১]

৩০) দুটি ভেক্টর ক্রস গুণন করলে লব্ধি ভেক্টরের দিক কোন দিকে হবে?

- (A) প্রথম ভেক্টরের দিকে  
 (B) দ্বিতীয় ভেক্টরের দিকে  
 (C) ভেক্টর দুটি যে সমতলে অবস্থিত সে দিকে  
 (D) ভেক্টর দুটি যে সমতলে অবস্থিত তার লম্ব দিকে

উত্তর: (D) ভেক্টর দুটি যে সমতলে অবস্থিত তার লম্ব দিকে

Note: পূর্বের ২৯নং প্রশ্নের ব্যাখ্যা দেখুন।

অধ্যায়-২: ভেক্টর

৩১ ভেক্টর গুণনের ক্ষেত্রে নিচের কোনটি সঠিক নয়?

- (A)  $\vec{P} \times \vec{Q} = -\vec{Q} \times \vec{P}$  (B)  $\hat{i} \times \hat{i} = 0$   
 (C)  $\hat{i} \times \hat{i} = 1$  (D)  $\hat{k} \times \hat{i} = \hat{j}$

উত্তর: (C)  $\hat{i} \times \hat{i} = 1$

ব্যাখ্যা:

$\vec{P} \times \vec{Q}$ :

ভেক্টর গুণনের নিয়মানুসারে,  $\vec{P} \times \vec{Q} = \hat{n} PQ \sin\alpha$ ;

- (i)  $\vec{P} \times \vec{Q} = -\vec{Q} \times \vec{P}$  (ii)  $\hat{i} \times \hat{i} = \hat{j} \times \hat{j} = \hat{k} \times \hat{k} = 0$   
 (iii)  $\hat{i} \times \hat{j} = \hat{k} = -(\hat{j} \times \hat{i})$  (iv)  $\hat{j} \times \hat{k} = \hat{i} = -(\hat{k} \times \hat{j})$   
 (v)  $\hat{k} \times \hat{i} = \hat{j} = -(\hat{i} \times \hat{k})$

ভেক্টর গুণফলের কয়েকটি ধর্ম:

- (i)  $\vec{A} \times \vec{A} = 0$ , অর্থাৎ একই ভেক্টরকে দুবার নিলে তাদের ভেক্টর গুণফল শূন্য হয়।  
 (ii)  $\vec{A} \times \vec{B} = -\vec{B} \times \vec{A}$  অর্থাৎ ভেক্টর গুণফল বিনিময়ে নিয়ম মেনে চলে না।  
 (iii)  $\vec{A} \perp \vec{B}$  হলে  $\vec{A} \times \vec{B}$  এর মান  $= |\vec{A} \times \vec{B}| = AB \sin 90^\circ = AB$ .  $\vec{A}$ ,  $\vec{B}$  এবং  $\vec{A} \times \vec{B}$  এই তিনটি ভেক্টরই পরস্পরের উপর লম্ব।  
 (iv) সমকৌণিক একক ভেক্টরসমূহের ভেক্টর গুণফল  
 $\hat{i} \times \hat{j} = \hat{k}$ ,  $\hat{j} \times \hat{k} = \hat{i}$ ,  $\hat{k} \times \hat{i} = \hat{j}$   
 $\hat{i} \times \hat{j} = -\hat{k}$ ,  $\hat{k} \times \hat{j} = -\hat{i}$ ,  $\hat{i} \times \hat{k} = -\hat{j}$   
 (v) স্থানাঙ্কের মাধ্যমে দুটি ভেক্টরের ভেক্টর গুণফল  $\vec{A} \times \vec{B} = \hat{i}(A_x B_y - A_y B_x) - \hat{j}(A_x B_x - A_x B_x) + \hat{k}(A_x B_y - A_y B_x)$

(vi) উপাংশের মাধ্যমে দুটি ভেক্টরের স্কেলার গুণফল  $\vec{A} \cdot \vec{B} = A_x B_x + A_y B_y + A_z B_z$   
 $\vec{A}$ ,  $\vec{B}$ ,  $\vec{C}$  সমতলীয় হবার শর্ত হলো  $\vec{A} \cdot (\vec{B} \times \vec{C}) = 0$ ।

[Ref: ড. আমির হোসেন(ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ২.৮.২, পৃষ্ঠা: ৮৫]

জেনে রাখা ভালো:

সামান্তরিকের ক্ষেত্রফল দুটি ভেক্টরের ক্রস গুণফলের মানের সমান।  
 [Ref: ড. আমির হোসেন(ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ২.৮, পৃষ্ঠা: ৮৫]

৩২ ভেক্টর রাশির গুণফল সম্পর্কিত নিচের কোনটি সঠিক নয়?

- (A) ভেক্টরের স্কেলার গুণফল বিনিময় সূত্র মানে  
 (B) ভেক্টরের স্কেলার গুণফল বন্টন সূত্র মানে  
 (C) ভেক্টরের ভেক্টর গুণফল বিনিময় সূত্র মানে না  
 (D) ভেক্টরের ভেক্টর গুণফল বিনিময় সূত্র মানে

উত্তর: (D) ভেক্টরের ভেক্টর গুণফল বিনিময় সূত্র মানে

Note: পূর্বের ৩১নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

৩৩  $\vec{P}$  ও  $\vec{Q}$  দুটি ভেক্টর রাশি এবং তাদের মধ্যবর্তী কোণ  $\alpha$ । এদের লব্ধি  $\vec{R}$  হলে, সামান্তরিকের সূত্র অনুসারে  $|\vec{R}| =$  কত?

- (A)  $\sqrt{P^2 + Q^2 + 2PQ \sin\alpha}$  (B)  $\sqrt{P^2 + Q^2 + 2PQ \cos\alpha}$   
 (C)  $\sqrt{P^2 + Q^2 - 2PQ \cos\alpha}$  (D)  $P^2 + Q^2 + 2PQ \cos\alpha$

উত্তর: (B)  $\sqrt{P^2 + Q^2 + 2PQ \cos\alpha}$

ব্যাখ্যা: সামান্তরিকের সূত্র: যদি একটি সামান্তরিকের কোনো কৌণিক বিন্দু থেকে অঙ্কিত দুটি সন্নিহিত বাহু দ্বারা কোনো কর্ণের উপর এককালীন ত্রিভুজীয় একই জাতীয় দুটি ভেক্টরের মান ও দিক নির্দেশ করা যায়, তাহলে ঐ বিন্দু থেকে অঙ্কিত সামান্তরিকের কর্ণটি ভেক্টর দুটির মিলিত ফলের বা লব্ধির মান ও দিক নির্দেশ করে।

$\vec{P}$  ও  $\vec{Q}$  দুইটি ভেক্টর রাশি এবং এদের মধ্যবর্তী কোণ  $\alpha$  হলে সামান্তরিকের সূত্রানুযায়ী এদের লব্ধি হবে,

$|\vec{R}| = \sqrt{P^2 + Q^2 + 2PQ \cos\alpha}$ ।

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ২.৫, পৃষ্ঠা: ৪৯-৫০]

৩৪ নিচের কোনটি সংযোগ সূত্রের উদাহরণ?

- (A)  $\vec{A} + \vec{B} = \vec{B} + \vec{A}$   
 (B)  $\vec{A} + \vec{B} + \vec{C} = 0$   
 (C)  $(\vec{A} + \vec{B}) + \vec{C} = \vec{A} + (\vec{B} + \vec{C})$   
 (D)  $m(\vec{A} + \vec{B}) = m\vec{A} + m\vec{B}$

উত্তর: (C)  $(\vec{A} + \vec{B}) + \vec{C} = \vec{A} + (\vec{B} + \vec{C})$

ব্যাখ্যা:

ভেক্টর বীজগণিতের কতিপয় সূত্র:

- বিনিময় সূত্র:  $\vec{A} + \vec{B} = \vec{B} + \vec{A}$
- সংযোগ সূত্র:  $(\vec{A} + \vec{B}) + \vec{C} = \vec{A} + (\vec{B} + \vec{C})$
- বন্টন সূত্র:  $m(\vec{A} + \vec{B}) = m\vec{A} + m\vec{B}$

জেনে রাখা ভালো: ভেক্টরগুণন বিনিময় সূত্র মেনে চলে না।

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ২.৫, পৃষ্ঠা: ৪৭, ৪৮]

৩৫ নিচের কোনটি ভেক্টরের বিনিময় সূত্র? [মে: ড: প: ২০১৮-১৯]

- (A)  $\vec{P}(\vec{Q} + \vec{R}) = \vec{P} \cdot \vec{Q} + \vec{P} \cdot \vec{R}$   
 (B)  $\vec{P} + \vec{Q} = \vec{Q} + \vec{P}$   
 (C)  $(\vec{P} + \vec{Q}) + \vec{R} = \vec{P} + (\vec{Q} + \vec{P})$   
 (D)  $\vec{P} + \vec{Q} = \vec{P} \cdot \vec{Q}$

উত্তর: (B)  $\vec{P} + \vec{Q} = \vec{Q} + \vec{P}$

Note: পূর্বের ৩৪নং প্রশ্নের ব্যাখ্যা দেখুন।

৩৬ নাল ভেক্টর সম্পর্কে সঠিক তথ্য নয় কোনটি?

- (A) মান শূন্য হয় (B) শূন্য ভেক্টর বলা হয়  
 (C) নির্দিষ্ট দিক আছে (D)  $\vec{0}$  দিয়ে প্রকাশিত হয়

উত্তর: (C) নির্দিষ্ট দিক আছে

ব্যাখ্যা:

নাল ভেক্টর: নাল ভেক্টর বা শূন্য ভেক্টর এর বৈশিষ্ট্যগুলো হল:

- (i) মান শূন্য।
- (ii) একটি ভেক্টরের সাথে তার বিপরীত ভেক্টর যোগ করে পাওয়া যায়।
- (iii) দুটি সমান ভেক্টর বিয়োগ করলে পাওয়া যায়।
- (iv) কোন সুনির্দিষ্ট দিক নেই।
- (v) পাদ ও শীর্ষ বিন্দু একই।
- (vi) একে  $\vec{0}$  দিয়ে প্রকাশ করা হয়।

[Ref: ড. শাহজাহান তপন(বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ২.৪, পৃষ্ঠা: ৪৪]

৩৭ ভেক্টর যোজনের দৃষ্টান্ত কোনটি?

- (A) নৌকার গতি (B) স্থির গাড়িতে বৃষ্টির পতন  
(C) গুণ টানা নৌকা (D) লন রোলার চালনা

উত্তর: (A) নৌকার গতি

বিষয়	ভেক্টর রাশির যোজন	ভেক্টর রাশির বিভাজন
১. নৌকার গতি		১. নৌকার গুণ টানা
২. স্থির গাড়িতে বৃষ্টির পতন		২. লন রোলার টানা
৩. গুণ টানা নৌকা		৩. পাখির ওড়া
৪. লন রোলার চালনা		৪. সাইকেলের ক্রমাক্ষের ক্রিয়া।

[Ref: ড. তফাজ্জল হোসেন(সংস্করণ-২০১৮), অনু: ২.১০, পৃষ্ঠা:৬৫,৬৭]

৩৮ ভেক্টর ডিফারেনসিয়াল উদ্ভাবন করেন নিম্নের কোন বিজ্ঞানী?

- (A) উইলিয়াম গিবস (B) ন্যাভলা  
(C) হ্যামিলটন (D) নিউটন

উত্তর: (C) হ্যামিলটন

ব্যাখ্যা: ভেক্টর অপারেটর: নানা ধরনের ত্রিমাত্রিক ভৌত রাশির বৈশিষ্ট্য বিশ্লেষণ ও বিভিন্ন সমস্যা সমাধানের প্রয়োজনে স্যার হ্যামিলটন সর্বপ্রথম ভেক্টর ডিফারেনসিয়াল অপারেটর  $\nabla$  উদ্ভাবন করেন এবং একে ন্যাভলা নামে অভিহিত করেন। পরবর্তীতে উইলিয়াম গিবস এর নামকরণ করেন ডেল,  $\nabla$ । এ নামক ভেক্টরের মতো, তবে এটি কোনো ভেক্টর নয়। এটি একটি ভেক্টর অপারেটর মাত্র। [Ref: ড. তফাজ্জল হোসেন(সংস্করণ-২০১৮), পৃষ্ঠা: ৮৪-৮৫]

৩৯ গ্রেডিয়েন্টের ভৌত তাৎপর্য নয় কোনটি?

- (A) স্কেলার রাশির গ্রেডিয়েন্ট হবে স্কেলার  
(B) স্কেলার রাশির গ্রেডিয়েন্ট হবে ভেক্টর  
(C) এর মান স্কেলার রাশির সর্বাধিক বৃদ্ধির হারের সমান  
(D) এর দিক সর্বাধিক বৃদ্ধির হারের দিকে

উত্তর: (A) স্কেলার রাশির গ্রেডিয়েন্ট হবে স্কেলার

ব্যাখ্যা: স্কেলার রাশির গ্রেডিয়েন্ট হল একটি ভেক্টর ফাংশন। যে কোনো বিন্দুতে এ ভেক্টর ক্ষেত্রের মান হবে হবে ঐ বিন্দুতে স্কেলার রাশির পরিবর্তনের সর্বাধিক হারের সমান এবং এর দিক হবে এই সর্বাধিক পরিবর্তনের হারের দিকে।

গ্রেডিয়েন্টের ভৌত তাৎপর্য-

- (i) স্কেলার রাশির গ্রেডিয়েন্ট একটি ভেক্টর।  
(ii) উক্ত ভেক্টর রাশির মান ঐ স্কেলার রাশির সর্বাধিক বৃদ্ধির হারের সমান।  
এর দিক সর্বাধিক বৃদ্ধির হারের দিকে।

[Ref: ড. তফাজ্জল হোসেন(সংস্করণ-২০১৮), অনু: ২.১৬, পৃষ্ঠা:৮৫]

৪০ ডাইভারজেন্স সম্পর্কে কোনটি সঠিক নয়?

- (A) ভেক্টর ফাংশনের ডাইভারজেন্স হল স্কেলার ফাংশন।  
(B) একক আয়তনে প্রবাহীর ঘনত্বের পরিবর্তনের হার বুঝায়।  
(C) মান শূন্য হলে আগত ও নির্গত ফ্লাক্স সমান হয়।  
(D) মান ধনাত্মক হলে উক্ত ভেক্টরকে সলিনয়ডাল বলে

উত্তর: (D) মান ধনাত্মক হলে উক্ত ভেক্টরকে সলিনয়ডাল বলে

ব্যাখ্যা:

ডিভারজেন্স: ভেক্টর ফাংশন বা ক্ষেত্রের ডাইভারজেন্স হল একটি স্কেলার ফাংশন বা ক্ষেত্র যা দ্বারা ভেক্টর ক্ষেত্রের কোনো বিন্দুতে ফ্লাক্সের প্রকৃতি নির্ণয় করা যায়।  
ডিভারজেন্সের ভৌত তাৎপর্য:  
(i) ডাইভারজেন্স একটি স্কেলার রাশি যা দ্বারা একক আয়তনে কোনো ভেক্টর ক্ষেত্রের মোট কতটুকু ফ্লাক্স কোন বিন্দু অভিমুখী বা বিন্দু থেকে অপসারিত হচ্ছে তা প্রকাশ করে।  $\nabla \cdot \vec{V}$  বা  $\text{Div } \vec{V}$  দ্বারা ভেক্টর ক্ষেত্রের একক আয়তনে প্রবাহীর ঘনত্বের পরিবর্তনের হার বুঝায়।

- (২) প্রবাহীর আয়তন বাড়তে থাকলে কোনো বিন্দুর ঘনত্ব হ্রাস পায়। এটি ধনাত্মক মান।  
(৩) মান ঋণাত্মক হলে আয়তনের সংকোচন ঘটে, ঘনত্ব বৃদ্ধি পায়।  
(৪) মান শূন্য হলে আগত ও নির্গত ফ্লাক্স সমান হয়।  
(৫) কোনো ভেক্টরের ডাইভারজেন্স শূন্য হলে উক্ত ভেক্টরকে সলিনয়ডাল বলা হয়।



[Ref: ড. তফাজ্জল হোসেন(সংস্করণ-২০১৮), অনু: ২.১৬, পৃষ্ঠা:৮৬]

৪১ কার্ল সম্পর্কে সঠিক তথ্য নয় কোনটি?

- (A) ভেক্টর রাশি  
(B) ঘূর্ণনের সাথে সম্পর্কিত  
(C) কৌণিক বেগের কার্ল রৈখিক বেগের ২ গুণ  
(D) এটি শূন্য হতে পারে

উত্তর: (C) কৌণিক বেগের কার্ল রৈখিক বেগের ২ গুণ

ব্যাখ্যা: কার্ল: কোনো ভেক্টর ক্ষেত্রের কার্ল একটি ভেক্টর রাশি। এটি ঐ ক্ষেত্রের ঘূর্ণনের সাথে সম্পর্কিত।

কার্লের ভৌত তাৎপর্য:

- (১) কার্ল একটি ভেক্টর রাশি যার মান ভেক্টর ক্ষেত্রে একক ক্ষেত্রের জন্য সর্বাধিক রেখা ইন্টিগ্রাল এর সমান।  
(২) নতুন ভেক্টরটির দিক এই ক্ষেত্রের উপর অঙ্কিত লম্ব বরাবর ক্রিয়া করে।  
(৩) রৈখিক বেগ  $\vec{V}$  এর কার্ল, কৌণিক বেগের  $(\omega)$  দ্বিগুণ।  
(৪) কোনো ভেক্টরের কার্লকে ঐ ভেক্টর-এর ঘূর্ণনও বলা হয়। কোনো বিন্দুর চারদিকে ভেক্টরটি কতবার ঘোরে তা কার্ল নির্দেশ করে।  
(৫) যদি কোনো ভেক্টরের Curl শূন্য হয় তাহলে বুঝায় ভেক্টর ক্ষেত্রটি অঘূর্ণনশীল।

[Ref: ড. তফাজ্জল হোসেন(যষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ২.১৬, পৃষ্ঠা: ৮৬-৮৭]

৪২ ভেক্টর যোগজ কয় প্রকারের?

- (A) দুই প্রকার (B) তিন প্রকার  
(C) চার প্রকার (D) পাঁচ প্রকার

উত্তর: (B) তিন প্রকার

ব্যাখ্যা:

ভেক্টর যোগজ এর প্রকারভেদ: ভেক্টর যোগজ ৩ রকমের হয়ে থাকে। যথা-

- (i) রেখা যোগজ বা রেখা সমাকল (Line integrals)  
(ii) তল যোগজ বা তল সমাকল (Surface integrals)  
(iii) আয়তন যোগজ বা আয়তন সমাকল (Volume integrals)

[Ref: ড. শাহজাহান তপন(বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ২.১২, পৃষ্ঠা: ৬৯, ৭০]

৪৩ বৃষ্টির ফোঁটা একটি চলন্ত গাড়ির পিছনের কাঁচকে ডিজায় না কেন?

- (A) বৃষ্টির আপেক্ষিক বেগ তীর্যকভাবে ক্রিয়াশীল  
(B) লব্ধি বেগ গাড়ির গতির বিপরীত দিকে ক্রিয়া করে  
(C) লব্ধি বেগ গাড়ির লম্ব দিকে ক্রিয়াশীল  
(D) লব্ধি বেগ গাড়ির সমান্তরাল ক্রিয়াশীল

উত্তর: (A) বৃষ্টির আপেক্ষিক বেগ তীর্যকভাবে ক্রিয়াশীল

ব্যাখ্যা:

চলন্ত গাড়িতে বৃষ্টি: মনে করি গাড়ির বেগ  $\vec{v}$  এবং বৃষ্টির বেগ  $\vec{u}$

$\therefore$  লব্ধি বেগ  $\vec{v}_R = \vec{u} + (-\vec{v})$ , OP বরাবর ক্রিয়াশীল হয় অর্থাৎ গাড়ির গতির দিকে ক্রিয়া করে। এক্ষেত্রে গাড়ির সাপেক্ষে বৃষ্টির আপেক্ষিক বেগের দিক সামনের দিকে তীর্যকভাবে ক্রিয়াশীল। কাজেই বৃষ্টির ফোঁটা চলন্ত গাড়ির পিছনের কাঁচকে না ডিজিয়ে সামনের কাঁচকে ডিজায়।

[Ref: ড. আমির হোসেন(যষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ২.৬, পৃষ্ঠা: ৭৭]

88 ক্যালকুলাসের প্রধান শাখা কয়টি?

- (A) দুইটি (B) তিনটি  
(C) চারটি (D) পাঁচটি

উত্তর: (A) দুইটি

ব্যাখ্যা:  
ক্যালকুলাস (Calculus): বিজ্ঞানের ভাষায় ক্যালকুলাস হলো অবিরত পরিবর্তনশীল ক্ষুদ্রাতিক্ষুদ্র অংশ গণনার একটি শাস্ত্র। আধুনিক গণিতে এটি একটি গুরুত্বপূর্ণ শাখা।  
ক্যালকুলাস দুভাগে বিভক্ত- (১) অন্তরীকরণ বা ব্যবকলন ক্যালকুলাস (Differential calculus), (২) যোগজীকরণ বা সমাকলন ক্যালকুলাস (Integral calculus)।

[Ref: ড. আমির হোসেন (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ২.৯, পৃষ্ঠা: ৯০]

89 যে গাণিতিক চিহ্নের সাহায্যে একটি পরিবর্তনশীল রাশির ব্যাখ্যা দেয়া যায় তাকে কী বলে?

- (A) গ্রেডিয়েন্ট (B) অপারেটর  
(C) কার্ল (D) ডাইভারজেন্স

উত্তর: (B) অপারেটর

ব্যাখ্যা:  
অপারেটর: অপারেটরের আভিধানিক অর্থ চলক, সংঘটক বা কার্যকারক। যে গাণিতিক চিহ্নের দ্বারা একটি রাশিকে অন্য একটি রাশিতে রূপান্তর করা যায় বা কোনো পরিবর্তনশীল রাশির ব্যাখ্যা দেয়া যায় তাকে অপারেটর বলে।  
যেমন- বর্গ (২), ঘন (৩), বর্গমূল ( $\sqrt{\quad}$ ), sine, log ইত্যাদি।


[Ref: ড. আমির হোসেন (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ২.৯, পৃষ্ঠা: ৯০]

90 দুই বা ততোধিক ভেক্টরের সমন্বয়ে যে নতুন ভেক্টর পাওয়া যায় তাকে কী বলে?

- (A) উপাংশ (B) লব্ধি  
(C) বিভাজক (D) যোজক

উত্তর: (B) লব্ধি

ব্যাখ্যা:  
লব্ধি: দুই বা ততোধিক ভেক্টরের সমন্বয়ে যে নতুন ভেক্টর পাওয়া যায় তাকে লব্ধি বলে। ধরি, OA রেখা  $\vec{P}$  ভেক্টর এবং AB রেখা  $\vec{Q}$  ভেক্টর প্রকাশ করে, তাহলে ত্রিভুজ সূত্রানুযায়ী OB রেখা লব্ধি  $\vec{R}$  প্রকাশ করবে।



[Ref: আবদুল গনি (সংস্করণ-২০১৭), অনু: ২-১১, পৃষ্ঠা: ৭৪]

91 ভেক্টরের ধর্ম নয় কোনটি?

- (A) মান ও দিক আছে  
(B) যোগ-বিয়োগ সাধারণ গাণিতিক নিয়মে হয় না  
(C) যোগের ক্ষেত্রে বিনিময় সূত্র পালিত হয় না  
(D) ডট গুণনের ক্ষেত্রে গুণফল স্কেলার হয় না

উত্তর: (C) যোগের ক্ষেত্রে বিনিময় সূত্র পালিত হয় না

ব্যাখ্যা:  
ভেক্টরের ধর্ম (Properties of Vector):

- ভেক্টরের মান ও দিক উভয়ই আছে।
- ভেক্টরের যোগ বা বিয়োগ সাধারণ গাণিতিক নিয়মে করা যায় না। এই যোগ করতে হলে বেগ দুটির মধ্যবর্তী কোণও বিবেচনা করতে হয়।
- ভেক্টর রাশির পরিবর্তন মানে বা দিকে বা উভয়ের পরিবর্তনের ফলে ঘটে থাকে।

- ভেক্টর রাশির যোগের ক্ষেত্রে যোগের বিনিময় সূত্র পালিত হয়।

$$\vec{A} + \vec{B} = \vec{B} + \vec{A}$$

- কোনো ভেক্টর  $\vec{A}$  কে m দ্বারা গুণ করলে m গুণ বিবর্ধিত ভেক্টর  $\vec{A}$  পাওয়া যায়।
- ডট গুণন বা স্কেলার গুণনের ফলে দুটি ভেক্টর রাশির গুণফল স্কেলার হয়।
- ক্রস গুণন বা ভেক্টর গুণনের ফলে দুটি ভেক্টর রাশির গুণফল ভেক্টর হয়।

[Ref: ড. তফাজ্জল হোসেন (সংস্করণ-২০১৮), অনু: ২-২, পৃষ্ঠা: ৪৭]

92 দুইয়ের অধিক ভেক্টর রাশির লব্ধি কোন সূত্রের সাহায্যে পাওয়া যায়?

- (A) ত্রিভুজ সূত্র (B) সামান্তরিক সূত্র  
(C) বহুভুজ সূত্র (D) বণ্টন সূত্র

উত্তর: (C) বহুভুজ সূত্র

ব্যাখ্যা:  
বহুভুজ সূত্র (Law of polygon): দুই-এর অধিক ভেক্টর রাশির ক্ষেত্রে ভেক্টর রাশিগুলোকে একই ক্রমে সাজিয়ে প্রথম ভেক্টর রাশি পাদ বিন্দু থেকে শেষ ভেক্টর রাশির শীর্ষবিন্দু যোগ করলে যে বহুভুজ পাওয়া যায় এর শেষ বাহুটি বিপরীতক্রমে ভেক্টর রাশিগুলোর লব্ধির মান ও দিক নির্দেশ করে।

[Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ২.৪, পৃষ্ঠা: ৪৭]

93 নিচের কোন ভেক্টরের পাদ বিন্দু ও শীর্ষ বিন্দু একই?

- (A) সমরেখ ভেক্টর (B) নাল ভেক্টর  
(C) একক ভেক্টর (D) সমতলীয় ভেক্টর

উত্তর: (B) নাল ভেক্টর

ব্যাখ্যা:  
শূন্য/নাল ভেক্টর: যে ভেক্টরের মান শূন্য এবং যার কোনো নির্দিষ্ট দিক থাকে না তাকে নাল ভেক্টর বা শূন্য ভেক্টর বলে। শূন্য ভেক্টরের পাদবিন্দু এবং শীর্ষ বিন্দু একই।

পদার্থবিজ্ঞানের শূন্য ভেক্টরের নিম্নোক্ত তাৎপর্য রয়েছে:

- দুটি সমান ভেক্টরের বিয়োগফল বোঝাতোক শূন্য ভেক্টর প্রয়োজন।
- দুটি সমান্তরাল ভেক্টরের ভেক্টর গুণফল প্রকাশ করার জন্য শূন্য ভেক্টর প্রয়োজন।  $\vec{A} \times \vec{B} = 0$  হবে।
- সমবেগে গতিশীল কোনো বস্তুর ত্বরণ শূন্য। ত্বরণ যেহেতু একটি ভেক্টর রাশি সুতরাং, সমবেগে গতিশীল বস্তুর ত্বরণ শূন্য ভেক্টর দ্বারা প্রকাশ করা হয়।

[Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ২.৩, পৃষ্ঠা: ৬১-৬২]

94 দুটি সমান মানের বলের লব্ধির মান যে কোনো একটি বলের মানের সমান হলে বল দুটির মধ্যবর্তী কোণ হবে—

- (A) 60° (B) 90°  
(C) 120° (D) 0°  
উত্তর: (C) 120°

ব্যাখ্যা:  
দুটি বলের মধ্যবর্তী কোণ নির্ণয়:

সমাধান: মনে করি,  
দুটি সমান বলের মান x এবং বল দুটির মধ্যবর্তী কোণ  $\alpha$ ।  
শর্তানুসারে,  $x^2 = x^2 + x^2 + 2x \times x \cos \alpha$  [সামান্তরিকের সূত্র অনুযায়ী]  
 $\Rightarrow 0 = x^2 + 2x^2 \cos \alpha$   
 $\Rightarrow 2 \cos \alpha = -1$   
 $\Rightarrow \cos \alpha = -\frac{1}{2}$   
 $\Rightarrow \cos \alpha = \cos 120^\circ$   
 $\Rightarrow \alpha = 120^\circ$

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮) গাণিতিক সমস্যা-৩, পৃষ্ঠা: ১০১]

৫১) দুটি সমমানের ভেক্টর একটি বিন্দুতে ত্রিভুজাকারে। এদের লব্ধির মান যেকোনো একটি ভেক্টরের মানের সমান। ভেক্টর দুটির মধ্যবর্তী কোণের মান কত?

- (A)  $0^\circ$   
(B)  $90^\circ$   
(C)  $120^\circ$   
(D)  $180^\circ$

উত্তর: (C)  $120^\circ$

Note: পূর্বের ৫০ নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

৫২) দুটি ভেক্টরের যোগ ও বিয়োগফল একই। এদের মাঝে কোণ

- (A)  $0^\circ$   
(B)  $90^\circ$   
(C)  $120^\circ$   
(D)  $60^\circ$

উত্তর: (B)  $90^\circ$

Note: পূর্বের ৫০ নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

**মেডিকেল ভর্তি পরীক্ষার জন্যে**  
**Important গাণিতিক MCQ সমূহ:**

এ অধ্যায়ে গুরুত্বপূর্ণ গাণিতিক সূত্রসমূহ:

১) লব্ধি  $R = \sqrt{P^2 + Q^2 + 2PQ \cos \alpha}$ ,  $\tan \theta = \frac{Q \sin \alpha}{P + Q \cos \alpha}$

২) একক ভেক্টর  $\hat{a} = \frac{\vec{A}}{A}$

৩)  $\vec{A} + \vec{B} = \hat{i}(A_x + B_x) + \hat{j}(A_y + B_y) + \hat{k}(A_z + B_z)$

৪)  $\vec{A} \cdot \vec{B} = AB \cos \theta$

৫)  $\vec{A} \cdot \vec{B} = A_x B_x + A_y B_y + A_z B_z$

৬)  $\vec{A} \times \vec{B} = AB \sin \theta \hat{a}$ ,  $\vec{A} \times \vec{B} = \begin{vmatrix} \hat{i} & \hat{j} & \hat{k} \\ A_x & A_y & A_z \\ B_x & B_y & B_z \end{vmatrix}$

৭)  $\vec{r} = x\hat{i} + y\hat{j} + z\hat{k}$

৮)  $r = \sqrt{x^2 + y^2 + z^2}$

৯)  $\vec{B}$  এর উপর  $\vec{A}$  এর লম্ব অভিক্ষেপ =  $\frac{\vec{A} \cdot \vec{B}}{B}$

১০)  $R_{\max} = P + Q$ ,  $R_{\min} = P - Q$

৫৩) 20N এবং 60 N মানের দুটি ভেক্টর রাশির মধ্যকার কোণ

$30^\circ$  রাশি দুটির লব্ধির মান কত N হবে? [ডে:ভ:প: ০৫-০৬]

- (A) 69.77  
(B) 96.77  
(C) 77.96  
(D) 77.69

উত্তর: (C) 77.96

সমাধান:  
লব্ধি নির্ণয়:

ধেনে, প্রথম রাশির মান,  $P = 20N$   
দ্বিতীয় রাশির মান,  $Q = 60N$   
মধ্যবর্তী কোণ,  $\alpha = 30^\circ$   
লব্ধির মান,  $R = ?$

আমরা জানি,

$$R^2 = P^2 + Q^2 + 2PQ \cos \alpha$$

$$= (20N)^2 + (60N)^2 + 2 \times 20N \times 60N \times \cos 30^\circ$$

$$= [400 + 3600 + 2 \times 20 \times 60 \times 0.866]$$

$$\therefore R = \sqrt{6078.4} \text{ N}$$

$$= 77.96 \text{ N}$$

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), উদাহরণ-২.১, পৃষ্ঠা: ৭৩]

■ Note: পূর্বে ভর্তি পরীক্ষায় ক্যালকুলেটর ব্যবহার করা যেত বলে কিছু জটিল গাণিতিক MCQ আসত।

৫৪) কোনো সামান্তরিকের দুটি সন্নিহিত বাহু যদি দুটি ভেক্টরের মান ও দিক নির্দেশ করে তাহলে ঐ সামান্তরিকের ক্ষেত্রফল হবে—

- (A) ভেক্টর দুটির যোগফলের সমান  
(B) ভেক্টর দুটির উটগুণফলের সমান  
(C) ভেক্টর দুটির বিয়োগফলের সমান  
(D) ভেক্টর দুটির ক্রস গুণফলের মানের সমান

উত্তর: (D) ভেক্টর দুটির ক্রস গুণফলের মানের সমান

সমাধান:

ভেক্টর রাশির ভেক্টর গুণফলের মান: দুটি ভেক্টর রাশির ভেক্টর গুণফলের মান

ভেক্টর দুটিকে সন্নিহিত বাহু ধরে কল্পিত সামান্তরিকের ক্ষেত্রফলের সমান।

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ২.১০, পৃষ্ঠা: ৬১]

৫৫)  $3\hat{i} - 2\hat{j} + 5\hat{k}$  এর মান কত?

- (A)  $\sqrt{6}$  একক  
(B) 6 একক  
(C)  $\sqrt{38}$  একক  
(D) 38 একক

উত্তর: (C)  $\sqrt{38}$  একক

সমাধান:

ভেক্টরের মান নির্ণয়:

$$|3\hat{i} - 2\hat{j} + 5\hat{k}| = \sqrt{3^2 + (-2)^2 + 5^2} = \sqrt{9 + 4 + 25} = \sqrt{38}$$

ব্যাখ্যা: জড় প্রসঙ্গ কাঠামো: জড় প্রসঙ্গ কাঠামো হলো সে প্রসঙ্গ কাঠামো যার মধ্যে কতগুলি গতিসূত্র অর্জন করা যায় এবং এরা পরস্পরের সাপেক্ষে ধ্রুব বেগে গতিশীল। জড় প্রসঙ্গ কাঠামোকে গ্যালিলীয় প্রসঙ্গ কাঠামো বা নিউটনীয় প্রসঙ্গ কাঠামোও বলা হয়। এই প্রসঙ্গ কাঠামোতে নিউটনের দ্বিতীয় ও তৃতীয় গতিসূত্র ধ্রুব ভালো ঠাটে।

Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ৩.২, পৃষ্ঠা: ১০৮

৪) জড় প্রসঙ্গ কাঠামোতে নিউটনের কোন দুটি গতিসূত্র খুব ভালভাবে ঠাটে?

- (A) ১ম ও ২য়
- (B) ২য় ও ৩য়
- (C) ১ম ও ৩য়
- (D) ৩য় ও ৪র্থ

উত্তর: (B) ২য় ও ৩য়

ব্যাখ্যা: (B) ২য় ও ৩য়

Note: উপরের ৪নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

৫) দুটি স্থিতিশীল বস্তুর একটির সাপেক্ষে অপরটির গতিকে কী বলে?

- (A) পরম গতি
- (B) পরম স্থিতি
- (C) আপেক্ষিক গতি
- (D) আপেক্ষিক স্থিতি

উত্তর: (C) আপেক্ষিক গতি

ব্যাখ্যা: আপেক্ষিক গতি: দুটি চলমান বস্তুর একটির সাপেক্ষে অপরটির গতিকে আপেক্ষিক গতি বলে। এ মহাবিশ্বে সকল গতিই আপেক্ষিক।

Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ৩.৪, পৃষ্ঠা: ১১০

৬) সময়ের ব্যবধান শূন্যের কাছাকাছি হলে বস্তুর সরণের হারকে কী বলা হয়?

- (A) গড় বেগ
- (B) তাৎক্ষণিক বেগ
- (C) সুষম বেগ
- (D) অসম বেগ

উত্তর: (B) তাৎক্ষণিক বেগ

ব্যাখ্যা: বেগ বা তাৎক্ষণিক বেগ: সময়ের ব্যবধান শূন্যের কাছাকাছি হলে বস্তুর সরণের হারকে বেগ বা তাৎক্ষণিক বেগ বলে।

৭) বেগ সম্পর্কিত আরো কিছু গুরুত্বপূর্ণ তথ্য:

একক: আন্তর্জাতিক পদ্ধতিতে বেগের একক হচ্ছে- মিটার/সেকেন্ড (m/s)

রাশি: বেগ একটি ভেক্টর রাশি।

মাত্রা সমীকরণ:  $[LT^{-1}]$

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ৩.৫, পৃষ্ঠা: ১১১]

৯) যে কোন সময়ের ব্যবধানে কোন বস্তুর মোট সরণকে ঐ সময় ব্যবধান দ্বারা ভাগ করলে যে রাশি পাওয়া যায় তাকে কী বলা হয়?

- (A) মধ্য বেগ
- (B) গড় বেগ
- (C) আপেক্ষিক বেগ
- (D) অসম বেগ

উত্তর: (B) গড় বেগ

ব্যাখ্যা: গড় বেগ: যে কোন সময় ব্যবধানে বস্তুর গড়ে প্রতি একক সময়ে যে সরণ হয় তাকে বস্তুর গড় বেগ বলে।

$\Delta t$  সময় ব্যবধানে বস্তুর সরণ  $\vec{\Delta r}$  হলে গড় বেগ

$$\vec{v} = \frac{\vec{\Delta r}}{\Delta t}$$

গড় বেগ একটি নির্দিষ্ট সময় ব্যবধানে কোনো বস্তু কত দ্রুত এবং কোন দিকে চলছে তা নির্দেশ করে।

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ৩.৫, পৃষ্ঠা: ১১০-১১১]

৮) কোন দুটি রাশির মাত্রা সমীকরণ অভিন্ন?

- (A) সরণ ও বেগ
- (B) বেগ ও ত্বরণ
- (C) দ্রুতি ও বেগ
- (D) বল ও ত্বরণ

উত্তর: (C) দ্রুতি ও বেগ

ব্যাখ্যা: বেগ ও দ্রুতি: সময়ের সাথে বস্তুর সরনের হারকে বেগ বলে। আবার একক সময়ে বস্তু যে দূরত্ব অতিক্রম করে তাকে দ্রুতি বলে।

নির্দিষ্ট দিকে দ্রুতিই বেগ। আবার বেগের মানই দ্রুতি নির্দেশ করে। তাই বেগ ও দ্রুতি উভয়ের মাত্রা সমীকরণ অভিন্ন। দ্রুতি ও বেগের উভয়েরই মাত্রা  $[LT^{-1}]$ ; এবং একক  $ms^{-1}$ ।

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ৩.৫, পৃষ্ঠা: ১১১]

৯) বেগ সম্পর্কে কোন তথ্যটি সঠিক নয়?

- (A) কৌণিক বেগের মাত্রা  $T^{-1}$
- (B) রৈখিক বেগের মাত্রা  $LT^{-1}$
- (C) কৌণিক বেগের একক  $s^{-1}$
- (D) রৈখিক বেগের একক  $ms^{-1}$

উত্তর: (C) কৌণিক বেগের একক  $s^{-1}$

ব্যাখ্যা: কৌণিক ও রৈখিক বেগের মাত্রা ও একক: কৌণিক বেগের একক  $rad\ sec^{-1}$

রৈখিক বেগের একক  $ms^{-1}$

কৌণিক বেগের মাত্রা  $T^{-1}$

রৈখিক বেগের মাত্রা  $LT^{-1}$

[Ref: ড. তফাজ্জল হোসেন (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ৩.১১, পৃষ্ঠা: ১৪৬]



১০ নিচের কোনটি সুষম বেগের উদাহরণ?

- (A) অভিকর্ষের প্রভাবে মুক্তভাবে পড়ন্ত বস্তুর বেগ  
(B) বজ্রপাতের শব্দের বেগ  
(C) ঢাকার রাস্তায় চলন্ত গাড়ির বেগ  
(D) কামানের গোলার বেগ

উত্তর: (B) বজ্রপাতের শব্দের বেগ

ব্যাখ্যা:

সুষম বেগ: শব্দের বেগ, আলোর বেগ, প্রভৃতি সমবেগের প্রকৃষ্ট প্রাকৃতিক উদাহরণ। শব্দ নির্দিষ্ট দিকে সমান সময়ে সমান পথ অতিক্রম করে আর তা হচ্ছে  $0^\circ\text{C}$  তাপমাত্রায় বায়ুতে প্রতি সেকেন্ডে 332 m। শব্দ কোনো নির্দিষ্ট দিকে প্রথম সেকেন্ডে 332 m, দ্বিতীয় সেকেন্ডে 332m এবং এরূপে প্রতি সেকেন্ডে 332 m করে চলতে থাকে। একই থাকায় শব্দের বেগ  $332\text{ ms}^{-1}$  হলো সমবেগ বা সুষম বেগ।

সমবেগ সম্পন্ন কোনো বস্তুর গতি সমবেগ গতি বা সুষম গতি। সুতরাং শব্দের গতি, আলোর প্রতি প্রভৃতি সুষম গতি।

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ৩.৫, পৃষ্ঠা: ১১১]

১১ কোন একটি গতিশীল বস্তুর প্রথম ও শেষ বেগ এর অভিমুখ একই হলে তাদের যোগফলের অর্ধেককে কী বলে?

- (A) প্রকৃত বেগ  
(B) গড় বেগ  
(C) তাৎক্ষণিক বেগ  
(D) মধ্য বেগ

উত্তর: (D) মধ্য বেগ

ব্যাখ্যা:

মধ্য বেগ (Mean velocity): কোনো একটি গতিশীল বস্তুর প্রথম এবং শেষ বেগ-এর অভিমুখ একই হলে তাদের যোগফলের অর্ধেককে মধ্য বেগ বলে।

যদি কোনো নির্দিষ্ট দিকে একটি বস্তুর আদি বা প্রথম বেগ  $\vec{v}_0$  এবং শেষ

$$\vec{v}$$

বেগ  $\vec{v}$  হয় তাহলে মধ্য বেগ = 
$$\frac{\vec{v}_0 + \vec{v}}{2}$$

[Ref: ড. আমির হোসেন (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ৩.৫, পৃষ্ঠা: ১৪৮]

১২ দুটি গতিশীল বস্তু একই দিকে চলছে, তাদের আপেক্ষিক বেগ কত?

- (A) বেগদ্বয়ের যোগফলের সমান  
(B) বেগদ্বয়ের গুণফলের সমান  
(C) বেগদ্বয়ের বিয়োগফলের সমান  
(D) বেগদ্বয়ের ভাগফলের সমান

উত্তর: (C) বেগদ্বয়ের বিয়োগফলের সমান

ব্যাখ্যা:

আপেক্ষিক বেগ: একটি গতিশীল বস্তুর সাপেক্ষে অপর গতিশীল বস্তুর বেগকে আপেক্ষিক বেগ বলে।

আপেক্ষিক বেগ বের করার নিয়ম: দুটি গতিশীল বস্তু একই দিকে চললে, আপেক্ষিক বেগ হবে বস্তু দুটির বেগের বিয়োগ ফলের সমান।

আবার, বস্তু দুটি বিপরীত দিকে চললে আপেক্ষিক বেগ হবে বস্তু দুটির বেগের যোগফলের সমান।

উদাহরণ: ধরি, দুটি রেলগাড়ি একই দিকে যথাক্রমে  $20\text{ms}^{-1}$  ও  $30\text{ms}^{-1}$  বেগে যাচ্ছে। এখন একটি রেল গাড়ি অন্য রেল গাড়ি অপেক্ষা সেকেন্ডে  $(30 - 20)\text{m} = 10\text{m}$  বেশি যাচ্ছে। এই  $10\text{m/s}$  বেগই হল আপেক্ষিক বেগ।

[Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ৩.৫, পৃষ্ঠা: ১৪৮]

১৩ সময়ের ব্যবধান শূন্যের কাছাকাছি হলে সময়ের সাথে বস্তুর বেগের পরিবর্তনের হারকে কী বলা হয়?

- (A) গড় ত্বরণ  
(B) সমত্বরণ  
(C) অসমত্বরণ  
(D) ত্বরণ

উত্তর: (D) ত্বরণ

ব্যাখ্যা:

ত্বরণ: সময় ব্যবধান শূন্যের কাছাকাছি হলে সময়ের সাথে বস্তুর বেগের পরিবর্তনের হারকে ত্বরণ বলে।

অন্যভাবে বলা যায়, সময়ের পরিপ্রেক্ষিতে কোন একটি বস্তুর বেগ বৃদ্ধির হারকে ত্বরণ বলে। সংক্ষেপে প্রতি সেকেন্ডের বেগ বৃদ্ধিই ত্বরণ।

ত্বরণ একটি ভেক্টর রাশি।

একক ও মাত্রা: ত্বরণের একক হলো  $\text{ms}^{-2}$

এবং মাত্রা হলো  $LT^{-2}$

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ৩.৫, পৃষ্ঠা: ১১৪]

১৪ জেনে রাখা ভালো:

ত্বরণে ভরবেগের পরিবর্তন: সময়ের সাথে বেগের পরিবর্তনের হারকে ত্বরণ বলে। তাই ত্বরণে বেগের পরিবর্তন হয়। বেগের পরিবর্তন হলে ভরবেগের পরিবর্তন হয়। কারণ, ভর ও বেগের গুণফল-ই হলো ভরবেগ। তাই ত্বরণে ভরবেগের পরিবর্তন হয়।

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ৩.৫, পৃষ্ঠা: ১১৪]

১৪ অভিকর্ষের টানে মুক্তভাবে পড়ন্ত বস্তুর ত্বরণ নিচের কোনটি?

- (A) সমত্বরণ  
(B) অসম ত্বরণ  
(C) প্রকৃত ত্বরণ  
(D) তাৎক্ষণিক ত্বরণ

উত্তর: (A) সমত্বরণ

ব্যাখ্যা:

ত্বরণের প্রকারভেদ: ত্বরণ দুই প্রকার-

i. সমত্বরণ: যদি কোন বস্তুর গতিকালে তার ত্বরণের মান ও দিক অপরিবর্তিত থাকে তবে সেই বস্তুর ত্বরণকে সমত্বরণ বলে।

উদাহরণ: যখন একটি বস্তু ভূ-পৃষ্ঠের কাছাকাছি মুক্তভাবে পড়তে থাকে তখন তার ত্বরণ হয়  $9.8\text{ ms}^{-2}$ । অর্থাৎ বস্তুটি যখন ভূ-পৃষ্ঠের দিকে আসতে থাকে তখন তার বেগ প্রতি সেকেন্ডে  $9.8\text{ ms}^{-1}$  করে বাড়তে থাকে।

ii. অসমত্বরণ: যদি কোন বস্তুর গতিকালে তার ত্বরণের মান বা দিক বা উভয়ই পরিবর্তিত হয় তাহলে সেই ত্বরণকে অসমত্বরণ বলে।

উদাহরণ: আমরা ভূপৃষ্ঠে সচরাচর যে সব গতিশীল বস্তু দেখি তাদের ত্বরণ।

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ৩.৫, পৃষ্ঠা: ১১৪, ১১৫]

১৫ কোন কোন একটি বস্তু সমবেগে চললে বস্তুটির- [মে: ড: প: ৯৪-৯৫]

- (A) বেগের দিকের পরিবর্তন হতে পারে।  
(B) দ্রুতির পরিবর্তন হতে পারে।  
(C) ত্বরণ শূন্য হবে।  
(D) ত্বরণ সমত্বরণ হবে।

উত্তর: (C) ত্বরণ শূন্য হবে।

ব্যাখ্যা:

সমবেগে চলমান বস্তুর ত্বরণ: যদি কোন বস্তুর গতিকালে তার বেগের মান ও দিক অপরিবর্তিত থাকে তবে সেই বস্তুর বেগকে সমবেগ বলে।

আবার, ত্বরণ বলতে বস্তুর বেগ বৃদ্ধির হারকে বুঝায়। যেহেতু সমবেগে চলমান বস্তুর বেগ বৃদ্ধি বা হ্রাস কিছু হয় না, তাই বলা যায়, সমবেগে চলমান বস্তুর বেগ বৃদ্ধির হার অর্থাৎ ত্বরণ শূন্য।

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ৩.৫, পৃষ্ঠা: ১১১]

১৬ আমরা সচরাচর যে সকল গতিশীল বস্তু দেখি তাদের ত্বরণ কীরক?

- (A) সমত্বরণ  
(B) অসমত্বরণ  
(C) প্রকৃত ত্বরণ  
(D) তাৎক্ষণিক ত্বরণ

উত্তর: (B) অসমত্বরণ

ব্যাখ্যা:

অসম ত্বরণ: যদি কোনো বস্তুর গতিকালে তার ত্বরণের মান বা দিক বা উভয়ই পরিবর্তিত হয় তাহলে সেই ত্বরণকে অসম ত্বরণ বলে। অর্থাৎ যদি কোনো বস্তুর বেগ পরিবর্তনের হার যদি সমান না থাকে তাহলে সেই ত্বরণকে অসম ত্বরণ বলা হয়।

আমরা ভূ-পৃষ্ঠে সচরাচর যে সব গতিশীল বস্তু দেখি তাদের ত্বরণ অসম ত্বরণ।

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ৩.৫, পৃষ্ঠা: ১১৫]

১৩. গতিবিদ্যা

১৩. ঋণাত্মক ত্বরণকে কী বলে?

- (A) মন্দন  
(B) অভিকর্ষজ ত্বরণ  
(C) অসমত্বরণ  
(D) সমত্বরণ

উত্তর: (A) মন্দন  
১৩. ঋণাত্মক ত্বরণকেই মন্দন বলে। গড় মন্দন, প্রকৃত মন্দন ও সূচকমূলক মন্দন সবই ঋণাত্মক ত্বরণ। উল্লেখ্য, সমত্বরণ, অসমত্বরণ, সূচকমূলক ত্বরণ ইত্যাদি ধনাত্মক ত্বরণ।

১৪. [LT<sup>-2</sup>]  
একক ms<sup>-2</sup>  
Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ৩.৫, পৃষ্ঠা: ১১৪]

১৫. ত্বরণের বৈশিষ্ট্য কোনটি?

- (A) বস্তুর বলের সমানুপাতিক, অর্থাৎ  $a \propto F$   
(B) বস্তুর একক ms<sup>-1</sup>  
(C) সময়ের সাথে বস্তুর সরণের হার-ই ত্বরণ  
(D) ত্বরণের মাত্রা LT<sup>-1</sup>  
(A) বস্তুর বলের সমানুপাতিক, অর্থাৎ  $a \propto F$

১৬. ত্বরণের পার্শ্বক:

বেগ	ত্বরণ
১. সময় ব্যবধান শূণ্যের কাছাকাছি হলে সময়ের সাথে বস্তুর সরণের হারকে বেগ বলে।	১. সময় ব্যবধান শূণ্যের কাছাকাছি হলে সময়ের সাথে বস্তুর বেগের পরিবর্তনের হারকে ত্বরণ বলে।
২. বেগের মাত্রা LT <sup>-1</sup> ।	২. ত্বরণের মাত্রা LT <sup>-2</sup> ।
৩. বেগের একক মিটার/সে (ms <sup>-1</sup> )।	৩. ত্বরণের একক মিটার/সে <sup>২</sup> (ms <sup>-2</sup> )।
৪. ক প্রয়োগ না করলে বস্তুর বেগের পরিবর্তন হয় না।	৪. নির্দিষ্ট ভরের বস্তুর ত্বরণ বলের সমানুপাতিক, $a \propto F$ ।
৫. গতিশীল বস্তুর উপর বল ক্রিয়া না করলে এটি সরলরেখায় সমবেগে চলে।	৫. গতিশীল বস্তুর উপর বল ক্রিয়া না করলে এর ত্বরণ থাকবে না।

Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ৩.৫, পৃষ্ঠা: ১১০-১১৪ (উদ্ধৃত)

১৭. গতি সংক্রান্ত কোন সমীকরণটি সঠিক নয়? [মে: ভ: প: ২০০৮-০৯]

- (A)  $v = v_0 + at$   
(B)  $v^2 = v_0 + 2as$   
(C)  $s = \left(\frac{v_0 + v}{2}\right)t$   
(D)  $s = v_0t + \frac{1}{2}at^2$

উত্তর: (B)  $v^2 = v_0 + 2as$

১৮. নিম্নলিখিত কয়েকটি সমীকরণ:

- $v = v_0 + at$   
 $v^2 = v_0^2 + 2as$   
 $s = v_0t + \frac{1}{2}at^2$   
 $s = \left(\frac{v_0 + v}{2}\right)t$

Ref: ড. আমির হোসেন (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ৩.৬ পৃষ্ঠা: ১৫১-১৫৬]

১৯. গতিশীল বস্তুর সরণ, ত্বরণ ও গতিকালের সম্পর্কের সমীকরণ কোনটি?

- (A)  $v = v_0 + at$   
(B)  $s = \left(\frac{v + v_0}{2}\right)t$   
(C)  $s = v_0t + \frac{1}{2}at^2$   
(D)  $v^2 = v_0^2 + 2as$

উত্তর: (C)  $s = v_0t + \frac{1}{2}at^2$

২০. ব্যাখ্যা:

গতির সমীকরণ:

প্রশ্নটি করা হয়েছে গতির তৃতীয় সমীকরণ থেকে। গতির সমীকরণগুলো হল:-

১ম সমীকরণ: শেষ বেগ, ত্বরণ ও গতিকালের সম্পর্ক  
 $v = v_0 + at$

২য় সমীকরণ: অবস্থান করা সরণ, শেষবেগ ও গতিকালের সম্পর্ক  
 $x = x_0 + \left(\frac{v_0 + v}{2}\right)t$  বা,  $s = \left(\frac{v_0 + v}{2}\right)t$

৩য় সমীকরণ: অবস্থান বা সরণ, ত্বরণ ও গতিকালের সম্পর্ক  
 $x = x_0 + v_0t + \frac{1}{2}at^2$

বা,  $s = v_0t + \frac{1}{2}at^2$

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ৩.৮, পৃষ্ঠা: ১১৯-১২১]

২১. গতিশীল বস্তুর অবস্থান, শেষ বেগ ও গতিকালের সম্পর্ক কোনটি?

- (A)  $v = v_0 + at$   
(B)  $s = \left(\frac{v_0 + v}{2}\right)t$   
(C)  $s^2 = v_0t + \frac{1}{2}at^2$   
(D)  $v = v_0^2 + 2as$

উত্তর: (B)  $s = \left(\frac{v_0 + v}{2}\right)t$

Note: উপরের ২০ নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

২২. স্থির অবস্থান থেকে সমত্বরণে চলমান বস্তুর বেগ অতিক্রান্ত দূরত্বের-

- (A) সমানুপাতিক  
(B) ব্যস্তানুপাতিক  
(C) বর্গমূলের সমানুপাতিক  
(D) বর্গমূলের ব্যস্তানুপাতিক

উত্তর: (C) বর্গমূলের সমানুপাতিক

ব্যাখ্যা:

বেগ দূরত্বের বর্গমূলের সমানুপাতিক:

গতির সমীকরণ থেকে আমরা জানি  $v^2 = v_0^2 + 2as$

স্থির অবস্থানে,  $v_0 = 0$

$\therefore v^2 = 2as$

বা,  $v = \sqrt{2as}$

$\therefore v \propto \sqrt{s}$  [ $\because \sqrt{2a} = \text{ধ্রুবক}$ ]

অর্থাৎ বেগ দূরত্বের বর্গমূলের সমানুপাতিক।

[Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ৩.৬, পৃষ্ঠা: ১৫৫]

২৩. স্থির অবস্থান থেকে সমত্বরণে চলমান কোন গতিশীল বস্তুর কোন মুহূর্তের প্রাপ্ত বেগ, অতিক্রান্ত দূরত্বের সাথে কীভাবে সম্পর্কিত?

- (A) সমানুপাতিক  
(B) ব্যস্তানুপাতিক  
(C) বর্গের সমানুপাতিক  
(D) বর্গমূলের সমানুপাতিক

উত্তর: (D) বর্গমূলের সমানুপাতিক

Note: উপরের ২২নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

২৪. স্থির অবস্থান থেকে সমত্বরণে চলমান বস্তুর অতিক্রান্ত দূরত্ব সময়ের সাথে কীভাবে সম্পর্কিত? [মে: ভ: প: ৯৬-৯৭, ৯৫-৯৬]

- (A) সমানুপাতিক  
(B) ব্যস্তানুপাতিক  
(C) বর্গের সমানুপাতিক  
(D) বর্গের ব্যস্তানুপাতিক

উত্তর: (C) বর্গের সমানুপাতিক

ব্যাখ্যা:

অতিক্রান্ত দূরত্ব সময়ের বর্গের সমানুপাতিক:  
আমরা জানি,

$$s = v_0 t + \frac{1}{2} a t^2$$

স্থির অবস্থানে,  $v_0 = 0$

$$\therefore s = \frac{1}{2} a t^2$$

$$\text{বা, } s \propto t^2 \left[ \frac{1}{2} a \text{ ধ্রুবক} \right]$$

অর্থাৎ স্থির অবস্থান থেকে সমত্বরণে চলমান বস্তুর অতিক্রান্ত দূরত্ব সময়ের বর্গের সমানুপাতিক।

[Ref: ড. আমির হোসেন (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ৩.৬, পৃষ্ঠা: ১৫৪]

২৫ স্থির অবস্থান থেকে সুষম ত্বরণে চলমান বস্তুর ক্ষেত্রে নিম্নের কোন সম্পর্কটি সঠিক?

- (A)  $s \propto t^2$  (B)  $s \propto \sqrt{t}$   
(C)  $s \propto \sqrt{v}$  (D)  $s \propto t$

উত্তর: (A)  $s \propto t^2$

Note: উপরের ২৪নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।


২৬ সমবেগের ক্ষেত্রে বেগ বনাম সময় এর লেখচিত্র কেমন হবে?

- (A) সরলরেখা (B) উপবৃত্ত  
(C) অধিবৃত্ত (D) পরাবৃত্ত

উত্তর: (A) সরলরেখা

ব্যাখ্যা:

বেগ বনাম সময় লেখচিত্র (সমবেগের ক্ষেত্রে): সমবেগের ক্ষেত্রে বেগ বনাম সময় লেখচিত্রে সময় অক্ষের সমান্তরাল। এর ঢাল শূন্য। অর্থাৎ এর ত্বরণ শূন্য।



চিত্র: সমবেগের ক্ষেত্রে বেগ বনাম সময় লেখচিত্র।

বেগ বনাম সময় লেখ এবং সময়-অক্ষের নির্বাচিত অংশ দ্বারা সীমাবদ্ধ ক্ষেত্রের ক্ষেত্রফল দূরত্ব নির্দেশ করে।

[Ref: ড. তফাজ্জল হোসেন (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ৩.৮, পৃষ্ঠা: ১৩৪]

২৭ সরণ পাওয়া যায়-

- (A) বেগ-সময় লেখচিত্রের ঢাল থেকে।  
(B) ত্বরণ-সময় লেখচিত্রের ঢাল থেকে।  
(C) বেগ-সময় লেখচিত্রের নিচের ক্ষেত্রফল থেকে।  
(D) ত্বরণ-সময় লেখচিত্রের নিচের ক্ষেত্রফল থেকে।

উত্তর: (C) বেগ-সময় লেখচিত্রের নিচের ক্ষেত্রফল থেকে।

Note: পূর্বের ২৬ নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

২৮ মুক্তভাবে পড়ন্ত বস্তুর গতি কোন ধরনের গতি?

- (A) একমাত্রিক সুষম গতি (B) দ্বিমাত্রিক অসম গতি  
(C) ত্রিমাত্রিক সুষম গতি (D) দ্বিমাত্রিক সুষম গতি

উত্তর: (A) একমাত্রিক সুষম গতি

ব্যাখ্যা:

একমাত্রিক সুষম গতি: অভিকর্ষের প্রভাবে মুক্তভাবে পড়ন্ত বস্তুর গতি একটি একমাত্রিক সুষম গতি। কাজেই এটি একমাত্রিক গতি। এরূপ বস্তুর উপর কেবলমাত্র অভিকর্ষজ ত্বরণ ক্রিয়াশীল যা একটি সুষম ত্বরণ। অর্থাৎ বস্তুর গতি সুষম গতি। অতএব মুক্তভাবে পড়ন্ত বস্তুর গতি হচ্ছে একমাত্রিক সুষম গতি।

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮) অনু: ৩.৯, পৃষ্ঠা: ১২৩]

২৯ পড়ন্ত বস্তুর সূত্র আবিষ্কার করেন নিম্নের কোন বিজ্ঞানী?

- (A) আইনস্টাইন (B) নিউটন  
(C) আর্কিমিডিস (D) গ্যালিলিও

উত্তর: (D) গ্যালিলিও

ব্যাখ্যা:

পড়ন্ত বস্তুর সূত্র আবিষ্কার: কোন বস্তুকে অভিকর্ষ বলের প্রভাবে মুক্তভাবে পড়তে দিলে বস্তুটি গতির তিনটি সূত্র মেনে চলে। ১৫৮৯ খ্রিষ্টাব্দে ইতালীয় বিজ্ঞানী গ্যালিলিও পিসা শহরের বিখ্যাত ১৪০ ফুট উঁচু হেলানো একটি স্তম্ভের ছাদ থেকে বিভিন্ন ধরনের বস্তু ফেলে এ সূত্র তিনটি আবিষ্কার করেন।

[Ref: ড. আমির হোসেন (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ৩.১০, পৃষ্ঠা: ১৭৭]

৩০ পড়ন্ত বস্তুর কতটি সূত্র বিদ্যমান?

- (A) ২ (B) ৩  
(C) ৪ (D) ১

উত্তর: (B) ৩

Note: পূর্বের ২৯নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

৩১ কোন বিজ্ঞানী গিনি ও পালক পরীক্ষার মাধ্যমে পড়ন্ত বস্তুর সূত্রের সত্যতা প্রমাণ করেন?

- (A) গ্যালিলিও (B) নিউটন  
(C) আর্কিমিডিস (D) আইনস্টাইন

উত্তর: (B) নিউটন

ব্যাখ্যা:

গিনি ও পালক পরীক্ষা: ১৬৫০ সালে বিজ্ঞানী নিউটন গিনি ও পালক পরীক্ষার সাহায্যে পড়ন্ত বস্তুর ১ম সূত্রের সত্যতা প্রমাণ করেন। বায়ুশূন্য স্থানে সকল বস্তুই সমান সময়ে সমান দূরত্ব অতিক্রম করবে। এই পরীক্ষায় গিনি (মুদ্রা) ও পালক ব্যবহৃত হয়েছিল বলে এর নাম গিনি ও পালক পরীক্ষা।

[Ref: ড. আমির হোসেন (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ৩.৫ পৃষ্ঠা: ১৭৮]

৩২ স্থির অবস্থান থেকে বিনা বাধায় পড়ন্ত বস্তুর নির্দিষ্ট সময়ে প্রাপ্ত বেগ ঐ সময়ের কোনটি?

- (A) ব্যস্তানুপাতিক (B) সমানুপাতিক  
(C) বর্গের ব্যস্তানুপাতিক (D) বর্গের সমানুপাতিক

উত্তর: (B) সমানুপাতিক

ব্যাখ্যা:

পড়ন্ত বস্তুর সূত্র: কোন বস্তুকে অভিকর্ষ বলের প্রভাবে মুক্তভাবে পড়তে দিলে বস্তুর গতি তিনটি সূত্র মেনে চলে। ১৫৮৯ সালে বিজ্ঞানী গ্যালিলিও এ সূত্র তিনটি আবিষ্কার করেন। সূত্রগুলো নিম্নরূপ-

১ম সূত্র: একই উচ্চতায় স্থির অবস্থান থেকে মুক্তভাবে সকল পড়ন্ত বস্তু সমান সময়ে সমান দূরত্ব অতিক্রম করে।

২য় সূত্র: স্থির অবস্থান থেকে বিনা বাধায় পড়ন্ত বস্তুর নির্দিষ্ট সময়ে (t) প্রাপ্ত বেগ (v) ঐ সময়ের সমানুপাতিক। কোন পড়ন্ত বস্তু t সময়ে v বেগ প্রাপ্ত হলে, গাণিতিকভাবে লেখা যায়  $v \propto t$ ।

৩য় সূত্র: স্থির অবস্থান থেকে বিনা বাধায় পড়ন্ত বস্তু নির্দিষ্ট সময়ে যে দূরত্ব অতিক্রম করে তা ঐ সময়ের বর্গের সমানুপাতিক। কোন পড়ন্ত বস্তু t সময়ে h দূরত্ব অতিক্রম করলে গাণিতিক নিয়মে লেখা যায়,  $h \propto t^2$ ।

[Ref: ড. আমির হোসেন (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ৩.৫, পৃষ্ঠা: ১৭৭-১৭৮]

Note: সূত্রগুলো মনে রাখার চেষ্টা করুন, এখান থেকে যে কোন ধরনের MCQ হতে পারে।

৩০. পড়ন্ত বস্তুর ক্ষেত্রে নিচের কোন সম্পর্কটি সঠিক?

- (B)  $h \propto t^2$   
(D)  $h \propto \frac{1}{t}$

৩১. ফির অবস্থান থেকে বিনা বাধায় পড়ন্ত বস্তুর নির্দিষ্ট সময়ে অতিক্রান্ত দূরত্ব ঐ সময়ের কোনটি?

- (A) সমানুপাতিক  
(B) ব্যস্তানুপাতিক  
(C) বর্গের সমানুপাতিক  
(D) বর্গের ব্যস্তানুপাতিক

৩২. খাড়াভাবে উপরের দিকে নিক্ষেপ বস্তুর সর্বাধিক উচ্চতার সময়ে কোনটি?

- (B)  $\frac{v_0^2}{2g}$   
(D)  $\frac{v_0^2}{g}$

৩৩. উপরের দিকে নিক্ষেপ বস্তুর গতি: খাড়া উপরের দিকে নিক্ষেপ বস্তুর সর্বোচ্চ উচ্চতা হ<sub>max</sub> =  $\frac{v_0^2}{2g}$

৩৪. পতন বা পতনকাল বা সর্বোচ্চ উচ্চতায় পৌঁছার সময় =  $\frac{v_0}{g}$

৩৫. পতন অতিবাহিত মোট সময়  $T = \frac{2v_0}{g}$

৩৬. একটি বস্তুকে খাড়া উপরের দিকে নিক্ষেপ করলে সর্বোচ্চ পৌঁছার সময়—

- (B)  $t = \frac{2v_0}{g}$   
(D)  $t = \frac{v_0}{g}$

৩৭. উচ্চতাবে নিক্ষেপ বস্তুর সর্বাধিক উচ্চতায় পৌঁছাতে অতিক্রান্ত সময় কত?

- (B)  $\frac{2v_0}{g}$   
(D)  $\frac{\sqrt{v_0}}{g}$

৩৮. খাড়া উপরের দিকে নিক্ষেপ বস্তুর সর্বোচ্চ উচ্চতায় পৌঁছার সময়—

৩৯. খাড়া ওপরের দিকে কোন নিক্ষেপ একটি বস্তুর উত্থানকাল পতনকালের কতগুণ?

৪০. খাড়া উপরের দিকে নিক্ষেপ করলে সর্বোচ্চ উচ্চতায় পৌঁছার সময়—

৪১. খাড়া উপরের দিকে নিক্ষেপ বস্তুর সর্বোচ্চ উচ্চতায় পৌঁছার সময়—

৩৮. একটি বস্তুকে খাড়া উপরের দিকে নিক্ষেপ করলে সর্বোচ্চ উচ্চতায় এর বেগ হবে—

- (A) সর্বাধিক  
(B) শূন্য  
(C) আদিবেগ  
(D) অসীম

উত্তর: (B) শূন্য

ব্যাখ্যা:

নিক্ষেপ বস্তুর সর্বাধিক উচ্চতায় বেগ:

খাড়া উপরের দিকে  $v_0$  আদিবেগে নিক্ষেপ কোন বস্তুর  $t$  সময়ে বেগ

$$v = v_0 - gt \dots \dots (i)$$

যেখানে  $g$  = অভিকর্ষজ ত্বরণ।

এখন আমরা জানি সর্বাধিক উচ্চতায় উঠতে প্রয়োজনীয় সময়  $t = \frac{v_0}{g}$

(i) নং সমীকরণে  $t = \frac{v_0}{g}$  বসিয়ে পাই  $v = 0$ ; অর্থাৎ সর্বাধিক উচ্চতায় বস্তুর বেগ  $v$  শূন্য।

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ৩.৯, পৃষ্ঠা: ১২৫]

৩৯. খাড়া ওপরের দিকে কোন নিক্ষেপ একটি বস্তুর উত্থানকাল পতনকালের কতগুণ?

- (A) দ্বিগুণ  
(B) সমান  
(C) অর্ধেক  
(D) এক চতুর্থাংশ

উত্তর: (B) সমান

ব্যাখ্যা:

নিক্ষেপ বস্তুর উত্থান ও পতনকাল:

সর্বাধিক উচ্চতা থেকে ডু-পৃষ্ঠে ফিরে আসতে একটি বস্তুর সময় লাগে  $t'$ । কোনো বস্তুর যদি সর্বাধিক উচ্চতায় উঠতে  $t_{max}$  সময় লাগে এবং ডু-পৃষ্ঠ থেকে সর্বাধিক উচ্চতায় ওঠে আবার ডু-পৃষ্ঠে ফিরে আসতে সময় লাগে  $T$ , তাহলে সর্বাধিক উচ্চতা থেকে ডু-পৃষ্ঠে পড়ার সময়  $t'$  হবে,

$$t' = T - t_{max} = \frac{2v_0}{g} - \frac{v_0}{g} = \frac{v_0}{g}$$

সুতরাং দেখা যাচ্ছে, ডু-পৃষ্ঠ থেকে সর্বাধিক উচ্চতায় উঠতে যে সময় লাগে সর্বাধিক উচ্চতা থেকে ডু-পৃষ্ঠে পড়তে সেই একই সময় লাগে।

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ৩.৯, পৃষ্ঠা: ১২৬]

৪০. ডু-পৃষ্ঠ হতে নিক্ষেপ কোন বস্তুর উড্ডয়নকাল বস্তুর উত্থানকাল বা পতনকালের কতগুণ?

- (A) সমান  
(B) দ্বিগুণ  
(C) তিনগুণ  
(D) অর্ধেক

উত্তর: (B) দ্বিগুণ

ব্যাখ্যা:

ডু-পৃষ্ঠ হতে নিক্ষেপ বস্তুর উড্ডয়নকাল: নিক্ষেপ কোন বস্তু ডু-পৃষ্ঠ থেকে উপরে উঠে আবার ডু-পৃষ্ঠে ফিরে আসতে যে সময় লাগে তাকে উড্ডয়ন কাল বলে।  $v_0$  আদিবেগে খাড়া উপরের দিকে নিক্ষেপ কোন বস্তুর উড্ডয়ন কাল  $T = \frac{2v_0}{g}$ ; আবার উত্থান বা পতন কাল  $= \frac{v_0}{g}$ । অর্থাৎ উড্ডয়ন কাল, উত্থানকাল বা পতনকালের দ্বিগুণ।

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ৩.৯, পৃষ্ঠা: ১২৬]

৪১. খাড়া উপরের দিকে নিক্ষেপ বস্তুর ত্বরণ কত?

- (A) 0  
(B)  $9.8ms^{-2}$   
(C)  $-9.8ms^{-2}$   
(D)  $4.9ms^{-2}$

উত্তর: (C)  $-9.8ms^{-2}$



## অধ্যায়-৩: গতিবিদ্যা

ব্যাখ্যা:

খাড়া ওপরের দিকে নিষ্ক্ষিপ্ত বস্তুর ত্বরণ: বস্তু মুক্তভাবে নিচের দিকে পতনশীল হলে ত্বরণ হবে 'g', বস্তু খাড়া উপরের দিকে নিষ্ক্ষিপ্ত হলে ত্বরণ হবে '-g'।

তাই খাড়া ওপরের দিকে নিষ্ক্ষিপ্ত বস্তুর ত্বরণ -  $9.8 \text{ ms}^{-2}$ ।

[Ref: ড. তফাজ্জল হোসেন (সংস্করণ-২০১৭), অনু: ৩.১১, পৃষ্ঠা: ১১৯]

৪২ প্রাসের গতিপথ কিরূপ হবে?

- (A) অধিবৃত্ত (B) উপবৃত্ত  
(C) বৃত্তাকার (D) গোলকীয়

উত্তর: (A) অধিবৃত্ত

ব্যাখ্যা:

প্রাসের গতি: নিষ্ক্ষিপ্ত বস্তুকে প্রাস প্রক্ষেপক বলে। এদের গতিপথ অধিবৃত্ত বা প্যারাবোলা। যেমন-স্টেডিয়ামে বাউন্ডারি থেকে ছোঁড়া ক্রিকেট বলের গতি, বন্দুক থেকে উপরের দিকে ছোঁড়া বুলেটের গতি, নিষ্ক্ষিপ্ত তীর বা বর্ষার গতি, বিমান থেকে নিষ্ক্ষিপ্ত বোমার গতি সকল ক্ষেত্রে গতিপথ অধিবৃত্ত। প্রাসের গতিপথকে প্রক্ষেপণ (trajectory) বলে। প্রাসের গতি একটি দ্বিমাত্রিক গতি। বাতাসের বাধা উপেক্ষা করলে প্রাসের গতি কেবলমাত্র অভিকর্ষের ক্রিয়ায় হয়। প্রাস সর্বোচ্চ উচ্চতায় পৌঁছালে এর বেগ সর্বনিম্ন হয়। আবার সর্বাধিক উচ্চতায় প্রাসের গতি একমাত্রিক হয়।

[Ref: ড. আমির হোসেন (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ৩.৪, পৃষ্ঠা: ১৬৮]

৪৩ প্রাসের গতি সম্পর্কে সঠিক নয় নিচের কোনটি?

- (A) শুধু অভিকর্ষের ফলে (B) দ্বিমাত্রিক গতি  
(C) গতিপথ প্যারাবোলা (D) সর্বোচ্চ উচ্চতায় গতি দ্বিমাত্রিক

উত্তর: (D) সর্বোচ্চ উচ্চতায় গতি দ্বিমাত্রিক

Note: উপরের ৪২নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

৪৪ বাধাহীন পথে অনুভূমিকভাবে প্রাসের গতিপথ কোনটি?

- (A) প্যারাবোলা (B) হাইপারবোলা  
(C) উপবৃত্তাকার (D) বৃত্তাকার

উত্তর: (A) প্যারাবোলা

Note: উপরের ৪২নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

৪৫ দ্বিমাত্রিক গতির উদাহরণ কোনটি?

- (A) বিমানের গতি  
(B) চলন্ত ট্রেনের গতি  
(C) পড়ন্ত বস্তুর গতি  
(D) বিমান থেকে নিষ্ক্ষিপ্ত বোমার গতি

উত্তর: (D) বিমান থেকে নিষ্ক্ষিপ্ত বোমার গতি

Note: উপরের ৪২নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

৪৬ প্রাসের গতির ক্ষেত্রে নিম্নের কোনটি প্রযোজ্য নয়?

- (A) অনুভূমিক তলে সীমাবদ্ধ (B) সম-ত্বরণবিশিষ্ট  
(C) বক্রগতি (D) গতিপথ অধিবৃত্তাকার

উত্তর: (A) অনুভূমিক তলে সীমাবদ্ধ

ব্যাখ্যা:

প্রাসের গতির বৈশিষ্ট্যসমূহ নিম্নে উল্লেখ করা হলো:

- (১) উল্লম্ব তলে (vertical plane) সীমাবদ্ধ
- (২) দ্বিমাত্রিক
- (৩) বক্রগতি
- (৪) সম-ত্বরণবিশিষ্ট
- (৫) গতিপথ অধিবৃত্তাকার (Parabolic)।

[Ref: ড. তফাজ্জল হোসেন (সংস্করণ-২০১৮)- অনু: ৩.৯, পৃষ্ঠা: ১৩৬]

Mnemonic/মনে রাখার Tips:

প্রাসের গতির বৈশিষ্ট্য → বউ দি পায় সম অধিকার।

ব	উ	দি	পায়	সম	অধিকার
↓	↓	↓	↓	↓	↓
বক্রগতি	উল্লম্ব তলে সীমাবদ্ধ	দ্বিমাত্রিক	প্রাস	সমত্বরণ বিশিষ্ট	অধিবৃত্তাকার গতিপথ

৪৭ প্রাসের গতি কত মাত্রিক?

- (A) একমাত্রিক (B) দ্বিমাত্রিক  
(C) ত্রিমাত্রিক (D) কোনটিই নয়

উত্তর: (B) দ্বিমাত্রিক

Note: উপরের ৪৬নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

৪৮ প্রক্ষেপকের গতি কীরূপ?

- (A) একমাত্রিক, অসমত্বরণসম্পন্ন  
(B) একমাত্রিক, সমত্বরণসম্পন্ন  
(C) দ্বিমাত্রিক, অসমত্বরণসম্পন্ন  
(D) দ্বিমাত্রিক, সমত্বরণসম্পন্ন

উত্তর: (D) দ্বিমাত্রিক, সমত্বরণসম্পন্ন

Note: উপরের ৪৬নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

৪৯ প্রাসের ক্ষেত্রে নিষ্ক্ষেপণ ও পতন বিন্দুর মধ্যবর্তী দূরত্বকে কী বলে?

- (A) পাল্লা (B) উড্ডয়ন  
(C) বিচরণ পথ (D) প্যারাবোলা

উত্তর: (A) পাল্লা

ব্যাখ্যা:

প্রাস সম্পর্কিত কয়েকটি প্রয়োজনীয় সংজ্ঞা:

- (১) নিষ্ক্ষেপণ বেগ (Velocity of Projection): যে আদি বেগ কোনো প্রাসকে শূন্যে নিষ্ক্ষেপ করা হয় তাকে নিষ্ক্ষেপণ বেগ বলে।
- (২) নিষ্ক্ষেপণ কোণ (Angle of Projection): যাত্রা শুরু মুহূর্তে নিষ্ক্ষেপণ বেগের অভিমুখ অনুভূমিকের সাথে যে কোণ সৃষ্টি করে তাকে নিষ্ক্ষেপণ কোণ বলে।
- (৩) নিষ্ক্ষেপণ বিন্দু (Point of Projection): যে বিন্দু হতে প্রাসটি নিষ্ক্ষিপ্ত হয় তাকে নিষ্ক্ষেপণ বিন্দু বলে।
- (৪) বিচরণ পথ (Trajectory): প্রাসের গতিপথকে এর বিচরণ পথ বলে।
- (৫) পাল্লা (Range): প্রসঙ্গ সমতলের যে বিন্দুতে কোনো প্রাস পতিত হয় তাকে পতন বিন্দু (point of fall) বলে। নিষ্ক্ষেপণ ও পতন বিন্দুর মধ্যবর্তী দূরত্বকে পাল্লা বলে।
- (৬) বিচরণ কাল (Time of flight): নিষ্ক্ষেপণ বিন্দুগামী অনুভূমিক সমতলকে প্রসঙ্গ সমতল (reference plane) বলে। উৎক্ষেপণ মুহূর্ত হতে যে সময় পরে কোনো প্রাস প্রসঙ্গ সমতলে ফিরে আসে তার বিচরণ কাল বলে।

এ প্রসঙ্গে জেনে রাখা ভালো যে, একটি প্রাসের তাৎক্ষণিক বেগের অভিমুখ তার বিচরণ পথের স্পর্শক বরাবর হয়ে থাকে।

[Ref: ড. তফাজ্জল হোসেন (সংস্করণ-২০১৮)- অনু: ৩.৯, পৃষ্ঠা: ১৩৬]

৫০ একটি প্রাসের তাৎক্ষণিক বেগের অভিমুখ—

- (A) উল্লম্ব দিকে (B) বিচরণ পথের স্পর্শক বরাবর  
(C) অনুভূমিক দিকে (D) বিচরণ পথের লম্ব বরাবর

উত্তর: (B) বিচরণ পথের স্পর্শক বরাবর

Note: উপরের ৪৯নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

৫৩) প্রাসের গতির ক্ষেত্রে কোনটি সঠিক?

- (A)  $H = \frac{v_0^2 \sin^2 \theta}{2g}$  (B)  $T = \frac{2v_0 \sin \theta}{g}$   
 (C)  $R = \frac{v_0^2 \sin^2 \theta}{g}$  (D)  $R_{\max} = \frac{2v_0^2}{g}$   
 উত্তর: (B)  $T = \frac{2v_0 \sin \theta}{g}$

৫৪) প্রাসের গতির সমীকরণ:

- সর্বোচ্চ উচ্চতা,  $H = \frac{v_0^2 \sin^2 \theta}{2g}$   
 অতিক্রম কাল,  $T = \frac{2v_0 \sin \theta}{g}$   
 সর্বোচ্চ সীমা বা পাল্লা,  $R = \frac{v_0^2 \sin 2\theta}{g}$   
 সর্বোচ্চ পাল্লা,  $R_{\max} = \frac{v_0^2}{g}$

এখানে,  
 $v_0 =$  আদিবেগ  
 $\theta =$  নিক্ষেপণ কোণ  
 $g =$  অভিকর্ষজ ত্বরণ

৫৫) অতিক্রম উচ্চতার সমীকরণ,  $H = \frac{v_0^2}{2g}$

৫৬) ড. আমির হোসেন (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ৩.৮, পৃষ্ঠা: ১৬৯-১৭০ (উদ্ধৃত)

৫৭) প্রাসের অনুভূমিক পাল্লার সমীকরণ কোনটি? [মে: ভ: প: ২০১২-১৩]

- (A)  $R = \frac{u^2 \sin^2 \alpha}{2g}$  (B)  $R = \frac{u^2 \sin^2 \alpha}{2g}$   
 (C)  $R = \frac{u^2 \sin^2 \alpha}{g}$  (D)  $R_{\max} = \frac{2u^2}{g}$   
 উত্তর: (C)  $R = \frac{u^2 \sin^2 \alpha}{g}$

Note: উপরের ৫১নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

৫৮)  $v_0$  বেগে নিক্ষেপ একটি প্রাসের সর্বাধিক অনুভূমিক পাল্লা-

- (A)  $\frac{v_0}{g}$  (B)  $\frac{v_0^2}{g}$   
 (C)  $\frac{v_0}{2g}$  (D)  $\frac{2v_0}{g^2}$   
 উত্তর: (B)  $\frac{v_0^2}{g}$

Note: উপরের ৫১নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

৫৯) প্রাসের সর্বোচ্চ অতিক্রান্ত উচ্চতায় সমীকরণ কোনটি (যখন নিক্ষেপণ কোণ  $90^\circ$ )?

- (A)  $H = \frac{v_0^2}{g}$  (B)  $H = \frac{v_0^2}{2g}$   
 (C)  $H = \frac{2v_0^2}{g}$  (D)  $H = \frac{v_0}{g}$   
 উত্তর: (B)  $H = \frac{v_0^2}{2g}$

Note: উপরের ৫১নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

৫৫) প্রক্ষেপকের বিচরণ কালের সমীকরণ কোনটি?

- (A)  $T = \frac{2v_0 \sin \theta_0}{g}$  (B)  $T = \frac{v_0 \cos \theta_0}{g}$   
 (C)  $T = \frac{v_0 \sin \theta_0}{g}$  (D)  $T = \frac{2v_0 \cos \theta_0}{g}$

উত্তর: (A)  $T = \frac{2v_0 \sin \theta_0}{g}$

Note: উপরের ৫১নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

৫৬) একটি পাথর A কোনো দালানের ছাদ থেকে নিচে ফেলে দেয়া হলো। অন্য একটি পাথর B আনুভূমিকভাবে নিচে নিক্ষেপ হলো। কোন পাথরটি ভূমিতে আগে পৌঁছাবে?

- (A) A পাথরটি  
 (B) B পাথরটি  
 (C) দুটি পাথর একই সময়ে পৌঁছাবে  
 (D) পাথর দুটির ভরের উপর নির্ভর করবে

উত্তর: (C) দুটি পাথর একই সময়ে পৌঁছাবে

ব্যাখ্যা:

আনুভূমিকভাবে নিক্ষেপ প্রাস:

ছাদের উপর থেকে ফেলে দেয়া এবং কৌণিকভাবে নিক্ষেপ উভয়ের উপরই কেবল মাত্র অভিকর্ষজ ত্বরণ  $g$  ক্রিয়াশীল। বস্তুদ্বয়কে একই উল্লম্ব দূরত্ব অতিক্রম করতে হয় এবং এটি সমত্বরণ  $g$  এর প্রভাবে ঘটে। কাজেই দুটি বস্তু একই সময়ে ভূমিতে পতিত হবে।

[Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ৩.৯, পৃষ্ঠা: ১৭৫]

৫৭) বৃত্তাকার পথে সমদ্রুতিতে চলমান বস্তুর গতির ক্ষেত্রে কোনটি সঠিক নয়?

- (A) বৃত্তাকার পথের স্পর্শক বেগের দিক নির্দেশ করে  
 (B) বেগের কোন পরিবর্তন হয় না  
 (C) ত্বরণ থাকে  
 (D) বস্তুর গতি সুস্থম বৃত্তাকার গতি

উত্তর: (B) বেগের কোন পরিবর্তন হয় না

ব্যাখ্যা:


সুস্থম বৃত্তীয় গতি: কোনো বস্তু সমদ্রুতিতে বৃত্তাকার পথের পরিধি বরাবর ঘুরতে থাকলে তখন ঐ বস্তুর গতি সুস্থম বৃত্তাকার গতি হয়। এরূপ গতিতে চলমান বস্তু সমদ্রুতিতে চললেও বৃত্তাকার পথের উপর বিভিন্ন বিন্দুতে এর দিক ভিন্ন ভিন্ন হয়। বৃত্তাকার পথের বিভিন্ন বিন্দুতে অঙ্কিত স্পর্শক থেকে এর দিক পাওয়া যায়। বিভিন্ন বিন্দুতে স্পর্শকের অভিমুখ বিভিন্ন বলে বেগের দিক সর্বদা পরিবর্তিত হচ্ছে অর্থাৎ বেগেরও পরিবর্তন হচ্ছে। সুতরাং বস্তুর ত্বরণ হচ্ছে। তাই বলা যায়, বৃত্তাকার পথে সমদ্রুতিতে চলমান বস্তুর ত্বরণ থাকে। ফলে বেগের ও পরিবর্তন হয়।

[Ref: ড. আমির হোসেন (সংস্করণ-২০১৭), অনু: ৩.৬, পৃষ্ঠা: ১১৩, ১১৪]

৫৮) কোনটি বৃত্তাকার গতির ক্ষেত্রে গতির সমীকরণের রূপ নয়?

- (A)  $\theta = \theta_0 + \omega t$  (B)  $\omega = \omega_0 + \alpha t$   
 (C)  $\omega^2 = \omega_0^2 + 2a(\theta - \theta_0)$   
 (D)  $\theta = \theta_0 + \omega_0 t + \frac{1}{2} \alpha t^2$

উত্তর: (C)  $\omega^2 = \omega_0^2 + 2a(\theta - \theta_0)$



অধ্যায়-৩: গতিবিদ্যা

ব্যাখ্যা:

বৃত্তাকার গতির ক্ষেত্রে গতির সমীকরণের রূপ: বৃত্তাকার গতি বা কৌণিক গতি বা ঘূর্ণন গতির ক্ষেত্রে সমীকরণগুলো নিম্নরূপ হয়:

$$\theta = \theta_0 + \omega t$$

$$\theta = \theta_0 + \left(\frac{\omega_0 + \omega}{2}\right) t$$

$$\omega = \omega_0 + \alpha t$$

$$\theta = \theta_0 + \omega_0 t + \frac{1}{2} \alpha t^2$$

$\omega^2 = \omega_0^2 + 2\alpha(\theta - \theta_0)$   
এখানে,  $\theta_0$  = আদি কৌণিক সরণ,  $\omega_0$  = আদি কৌণিক বেগ  $\omega$  = শেষ কৌণিক বেগ এবং  $\alpha$  = কৌণিক ত্বরণ।

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ২য় সংস্করণ-২০১৭), অনু: ৩.১১, পৃষ্ঠা: ১৩৮]

৫৯. বৃত্তীয় গতির ক্ষেত্রে কোন কেন্দ্রমুখী বলের সমীকরণ কোনটি?

- (A)  $a = \frac{v^2}{r}$  (B)  $F = ma$   
(C)  $F = m \frac{v^2}{r}$  (D)  $F = m\omega^2 r$

উত্তর: (D)  $F = m\omega^2 r$

ব্যাখ্যা:

কেন্দ্রমুখী বলের সমীকরণ:  
আমরা জানি,

$$v = \omega r; a = \frac{v^2}{r}$$

বস্তুর কৌণিক বেগ  $\omega$  হলে,

$$F = ma = \frac{mv^2}{r} = \frac{m\omega^2 r^2}{r} = m\omega^2 r$$

[Ref: ড. আমির হোসেন (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ৩.১১, পৃষ্ঠা: ১৮১]

৬০. কেন্দ্রমুখী ত্বরণ  $a$  এর রাশিমালা কোনটি?

- (A)  $a = \omega r$  (B)  $a = \frac{v}{r}$   
(C)  $a = \frac{v^2}{r}$  (D)  $a = \omega r^2$

উত্তর: (C)  $a = \frac{v^2}{r}$

Note: উপরের ৫৯নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

৬১. এক রেডিয়ান কোনটির প্রায় সমান?

- (A)  $10^\circ$  (B)  $50.3^\circ$   
(C)  $120^\circ$  (D)  $57.3^\circ$

উত্তর: (D)  $57.3^\circ$

ব্যাখ্যা:

রেডিয়ানকে ডিগ্রিতে প্রকাশ:

কোনকে রেডিয়ানে প্রকাশ করলে পাওয়া যায়,

$$\text{কোণ} = \frac{\text{চাপ}}{\text{ব্যাসার্ধ}}$$

$$\text{বা, } \theta = \frac{S}{r}$$

কোন বস্তু যদি সম্পূর্ণ বৃত্তাকার পথে একবার ঘুরে আসে তাহলে কেন্দ্রে উৎপন্ন কোণ,

$$\theta = \frac{\text{পরিধি}}{\text{ব্যাসার্ধ}} = \frac{2\pi r}{r} = 2\pi \text{ radian} = 360^\circ$$

$$\therefore 1 \text{ rad} = \frac{360^\circ}{2\pi} = 57.3^\circ \text{ (প্রায়)}$$

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ৩.১১, পৃষ্ঠা: ১৩৪-১৩৫]

৬২.

কৌণিক বেগের ক্ষেত্রে নিচের কোন সমীকরণটি সঠিক নয়?

- (A)  $\omega = \frac{d\theta}{dt}$  (B)  $\omega = \frac{2\pi}{T}$   
(C)  $\omega = 2\pi f$  (D)  $\omega = \frac{2\pi}{N}$

উত্তর: (D)  $\omega = \frac{2\pi}{N}$

ব্যাখ্যা:

$$\text{পর্যায়কাল } T \text{ হলে } \omega = \frac{2\pi}{T} = 2\pi f \text{ [ } \because f = \frac{1}{T} \text{ ]}$$

যদি বৃত্তাকার পথে বস্তুটি  $t$  সময়ে  $N$  সংখ্যক ঘূর্ণন সম্পন্ন করে তবে,

$$f = \frac{N}{t} \therefore \omega = \frac{2\pi N}{t}$$

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ৩.১১, পৃষ্ঠা: ১৩৫]

৬৩.

গরু দ্বারা ধান মাড়াইয়ের সময় সর্বাধিক বেগে দৌড়াতে হয় -

- (A) নিকটতী গরুকে (B) দূরবর্তী গরুকে  
(C) মধ্যবর্তী গরুগুলোকে (D) সবগুলো গরুকে

উত্তর: (B) দূরবর্তী গরুকে

ব্যাখ্যা:

বৃত্তাকার পথে কেন্দ্র হতে দূরবর্তী ব্যক্তি/বস্তুকে দ্রুতগতিসম্পন্ন হতে হয়: কোন অক্ষের সাপেক্ষে ঘূর্ণয়মান কোন বস্তুর অক্ষ থেকে দূরত্ব  $r$  কৌণিক বেগ  $\omega$  এবং রৈখিক বেগ  $v$  হলে

$$v = \omega r$$

$$\text{বা, } v \propto r \text{ [যখন } \omega \text{ স্থির]}$$

যেহেতু ধান মাড়াই এর সময় দূরবর্তী গরুর অক্ষ থেকে দূরত্ব  $r$  সবচেয়ে বেশি কাজেই এর রৈখিক বেগ সবচেয়ে বেশি হবে। অর্থাৎ দূরবর্তী গরুকে সর্বাধিক বেগে দৌড়াতে হবে।

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ৩.১১, পৃষ্ঠা: ১৩৫(সূত্র)]

৬৪.

1 rps = ?

- (A)  $\frac{\pi}{r} \text{ rads}^{-1}$  (B)  $\pi \text{ rads}^{-1}$   
(C)  $2\pi \text{ rads}^{-1}$  (D)  $4\pi \text{ rads}^{-1}$

উত্তর: (C)  $2\pi \text{ rads}^{-1}$

ব্যাখ্যা:

1 rps (revolution per second):

1 rps হল 1 revolution per second. যেহেতু বৃত্তাকার পথে একবার

সম্পূর্ণ ঘুরে এলে বৃত্তের কেন্দ্রে  $2\pi$  radian কোণ উৎপন্ন হয়, কাজেই

$$1 \text{ revolution} = 2\pi \text{ rad}$$

$$\therefore 1 \text{ rps}^{-1} = 2\pi \text{ rads}^{-1}$$

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ৩.১১, পৃষ্ঠা: ১৩৫]

৬৫.

কৌণিক ত্বরণের ক্ষেত্রে কোনটি সঠিক নয়?

- (A)  $\alpha = \frac{d\omega}{dt}$  (B) মাত্রা  $[T^{-2}]$   
(C) একক  $\text{rad s}^{-2}$  (D) রৈখিক ত্বরণ =  $\frac{\text{কৌণিক ত্বরণ}}{\text{ব্যাসার্ধ}}$

উত্তর: (D) রৈখিক ত্বরণ =  $\frac{\text{কৌণিক ত্বরণ}}{\text{ব্যাসার্ধ}}$

কৌণিক বেগের পরিবর্তনের হারকে কৌণিক ত্বরণ বলে।  
কৌণিক ত্বরণ  $\alpha = \frac{d\omega}{dt}$

কৌণিক ত্বরণের মাত্রা:  $[\alpha] = \frac{T^{-1}}{T} = T^{-2}$  বা,  $M^0 L^0 T^{-2}$   
কৌণিক বেগের একক:  $\frac{\text{কৌণিক বেগ}}{\text{সময়}}$  এর একক অর্থাৎ রেডিয়ান/সেকেন্ড<sup>২</sup> ( $\text{rad s}^{-2}$ )

কৌণিক ত্বরণের মধ্যে সম্পর্ক: রৈখিক ত্বরণ = কৌণিক ত্বরণ  $\times$  ব্যাসার্ধ বা,  $a = \alpha r$   
[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ৩.১১, পৃষ্ঠা: ১৩৮]

কৌণিক ত্বরণের ও কৌণিক ত্বরণের সম্পর্ক কোনটি?

- (A)  $a = \frac{r}{\alpha}$  (B)  $a = \frac{\alpha}{r}$   
(C)  $a = r^2 \alpha$  (D)  $a = r \alpha$

উত্তর: (D)  $a = r \alpha$   
Note: উপরের ৬৫নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

৬৭. পড়ন্ত বস্তুর গতির সমীকরণ নয় কোনটি?

- (A)  $v^2 = 2gh$  (B)  $h_t = \frac{1}{2} g(2t - 1)$   
(C)  $h = gt^2$  (D)  $h = \left(\frac{v_0 + v}{2}\right)t$

উত্তর: (C)  $h = gt^2$

কৌণিক ত্বরণের ক্ষেত্রে গতির সমীকরণ:

কৌণিক ত্বরণের ক্ষেত্রে গতির সমীকরণগুলোর নিম্নরূপ হয় -  
 $v = v_0 + \omega t$   
 $s = v_0 t + \frac{1}{2} \omega t^2$   
 $v^2 = v_0^2 + 2\omega s$

[Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ৩.১০, পৃষ্ঠা: ১৭৮]

১.৭ cm দৈর্ঘ্যের সেকেন্ডের কাঁটার প্রান্তের রৈখিক বেগ কত  $\text{cm. s}^{-1}$ ?

- (A) 3.14 (B) 0.178  
(C) 4.13 (D) 1.78

উত্তর: (B) 0.178

সমাধান:  
রৈখিক বেগ নির্ণয়:  
সময় জানি,  
 $v = \omega r$   
 $= \frac{2\pi}{60} \times 1.7$   
 $= 0.178 \text{ rads}^{-1}$

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ৩.১১ (সূত্র), পৃষ্ঠা: ১৩৬]

৬৬. সেকেন্ডের কাঁটার কৌণিক ত্বরণের মান কত?

- (A) 0 (B) 6 (C) 12 (D) 360

উত্তর: (A) 0

কৌণিক ত্বরণ নির্ণয়: সময় সাপেক্ষে কৌণিক বেগের পরিবর্তনের হারকে কৌণিক ত্বরণ বলে। হাত ঘড়ির সেকেন্ডের কাঁটা সমকৌণিক বেগে ঘুরে।

এই এর কৌণিক ত্বরণ থাকে না। অর্থাৎ কৌণিক ত্বরণ  $0 \text{ rads}^{-2}$

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ৩.১১, পৃষ্ঠা: ১৩৮]

মেডিকেল ভর্তি পরীক্ষার জন্যে  
Important গাণিতিক MCO সমূহঃ

এ অধ্যায়ে গুরুত্বপূর্ণ গাণিতিক সূত্রসমূহ:

- ১। বেগ  $v = \frac{ds}{dt}$
- ২। ত্বরণ  $a = \frac{dv}{dt}$
- ৩। দূরত্ব  $s = vt$  বা,  $x = x_0 + v_x t$
- ৪। বেগ  $v = v_0 \pm at$  বা,  $v_x = v_{0x} \pm a_x t$
- ৫। দূরত্ব  $s = v_0 t \pm \frac{1}{2} at^2$
- ৬। বেগ  $v^2 = v_0^2 \pm 2as$
- ৭। t তম সেকেন্ডে দূরত্ব  $s_1 = v_0 \pm \frac{2t-1}{2} \cdot a$
- ৮। প্রাসের গতি পথের সমীকরণ  $y = v_{0y}t - \frac{1}{2} gt^2$   
বা,  $y = (v_0 \sin \theta_0)t - \frac{1}{2} gt^2$   
 $= (\tan \theta_0)x - \frac{g}{2(v_0 \cos \theta_0)^2} x^2$
- ৯। সর্বাধিক উচ্চতা  $H = \frac{v_{0y}^2}{2g} = \frac{(v_0 \sin \theta_0)^2}{2g}$
- ১০। পাল্লা  $R = \frac{v_0^2 \sin^2 \theta}{g}$
- ১১। বিচরণ কাল  $T = \frac{2 v_0 \sin \theta_0}{g}$
- ১২। কৌণিক বেগ  $\omega = \frac{\theta}{t}$
- ১৩। কৌণিক বেগ  $\omega = \frac{2\pi N}{t}$
- ১৪। স্কেলার রূপ  $v = \omega r$
- ১৫। ভেক্টর রূপ  $\vec{v} = \vec{\omega} \times \vec{r}$
- ১৬। রৈখিক ত্বরণ ও কৌণিক ত্বরণের মধ্যে সম্পর্ক  $a = \alpha r$
- ১৭। কেন্দ্রমুখী ত্বরণ  $a_{c.p} = \frac{v^2}{r} = \omega^2 r$

৩৩. এক ব্যক্তি সূর্যোদয়ের দিকে 12 m যাবার পর ঠিক উত্তর দিকে ঘুরল এবং 5 m গেল। তার সরণ কত মিটার?

[ডে: জ: প: ২০১২-১৩]

- (A) 17 (B) 16.67  
(C) 17.67 (D) 13

উত্তর: (D) 13


সমাধান:  
সরণ নির্ণয়: কোন বস্তুর গতিপথের আদি ও শেষ অবস্থানের মাধ্যবর্তী ন্যূনতম দূরত্ব অর্থাৎ সরলরৈখিক দূরত্বই হল সরণ এবং এর দিক হলো আদি থেকে শেষ অবস্থানের দিকে। ধরা যাক ব্যক্তিটি A বিন্দু থেকে সূর্যোদয়ের দিকে 12m গিয়ে B বিন্দুতে পৌঁছল। B বিন্দু থেকে উত্তর দিকে 5m যাবার পর C বিন্দুতে পৌঁছল। সংজ্ঞানুসারে লোকটির সরণ হল AC, এখন পীথাগোরাসের উপপাদ্য অনুসারে ABC সমকোণী ত্রিভুজে

$$AC^2 = AB^2 + BC^2$$

$$\text{বা, } AC = \sqrt{12^2 + 5^2}$$

$$\text{বা, } AC = \sqrt{144 + 25}$$

$$\therefore AC = 13\text{m}$$



কাজেই সঠিক উত্তর হল (D)।

[Ref: মো: আব্দুল গণি (সংস্করণ-২০১৭), অনু- ৩.২, পৃষ্ঠা: ৮৩]

**৭১** গতিশীল বস্তুর অবস্থান (x) এবং সময় (t) এর সম্পর্ক  $x = 18\text{ m} + (12\text{ ms}^{-1})t - 1.2(\text{ms}^{-2})t^2$  সময়ের বিপরীতে নিম্নে প্রদত্ত কোন অবস্থানের মান সঠিক নয়? [মে: ড: প: ২০০৮-০৮]

সময় (t)	অবস্থান (x)
s	m
(A) 0	18
(B) 1	28.8
(C) 2	37.2
(D) 3	45.2
উত্তর: (D) 3	45.2

সমাধান:

গতিশীল বস্তুর অবস্থান ও সময়ের সম্পর্ক:

প্রদত্ত সমীকরণ:  $x = 18\text{ m} + (12\text{ ms}^{-1})t - (1.2\text{ ms}^{-2})t^2$

প্রশ্নের (A)  $t = 0\text{ s}$  হলে,

$$x = 18\text{ m} + (12\text{ ms}^{-1}) \times 0\text{ s} - (1.2\text{ ms}^{-2}) \times (0\text{ s})^2 = 18\text{ m}$$

প্রশ্নের (B)  $t = 1\text{ s}$  হলে,

$$x = 18\text{ m} + (12\text{ ms}^{-1}) \times 1\text{ s} - (1.2\text{ ms}^{-2}) \times (1\text{ s})^2 = 18\text{ m} + 12\text{ m} - 1.2\text{ m} = 28.8\text{ m}$$

প্রশ্নের (C)  $t = 2\text{ s}$  হলে,

$$x = 18\text{ m} + (12\text{ ms}^{-1}) \times 2\text{ s} - (1.2\text{ ms}^{-2}) \times (2\text{ s})^2 = 18\text{ m} + 24\text{ m} - 4.8\text{ m} = 37.2\text{ m}$$

প্রশ্নের (D)  $t = 3\text{ s}$  হলে,

$$x = 18\text{ m} + (12\text{ ms}^{-1}) \times 3\text{ s} - (1.2\text{ ms}^{-2}) \times (3\text{ s})^2 = 18\text{ m} + 36\text{ m} - 10.8\text{ m} = 43.2\text{ m}$$

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ৩.৬, পৃষ্ঠা: ১১৫]

লক্ষ্য করুন:

প্রশ্নে প্রদত্ত সমীকরণটি মূলত  $x = x_0 + ut + \frac{1}{2}at^2$  এর সাথে সামঞ্জস্যপূর্ণ।

**৭২**  $s = \frac{1}{3}t^3 + 3t$  সূত্রানুসারে একটি বস্তু সরলরেখায় চলছে।

2 sec পর এর বেগ কত হবে?

(A) 7 একক

(C) 12 একক

উত্তর: (A) 7 একক

সমাধান:

বস্তুর বেগ নির্ণয়:

মনে করি, গতি বেগ = v

আমরা জানি,  $v = \frac{ds}{dt}$

এখন  $s = \frac{1}{3}t^3 + 3t$

s-কে t এর সাপেক্ষে ব্যবকলন করে পাই,

$$\frac{ds}{dt} = \frac{d}{dt} \left( \frac{1}{3}t^3 + 3t \right)$$

এখানে,  
সময়,  $t = 2\text{ sec}$   
দূরত্ব,  $s = ?$

$$\text{বা, } v = \frac{1}{3} \times 3t^2 + 3$$

$$= t^2 + 3$$

$$\therefore 2\text{ sec পরের বেগ } v = (2)^2 + 3 = 7\text{ একক।}$$

[Ref: ড. আমির হোসেন (ষষ্ঠ সংস্করণ-২০১৮), গাণি: উদা: ৩.১, পৃষ্ঠা: ১৪৫]

**৭৩** দুটি ট্রেন A ও B যথাক্রমে  $80\text{ kmh}^{-1}$  ও  $70\text{ kmh}^{-1}$  বেগে পরস্পরের সমান্তরালভাবে গতিশীল, B এর সাপেক্ষে A এর বেগ কত? যখন তারা একই দিকে গতিশীল?

(A)  $150\text{ kmh}^{-1}$

(B)  $10\text{ kmh}^{-1}$

(C)  $75\text{ kmh}^{-1}$

(D)  $80\text{ kmh}^{-1}$

উত্তর: (B)  $10\text{ kmh}^{-1}$

সমাধান:

আপেক্ষিক বেগ বের করার পদ্ধতি:

(১) দুটি গতিশীল বস্তু একই দিকে চললে বস্তু দুটির বেগ বিয়োগ করে আপেক্ষিক বেগ পাওয়া যায়।

(২) দুটি গতিশীল বস্তু বিপরীত দিকে চললে আপেক্ষিক বেগ বের করে বেগ দুটি যোগ করতে হয়।

কাজেই এক্ষেত্রে B এর সাপেক্ষে A এর বেগ  $(80 - 70)\text{ kmh}^{-1} = 10\text{ kmh}^{-1}$  (Ans.)

[Ref: ড. আমির হোসেন (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ৩.৫, পৃষ্ঠা: ১৪৫]

**৭৪** 200 m দীর্ঘ একটি ট্রেন  $36\text{ kmh}^{-1}$  বেগে পূর্বের দিকে ফিরে আসেন। চলে 600 m দীর্ঘ একটি ব্রীজ অতিক্রম করতে কত সময় লাগবে?

(A) 80 s

(B) 100 s

(C) 120 s

(D) 140 s

উত্তর: (A) 80 s

সমাধান:

সময় নির্ণয়:

যেহেতু সমবেগে অতিক্রম করেছে,

$$s = vt$$

$$t = \frac{s}{v} = \frac{800}{10} = 80\text{ sec}$$

এখানে,  
মোট অতিক্রান্ত দূরত্ব,  
 $s = 600 + 200 = 800\text{ m}$   
বেগ,  $v = 36\text{ kmh}^{-1} = 10\text{ ms}^{-1}$

সময়,  $t = ?$

[Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ৩.৩, পৃষ্ঠা: ১৫২ (নূ)]

**৭৫** এক ব্যক্তি  $7\text{ kmh}^{-1}$  বেগে তার গন্তব্যে পৌঁছান এবং  $8\text{ kmh}^{-1}$  বেগে পূর্বের দিকে ফিরে আসেন। তার গড় বেগ কত?

(A)  $7.5\text{ kmh}^{-1}$

(B)  $7.66\text{ kmh}^{-1}$

(C)  $7.33\text{ kmh}^{-1}$

(D)  $7.47\text{ kmh}^{-1}$

উত্তর: (D)  $7.47\text{ kmh}^{-1}$

সমাধান:

গড় বেগ নির্ণয়:

ধরি,

s দূরত্ব অতিক্রম করে গন্তব্যে পৌঁছালো।

তাহলে মোট অতিক্রান্ত দূরত্ব =  $s + s = 2s$

গন্তব্যে পৌঁছাতে সময়,  $t_1 = \frac{s}{7}$

আদি অবস্থানে ফিরে আসতে সময়,  $t_2 = \frac{s}{8}$

মোট সময় =  $\frac{s}{7} + \frac{s}{8} = \frac{15s}{56}$

$$\text{ক্ষুণ্ণ বেগ} = \frac{\text{মোট অতিক্রান্ত দূরত্ব}}{\text{মোট সময়}}$$

$$= \frac{2s}{15s}$$

$$= \frac{50 \times 2 \times s}{15 \times s} = 7.47 \text{ kmh}^{-1}$$

[Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ৩.৫, পৃষ্ঠা: ১৪৭]

৭৬ একটি গাড়ি স্থির অবস্থান থেকে  $10 \text{ ms}^{-2}$  সমত্বরণে চলতে শুরু করল। 10 s পরে এটি কত দূর যাবে? [ডে.ভ.প. ২০১৬-২০১৭]

- (A) 10 m  
(B) 20 m  
(C) 500 m  
(D) 100 m

সমাধান:  
দ্রুত্ব নির্ণয়:  
আমরা জানি,

$$s = v_0 t + \frac{1}{2} a t^2$$

$$= 0 + \frac{1}{2} \times 10 \times 10^2$$

$$= 500 \text{ m (Ans.)}$$

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), গাণিতিক উদা-৩.১, পৃষ্ঠা: ১৪২ (সূত্র)]

৭৭ একটি বুলেট একটি দেওয়ালের মধ্যে 3 cm প্রবেশ করার পর বোঝা অর্ধেক হারায়। বুলেটটি দেওয়ালের মধ্যে আর কতটুকু ঢুকবে?

- (A) 1 cm  
(B)  $\frac{2}{3}$  cm  
(C) 2 cm  
(D) 0.5 cm

উত্তর: (A) 1 cm

সমাধান:  
বুলেটের ভেদ্যতা নির্ণয়:

সমস্যাটি সহজে সমাধানের উপায়

x একক দূরত্ব অতিক্রম করে যদি বুলেটের বেগ অর্ধেক হয় তাহলে বুলেটটি আর প্রবেশ করবে  $\frac{x}{3}$  একক।

$$\therefore \text{বুলেটটি আর দূরত্ব অতিক্রম করবে} = \frac{3}{3} \text{ cm} = 1 \text{ cm}$$

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), উদা: ৩.৫ (অনুরপ), পৃষ্ঠা: ১৪৪]

৭৮ একটি বন্দুকের গুলি কোন কাঠের তক্তার মধ্যে 0.56 m প্রবেশের পর এর অর্ধেক বেগ হারায়, গুলিটি তক্তার মধ্যে আর কতখানি প্রবেশ করতে পারবে? [মে.ভ.প. ২০১৮-১৯]

- A. 1.86 m  
B. 0.187 m  
C. 18.67 m  
D. 0.157 m

উত্তর: B. 0.187 m

ব্যাখ্যা:  
বয়েল স্পেশাল,

x মিটার দূরত্ব অতিক্রমের পর যদি বুলেটের বেগ পূর্বের  $\frac{1}{n}$  গুণ হয়, তবে

$$\text{বুলেটটি আর প্রবেশ করবে} \frac{x}{n^2 - 1} \text{ m}$$

$$\text{এখানে, } x = .56 \text{ m}$$

অবশিষ্ট বেগ পূর্বের  $\frac{1}{2}$  গুণ

$$\therefore \text{আর প্রবেশ করবে} = \frac{.56}{2^2 - 1} \text{ m} = \frac{.56}{3} \text{ m} = .187 \text{ m}$$

[Ref: ড. তপন (তৃতীয় সংস্করণ-২০১৮), অনু-গা: উদা: ৩.৫ (অনু:), পৃষ্ঠা: ১৪৪]

৭৯ একটি গতিশীল গাড়ির অবস্থান  $x = 8m + (5 \text{ ms}^{-1})t + \frac{1}{2} (1.5 \text{ ms}^{-2})t^2$  সমীকরণ দ্বারা প্রকাশ করা যায়। আদি অবস্থান ও 4 s এ গাড়িটির সরণ কত?

- (A)  $x_0 = 8m, 32m$   
(B)  $x_0 = 8m, 40m$   
(C)  $x_0 = 32m, 8m$   
(D)  $0m, 10m$

উত্তর: (A)  $x_0 = 8m, 32m$

Note: পূর্বের ৭৮ নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

৮০ একটি গতিশীল গাড়ির অবস্থান  $x = 4m + (3 \text{ ms}^{-1})t + \frac{1}{2} (1.5 \text{ ms}^{-2})t^2$  সমীকরণ দ্বারা প্রকাশ করা যায়। গাড়িটির আদি বেগ ও 4 s পরে বেগ কত?

- (A)  $v_0 = 9 \text{ ms}^{-1}, 3 \text{ ms}^{-1}$   
(B)  $v_0 = 3 \text{ ms}^{-1}, 9 \text{ ms}^{-1}$   
(C)  $x_0 = 32m, 8m$   
(D)  $v_0 = 30 \text{ ms}^{-1}, 90 \text{ ms}^{-1}$

উত্তর: (B)  $v_0 = 3 \text{ ms}^{-1}, 9 \text{ ms}^{-1}$

Note: পূর্বের ৭৮ নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

৮১ একটি গাড়ি ৫০ মিটার/সে. বেগে চলছিল। গাড়ির চালক ব্রেক চেপে ৫ মিটার/সে<sup>২</sup> মন্দন সৃষ্টি করলে এর বেগ ৮ সে. পর কত হবে?

- (A) ১০ মিটার/সে.  
(B) ১৫ মিটার/সে.  
(C) ২০ মিটার/সে.  
(D) ১২.৫ মিটার/সে.

উত্তর: (A) ১০ মিটার/সে.

সমাধান:

বেগ নির্ণয়:

$$\begin{aligned} \text{আমরা জানি, } v &= v_0 + at \\ &= 50 + (-5) \times 8 \\ &= 50 - 40 \\ &= 10 \text{ ms}^{-1} \end{aligned}$$

এখানে,

$$\text{আদিবেগ, } v_0 = 50 \text{ ms}^{-1}$$

$$\text{দ্রুত্ব, } a = -5 \text{ ms}^{-2}$$

$$\text{সময়, } t = 8 \text{ sec}$$

$$\text{শেষ বেগ, } v = ?$$

[Ref: ড. আমির হোসেন (ষষ্ঠ সংস্করণ-২০১৮), গাণিতিক সমস্যা: ৯ (অনুরপ), পৃষ্ঠা: ২১২]

৮২ একটি লক্ষ্যস্থলে গুলি ছোড়া হল। 0.06 m ভেদ করার পর গুলিটির বেগ অর্ধেক হয়ে গেল। গুলিটি আর কতদূর ভেদ করে যাবে?

- (A) 0.01 m  
(B) 0.03 m  
(C) 0.02 m  
(D) 0.06 m

উত্তর: (C) 0.02 m

সমাধান:

গুলির ভেদ্যতা নির্ণয়:

x মিটার দূরত্ব অতিক্রমের পর যদি বুলেটের বেগ পূর্বের  $\frac{1}{n}$  গুণ হয় তবে

$$\text{বুলেটটি আর প্রবেশ করবে} \frac{x}{n^2 - 1} \text{ মিটার}$$

$$\text{এখানে } x = 0.06 \text{ m;}$$

অবশিষ্ট বেগ পূর্বের  $\frac{1}{2}$  গুণ।

$$\therefore \text{আর প্রবেশ করবে} \frac{0.06}{(2)^2 - 1} \text{ m}$$

$$\text{বা, } \frac{0.06}{3} = 0.02 \text{ m.}$$

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), উদা: ৩.৫, পৃষ্ঠা: ১৪৪]

৮৩ একটি বস্তুর স্থিতিশীল অবস্থা থেকে যাত্রা শুরু করে 5 seconds এ 187.5 m পথ অতিক্রম করল, বস্তুর ত্বরণ কত?

[মে.ভ.প. ২০১৭-২০১৮]

- A.  $5 \text{ ms}^{-2}$   
B.  $25 \text{ ms}^{-2}$   
C.  $15 \text{ ms}^{-2}$   
D.  $7.5 \text{ ms}^{-2}$

উত্তর: C.  $15 \text{ ms}^{-2}$

বিডিনি.ইয়োগ.কম

অধ্যায়-৩: গতিবিদ্যা

[পদার্থবিজ্ঞান ১ম পত্র]

ব্যাখ্যা:  
আমরা জানি,

$$s = v_0t + \frac{1}{2}at^2$$

বা,  $187.5 = 0 \times 5 + \frac{1}{2}a(5)^2$

বা,  $187.5 = \frac{25a}{2}$

বা,  $25a = 187.5 \times 2$

বা,  $a = \frac{375}{25}$

বা,  $a = 15 \text{ ms}^{-2}$

সুতরাং, বস্তুর ত্বরণ  $15 \text{ ms}^{-2}$ । [প্রশ্নটির উত্তর]

[Ref: ড. শাহজাহান তপন (সংস্করণ-২০১৮), পৃষ্ঠা: ১২০ (সূত্র)]

**৮৪** একটি ট্রেন  $10 \text{ ms}^{-1}$  আদিবেগ নিয়ে  $3 \text{ ms}^{-2}$  সমত্বরণে চলেছে।  
ট্রেনটি যখন  $60 \text{ m}$  পথ অতিক্রম করে তখন এর কোণ কত হবে?

[ডে: ড: প: ২০০৫-০৬]

- (A)  $21.45 \text{ ms}^{-1}$  (B)  $45.21 \text{ ms}^{-1}$   
(C)  $22.45 \text{ ms}^{-1}$  (D)  $20.50 \text{ ms}^{-1}$

উত্তর: (A)  $21.45 \text{ ms}^{-1}$

সমাধান:

ট্রেনের বেগ নির্ণয়:

আমরা জানি,

$$v^2 = v_0^2 + 2as$$

$$= (10 \text{ ms}^{-1})^2 + 2 \times 3 \text{ ms}^{-2} \times 60 \text{ m}$$

$$= 460 \text{ m}^2 \text{ s}^{-2}$$

$$\therefore v = 21.45 \text{ ms}^{-1}$$

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), উদা: ৩.২, পৃষ্ঠা: ১৪২]

**৮৫** গাড়ির বেগ দ্বিগুণ হলে, গাড়ি থামানোর দূরত্ব হবে—

- (A) দ্বিগুণ (B) যে কোনোটাই হতে পারে  
(C) চারগুণ (D) অর্ধেক

উত্তর: (C) চারগুণ

ব্যাখ্যা:

ধরা যাক, গাড়ির প্রাথমিক বেগ  $u_0$  এবং  $a$  সমমন্দনে চলায় গাড়িটি  $x$  দূরত্বে গিয়ে থামল।

$$\therefore x = \frac{u_0^2}{2a}$$

$$[\therefore v^2 = u_0^2 - 2ax]$$

বা,  $x \propto u_0^2$

[ $\therefore a = \text{ধ্রুবক}$ ]

সুতরাং গাড়ির বেগ দ্বিগুণ করলে, গাড়িটিকে থামানোর দূরত্ব  $(2)^2$  অর্থাৎ চারগুণ হবে।

[Ref: আমির হোসেন (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ৩.৬, পৃষ্ঠা: ১৫৭]

**৮৬** একটি ট্রেন স্থির অবস্থান থেকে  $10 \text{ ms}^{-2}$  ত্বরণে চলতে আরম্ভ করল। একই সময় একটি গাড়ি  $100 \text{ ms}^{-1}$  সমবেগে ট্রেনের সমান্তরাল চলা শুরু করল। ট্রেন গাড়িটিকে কখন পিছনে ফেলবে?

- (A) 10 s (B) 20 s  
(C) 15 s (D) 30 s

উত্তর: (B) 20 s

সমাধান:

সময় নির্ণয়:

ধরি ট্রেনটি  $t$  সময় পরে  $s$  দূরত্ব অতিক্রম করে গাড়িটিকে পেছনে ফেলবে। ট্রেনের ক্ষেত্রে,

$$s = v_0t + \frac{1}{2}a_1t^2$$

এখানে,

আদিবেগ,  $v_0 = 0$

সময়,  $t = 5 \text{ s}$

দূরত্ব,  $s = 187.5 \text{ m}$

ত্বরণ,  $a = ?$

বা,  $s = 0 + \frac{1}{2} \times 10 \text{ ms}^{-2} t^2$

বা,  $s = (5 \text{ ms}^{-2}) t^2 \dots \dots \dots (1)$

গাড়ির ক্ষেত্রে,

$$s = v_0t + \frac{1}{2}a_2t^2$$

বা,  $s = (100 \text{ ms}^{-1}) t + 0 \dots \dots \dots (2)$

(1) এবং (2) সমীকরণ থেকে আমরা পাই,

$$(5 \text{ ms}^{-2}) t^2 = (100 \text{ ms}^{-1}) t \quad \text{বা, } t = 20 \text{ s}$$

উত্তর: 20 s

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), উদা: ৩.৪, পৃষ্ঠা: ১৪৩]

**৮৭** মুক্তভাবে পড়ন্ত কোনো বস্তুর প্রথম, দ্বিতীয় ও তৃতীয় সেকেন্ডে অতিক্রান্ত দূরত্বের অনুপাত—

- (A) 1 : 1 : 1 (B) 1 : 2 : 3  
(C) 1 : 3 : 5 (D) 1 : 4 : 9

উত্তর: (D) 1 : 4 : 9

সমাধান:

অতিক্রান্ত দূরত্বের অনুপাত: পড়ন্ত বস্তুর ৩য় সূত্রানুসারে স্থির অবস্থান থেকে বিনা বাধায় পড়ন্ত বস্তু নির্দিষ্ট সময়ে যে দূরত্ব অতিক্রম করে তা ঐ সময়ে বর্গের সমানুপাতিক।

অর্থাৎ,  $h \propto t^2$

এখন,  $t_1 = 1, t_2 = 2$  ও  $t_3 = 3$  second এ অতিক্রান্ত দূরত্ব যথাক্রমে

$h_1 : h_2 : h_3$  হলে—

$h_1 : h_2 : h_3 = 1 : 4 : 9$

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ৩.৫, পৃষ্ঠা: ১২৪ (সূত্র)]

**৮৮**  $4.9 \text{ ms}^{-1}$  বেগে একটি বস্তুর খাড়া উপরের দিকে নিক্ষেপ করা হলো। এটি কতক্ষণ শূন্যে থাকবে? [মে: ড: প: ২০১৫-১৬]

- (A) 1s (B) 2s  
(C) 3s (D) 4s

উত্তর: (A) 1s

সমাধান:

উড্ডয়ন কাল নির্ণয়:

আমরা জানি,

খাড়া উপরের দিকে নিক্ষেপিত বস্তুর উড্ডয়নকাল,

$$T = \frac{2v_0}{g} = \frac{2 \times 4.9}{9.8} = 1 \text{ s}$$

এখানে,

আদিবেগ,  $v_0 = 4.9 \text{ ms}^{-1}$

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনুশীলনী বহুনির্বাচনি প্রশ্ন-১১, পৃষ্ঠা: ১৫৬]

**৮৯** একটি টাওয়ারের উপর হতে এক টুকরো পাথর খাড়া উপরে দিকে  $v_0$  আদিবেগে নিক্ষেপ করা হলো। পাথরটি  $3v_0$  বেগে জমিতে পৌঁছালে টাওয়ারটির উচ্চতা—

- (A)  $\frac{3v_0^2}{g}$  (B)  $\frac{4v_0^2}{g}$   
(C)  $\frac{6v_0^2}{g}$  (D)  $\frac{9v_0^2}{g}$

উত্তর: (B)  $\frac{4v_0^2}{g}$

সমাধান:

টাওয়ারের উচ্চতা নির্ণয়:

ধরি, টাওয়ারের উচ্চতা  $x$  মি.

এখন, টাওয়ারের উপর থেকে  $v_0$  আদিবেগে পাথরকে খাড়া উপরে নিক্ষেপ করলে যদি পাথরটি টাওয়ারের উপর হতে আরো  $h$  উচ্চতায় উঠে তাহলে

$$h = \frac{v_0^2}{2g} \dots \dots \dots (i)$$

সমাধান:

সর্বোচ্চ উচ্চতায় উঠার সময় নির্ণয়:

আমরা জানি,

সর্বোচ্চ উচ্চতায় উঠার সময়,

$$t = \frac{v_0}{g} = \frac{9.8}{9.8} = 1 \text{ s}$$

[Ref: ড. তফাজ্জল হোসেন (সংস্করণ-২০১৮), গাণিতিক ১০ অনু: পৃষ্ঠা: ১৫৯-১৬০]

**৯৩**  $14 \text{ ms}^{-1}$  আদিবেগে একটি পাথরকে উপরের দিকে ছুঁড়ে দেওয়া হলো। পাথরটি ফিরে আসতে কত সময় লাগবে?

- (A) 1.8 s (B) 2.13 s  
(C) 1.43 s (D) 2.86 s

উত্তর: (D) 2.86 s

সমাধান:

বিচরণকাল নির্ণয়:

আমরা জানি, খাড়া উপরের দিকে নির্ক্ষণ বস্তুর ক্ষেত্রে বিচরণকাল,

$$T = \frac{2v_0}{g}$$

$$\text{বা, } T = \frac{2 \times 14}{9.8}$$

$$= \frac{28}{9.8} = 2.86 \text{ sec}$$

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), গাণিতিক উদা-৩.৬ (অনুরূপ), পৃষ্ঠা: ১৪৪]

**৯৪**  $9.8 \text{ ms}^{-1}$  বেগে একটি পাথরকে উপরের দিকে নিক্ষেপ করা হল। এটি কত সময় পরে ডু-পৃষ্ঠে ফিরে আসবে? ( $g = 9.8 \text{ ms}^{-2}$ )

- (A) 1 s (B) 2 s [ডে: ভ: প: ০৯-১০]  
(C) 3 s (D) 4 s

উত্তর: (B) 2 s

সমাধান:

বিচরণকাল নির্ণয়:

আমরা জানি, বিচরণকাল

$$T = \frac{2v_0}{g} = \frac{2 \times 9.8}{9.8} = 2 \text{ s}$$

উত্তর: 2 s

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), উদা: ৩.৬, পৃষ্ঠা: ১৩৮]

**৯৫** একজন ক্রিকেটার একটি বলকে সর্বোচ্চ  $100 \text{ m}$  অনুভূমিক দূরত্বে ছুঁড়তে পারে। বলটি ক্রিকেটার মাটি থেকে খাড়া উপরের দিকে কত উচ্চতায় ছুঁড়তে পারবে?

- (A) 50 m (B) 75 m  
(C) 100 m (D) 125 m

উত্তর: (A) 50 m

সমাধান:

সর্বোচ্চ উচ্চতা নির্ণয়:

আমরা জানি,

$$\text{অনুভূমিক পাল্লা, } R = \frac{v_0^2 \sin 2\theta}{g}$$

$$\text{বা, } R_{\text{max}} = \frac{v_0^2 \sin (2 \times 45^\circ)}{9.8}$$

$$\text{বা, } 100 \times 9.8 = v_0^2$$

$$\text{বা, } v_0^2 = 980$$

এখন,  $v_0$  আদিবেগে খাড়া উপরের দিকে নির্ক্ষণ বস্তুর সর্বাধিক উচ্চতা

$$H_{\text{max}} = \frac{v_0^2}{2g} = \frac{980}{2 \times 9.8} = 50 \text{ m (Ans.)}$$

[Ref: অধ্যাপক শামসুর রহমান সেলু (বর্ধিত সংস্করণ-২০১৭), অনু: ৩.৪.১, পৃষ্ঠা: ১৩৬]

একটি পাথরকে বেগ শূন্য পাথরটি ভূমি হতে ( $h + x$ ) উচ্চতায়  $h$  উচ্চতায় হতে অভিকর্ষজ ত্বরণ  $g$  এর উপস্থিতিতে পড়তে থাকে এবং ভূমিতে পূর্ব মুহূর্তে বেগ  $v$  লাভ করে।

$$v^2 = 2g(h + x)$$

$$v = \frac{2g}{g} \Rightarrow v = 2v_0 \text{ দেয়া আছে}$$

$$v^2 = \frac{4v_0^2}{g} - h \Rightarrow v = \frac{2v_0^2}{g} - h$$

$$\frac{4v_0^2}{g} - h = \frac{4v_0^2}{g} - h$$

$$\frac{4v_0^2}{g} - h = \frac{4v_0^2}{g} - h$$

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনুশীলনীর বহুনির্বাচনি প্রশ্ন-২০, পৃষ্ঠা: ১৫৯]

একটি বল  $19.6 \text{ ms}^{-1}$  গতিতে সোজা উপরে ছোঁড়া হল।

সর্বোচ্চ কত উচ্চতায় পৌঁছাতে পারবে? [মে: ড: প: ২০১৫-১৬]

- (A) 19.6 m (B) 19.6 m

- (C) 4.9 m (D) 4.9 m

উত্তর: (B) 19.6 m

সমাধান:

বিচরণকাল নির্ণয়:

আমরা জানি,  $v_0 = 19.6 \text{ ms}^{-1}$ অভিকর্ষজ ত্বরণ,  $g = 9.8 \text{ ms}^{-2}$ সর্বোচ্চ উচ্চতা,  $H = ?$ 

$$H = \frac{v_0^2}{2g} = \frac{(19.6)^2}{2 \times 9.8} \text{ m} = \frac{(19.6)^2}{19.6} \text{ m} = 19.6 \text{ m}$$

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), গাণিতিক উদা.-৩.৭ (অনুরূপ), পৃষ্ঠা: ১৪৫]

একটি বস্তুকে  $196 \text{ ms}^{-1}$  বেগে খাড়া উপরের দিকে নিক্ষেপ

করা হলো। 20s পরে বস্তুর বেগ হবে-

[Ref: আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ৪.১, পৃষ্ঠা: ২১৭]

যে পরিমাণ বল ১ কিলোগ্রাম ভরের বস্তুর উপর ক্রিয়া করে ১ মিটার/সেকেন্ড দ্বারা ত্বরণ সৃষ্টি করতে পারে তাকে এক নিউটন বলে।  
[মে: ভ: প: ৯২-৯৩]

- (B) ডাইন  
(D) কিলোগ্রাম/মিটার

নিউটন: যে পরিমাণ বল ১ কিলোগ্রাম ভরের বস্তুর উপর ক্রিয়া করে তাকে এক নিউটন বলে।  
[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ৪.৫, পৃষ্ঠা: ১৮৯]

৪ কোনটি মহাবিশ্বের মৌলিক বলের অন্তর্ভুক্ত নয়? [মে: ভ: প: ২০১৩-১৪]

- (A) মহাকর্ষ বল  
(B) তড়িতচৌম্বক বল  
(C) নিউক্লীয় দুর্বল বল  
(D) ঘাত বল

উত্তর: (D) ঘাত বল

ব্যাখ্যা:

মৌলিক বল: যে বল মূল বা অকৃত্রিম অর্থাৎ অন্য কোনো বল থেকে উৎপন্ন হয় না বরং অন্যান্য বল এ সকল বলের প্রকাশ তাদের মৌলিক বল বলে। মৌলিকতা অনুসারে প্রকৃতিতে চার ধরনের বল আছে।

মৌলিক বলগুলো হল:

- ১। মহাকর্ষ বল (Gravitational force)
- ২। তড়িতচৌম্বকীয় বল (Electromagnetic force)
- ৩। সবল নিউক্লীয় বল (strong Nuclear force)
- ৪। দুর্বল নিউক্লীয় বল (weak Nuclear force)

[Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ৪.১.১, পৃষ্ঠা: ২১৮]

৫ মৌলিক বলগুলোর মধ্যে সবচেয়ে শক্তিশালী বল কোনটি?

- (A) মহাকর্ষ বল  
(B) তড়িত-চৌম্বক বল  
(C) সবল নিউক্লীয় বল  
(D) দুর্বল নিউক্লীয় বল

উত্তর: (C) সবল নিউক্লীয় বল

ব্যাখ্যা:

সবলতার ক্রমানুসারে সাজালে পাওয়া যায়, সবল নিউক্লীয় বল > তড়িত চৌম্বক বল > দুর্বল নিউক্লীয় বল > মহাকর্ষ বল।

[Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ৪.১(উত্তর), পৃষ্ঠা: ২১৮]

৬ সবচেয়ে দুর্বল মৌলিক বল নিচের কোনটি?

- (A) মহাকর্ষ বল  
(B) তড়িত-চৌম্বক বল  
(C) সবল নিউক্লীয় বল  
(D) দুর্বল নিউক্লীয় বল

উত্তর: (A) মহাকর্ষ বল

Note: পূর্বের ৬নং প্রশ্নের ব্যাখ্যা দেখুন।

৭ নিচের কোন কণাটির পারস্পরিক বিনিময় দ্বারা মহাকর্ষ বল ক্রিয়াশীল হয়?

- (A) নিউট্রিনো  
(B) ফোটন  
(C) গ্রাভিটন  
(D) মেসন

উত্তর: (C) গ্রাভিটন

Note: উপরের ১০নং প্রশ্নের ব্যাখ্যা দেখুন।

৮ নিম্নে উল্লেখিত কোন বল ইলেকট্রনকে নিউক্লিয়াসের সঙ্গে আবদ্ধ করে পরমাণু তৈরি করে?

- (A) মহাকর্ষ বল  
(B) তড়িত চুম্বকীয় বল  
(C) সবল নিউক্লীয় বল  
(D) দুর্বল নিউক্লীয় বল

উত্তর: (B) তড়িত চুম্বকীয় বল

ব্যাখ্যা:

তড়িত চুম্বকীয় বল: আপেক্ষিক গতিতে পরিভ্রমণরত দুটি আহিত কণার মধ্যে ক্রিয়াশীল বলই হচ্ছে তড়িত চুম্বকীয় বল। যখন তড়িত আধানগুলো গতিশীল হয় তখন তারা চৌম্বকক্ষেত্র তৈরি করে। আবার পরিবর্তী চৌম্বকক্ষেত্র তড়িতক্ষেত্রের উৎস হিসেবে কাজ করে।

পরমাণুতে কক্ষপথে ঘূর্ণায়মান ঋণাত্মক আধান বিশিষ্ট ইলেকট্রন চৌম্বকক্ষেত্র তৈরি করে এবং ধনাত্মক নিউক্লিয়াসের সাথে তড়িত চৌম্বক বল দ্বারা আবদ্ধ হয়ে পরমাণু তৈরি করে।

[Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ৪.১.১, পৃষ্ঠা: ২১৮]

৯ নিউক্লিয়নের মধ্যে কোন কণার পারস্পরিক বিনিময়ের দ্বারা সবল নিউক্লীয় বলের উৎপত্তি হয়?

- (A) গ্রাভিটন  
(B) নিউট্রিনো  
(C) মেসন  
(D) ইলেকট্রন

উত্তর: (C) মেসন

Note: উপরের ১০নং প্রশ্নের ব্যাখ্যা দেখুন।

অধ্যায়-৪: নিউটনিয়ান বলবিদ্যা

৯. জেনে রাখা ভালো: মৌলিক বলগুলোর তুলনা

বিষয়	মহাকর্ষ বল	তড়িৎচৌম্বক বল	সবল নিউক্লীয় বল	দুর্বল নিউক্লীয় বল
ধর্ম	আকর্ষণধর্মী	আকর্ষণ ও বিকর্ষণধর্মী	আকর্ষণধর্মী	বিকর্ষণধর্মী
কণা	গ্র্যাভিটন নামক কণার পারস্পরিক বিনিময়ের ফলে	ফোটন (n)	মেসন	Intermediate vector bosons
পাল্লা	অসীম	অসীম	10-15m	10-16m এর কম
আপেক্ষিক সবলতা	1 (মহাকর্ষ বলের সূচক   ধরে)	$10^{39}/10^{40}$	$10^{11}/10^{42}$	$10^{10}$
অ. সবলতা (সবল নিউক্লীয় বলকে   ধরে)	$10^{-39}$ (সবচেয়ে দুর্বল বল)	$10^{-2}$	1 (সবচেয়ে শক্তিশালী বল)	$10^{-12}$
উদাহরণ	ক. গ্রহসমূহের পৃথিবীর চারদিকে ঘোরা খ. ইলেকট্রন ও প্রোটনের মধ্যকার বল	ক. হিট্রাহাপক বল খ. আণবিক গঠন গ. ক্রান্তিক বিক্রিয়া ঘ. ঘর্ষণ বল ঙ. স্পর্শ বল		ক. অধিকাংশ তেজস্ক্রিয় ভাঙ্গন।

[Ref: ড. শাহজাহান তপন (বর্ষিত ওয় সংস্করণ-২০১৮), অনু: ৪.২, পৃষ্ঠা: ১৮৫, ১৮ (উত্তৃত)]

১০. দুর্বল নিউক্লীয় বলের উদ্ভবের কারণ কোনটি?

- (A) বোসন কণা (B) গ্র্যাভিটন কণা  
(C) মেসন কণা (D) ফোটন

উত্তর: (A) বোসন কণা

Note: উপরের ৯নং প্রশ্নের ব্যাখ্যা দেখুন।

১১. তড়িৎ চুম্বকীয় বলের বাহক কোনটি? [ডে: ভ: প: ২০১৬-১৭]

- (A) ইলেকট্রন (B) প্রোটন  
(C) ফোটন (D) নিউট্রন

উত্তর: (C) ফোটন

Note: উপরের ৯নং প্রশ্নের ব্যাখ্যা দেখুন।

১২. কোন কণার বিনিময়ের কারণে তড়িৎ চৌম্বকীয় বল ক্রিয়াশীল হয়? [ডে: ভ: প: ২০১৬-১৭]

- (A) বোসন (B) ফোটন  
(C) মেসন (D) গ্র্যাভিটন

উত্তর: (B) ফোটন

Note: উপরের ৯নং প্রশ্নের ব্যাখ্যা দেখুন।

১৩. তড়িৎ চৌম্বক বলের ক্ষেত্রে নিম্নের কোন কণা কাজ করে? [ডে: ভ: প: ২০১২-১৩]

- (A) গ্র্যাভিটন (B) গামা  
(C) বিটা (D) ফোটন

উত্তর: (D) ফোটন

Note: উপরের ৯নং প্রশ্নের ব্যাখ্যা দেখুন।

১৪. যদি মহাকর্ষ বলের সূচক হয় ১, তবে সবল নিউক্লীয় বলের আপেক্ষিক সবলতা কত? [ডে: ভ: প: ০৫-০৬]

- (A)  $10^{10}$  (B)  $10^{41}$   
(C) 1 (D)  $10^{39}$

উত্তর: (B)  $10^{41}$

ব্যাখ্যা:

Note: উপরের ৯নং প্রশ্নের ব্যাখ্যা দেখুন।

১৫. তেজস্ক্রিয় ঘটনার জন্যে দায়ী কোনটি? (B) তড়িৎ চৌম্বক বল (D) সবল নিউক্লীয় বল

- (A) মহাকর্ষ বল  
(C) দুর্বল নিউক্লীয় বল

উত্তর: (C) দুর্বল নিউক্লীয় বল

ব্যাখ্যা: তেজস্ক্রিয় নিউক্লিয়াস থেকে যখন বিটা কণা নির্গত হয় তখন একই সাথে তেজস্ক্রিয় নিউক্লিয়াস থেকে যে পরিমাণ শক্তি নির্গত হয় তা বিটা কণার গতিশক্তির চেয়ে বেশি। ১৯৩০ সালে ডব্লিউ. পাউলি (W. Pauli) প্রস্তাব করেন যে অবশিষ্ট শক্তি অন্য এক ধরনের কণা বহন করে যা বিটা কণার সঙ্গেই নির্গত হয়। এই কণাকে বলা হয় নিউট্রিনো (neutrino)। এই  $\beta$ -কণা এবং নিউট্রিনো কণার নির্গমন চতুর্থ একটি মৌলিক বলের কারণে ঘটে যাকে বলা হয় দুর্বল নিউক্লীয় বল। এই বল সবল নিউক্লীয় বল তড়িৎ-চুম্বকীয় বলের তুলনায় খুবই দুর্বল। এই বলের কারণে অসংখ্য নিউক্লিয়াসের ভাঙ্গন প্রক্রিয়া সংঘটিত হয়।

[Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ৪.১, পৃষ্ঠা: ২১৯]

১৬. তেজস্ক্রিয় নিউক্লিয়াস থেকে নিচের কোন রশ্মি নির্গত হয় না? (B)  $\beta$ -রশ্মি (D) X-রশ্মি

- (A)  $\alpha$ -রশ্মি  
(C)  $\gamma$ -রশ্মি

উত্তর: (D) X-রশ্মি

Note: পূর্বের ১৫নং প্রশ্নের ব্যাখ্যা দেখুন।

১৭. ইউরেনিয়াম, থোরিয়াম ইত্যাদি মৌলিক পদার্থের তেজস্ক্রিয় ভাঙ্গন ঘটে কোন বলের কারণে? (B) তড়িৎ-চৌম্বক বল (D) দুর্বল নিউক্লীয় বল

- (A) মহাকর্ষ বল  
(C) সবল নিউক্লীয় বল

উত্তর: (D) দুর্বল নিউক্লীয় বল

Note: পূর্বের ১৫নং প্রশ্নের ব্যাখ্যা দেখুন।

১০. প্রোটন ও নিউট্রনকে একত্রে আবদ্ধ করে নিউক্লিয়াস তৈরি করে ত্রিল্লের কোন বল? (A) সবল নিউক্লীয় বল (B) মহাকর্ষ বল (C) দুর্বল নিউক্লীয় বল (D) তড়িৎ চৌম্বক বল

- (A) সবল নিউক্লীয় বল (B) মহাকর্ষ বল  
(C) দুর্বল নিউক্লীয় বল (D) তড়িৎ চৌম্বক বল

উত্তর: (A) সবল নিউক্লীয় বল

ব্যাখ্যা: সবল নিউক্লীয় বল: একটি পরমাণুর নিউক্লিয়াস প্রোটন ও নিউট্রন দ্বারা গঠিত। এদেরকে সমষ্টিগতভাবে বলা হয় নিউক্লিয়ন। নিউক্লিয়াসের মধ্যে সমস্ত ধনাত্মক আধানযুক্ত প্রোটনগুলো খুব কাছাকাছি থাকায় এদের মধ্যে কুলম্বের বিকর্ষণ বল প্রবল হওয়া উচিত এবং নিউক্লিয়াস ভেঙ্গে যাওয়ার কথা কিন্তু বাস্তবে অনেক নিউক্লিয়াসই স্থায়ী। নিউক্লিয়নের মধ্যে যে মধ্যাকর্ষণ বল কাজ করে তা এত বর্ধিত যে এই বল কুলম্বের বিকর্ষণ বলকে প্রশমিত করতে পারে না। সুতরাং নিউক্লিয়াসে অবশ্যই অন্য এক ধরনের সবল বল কাজ করে যা নিউক্লিয়াসকে ধরে রাখে। এই বলকে বলা সবল নিউক্লীয় বল। বিজ্ঞানীরা ধারণা যে নিউক্লিয়নের মধ্যে মেসন নামে এক প্রকার কণার পারস্পরিক বিনিময়ের দ্বারা এই বল ক্রিয়াশীল হয়। এই বল আকর্ষণধর্মী এবং নিউক্লিয়াসের বাইরে ক্রিয়াশীল নয়; অর্থাৎ স্বল্প পরিসরে এই বল ক্রিয়াশীল।

[Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ৪.১.১, পৃষ্ঠা: ২১৯]

১৯. প্রোটন ও নিউট্রনকে একত্রে আবদ্ধ করে নিউক্লিয়াস তৈরি করে কোন বল? (A) তড়িৎ-চৌম্বক বল (B) সবল নিউক্লীয় বল (C) দুর্বল নিউক্লীয় বল (D) মহাকর্ষ বল

- (A) তড়িৎ-চৌম্বক বল (B) সবল নিউক্লীয় বল  
(C) দুর্বল নিউক্লীয় বল (D) মহাকর্ষ বল

উত্তর: (B) সবল নিউক্লীয় বল

Note: পূর্বের ১৮নং প্রশ্নের ব্যাখ্যা দেখুন।



২৩) আপেক্ষিক গতিতে পরিভ্রমণরত দুটি আহিত কণার মধ্যে

- (A) তড়িৎ চুম্বকীয় বল  
(B) চৌম্বক বল  
(C) তড়িৎ চুম্বকীয় বল  
(D) কুলম্বের বল

২৪) দুটি আহিত বা চার্জিত বস্তুর মধ্যে এবং দুটি চুম্বক পদার্থের মধ্যে এক ধরনের বল ক্রিয়াশীল থাকে। এদেরকে যথাক্রমে কুলম্বের তড়িৎ এবং চৌম্বক বল বলা হয়। তড়িৎ এবং চৌম্বক বল আকর্ষণ এবং বিকর্ষণ উভয় দিকে হতে পারে। তড়িৎ এবং চৌম্বক বল পরস্পর ঘনিষ্ঠভাবে সম্পর্কিত। আপেক্ষিক গতিতে পরিভ্রমণরত দুটি আহিত কণার মধ্যে ক্রিয়াশীল বলই তড়িৎ চৌম্বকীয় বল। যখন তড়িৎ আধান বা চার্জগুলো গতিশীল হয়, তখন তড়িৎ চৌম্বক ক্ষেত্র সৃষ্টি করে। আবার পরিবর্তী (varying) চৌম্বক ক্ষেত্র তড়িৎ ক্ষেত্র উৎপন্ন হিসেবে কাজ করে। স্থিতিস্থাপক বল, আণবিক গঠন, রাসায়নিক বন্ধন ইত্যাদিতে তড়িৎ-চুম্বকীয় বলের প্রকাশ ঘটে।

[Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ৪.১.১, পৃষ্ঠা: ২১৮]

২৫) কোন প্রকার বলের রাসায়নিক বিক্রিয়ায় বহিঃপ্রকাশ ঘটে?

- (A) তড়িৎ চুম্বকীয় বল  
(B) মহাকর্ষ বল  
(C) সর্বল নিউক্লীয় বল  
(D) দুর্বল নিউক্লীয় বল

২৬) সলাম-ওয়াইনবার্গ-গ্লাশো কোন দুটি বলকে একত্রীভূতকরণে সমর্থ হয়েছেন?

- (A) মহাকর্ষ বল ও সর্বল নিউক্লীয় বল।  
(B) দুর্বল নিউক্লীয় বল ও তাড়িত চৌম্বক বল।  
(C) দুর্বল নিউক্লীয় বল ও মহাকর্ষ বল।  
(D) মহাকর্ষ বল ও তাড়িত চৌম্বক বল।

২৭) সলাম-ওয়াইনবার্গের তত্ত্ব: আব্দুস সালাম, ওয়াইনবার্গ ও গ্লাশো তিনজন বিজ্ঞানী দীর্ঘদিন গবেষণা করে দুর্বল নিউক্লীয় বল এবং তড়িৎ চুম্বকীয় বলের সম্পর্ক স্থাপন করেছেন যা সালাম-ওয়াইনবার্গের তত্ত্ব নামে পরিচিত।

[Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ৪.১.২, পৃষ্ঠা: ২১৯]

২৮) ভরবেগের মাত্রা সমীকরণ নিচের কোনটি? [মে.ভ.প. ২০১৭-১৮]

- (A)  $[MLT^{-1}]$   
(B)  $[MLT^{-2}]$   
(C)  $[ML^2T]$   
(D)  $[ML^2T^{-2}]$

২৯) ভরবেগের মাত্রা সমীকরণ নিচের কোনটি? [মে.ভ.প. ২০১৭-১৮]

- (A)  $kgms^{-1}$   
(B) N  
(C)  $kgms^{-2}$   
(D) Ns

[Ref: ড. তফাজ্জল হোসেন (সংস্করণ-২০১৮), অনু-৪.২, পৃষ্ঠা: ১৯৯]

২৫) বাহ্যিক বল প্রয়োগ না করলে বস্তু সমবেগে সরলরেখায় চলতে থাকে এটি নিচের কোনটিকে সমর্থন করে?

- (A) নিউটনের গতির ১ম সূত্র (B) নিউটনের গতির ২য় সূত্র  
(C) নিউটনের গতির ৩য় সূত্র (D) ভরবেগের নিত্যতা সূত্র

উত্তর: (A) নিউটনের গতির ১ম সূত্র  
ব্যাখ্যা:  
নিউটনের গতিসূত্র:  
প্রথম সূত্র: বাইরে থেকে প্রযুক্ত বল দিয়ে অবস্থার পরিবর্তন করতে বাধ্য না করলে স্থির বস্তু চিরকাল স্থির থাকবে ও গতিশীল বস্তু চিরকাল সমবেগে সরলরেখায় চলতে থাকবে। প্রথম সূত্রকে জড়তার সূত্রও বলা হয়।  
দ্বিতীয় সূত্র: বস্তুর ভরবেগের পরিবর্তনের হার বস্তুর উপর প্রযুক্ত বলের সমানুপাতিক এবং বল যে দিকে প্রযুক্ত হয় ভরবেগের পরিবর্তন সেইদিকে ঘটে।  
তৃতীয় সূত্র: প্রত্যেক ক্রিয়ার সমান ও বিপরীত প্রতিক্রিয়া আছে।

[Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ৪.২, পৃষ্ঠা: ২১৯, ২২০]

২৬) কোন বস্তুর উপর প্রযুক্ত নীট বল শূন্য হলে বস্তুটি সরল পথে—

- (A) সমত্বরণে চলতে থাকে (B) সমমন্দনে চলতে থাকে  
(C) সমদ্রুতিতে চলতে থাকে (D) সমবেগে চলতে থাকে

উত্তর: (D) সমবেগে চলতে থাকে।  
ব্যাখ্যা:  
নীট বল শূন্য হলে বস্তুর গতি: নিউটনের দ্বিতীয় সূত্রানুসারে, কোনো বস্তুর ত্বরণ বস্তুর উপর প্রযুক্ত নীট বলের সমানুপাতিক। অর্থাৎ নীট বল শূন্য হলে ত্বরণও শূন্য হবে। ঐ বস্তুর ত্বরণ থাকবে না। ত্বরণ না থাকলে বস্তু সমবেগে চলে।

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ৪.৫, পৃষ্ঠা: ১৭৪]

২৭) নিউটনের গতির ২য় সূত্র থেকে নিম্নের কোন বিষয়টি জ্ঞানীয় যায় না?

- (A) বলের অভিমুখ (B) বলের পরিমাণ  
(C) বলের গুণগত ধারণা (D) একক বল

উত্তর: (C) বলের গুণগত ধারণা  
ব্যাখ্যা:  
নিউটনের গতির ২য় সূত্র (ভরবেগের সূত্র): ভরবেগের পরিবর্তনের হার বস্তুর উপর প্রযুক্ত বলের সমানুপাতিক। এই বল যে দিকে ক্রিয়া করে ভরবেগের পরিবর্তনও সেদিকে ঘটে।  
নিউটনের ২য় সূত্রের সাহায্যে বলের অভিমুখ, পরিমাণ, গুণগত বৈশিষ্ট্য, ত্বরণের সঙ্গে বলের সম্পর্ক, একক বল, বলের একক ও বলের নিরপেক্ষ নীতি সম্পর্কে জানা যায়। উল্লেখ্য নিউটনের গতির ১ম সূত্রের সাহায্যে বলের গুণগত ধারণা পাওয়া যায়।

[Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ৪.২, পৃষ্ঠা: ২২০]

২৮) জানা বলের একটি গাড়ি সমত্বরণে গতিশীল। গাড়িটির উপর ক্রিয়াশীল শক্তি যথেষ্ট পাওয়া যাবে কোন সূত্র প্রয়োগ করে?

- (A) নিউটনের ১ম সূত্র (B) নিউটনের ২য় সূত্র  
(C) নিউটনের ৩য় সূত্র (D) স্টোকস-এর সূত্র

উত্তর: (B) নিউটনের ২য় সূত্র  
Note: উপরের ২৭নং প্রশ্নের ব্যাখ্যা দেখুন।

২৯) একাধিক বলের ক্ষেত্রে একের ক্রিয়া অন্যের দ্বারা প্রভাবিত হবে না উক্তিটি নিচের কোনটিকে সমর্থন করে?

- (A) বলের ভৌত অনির্ভরশীলতা (B) ভরবেগের সংরক্ষণশীলতা  
(C) লব্ধি বল (D) বলে ঘাত

উত্তর: (A) বলের ভৌত অনির্ভরশীলতা



ব্যাখ্যা:

**বলের ভৌত অনির্ভরশীলতা:** নিউটনের দ্বিতীয় সূত্রানুসারে সময়ের সাথে বলের ভরবেগের পরিবর্তন বলের ক্রিয়া অভিমুখে সংঘটিত হবে। কাজেই বলের ক্রিয়া অভিমুখে বলতে যে ভরবেগ থাকবে সময়ের সাথে তাই শুধু পরিবর্তিত হবে। একাধিক বলের ক্ষেত্রেও একের ক্রিয়া অন্যের দ্বারা প্রভাবিত হবে না। বলের উপর বলের ক্রিয়ার এই বৈশিষ্ট্যকে বলের নিরপেক্ষ নীতি বা ভৌত অনির্ভরশীলতা বলা হয়।

[Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ৪.২.২, পৃষ্ঠা: ২২১]

**৩০** পায়ে হাঁটা নিচের কোন সূত্রের ব্যবহারের অন্তর্গত?

- (A) নিউটনের গতির ১ম সূত্র (B) নিউটনের গতির ২য় সূত্র  
(C) নিউটনের গতির ৩য় সূত্র (D) যান্ত্রিক শক্তির নিত্যতা সূত্র

উত্তর: (C) নিউটনের গতির ৩য় সূত্র

ব্যাখ্যা:

নিউটনের গতির ৩য় সূত্র ও ভরবেগের নিত্যতার উদাহরণ:

- টেবিলের উপর বই থাকা
- ঘোড়ার গাড়ি টানা
- নৌকা থেকে লাফ দেয়া
- নৌকা চালানো
- পায়ে হাঁটা
- রকেটের গতি বা মহাশূন্য অভিযান
- বন্দুক থেকে গুলি ছোড়া।

[Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ৪.৬, পৃষ্ঠা: ২৪২-২৪৩;  
ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ৪.৮, পৃষ্ঠা: ১৯২-১৯৪]

**মনে রাখার Tips / Mnemonic :**

☛ নিউটনের গতির ৩য় সূত্রের ব্যবহার:

☑ টেবিল ঘোরানো পারব।

টেবিল	ঘোরা	নো	পা	র	ব
↓	↓	↓	↓	↓	↓
(i)	(ii)	(iii), (iv)	(v)	(vi)	(vii)

**৩১** নিচের কোনটি সঙ্গতিপূর্ণ নয়?

- (A) নিউটনীয় বলবিদ্যা- 1660  
(B) ম্যাক্সওয়েলের তড়িৎ চৌম্বক তত্ত্ব- 1870  
(C) কোয়ান্টাম বলবিদ্যা-1915  
(D) আইনস্টাইনের আপেক্ষিক তত্ত্ব-1905

উত্তর: (C) কোয়ান্টাম বলবিদ্যা-1915

ব্যাখ্যা:

**কোয়ান্টাম বলবিদ্যা:** পদার্থবিদ্যা একটি ক্রমোন্নতিশীল বিজ্ঞান। দেখা যায় যে, পদার্থবিজ্ঞান ব্যাপক পূর্ণতর হয়ে ওঠে 1660 সালে নিউটনীয় বলবিদ্যা, 1870 সালে ম্যাক্সওয়েলের তড়িৎ চৌম্বক তত্ত্ব, 1905 সালে আইনস্টাইনের আপেক্ষিক তত্ত্ব এবং 1925 সালে কোয়ান্টাম বলবিদ্যা আবিষ্কারের পর থেকে।

[Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ৪.৫, পৃষ্ঠা: ২৩৪]

**৩২** নিচের কোনটির ক্ষেত্রে নিউটনের সূত্র প্রযোজ্য?

- (A) ঘূর্ণনরত কাঠামোতে (B) তাপ সঞ্চালনের ক্ষেত্রে  
(C) মার্বেলের গতির ক্ষেত্রে (D) কোনটিই নয়

উত্তর: (C) মার্বেলের গতির ক্ষেত্রে

ব্যাখ্যা:

নিউটনের সূত্রের সীমাবদ্ধতা:

- কণার ভর যদি খুবই কম হয় (যেমন, ইলেকট্রন, প্রোটন, ফোটন ইত্যাদি) তাহলে সেসব কণার ক্ষেত্রে নিউটনের গতি সূত্রাবলি প্রযোজ্য হবে না। এসব ক্ষেত্রে কোয়ান্টাম বলবিদ্যা (Quantum Mechanics) প্রযোজ্য।

- বস্তুর বেগ যদি খুবই বেশি হয় (আলোর বেগের কাছাকাছি) তাহলে নিউটনের গতি সূত্রাবলি প্রযোজ্য হবে না। এসব ক্ষেত্রে আপেক্ষিকতা তত্ত্ব (Theory of relativity) প্রযোজ্য।
- প্রসঙ্গ কাঠামোকে অবশ্যই জড় প্রসঙ্গ কাঠামো হতে হবে। যেমন, স্থির কাঠামো, সমবেগে গতিশীল কাঠামো ইত্যাদি। অন্যথায় নিউটনের গতি সূত্রাবলি প্রযোজ্য হবে না। যেমন: ঘূর্ণন কাঠামো, ত্বরিত কাঠামো।
- তরল ও গ্যাসকে এক কথায় প্রবাহী (Fluid) বলা হয়। প্রবাহীর ক্ষেত্রে নিউটনের গতি সূত্রাবলি প্রযোজ্য হবে না। এসব ক্ষেত্রে প্রবাহী বলবিদ্যা (Fluid Mechanics) প্রযোজ্য।
- তাপ সঞ্চালনের ক্ষেত্রে নিউটনের গতি সূত্রাবলি প্রযোজ্য হবে না। এক্ষেত্রে তাপগতিবিদ্যা (Thermodynamics) প্রযোজ্য।
- তড়িৎ ক্ষেত্রে চার্জের গতি, চৌম্বক ক্ষেত্রে অণুচুম্বকের গতি ইত্যাদি ক্ষেত্রে নিউটনের গতির সূত্রাবলি প্রযোজ্য হবে না। এসব ক্ষেত্রে কুলম্বের সূত্র (Coulomb's Law), লরেঞ্জ সূত্র (Lorentz Law) ইত্যাদি প্রযোজ্য।

[Ref: ড. তফাজ্জল হোসেন (সংস্করণ-২০১৮), অনু: ৪.৭, পৃষ্ঠা: ২০৬]

**৩৩** খুব অল্প সময়ের জন্য খুব বড় মানের যে বল কোন বস্তুর উপর প্রযুক্ত হয় তাকে কী বলে?

- (A) বলের ঘাত (B) ঘাত বল  
(C) লক্কি বল (D) সবল বল

উত্তর: (B) ঘাত বল

ব্যাখ্যা:

**ঘাত বল:** খুব অল্প সময়ের জন্য খুব বড় মানের যে বল কোন বস্তুর উপর প্রযুক্ত হয় তাকে ঘাত বল বলে। যেমন: ক্যারাম খেলার স্ট্রাইকার দিয়ে গুটিকে আঘাত করা, ক্রিকেট বা টেবিল টেনিস খেলার ব্যাট দিয়ে বলকে আঘাত করা, হাতুড়ি দিয়ে পেরেক ঠোকা, বাদ্যযন্ত্রের তারে আঘাত করা, র্যাকেট দিয়ে টেনিস বলে আঘাত করা, ইলেকট্রিক সুইচ অফ বা অন করা ইত্যাদি।

ঘাত বলের পরিমাণ = বলের ঘাত + সময়।

[Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ৪.২, পৃষ্ঠা: ২২৪]

**৩৪** কোনটি ঘাত বলের উদাহরণ নয়?

- (A) ফুটবলে কিক করা (B) কেন্দ্রমুখী বল  
(C) হাতুড়ি দিয়ে পেরেক ঠোকা (D) বাদ্যযন্ত্রের তারে আঘাত করা

উত্তর: (B) কেন্দ্রমুখী বল

Note: পূর্বের ৩৩নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

**৩৫** কোনো বল ও বলের ক্রিয়াকালের গুণফলকে কী বলে?

- (A) ঘাত বল (B) বলের ঘাত  
(C) নীট বল (D) লক্কি বল

উত্তর: (B) বলের ঘাত

ব্যাখ্যা:

**বলের ঘাত:** কোনো বল ও বলের ক্রিয়াকালের গুণফলকে ঐ বলের ঘাত (impulse of force) বলা হয়। বলের ঘাত বস্তুর ভরবেগের পরিবর্তনের সমান।

[Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ৪.২, পৃষ্ঠা: ২২৪]

**৩৬** বল ও বলের ক্রিয়াকালের গুণফলকে কী বলে?

- (A) ঘাত বল (B) ড্রামক [ডে: ভ: প: ২০১৮-১৯]  
(C) শক্তি (D) বলের ঘাত

উত্তর: (D) বলের ঘাত

Note: পূর্বের ৩৫নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

**৩৭** জ্বালানী হিসেবে রকেটে কী ব্যবহৃত হয়?

- (A) তরল H<sub>2</sub> (B) H<sub>2</sub>  
(C) O<sub>2</sub> (D) তরল O<sub>2</sub>

উত্তর: (A) তরল H<sub>2</sub>

রকেটের চালানী: জ্বালানী হিসেবে রকেটে সাধারণত তরল হাইড্রোজেন এবং তরল অক্সিজেন থাকে। বিশেষ প্রক্রিয়ায় এবং নিয়ন্ত্রিত হারে হাইড্রোজেন ও অক্সিজেনকে দহন প্রকোষ্ঠে প্রবেশ করানো হয়। দহন ক্রিয়ার ফলে উৎপন্ন উচ্চচাপের গ্যাস অত্যন্ত উচ্চবেগে নিচের দিকে নির্গমন পথ দিয়ে বেরিয়ে আসে। রকেট থেকে গ্যাস নির্গত হলে গ্যাসের গতির বিপরীত দিকে রকেটের উপর একটি বল বা ঠেল পড়ি হয়, ফলে রকেট দ্রুত গতিতে সামনের দিকে এগিয়ে যায়।  
[Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ৪.৪, পৃষ্ঠা: ২৩২]


৩৮. দহনের জন্য রকেটে কী ব্যবহৃত হয়?  
A) তরল He (B) তরল O<sub>2</sub>  
C) তরল N<sub>2</sub> (D) তরল H<sub>2</sub>

উত্তর: (B) তরল O<sub>2</sub>  
[Note: উপরের ৩৭নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।]

৩৯. রকেটের গতির ক্ষেত্রে নিম্নের কোনটি সঠিক নয়?

- A) রকেটের ভর কমালে ত্বরণ বাড়ে
- B) গ্যাস নির্গমনের হার বাড়লে ত্বরণ বাড়ে
- C) গ্যাসের আপেক্ষিক বেগ বৃদ্ধি পেলে ত্বরণ কমে
- D) রকেটে সাহায্যে 11.2 kms<sup>-1</sup> বেগ অর্জন সম্ভব

উত্তর: (C) গ্যাসের আপেক্ষিক বেগ বৃদ্ধি পেলে ত্বরণ কমে



রকেটের ত্বরণের সমীকরণটি হল—>

$$v = \frac{1}{M} \left( \frac{\Delta m}{\Delta t} \right) V$$

৩৯. রকেটের ত্বরণ  
M = রকেটের ভর

$\frac{\Delta m}{\Delta t}$  = জ্বালানী ব্যবহারের হার

- ৩৯. নির্গত গ্যাসের আপেক্ষিক বেগ।
- ৩৯. ত্বরণের সমীকরণটি থেকে বুঝা যায় যে
- ৩৯. রকেটের ভর কমালে ত্বরণ বৃদ্ধি পায়।
- ৩৯. গ্যাস নির্গমনের হার বাড়লে রকেটের ত্বরণ বৃদ্ধি পায়।
- ৩৯. নির্গত গ্যাসের আপেক্ষিক বেগ বৃদ্ধি করলে ত্বরণ বৃদ্ধি পাবে।
- ৩৯. রকেটের সাহায্যে মুক্তি বেগের সমান বেগ, অর্থাৎ 11.2 kms<sup>-1</sup> বেগ অর্জন সম্ভব। একারণে রকেটের সাহায্যে অভিকর্ষজ ত্বরণের বাধা কাটিয়ে মহাশূন্যে অভিযান সফল হয়েছে।

[Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ৪.৪, পৃষ্ঠা: ২৩২]

৪০. কোন গ্যাসের আপেক্ষিক বেগ বেশী হলে, ঐ গ্যাসের ত্বরণের অবস্থার কি পরিবর্তন হবে?  
[মে: ড: প: ২০১৮-১৯]

- A. ত্বরণ শূন্য হবে
- B. ত্বরণ অপরিবর্তিত থাকবে
- C. ত্বরণ বৃদ্ধি পাবে
- D. ত্বরণ হ্রাস পাবে


উত্তর: C. ত্বরণ বৃদ্ধি পাবে  
[Note: উপরের ৩৯ নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।]

৪১. ঘোড়ার গাড়ী সামনে এগিয়ে যায় নিম্নের কোন বলের প্রভাবে?

- (A) ভূমির প্রতিক্রিয়া বলের অনুভূমিক উপাংশের সাহায্যে।
- (B) ভূমির প্রতিক্রিয়া বলের উল্লম্ব উপাংশের সাহায্যে।
- (C) ঘোড়ার প্রযুক্ত বলের অনুভূমিক উপাংশের সাহায্যে।
- (D) ঘোড়ার প্রযুক্ত বলের উল্লম্ব উপাংশের সাহায্যে।

উত্তর: (A) ভূমির প্রতিক্রিয়া বলের অনুভূমিক উপাংশের সাহায্যে।

ব্যাখ্যা: ঘোড়ার গাড়ির চলাচল: ঘোড়ার এগোবার জন্যে পা দ্বারা তীর্যকভাবে মাটিতে আঘাত করে ফলে ভূমিও একটা সমান প্রতিক্রিয়া বল ঘোড়ার পায়ের উপর প্রয়োগ করে, এ প্রতিক্রিয়া বল অনুভূমিক ও উল্লম্ব উপাংশে বিভক্ত হয়ে যায়। উল্লম্ব উপাংশ ঘোড়ার ওজনকে বহন করে আর অনুভূমিক উপাংশ ঘোড়াকে সামনের দিকে এগিয়ে নিতে চেষ্টা করে। যদি অনুভূমিক উপাংশ গাড়ির চাকা ও ভূমির মধ্যকার ঘর্ষণ বলের চেয়ে বেশি হয় তাহলেই শুধু গাড়িটি সামনের দিকে এগোবে।



ঘোড়ার সাহায্যে গাড়ি টানা

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ৪.৮, পৃষ্ঠা: ১৯৩]

৪২. বলের ঘাত পরিবর্তনের হারকে কি বলে?

- (A) ভরবেগ
- (B) বল
- (C) ত্বরণ
- (D) বেগ

উত্তর: (B) বল

ব্যাখ্যা:

বলের ঘাত: আমরা জানি,  $J = F \times t \Rightarrow F = \frac{J}{t}$

∴ বলের ঘাতের পরিবর্তনের হারকে বল বলে।

[Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ৪.২, পৃষ্ঠা: ২২৪]

৪৩. মহাকর্ষীয় প্রাবল্যের একক কোনটি?

- (A) Nkg<sup>-1</sup>
- (B) Nkg<sup>-2</sup>
- (C) Nkg<sup>-3</sup>
- (D) Nm<sup>-2</sup>

উত্তর: (A) Nkg<sup>-1</sup>

ব্যাখ্যা:

মহাকর্ষীয় প্রাবল্য: মহাকর্ষীয় ক্ষেত্রের যেকোনো বিন্দুতে একটি একক ভর (unit mass) রাখলে ঐ ভরের উপর যে বল ক্রিয়া করে, তাকে ঐ বিন্দুতে মহাকর্ষীয় ক্ষেত্রের প্রাবল্য বা তীব্রতা বলে। মহাকর্ষীয় ক্ষেত্রের কোন বিন্দুতে m ভরের বস্তুর উপর F বল ক্রিয়া করলে মহাকর্ষীয় ক্ষেত্রের তীব্রতা বা প্রাবল্য,

$$E = \frac{F}{m}$$

একক: মহাকর্ষীয় প্রাবল্যের একক =  $\frac{\text{বলের একক}}{\text{ভরের একক}} = \text{Nkg}^{-1}$

[Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ৪.৭, পৃষ্ঠা: ২৩৬]



- ৪৪ কোন বস্তুর জড়তার ভ্রামক নির্ভর করে এর-  
 (A) ভর এবং ঘূর্ণন অক্ষের উপর (B) আয়তনের উপর  
 (C) কৌণিক বেগের উপর (D) কৌণিক ভরবেগের উপর  
 উত্তর: (A) ভর এবং ঘূর্ণন অক্ষের উপর  
 Note: উপরের ৪৩ নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

- ৪৫ ঘূর্ণনরত কোন বস্তুকণার ব্যাসার্ধ ভেক্টর এবং রৈখিক ভরবেগের ভেক্টর গুণফলকে কী বলে?  
 (A) চক্রগতির ব্যাসার্ধ (B) কৌণিক ভরবেগ  
 (C) জড়তার ভ্রামক (D) কৌণিক সরণ  
 উত্তর: (B) কৌণিক ভরবেগ  
 ব্যাখ্যা:

কৌণিক ভরবেগ: ঘূর্ণনরত কোন বস্তুকণার ব্যাসার্ধ ভেক্টর এবং রৈখিক ভরবেগের ভেক্টর গুণফলকে কৌণিক ভরবেগ বলে। এটি একটি ভেক্টর রাশি।  
 রৈখিক ভরবেগ  $\vec{P}$  এবং ব্যাসার্ধ ভেক্টর  $\vec{r}$  হলে কৌণিক ভরবেগ,  $\vec{L} = \vec{r} \times \vec{P}$ ।  
 একক:  $\text{Kg} \cdot \text{m}^2 \cdot \text{s}^{-1}$   
 মাত্রা:  $[\text{ML}^2\text{T}^{-1}]$   
 [Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ৪.১৮, পৃষ্ঠা: ২৫০]

- ৪৬ কৌণিক ভরবেগের একক কোনটি? [সি.বি. (ক-ইউনিট)-২০১৮-১৯]  
 (A)  $\text{kg} \cdot \text{m}^2 \cdot \text{s}^{-1}$  (B)  $\text{kg} \cdot \text{ms}^{-2}$   
 (C)  $\text{kg} \cdot \text{ms}^{-1}$  (D)  $\text{kg} \cdot \text{m}^2 \cdot \text{s}^{-2}$   
 উত্তর: (A)  $\text{kg} \cdot \text{m}^2 \cdot \text{s}^{-1}$   
 Note: উপরের ৪৫নং প্রশ্নের ব্যাখ্যা দেখুন।

- ৪৭ কোনটি কৌণিক ভরবেগের সংরক্ষণ সূত্র?  
 (A)  $L = \text{ধ্রুবক}$  (B)  $P = \text{ধ্রুবক}$   
 (C)  $\tau = \text{ধ্রুবক}$  (D)  $F = \text{ধ্রুবক}$   
 উত্তর: (A)  $L = \text{ধ্রুবক}$   
 ব্যাখ্যা:  
 কৌণিক ভরবেগের সংরক্ষণ সূত্র:

ক্রিয়াশীল টর্ক  $\tau = \frac{dL}{dt}$   
 কৌণিক ভরবেগের সংরক্ষণ সূত্রানুসারে বহিঃস্থ টর্ক ক্রিয়াশীল হয় না  
 অর্থাৎ  $\frac{dL}{dt} = 0$   
 $\therefore L = \text{ধ্রুবক}$   
 [Ref: ড. আমির হোসেন খান (সংস্করণ-২০১৮), অনু: ৪.১৭, পৃষ্ঠা: ১৭২]

- ৪৮ কোনটি রৈখিক ভরবেগের সংরক্ষণ সূত্র?  
 (A)  $L = \text{ধ্রুবক}$  (B)  $P = \text{ধ্রুবক}$   
 (C)  $\tau = \text{ধ্রুবক}$  (D)  $F = \text{ধ্রুবক}$   
 উত্তর: (B)  $P = \text{ধ্রুবক}$   
 ব্যাখ্যা:  
 রৈখিক ভরবেগের সংরক্ষণ সূত্র:

বস্তুর উপর ক্রিয়ারত বল  $F = \frac{dp}{dt}$   
 রৈখিক ভরবেগের সংরক্ষণের নীতি অনুযায়ী বস্তুর বাহ্যিক বল ক্রিয়া করে না  
 অর্থাৎ  $F = \frac{dp}{dt} = 0$   
 $\therefore p = \text{ধ্রুবক}$   
 [বি.দ্র.: ধ্রুবক সংখ্যাকে অন্তরীকরণ করলে এর মান শূন্য হয়।]  
 [Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ৪.৭, পৃষ্ঠা: ১৯১]

- ৪৮ কোণ সম্পর্কে কোন তথ্যটি সঠিক নয়?  
 [মে: জ: প: ২০১১-১২; ২০০৮-০৯]  
 (A) কৌণিক বেগের মাত্রা  $T^{-1}$  (B) কৌণিক বেগের একক  $s^{-1}$   
 (C) রৈখিক বেগের মাত্রা  $LT^{-1}$  (D) রৈখিক বেগের একক  $ms^{-1}$   
 উত্তর: (B) কৌণিক বেগের একক  $s^{-1}$   
 Note: উপরের ৪৮নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

- ৫০ যন্ত্রবিদ্যায় ব্যবহৃত কৌণিক বেগের একক নিচের কোনটি?  
 (A) gradian/sec (B) rad/sec  
 (C) degree/second (D) revolution/minute  
 উত্তর: (D) revolution/minute  
 ব্যাখ্যা:  
 কৌণিক বেগের একক: সাধারণত কৌণিক বেগকে রেডিয়ান/সেকেন্ড (radian/sec বা সংক্ষেপে rad/s) এককে প্রকাশ করা হয়। যন্ত্রবিদ্যা বা ইঞ্জিনিয়ারিং-এ আরেকটি একক প্রচলিত আছে। এর নাম আর্টার্ন/মিনিট (revolution per minute সংক্ষেপে rpm)।  
 [Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ৪.১৪.২, পৃষ্ঠা: ২৪৯]

- ৫১ কৌণিক ত্বরণের মাত্রা নিচের কোনটি?  
 (A)  $[T^{-1}]$  (B)  $[T^{-2}]$   
 (C)  $[LT^{-1}]$  (D)  $[LT^{-2}]$   
 উত্তর: (B)  $[T^{-2}]$   
 ব্যাখ্যা:  
 কৌণিক ত্বরণ: সময়ের সাপেক্ষে কৌণিক বেগের হারকে কৌণিক ত্বরণ বলে। কৌণিক ত্বরণ,  $\alpha = \frac{d\omega}{dt}$   
 কৌণিক ত্বরণের মাত্রা:  $[T^{-2}]$   
 কৌণিক ত্বরণের একক:  $\text{rads}^{-2}$   
 রৈখিক ত্বরণের সাথে সম্পর্ক: রৈখিক ত্বরণ = কৌণিক ত্বরণ  $\times$  ব্যাসার্ধ  
 [Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ৪.১৬, পৃষ্ঠা: ২৪৮]

- ৫২ কোন উক্তিটি সঠিক?  
 [মে: জ: প: ৯৯-০০]  
 (A) রৈখিক ত্বরণ = কৌণিক ত্বরণ  $\times$  ব্যাসার্ধ  
 (B) রৈখিক ত্বরণ =  $\frac{1}{2}$  কৌণিক ত্বরণ  $\times$  ব্যাসার্ধ  
 (C) রৈখিক ত্বরণ = কৌণিক ত্বরণ  $\times$  ব্যাসার্ধ<sup>২</sup>  
 (D) রৈখিক ত্বরণ = কৌণিক ত্বরণ  $\times \frac{1}{2}$  ব্যাসার্ধ  
 উত্তর: (A) রৈখিক ত্বরণ = কৌণিক ত্বরণ  $\times$  ব্যাসার্ধ  
 Note: উপরের ৫১নং প্রশ্নের ব্যাখ্যা দেখুন।

- ৫৩ কৌণিক গতির কোন সূত্র হতে টর্কের সংজ্ঞা পাওয়া যায়?  
 (A) ১ম সূত্র (B) ২য় সূত্র  
 (C) ৩য় সূত্র (D) ৪র্থ সূত্র  
 উত্তর: (A) ১ম সূত্র  
 ব্যাখ্যা:  
 কৌণিক গতির সূত্র: কৌণিক গতি সংক্রান্ত নিউটনের গতিসূত্র-  
 ১ম সূত্র : বাহ্যিক টর্ক ক্রিয়া না করলে, স্থির বস্তু স্থির থাকে এবং ঘূর্ণনরত বস্তু সম-কৌণিক বেগে ঘুরতে থাকে। এই সূত্র থেকে টর্কের সংজ্ঞা দেওয়া যায়।  
 টর্কের সংজ্ঞা : টর্ক প্রয়োগে স্থির বস্তু ঘুরবার প্রয়াস প্রায় এবং ঘূর্ণনরত বস্তু কৌণিক বেগ পরিবর্তিত হয়। একে  $\tau$  দ্বারা প্রকাশ করা হয়। এর মাত্রা হচ্ছে  $\text{ML}^2\text{T}^{-2}$  এবং একক হচ্ছে Nm।  
 ২য় সূত্র : ঘূর্ণনরত বস্তুর কৌণিক ভরবেগের পরিবর্তনের হার প্রযুক্ত টর্কের সমান। কৌণিক ভরবেগের পরিবর্তন প্রযুক্ত টর্কের দিকে ঘটে।  
 ৩য় সূত্র : একটি বস্তু অপর একটি বস্তুর উপর টর্ক প্রয়োগ করলে, দ্বিতীয় বস্তুটিও প্রথম বস্তুর উপর সমমানের এবং বিপরীতমুখী টর্ক প্রয়োগ করে।  
 [Ref: ড. তফাজ্জল হোসেন (সংস্করণ-২০১৮), অনু: ৪.১৩ পৃষ্ঠা: ২২৩-২২৪]

৫৪ টর্কের মাত্রা কোনটি?

- (A)  $ML^2T^{-2}$  (B)  $ML^2T^{-2}$   
(C)  $M^2LT^{-2}$  (D)  $ML^{-2}T^2$

উত্তর: (B)  $ML^2T^{-2}$   
Note: উপরের ৫৩নং প্রশ্নের ব্যাখ্যা দেখুন।

৫৫ বলের ভ্রামকের মাত্রা নিচের কোনটি?

- (A)  $[ML^2T^{-1}]$  (B)  $[ML^2T^{-2}]$   
(C)  $[ML^2T^{-3}]$  (D)  $[MLT^{-1}]$

উত্তর: (B)  $[ML^2T^{-2}]$   
Note: উপরের ৫৩ নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

৫৬ সার্কাসের ট্র্যাপিজ খেলার মূলনীতি নিচের কোনটি?

- (A) নিউটনের ১ম সূত্র (B) নিউটনের ২য় সূত্র  
(C) নিউটনের ৩য় সূত্র (D) কৌণিক ভরবেগের সংরক্ষণ সূত্র

উত্তর: (B) নিউটনের ২য় সূত্র  
ব্যাখ্যা: কৌণিক ভরবেগের সংরক্ষণ সূত্র: কোন বস্তুর উপর টর্কের লব্ধি শূন্য হলে বস্তুর কৌণিক ভরবেগ সংরক্ষিত থাকে। এক্ষেত্রে ঘূর্ণায়মান বস্তুর কৌণিক ভরবেগের পরিবর্তন হবে না।

উদাহরণ: সার্কাসে ট্র্যাপিজ খেলা এক্ষেত্রে খেলোয়াড়রা শূন্য নানারকম কসরৎ দেখায়। সেখানে থেকে লাফ দেয়ার সময় খেলোয়াড়ের হাত ও পা সোজা প্রসারিত থাকে। এই সময় তার কৌণিক বেগ খুব কম থাকে। এবার হাত ও পা গুটিয়ে বুকের কাছে আনলে খেলোয়াড়ের কৌণিক বেগ বেড়ে যায়; ফলে তার পক্ষে শূন্যে পূর্ণ ডিগবাজী খাওয়া সম্ভব হয়। হাত পা গুটিয়ে নেয়ার জন্য খেলোয়াড়টির জড়তার ভ্রামক (I) কমে যায়; কিন্তু তার কৌণিক ভরবেগ L = Iω ধ্রুব থাকে বলে I কমে যাওয়ায় কৌণিক বেগ ω বেড়ে যায়।  
[Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ৪.১৭, পৃষ্ঠা: ২৫২]



৫৭ যখন কোনো কণার উপর প্রযুক্ত টর্ক শূন্য, তখন নিচের কোন রাশিটি ধ্রুবক হয়?

- (A) বল (B) কৌণিক ভরবেগ  
(C) রৈখিক ভরবেগ (D) বলের ঘাত

উত্তর: (B) কৌণিক ভরবেগ  
Note: উপরের ৫৬নং প্রশ্নের ব্যাখ্যা দেখুন।

৫৮ যখন কোনো ব্যবস্থার উপর প্রযুক্ত মোট বাহ্যিক বল শূন্য হয়, তখন নিচের কোন রাশিটির কোনো পরিবর্তন হয় না?

- (A) ব্যবস্থার বলের ঘাত (B) ব্যবস্থার কৌণিক ভরবেগ  
(C) ব্যবস্থার রৈখিক ভরবেগ (D) ব্যবস্থার ঘাত বল

উত্তর: (C) ব্যবস্থার রৈখিক ভরবেগ  
Note: উপরের ৫৬নং প্রশ্নের ব্যাখ্যা দেখুন।

৫৯ বলের ক্রিয়ারেখা ঘূর্ণন অক্ষের সমান্তরালে হলে, টর্ক—  
(A) শূন্য হয় (B) কম হয়  
(C) অসীম হয় (D) বেশি হয়

উত্তর: (A) শূন্য হয়

ব্যাখ্যা: টর্কের মান বেশি হলে ঘূর্ণন বেশি হয়। বলের ক্রিয়ারেখা যদি ঘূর্ণন অক্ষকে ছেদ করে টর্ক শূন্য হবে এবং বস্তুটি ঘুরবে না। বলের ক্রিয়ারেখা যদি ঘূর্ণন-অক্ষের সমান্তরাল হয়, তাহলে ঘূর্ণন-অক্ষের লম্ব দিকে অবস্থিত তুল বরাবর এর উপাংশ শূন্য হবে। এ ক্ষেত্রেও টর্ক শূন্য হবে এবং বস্তুটি ঘুরবে না।  
[Ref: ড. তফাজ্জল হোসেন (সংস্করণ-২০১৮), অনু: ৪.১২, পৃষ্ঠা: ২২০-২২১]

৬০ নিচের কোনটি সার্বজনীন নীতি?

- (A) কৌণিক ভরবেগের নিত্যতা সূত্র (B) নিউটনের মহাকর্ষ সূত্র  
(C) নিউটনের ৩য় সূত্র (D) নিউটনের ১ম সূত্র

উত্তর: (A) কৌণিক ভরবেগের নিত্যতা সূত্র  
ব্যাখ্যা: কৌণিক ভরবেগের নিত্যতা সূত্র: কৌণিক ভরবেগের নিত্যতার সূত্র একটি সার্বজনীন সূত্র। এই সূত্র পারমাণবিক ও নিউক্লীয় ক্ষেত্রে যেমন ঘটে, তেমনি নভোমণ্ডলীয় বেৎ আমাদের ইন্দ্রিয়গ্রাহ্য ছুঁল জগতের ক্ষেত্রেও প্রযোজ্য। অপর পক্ষে নিউটনীয় বলবিদ্যা পারমাণবিক ও নিউক্লীয় এলাকায় প্রযোজ্য হয় না। কাজেই নিউটনীয় বলবিদ্যার চেয়ে কৌণিক ভরবেগের এই নিত্যতার সূত্র অধিকতর মৌলিক।  
কৌণিক ভরবেগের নিত্যতা পারমাণবিক ও নিউক্লীয় পদার্থবিজ্ঞানে এবং নভোমণ্ডলীয় বিভিন্ন সমস্যা সংক্রান্ত তথ্যাদি-মূল্যায়নে মুখ্য ভূমিকা পালন করে। তাই কৌণিক ভরবেগের নিত্যতা সূত্রকে সার্বজনীন নীতি বলে।  
[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ৪.২০, পৃষ্ঠা: ২১৩]

৬১ ঘূর্ণনের গতির ক্ষেত্রে— “একটি নক্ষত্র থেকে গ্রহকে সংযোগকারী সরলরেখা সমান সময়ে সমান ক্ষেত্রফল অতিক্রম করে”— এটি কোন নীতির সরাসরি ফলাফল? [চা.বি. (ক-ইউনিট)-২০১৮-১৯]

- (A) শক্তির সংরক্ষণ নীতি।  
(B) ভরবেগের সংরক্ষণ নীতি।  
(C) কৌণিক-ভরবেগের সংরক্ষণ নীতি।  
(D) ভরের সংরক্ষণ নীতি।

উত্তর: (C) কৌণিক-ভরবেগের সংরক্ষণ নীতি।  
Note: পূর্বের ৬০ নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

৬২ কেন্দ্রবিমুখী বলের ধারণা নিচের কোনটি পাওয়া যায়?


- (A) নিউটনের ১ম সূত্র (B) নিউটনের ২য় সূত্র  
(C) নিউটনের ৩য় সূত্র (D) ভরবেগের সংরক্ষণ সূত্র

উত্তর: (C) নিউটনের ৩য় সূত্র  
ব্যাখ্যা: কেন্দ্রবিমুখী বল: কোনো বস্তুকে বৃত্তাকার পথে ঘুরাতে ঐ বস্তুর উপর যে বল প্রয়োগ করা হয় তাই হচ্ছে কেন্দ্রবিমুখী বল। নিউটনের তৃতীয় সূত্রানুসারে এই বলের প্রতিক্রিয়ারূপে যে বল বৃত্তের কেন্দ্রের উপর ব্যাসার্ধ বরাবর কেন্দ্রের বাইরের দিকে ক্রিয়া করে তাকে কেন্দ্রবিমুখী বল বলে। সুতরাং, নিউটনের ৩য় সূত্রের সাহায্যে কেন্দ্রবিমুখী বলের ধারণা পাওয়া যায়।  
[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ৪.২১, পৃষ্ঠা: ২১৫]

৬৩ ব্যাকিং কোণের রাশিমালা কোনটি?

- (A)  $\tan\theta = \frac{v^2}{rg}$  (B)  $\cos\theta = \frac{v^2}{rg}$   
(C)  $\tan\theta = \frac{v}{r^2g}$  (D)  $\sin\theta = \frac{v}{r^2g}$

উত্তর: (A)  $\tan\theta = \frac{v^2}{rg}$



ব্যাখ্যা:

**ব্যাংকিং কোণ:** কোনো মোটর বা রেলগাড়ি যখন কোনো রাস্তায় বাঁক নেয় তখন এ বাঁকা পথে ঘুরার জন্য একটি কেন্দ্রমুখী বলের প্রয়োজন হয়। এ কেন্দ্রমুখী বল না পাওয়া গেলে গাড়ি জড়তার জন্য বাঁকা পথের স্পর্শক বরাবর চলে যাবে। এজন্য বাঁকের মুখে রাস্তার তলকে অনুভূমিক তলের সাথে হেলিয়ে রাখতে হয়। যাতে রাস্তার বাইরের দিক ভেতরের দিকের চেয়ে কিছু উঁচুতে থাকে। এতে করে বাইরের দিকে ভিতরের দিকের চেয়ে উঁচু থাকে। একে ব্যাংকিং বলে।

অনুভূমিক রেখার সাথে ঐ জায়গায় দুই পাশে যে কোণ উৎপন্ন করে তাকে ব্যাংকিং কোণ বলে।

$$\text{ব্যাংকিং কোণ, } \theta \text{ হলে, } \tan\theta = \frac{v^2}{rg}$$

$v =$  গাড়ির দ্রুতি  
 $r =$  বৃত্তাকার পথের ব্যাসার্ধ  
 $g =$  অভিকর্ষজ ত্বরণ

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ৪.২২, পৃষ্ঠা: ২১৭]

**৬৪** কোন উজ্জ্বল সঠিক নয়?

[মে: ড: প: ৯৯-০০]

- (A) কেন্দ্রমুখী ও কেন্দ্রবিমুখী বল দু'টি ভিন্ন বস্তুর উপর ক্রিয়া করে।  
 (B) বলের মোমেন্টামকে ভরবেগ বলে।  
 (C) সমবেগে চলমান বস্তুর ত্বরণ থাকে না।  
 (D) বৃত্তাকার পথে সমদ্রুতিতে চললে বস্তুর নেয়া হয়েছে। লক্ষ্য করুন-

উত্তর: (B) বলের মোমেন্টামকে ভরবেগ বলে।

ব্যাখ্যা:

**কেন্দ্রমুখী বল:** কেন্দ্রমুখী বল হচ্ছে ক্রিয়া এবং কেন্দ্রবিমুখী বল হচ্ছে প্রতিক্রিয়া বল। ক্রিয়া ও প্রতিক্রিয়া কোনো সময়ই একই বস্তুর উপর প্রযুক্ত হয় না। তাই কেন্দ্রমুখী ও কেন্দ্রবিমুখী বল দুটি ভিন্ন বস্তুর উপর প্রযুক্ত হয়। বলের ভ্রামককে টর্ক বলা হয়।

[Ref: ড. আমির হোসেন খান(সংস্করণ-২০১৮), অনু: ৪.১৮, পৃষ্ঠা: ১৭৩]

সমবেগে চললে বেগের পরিবর্তন না হওয়ায় বস্তুর কোনো ত্বরণ থাকে না। বস্তু সমদ্রুতিতে বৃত্তাকার পথের পরিধি বরাবর ঘূর্ণনরত থাকলে বেগের মানের কোনো পরিবর্তন হয় না। কিন্তু বৃত্তাকার পথের প্রতিটি বিন্দুতে বেগের দিক ঐ বিন্দুতে অঙ্কিত স্পর্শক বরাবর হয়। অর্থাৎ সর্বদা বেগের দিকের পরিবর্তন হয়। ফলে বেগের পরিবর্তন হয় তাই বলা যায় বৃত্তাকার পথে সমদ্রুতিতে চলমান বস্তুর ত্বরণ থাকে।

[Ref: ড. শাহজাহান তপন(বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ৩.৬, পৃষ্ঠা: ২০৭]

**৬৫** জড়তার ভ্রামক সংক্রান্ত কয়টি উপপাদ্য রয়েছে?

- (A) দুইটি (B) তিনটি  
 (C) চারটি (D) পাঁচটি

উত্তর: (A) দুইটি

ব্যাখ্যা:

জড়তার ভ্রামক সংক্রান্ত উপপাদ্য: জড়তার ভ্রামক সংক্রান্ত দুইটি উপপাদ্য রয়েছে। যথা:

(i) **লম্ব অক্ষ উপপাদ্য (Perpen-dicular axis Theorem)**।

বিবৃতি: কোনো সমতল পাতের তলের অবস্থিত দুটি পরস্পর লম্ব অক্ষের সাপেক্ষে ঐ পাতের জড়তার ভ্রামকদ্বয়ের সমষ্টি হবে এ দুই অক্ষের ছেদবিন্দু দিয়ে এবং পাতের অভিলম্বভাবে গমনকারী অক্ষের সাপেক্ষে পাতটির জড়তার ভ্রামকের সমান। অর্থাৎ  $I_z = I_x + I_y$

(ii) **সমান্তরাল অক্ষ উপপাদ্য (Parallel axis Theorem)**।

বিবৃতি: যে কোনো অক্ষের সাপেক্ষে কোন বস্তুর জড়তার ভ্রামক ঐ অক্ষের সমান্তরাল ও বস্তুর ভরকেন্দ্রের মধ্য দিয়ে গমনকারী অক্ষের সাপেক্ষে জড়তার ভ্রামক এবং ঐ বস্তুর ভর ও দুই অক্ষের মধ্যবর্তী লম্ব দূরত্বের বর্গের গুণফলের সমষ্টির সমান। অর্থাৎ  $I = I_G + Mh^2$

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ৪.১৪, পৃষ্ঠা: ১৯৯-২০০]

**৬৬** একটি সর্ক ও সুস্থম দণ্ডের দৈর্ঘ্যের মধ্যবিন্দু দিয়ে ও দৈর্ঘ্যের লম্বভাবে গমনকারী অক্ষের সাপেক্ষে দণ্ডের জড়তার ভ্রামক কত?

- (A)  $\frac{Ml^2}{3}$  (B)  $\frac{1}{2} Mr^2$   
 (C)  $\frac{Ml^2}{12}$  (D)  $\frac{2}{3} Mr^2$

উত্তর: (C)  $\frac{Ml^2}{12}$

ব্যাখ্যা:

কয়েকটি বস্তুর জড়তার ভ্রামক ও চক্রগতির ব্যাসার্ধের রাশিমালা:

ক্রমিক নং	বস্তু	জড়তার ভ্রামক	চক্রগতির ব্যাসার্ধ
১	M ভরের ও l দৈর্ঘ্যের একটি সর্ক ও সুস্থম দণ্ডের দৈর্ঘ্যের মধ্যবিন্দু দিয়ে এবং দৈর্ঘ্যের লম্বভাবে গমনকারী অক্ষের সাপেক্ষে দণ্ডের জড়তার ভ্রামক।	$\frac{Ml^2}{12}$	$\frac{l}{\sqrt{12}}$
২	M ভরের ও l দৈর্ঘ্যের একটি সর্ক ও সুস্থম দণ্ডের একপ্রান্ত দিয়ে এবং দৈর্ঘ্যের লম্বভাবে গমনকারী অক্ষের সাপেক্ষে দণ্ডের জড়তার ভ্রামক।	$\frac{Ml^2}{3}$	$\frac{l}{\sqrt{3}}$
৩	M ভরের ও l ব্যাসার্ধের পাতলা বৃত্তাকার চাকতির কেন্দ্র দিয়ে পৃষ্ঠের অভিলম্বভাবে গমনকারী অক্ষের সাপেক্ষে চাকতির জড়তার ভ্রামক।	$\frac{1}{2} Mr^2$	$\frac{r}{\sqrt{2}}$
৪	M ভরের ও l ব্যাসার্ধের একটি নিরেট সিলিভারের নিজ অক্ষের সাপেক্ষে সিলিভারের জড়তার ভ্রামক।	$\frac{1}{2} Mr^2$	$\frac{r}{\sqrt{2}}$

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ৪.১৪, পৃষ্ঠা: ২০১]

**৬৭** কোন দৃঢ় বস্তুর চক্রগতির ব্যাসার্ধ কোনটি?

- (A)  $K = \frac{I}{M}$  (B)  $K = \frac{M}{I}$   
 (C)  $K = \sqrt{\frac{I}{M}}$  (D)  $K = \sqrt{\frac{M}{I}}$

উত্তর: (C)  $K = \sqrt{\frac{I}{M}}$

ব্যাখ্যা:

জড়তার ভ্রামক:

কোনো দৃঢ় বস্তুর জড়তার ভ্রামক I এবং ভর M হলে,

$$I = MK^2$$

$$K = \sqrt{\frac{I}{M}}$$

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ৪.১৩, পৃষ্ঠা: ১৯৯]

**৬৮** একটি সর্ক ও সুস্থম দণ্ডের এক প্রান্ত দিয়ে ও দৈর্ঘ্যের লম্বভাবে গমনকারী অক্ষের সাপেক্ষে দণ্ডের চক্রগতির ব্যাসার্ধ কোনটি?

- (A)  $\frac{l}{\sqrt{12}}$  (B)  $\frac{l}{\sqrt{3}}$   
 (C)  $\frac{r}{\sqrt{2}}$  (D)  $\frac{r^2}{\sqrt{2}}$

উত্তর: (B)  $\frac{l}{\sqrt{3}}$

Note: উপরের ৬৭নং প্রশ্নের ব্যাখ্যা দেখুন।

পাতলা ব্যাকার চাকতির কেন্দ্র দিয়ে পৃষ্ঠের অভিলম্বভাবে অক্ষের সাপেক্ষে জড়তার ভ্রামক কোনটি?

- (A)  $Mr^2$   
(B)  $\frac{Mr^2}{3}$   
(C)  $\frac{r^2}{2}$   
(D)  $\frac{1}{2} Mr^2$

উপরের ৬৭নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

একটি নিরেট সিলিন্ডারের নিজ অক্ষের সাপেক্ষে জড়তার ভ্রামক কোনটি?

- (A)  $\frac{Mr^2}{12}$   
(B)  $\frac{Mr^2}{3}$   
(C)  $\frac{1}{2} Mr^2$   
(D)  $\frac{1}{4} Mr^2$

উপরের ৬৭নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

এক সমকৌণিক বেগে আবর্তনরত কোন বস্তুর জড়তার ভ্রামক সঠিক সম্পর্ক নিচের কোনটি?

- (A)  $I = 2 \times$  গতিশক্তি  
(B)  $I = \frac{1}{2} \times$  গতিশক্তি  
(C)  $I = 4 \times$  গতিশক্তি  
(D)  $I = \frac{1}{4} \times$  গতিশক্তি  
(E)  $I = 2 \times$  গতিশক্তি

কোন নির্দিষ্ট অক্ষ বরাবর একক সমকৌণিক বেগে আবর্তনরত বস্তুর জড়তার ভ্রামক এর গতিশক্তির দ্বিগুণ। সুতরাং, জড়তার ভ্রামক,  $I =$

$\Sigma v E = \frac{1}{2}$

এক সমকৌণিক বেগে আবর্তনরত কোন বস্তুর গতিশক্তি এর ভ্রামকের অর্ধেক।

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ৪.১৩, পৃষ্ঠা: ১৯৮]

নিউটনের গতি সূত্রের ব্যবহার নয় কোনটি?

- (A) ঘোড়ার গাড়ি  
(B) গুণ টানা নৌকা  
(C) বন্দুক হতে গুলি ছোঁড়া  
(D) বৃষ্টির পতন

নিউটনের গতিসূত্রের ব্যবহার:

- (i) ঘোড়ার গাড়ি  
(ii) গুণ টানা নৌকা  
(iii) বন্দুক হতে গুলি ছোঁড়া  
(iv) মহাশূন্যে অভিযান।

বৃষ্টির পানি একটি প্রবাহী পদার্থ, এসব ক্ষেত্রে নিউটনের গতি সূত্র প্রযোজ্য নয়।

[Ref: ড. তফাজ্জল হোসেন (সংস্করণ-২০১৮), অনু: ৪.৬, পৃষ্ঠা: ২০৪-২০৫]

দ্বন্দ্বের ক্ষেত্রে ভুল তথ্য নিচের কোনটি?

- (A) একই বস্তুতে ক্রিয়ারত  
(B) বলদ্বয় সমান  
(C) বলদ্বয় সমমুখী  
(D) বলদ্বয় সমান্তরাল  
(E) বলদ্বয় সমমুখী

ব্যাখ্যা:

দ্বন্দ্ব: একই বস্তুতে দুটি ভিন্ন বিন্দুতে ক্রিয়ারত দুটি সমান, সমান্তরাল ও বিপরীতমুখী বলকে দ্বন্দ্ব বলে।

দ্বন্দ্বের ভ্রামক: যে কোন একটি বল ও বলদ্বয়ের মধ্যবর্তী লম্ব দূরত্বের গুণফলকে দ্বন্দ্বের ভ্রামক বলে। দ্বন্দ্বের ভ্রামককে টর্ক বলে।

দ্বন্দ্বের চিহ্ন: ঘড়ির কাঁটার বিপরীত দিকে ঘূর্ণন সৃষ্টিকারী দ্বন্দ্বের ভ্রামক ধনাত্মক। ঘড়ির কাঁটার দিকে ঘূর্ণন সৃষ্টিকারী দ্বন্দ্বের ভ্রামক ঋণাত্মক।

[Ref: অধ্যাপক আবদুল গনি (সংস্করণ-২০১৭), অনু: ৪.১০, পৃষ্ঠা: ১৩৬]

৭৪ একটি বস্তুর দুটি ভিন্ন বিন্দুতে প্রযুক্ত দুটি সমান, সমান্তরাল ও বিপরীতমুখী বলকে কী বলা হয়?

- (A) দ্বন্দ্ব  
(B) বলের মোমেন্ট  
(C) দ্বন্দ্বের মোমেন্ট  
(D) জড়তার মোমেন্ট

উত্তর: (A) দ্বন্দ্ব

Note: পূর্বের ৯৮নং প্রশ্নের ব্যাখ্যা দেখুন।

৭৫ জেনে রাখা ভালো:

বলের মোমেন্ট: কোন বল বস্তুতে প্রযুক্ত হয়ে যে পরিমাণ ঘূর্ণন সৃষ্টির ক্ষমতা রাখে তাকে বলের মোমেন্ট বা ভ্রামক বলা হয়।

জড়তার মোমেন্ট: কোন নির্দিষ্ট অক্ষ বরাবর একটি দৃঢ়বস্তুকে একক সমকৌণিক বেগে ঘুরাবার জন্য প্রয়োজনীয় গতিশক্তির দ্বিগুণকে জড়তার মোমেন্ট বলা হয়।

দ্বন্দ্বের মোমেন্ট: দ্বন্দ্বের যে কোন একটি বলের মান এবং বল দুইটির মধ্যবর্তী লম্ব দূরত্বের গুণফলকে দ্বন্দ্বের মোমেন্ট বলা হয়।

ভরবেগের মোমেন্ট: কোন বিন্দু বা অক্ষ সাপেক্ষে ভরবেগের ভ্রামক = ভরবেগ  $\times$  উক্ত বিন্দু বা অক্ষ হতে ভরবেগের ক্রিয়া রেখার লম্ব-দূরত্ব।

[Ref: অধ্যাপক আবদুল গনি (সংস্করণ-২০১৭), অনু: ৪.১০, পৃষ্ঠা: ১৩৬]

৭৬ দ্বন্দ্বের ভ্রামকের ক্ষেত্রে কোনটি সঠিক নয়? [মে:ভ:প: ২০১২-১৩]

- (A) দ্বন্দ্বের ভ্রামক = বল  $\times$  দূরত্ব  
(B) ঘড়ি সমাবর্তী ঘূর্ণন সৃষ্টিকারী দ্বন্দ্বের ভ্রামক হলো ঋণাত্মক  
(C) মাত্রা সমীকরণ  $ML^2T^{-2}$   
(D) ঘূর্ণন অক্ষের অবস্থানের উপর নির্ভরশীল

উত্তর: (D) ঘূর্ণন অক্ষের অবস্থানের উপর নির্ভরশীল

ব্যাখ্যা:

দ্বন্দ্বের ভ্রামক: দ্বন্দ্বের ভ্রামক = বল  $\times$  দূরত্ব

দ্বন্দ্বের ভ্রামককে টর্ক বলে। এজন্য এর একক হবে নিউটন-মিটার অর্থাৎ N-m। এর মাত্রা সমীকরণ হবে  $ML^2T^{-2}$ । ঘড়ির কাঁটার বিপরীতে বা ঘড়ির কাঁটার বিপরীতমুখী ঘূর্ণনের জন্য দ্বন্দ্বের ভ্রামক ঋণাত্মক। ঘড়ির কাঁটার দিকে বা ঘড়ির কাঁটার সমাবর্তী ঘূর্ণনের জন্য দ্বন্দ্বের ভ্রামক ঋণাত্মক। দ্বন্দ্বের ভ্রামক ঘূর্ণন অক্ষের উপর নির্ভরশীল।

[Ref: ড. তফাজ্জল হোসেন (সংস্করণ-২০১৮), অনু: ৪.১২, পৃষ্ঠা: ২২৩]

৭৬ রৈখিক ও ঘূর্ণন গতিতে অনুরূপ রাশি বিচেনায় নিম্নের কোনটি সঠিক নয়?

রৈখিক গতি	ঘূর্ণন গতি
(A) ভর	—
(B) বল	—
(C) ত্বরণ	—
(D) ভরবেগ	—
উত্তর: (D) ভরবেগ	—

ব্যাখ্যা:

বৈশ্বিক ও ঘূর্ণন গতি সংক্রান্ত কতিপয় অনুরূপ রাশি:

বৈশ্বিক গতি	ঘূর্ণন গতি
সরণ, s	কৌণিক সরণ, $\theta$
বেগ, v	কৌণিক বেগ, $\omega$
ত্বরণ, a	কৌণিক ত্বরণ, $\alpha$
ভর, m	জড়তার ভ্রামক, I
ভরবেগ, mv, p	কৌণিক ভরবেগ, L
বল, F	টর্ক, $\tau$

[Ref: ড. তফাজ্জল হোসেন (সংস্করণ-২০১৮), অনু: ৪.১৪, পৃষ্ঠা: ২২৭]

৭৭ বেলপথ যেখানে বেকে গেছে, সেখানে বাঁকের বাইরের দিকের লাইনটিকে একটু উঁচু করা হয়। কোন বলের যোগান দিতে এটি করা হয়ে থাকে?

[মে: ভ: প: ২০১৩-১৪]

- (A) কেন্দ্রমুখী (B) ঘর্ষণ বল  
(C) মহাকর্ষ বল (D) তড়িৎ চৌম্বক বল

উত্তর: (A) কেন্দ্রমুখী

ব্যাখ্যা:

বক্রপথে রেলগাড়ির গতি: রাস্তার বাঁকে রেলগাড়ি চালানোর সময় যে কেন্দ্রমুখী অনুভূমিক বলের প্রয়োজন হয় তার যোগান দিতে গাড়িটিকে কাত করানো প্রয়োজন। কিন্তু গাড়ির চালকের পক্ষে তা সম্ভব নয়। সেজন্যই রাস্তার বাঁকের বাইরের দিকের লাইন একটু উঁচু করা হয়। একে 'banking of roads' বলে।

সুতরাং, কেন্দ্রমুখী বলের যোগান দিতেই কোন একটি বাঁকের বাইরের দিকের লাইনকে ভিতরের চেয়ে উঁচু করা হয়।

[Ref: ড. তফাজ্জল হোসেন (সংস্করণ-২০১৮), অনু: ৪.১৫, পৃষ্ঠা: ২৩০]

৭৮ রেললাইনে কেন্দ্রমুখী বল সৃষ্টির জন্যে ব্যাধিকিং করা হয় কীভাবে?

- (A) বাইরের লাইনটি ভেতরের লাইনের চেয়ে উঁচু করে  
(B) ভেতরের লাইনটি উঁচু করে  
(C) দুইটি লাইন একই উচ্চতায় রেখে  
(D) দুইটি লাইনের মধ্যবর্তী দূরত্ব কমিয়ে

উত্তর: (A) বাইরের লাইনটি ভেতরের লাইনের চেয়ে উঁচু করে

Note: উপরের ৭৭ নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

৭৯ বৃত্তাকার পথে সাইকেল চালানার সময় আরোহীকে যে কোণে হেলে পড়তে হয় তা কোনটির উপর নির্ভর করে না?

- (A) বৃত্তাকার পথের ব্যাসার্ধ (B) অভিকর্ষজ ত্বরণ  
(C) বেগ (D) ভর

উত্তর: (D) ভর

ব্যাখ্যা:

বৃত্তাকার পথে সাইকেল আরোহীর নীতি: r ব্যাসার্ধের বৃত্তাকার পথে m ভরের একজন সাইকেল আরোহীকে v সমদ্রুতিতে বাঁক নিতে গেলে তাকে উল্লম্বের সাথে যে কোণে ( $\theta$ ) আনত হতে হবে তা নিচের সমীকরণ থেকে বের করা যায়-

$$\tan\theta = \frac{v^2}{rg}$$

$$\text{বা, } \theta = \tan^{-1}\left(\frac{v^2}{rg}\right)$$

এ সমীকরণে বস্তুর ভর (m) অনুপস্থিত। কাজেই আরোহীকে যে কোণে বাঁকতে হবে তা বস্তুর ভরের উপর নির্ভর করে না।

[Ref: ড. তফাজ্জল হোসেন (সংস্করণ-২০১৮), অনু: ৪.১৫, পৃষ্ঠা: ২২৯]

## মেডিকেল ভর্তি পরীক্ষার জন্যে Important গাণিতিক MCO সমূহ:

এ অধ্যায়ে গুরুত্বপূর্ণ গাণিতিক সূত্রসমূহ:

- ১। ভরবেগ  $\vec{P} = m \vec{v}$       ২। বল  $\vec{F} = m \vec{a}$   
৩। ঘাতবল  $\vec{J} = m \vec{v} - m \vec{v}_0$       ৪।  $MV = -mv$   
৫। ভরবেগের নিত্যতা  $m_1 \vec{v}_{1i} + m_2 \vec{v}_{2i} = m_1 \vec{v}_{1f} + m_2 \vec{v}_{2f}$   
৬। রকেটের গতির সমীকরণ  $a = \left(\frac{v_f}{m} \times \frac{\Delta m}{\Delta t} - g\right)$   
৭। টর্ক  $\vec{\tau} = \vec{r} \times \vec{F}$       ৮। দ্বন্দ্ব  $C = F \times d$   
৯। গতিশক্তি  $K_E = \frac{1}{2} I \omega^2$       ১০। জড়তার ভ্রামক  $I = \sum mr^2$   
১১। জড়তার ভ্রামক  $I = Mk^2$   
১২। কৌণিক ভরবেগ  $L = I\omega$   
১৩। কৌণিক ভরবেগ  $\vec{L} = \vec{r} \times \vec{P}$       ১৪। টর্ক  $\tau = I\alpha$   
১৫। কেন্দ্রমুখী বল  $F_c = \frac{mv^2}{r} = m\omega^2 r$   
১৬। রাস্তার বা আরোহীর নতিকোণ  $\tan\theta = \frac{v^2}{rg}$   
১৭। অভিলম্ব উপপাদ্য  $I_z = I_x + I_y$   
১৮। জড়তার ভ্রামকের সমান্তরাল উপপাদ্য  $I_{AB} = I_{CD} + Mh^2$

৮০ পিচ্ছিল বরফের উপর 1 kg ওজনের একটি পাথর 2 ms<sup>-1</sup> বেগে চলার 10 s পর ঘর্ষণের ফলে থেমে গেল। এখানে ঘর্ষণ বল কত?

[মে: ভ: প: ২০১৪-২০১৫]

- (A) 0.2 N (B) 20 N  
(C) 2 N (D) কোনটিই সঠিক নয়

উত্তর: (A) 0.2 N

সমাধান:

বল নির্ণয়:

আমরা জানি,

$$F = ma$$

$$= m \frac{\Delta v}{t}$$

$$= 1 \times \frac{2}{10}$$

$$\therefore F = 0.2 \text{ N (Ans.)}$$

∴ ঘর্ষণ বল 0.2 N

[Ref: ড. শাহজাহান তপন (বার্ষিক ৩য় সংস্করণ-২০১৮), উদা: ৪.৫ (অনুরূপ), পৃষ্ঠা-২২৫]

৮১ 16N এর একটি বল 4kg ভরের উপর 4s ক্রিয়া করে। বলের ঘাত নির্ণয় কর?

- (A) 64Ns (B) 48 Ns  
(C) 16 Ns (D) 16 N

উত্তর: (A) 64Ns

সমাধান:

বলের ঘাত নির্ণয়:

আমরা জানি,

$$\text{বলের ঘাত, } J = F \times t$$

$$= 16 \times 4 = 64 \text{ Ns}$$

[Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), উদা: ১, পৃষ্ঠা: ২২৫]

এখানে,

বল,  $F = 16\text{N}$

সময়,  $t = 4\text{s}$



১২. 10 kg ভরের একটি বস্তু  $12 \text{ ms}^{-1}$  বেগে চললে ভরবেগের  
[মে: ভ: প: ২০১৫-১৬]

- (A)  $12 \text{ kg ms}^{-1}$   
(B)  $10 \text{ kg ms}^{-1}$   
(C)  $1.2 \text{ kg ms}^{-1}$   
(D)  $120 \text{ kg ms}^{-1}$

সমাধান:  
এখানে, ভর,  $m = 10 \text{ kg}$   
বেগ,  $v = 12 \text{ ms}^{-1}$   
ভরবেগ,  $P = ?$

আমরা জানি,  
 $P = m \times v$   
 $= 10 \text{ kg} \times 12 \text{ ms}^{-1}$   
 $= 120 \text{ kg ms}^{-1}$  (Ans.)

[Ref: শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: বহুনির্বাচনি প্রশ্ন, পৃষ্ঠা-২৪২ (১ম প্রশ্ন)]

১৩. 10 kg ভরের একটি স্থির বস্তুর উপর 100 N বল প্রয়োগ  
করা হলে ত্বরণ হবে-

- (A)  $100 \text{ ms}^{-2}$   
(B)  $10 \text{ ms}^{-2}$   
(C)  $1000 \text{ ms}^{-2}$   
(D)  $0.1 \text{ ms}^{-2}$

সমাধান:  
এখানে,  $m = 10 \text{ kg}$   
 $F = 100 \text{ N}$   
 $a = ?$

$F = ma$   
 $a = \frac{F}{m}$   
 $= \frac{100}{10} = 10 \text{ ms}^{-2}$

[Ref: শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: বহুনির্বাচনি প্রশ্ন ২, পৃষ্ঠা: ২৪২]

১৪. 980 N ওজনের একটি বস্তুকে  $1 \text{ ms}^{-2}$  ত্বরণে দিতে কত  
বল প্রয়োগ করতে হবে? [ডে: ভ: প: ২০১৬-১৭]

- (A) 100 N  
(B) 10 N  
(C) 50 N  
(D) 1000 N

সমাধান:  
এখানে,  $m = 10 \text{ kg}$   
 $F = 100 \text{ N}$   
 $a = ?$

১৫. একটি বল 4 kg ভরের স্থির বস্তুর উপর ক্রিয়া করায় বস্তু 6  
সেকেন্ডে  $30 \text{ ms}^{-1}$  বেগে শান্ত হয়। বলের মান কত?

- (A) 30 N  
(B) 20 N  
(C) 18 N  
(D) কোনোটিই নয়

সমাধান:  
এখানে,  $v_0 = 0$   
 $v = 30 \text{ ms}^{-1}$   
 $t = 6 \text{ sec}$   
 $F = ?$

$F = 4 \times 5$   
 $= 20 \text{ N}$

[Ref: শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: বহুনির্বাচনি প্রশ্ন ৭, পৃষ্ঠা: ২৪২]

১৬. 60kg ভরের একটি বস্তুর উপর কত বল প্রয়োগ করলে 1  
মিনিটে এর বেগ  $10 \text{ ms}^{-1}$  এ বৃদ্ধি পাবে? [মে: ভ: প: ২০১৬-১৭]

- (A) 20 N  
(B) 40 N  
(C) 10 N  
(D) 50 N

উত্তর: (C) 10 N

সমাধান:

বস্তুর উপর প্রয়োগকৃত বলের মান নির্ণয়:

এখানে, ভর,  $m = 60 \text{ kg}$   
সময়,  $t = 1 \text{ min} = 60 \text{ sec}$   
বেগ বৃদ্ধি,  $\Delta v = 10 \text{ ms}^{-1}$   
বল,  $F = ?$

আমরা জানি,

ত্বরণ  $a$  হলে,  $F = ma$

$= m \frac{\Delta v}{t}$

$= 60 \times \frac{10}{60}$

$= 10 \text{ N}$

[Ref: ড. আমির হোসেন (ষষ্ঠ সংস্করণ-২০১৮), গাণিতিক উদা.-৪, পৃষ্ঠা: ২২২]

১৭. 60kg ভরের একটি বস্তুর ওপর কত বল প্রয়োগ করলে  
1 মিনিট পর এর বেগ  $10 \text{ ms}^{-1}$  হবে? [ডে: ভ: প: ২০১৮-১৯]

- (A) 20N  
(B) 40N  
(C) 10N  
(D) 05N

উত্তর: (C) 10N

Note: উপরের ১৬নং প্রশ্নের ব্যাখ্যা দেখুন।

১৮. 10 kg ভরের একটি বস্তু উপর  $2F$  মানের বল প্রয়োগ করার  
ফলে যদি বস্তুটি ত্বরণ  $60 \text{ m/s}^2$ ।  $M$  ভরের একটি বস্তু উপর  $5F$   
মানের বল প্রয়োগ করার ফলে যদি বস্তুটির ত্বরণ  $50 \text{ m/s}^2$  হয়,  
তবে ভর  $M$  কত? [ঢা.বি. (ক-ইউনিট)-২০১৮-১৯]

- (A) 3.3 kg  
(B) 4.8 kg  
(C) 21 kg  
(D) 30 kg

উত্তর: (D) 30 kg

সমাধান:

আমরা জানি,  $f = ma$

$2F = 10 \times 60$

$\Rightarrow F = \frac{10 \times 60}{2}$

$= 300 \text{ N}$

$5F = M \times 50$

$\Rightarrow 5 \times 300 = M \times 50$

$\Rightarrow M = \frac{5 \times 300}{5}$

$= 30 \text{ kg}$

[Ref: ড. আমির হোসেন (ষষ্ঠ সংস্করণ-২০১৮), গাণিতিক উদা.-৪ (অনুর্প), পৃষ্ঠা: ২২২]

১৯. 75 m ব্যাসার্ধের বৃত্তাকার পথে কোন মোটর সাইকেল  
আরোহী কত বেগে ঘুরলে উল্লম্ব তলের সাথে  $45^\circ$  কোণে আনত  
থাকবে নির্ণয় কর? ( $g = 10 \text{ ms}^{-2}$ )

- (A)  $\sqrt{750 \text{ ms}^{-1}}$   
(B)  $\sqrt{424.25 \text{ ms}^{-1}}$   
(C)  $\sqrt{7.5 \text{ ms}^{-1}}$   
(D)  $\sqrt{625 \text{ ms}^{-1}}$

উত্তর: (A)  $\sqrt{750 \text{ ms}^{-1}}$

বিডিগিয়ার.কম

সমাধান:

বেগ নির্ণয়:

আমরা জানি,

$$\tan\theta = \frac{v^2}{rg}$$

$$v^2 = rg \tan\theta$$

$$= 75 \text{ m} \times 10 \text{ ms}^{-2} \times \tan 45^\circ$$

$$= 750 \text{ m}^2 \text{s}^{-2}$$

$$\therefore v = \sqrt{750 \text{ m}^2 \text{s}^{-2}}$$

$$\text{উত্তর: } \sqrt{750 \text{ m}^2 \text{s}^{-2}}$$

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), উদা: ৪.২২(অনুরণ), পৃষ্ঠা: ২৩২]

৯০ একটি চাকার ভর 5 kg এবং চক্রগতির ব্যাসার্ধ 25 cm এর জড়তার ভ্রামক কত?

(A) 3.125 kg-m<sup>2</sup>

(B) 0.3125 kg-m<sup>-2</sup>

(C) 0.3125 kg-m<sup>2</sup>

(D) 31.25 kg-m<sup>2</sup>

উত্তর: (C) 0.3125 kg-m<sup>2</sup>

সমাধান:

জড়তার ভ্রামক নির্ণয়:

আমরা জানি,

$$I = MK^2$$

$$\therefore I = 5 \times (0.25)^2$$

$$= 0.3125 \text{ kg-m}^2$$

[Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), উদা:৩, পৃষ্ঠা: ২৫৭]

৯১ একটি চাকার ভর 10kg এবং চক্রগতির ব্যাসার্ধ 0.5m এর জড়তার ভ্রামক কত? [মে: ভ: প: ২০১১-১২, ০৪-০৫]

(A) 2.5 kgm<sup>2</sup>

(B) 2.5 kgm<sup>2</sup>

(C) 5. kgm<sup>2</sup>

(D) 50 kgm<sup>2</sup>

উত্তর: (A) 2.5 kgm<sup>2</sup>

ব্যাখ্যা:

জড়তার ভ্রামক নির্ণয়:

আমরাজানি,

$$I = MK^2$$

$$= 10 \times (0.5)^2$$

$$= 2.5 \text{ kgm}^2$$

[Ref: ড. শাহজাহান তপন(বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮),উদা:৪.১৫,পৃষ্ঠা:২৩০]

৯২ একটি বস্তুর ভর 10 পাউন্ড এবং ঘূর্ণন অক্ষ হতে উহার দূরত্ব 5 ফুট। উহার জড়তার মোমেন্ট কত? [মে: ভ: প: ৯৮-৯৯]

(A) 50 পাউন্ড ফুট<sup>২</sup>।

(B) 200 পাউন্ড ফুট<sup>২</sup>।

(C) 250 পাউন্ড ফুট<sup>২</sup>।

(D) 500 পাউন্ড ফুট<sup>২</sup>।

উত্তর: (C) 250 পাউন্ড ফুট<sup>২</sup>।

ব্যাখ্যা:

জড়তার মোমেন্ট নির্ণয়:

আমরা জানি,

$$I = Mr^2$$

$$= 10 \times 5^2$$

$$= 250 \text{ পাউন্ড ফুট}^2$$

[Ref: ড. শাহজাহান তপন(বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮),উদা: ৪.১৫(অনুরণ),পৃষ্ঠা:২৩০]

৯৩ একটি কণা 1.5 m ব্যাসার্ধের পথে প্রতি মিনিটে 120 বার আবর্তন করে। এর রৈখিক বেগ কত?

(A) 18.852 ms<sup>-1</sup>

(B) 1.852 ms<sup>-1</sup>

(C) 0.1852 ms<sup>-1</sup>

(D) কোনটিই নয়

উত্তর: (A) 18.852 ms<sup>-1</sup>

সমাধান:

রৈখিক বেগ নির্ণয়:

$$\text{রৈখিক বেগ, } V = \omega r$$

$$= 2\pi nr$$

$$= 2\pi \times 2 \times 1.5$$

$$= 18.852 \text{ ms}^{-1}$$

এখানে,

$$r = 1.5 \text{ m}$$

$$n = \frac{120}{1 \text{ min}} = \frac{120}{60 \text{ s}}$$

$$= 2 \text{ s}^{-1} = 2 \text{ Hz}$$

[Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), উদা:১, পৃষ্ঠা: ২৪৮]

৯৪ যদি একটি হাতঘড়ির সেকেন্ডের কাঁটার দৈর্ঘ্য 1 cm হয়। তাহলে এর ঘাটের রৈখিক বেগ কত হবে? [মে: ভ: প: ২০১৩-১৪]

(A) 0.1047 cm/sec

(B) 0.1052 cm/sec

(C) 0.0105 cm/sec

(D) 0.1470 cm/sec

উত্তর: (A) 0.1047 cm/sec

সমাধান:

রৈখিক বেগ নির্ণয়:

$$\text{সেকেন্ডের কাঁটার পর্যায়কাল } T = 60 \text{ sec}$$

$$\therefore \text{কৌণিকবেগ } \omega = \frac{2\pi}{T}$$

$$= \frac{2\pi}{60}$$

$$= 0.1047 \text{ rad/sec}$$

$$\text{কাঁটার দৈর্ঘ্য, } r = 1 \text{ cm}$$

$$\text{রৈখিক বেগ } v = \omega r$$

$$= 0.1047 \times 1 \text{ cm/sec}$$

$$= 0.1047 \text{ cm/sec}$$

[Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮),উদা:২(অনুরণ),পৃষ্ঠা: ২৪৮,২৪৯]

৯৫ 40 kg ভরের একটি বালক নাগরদোলায় চড়ে 20 m ব্যাসের বৃত্তাকার পথে আবর্তন করে। কৌণিক ভরবেগ নির্ণয় কর।

(A) 2.512 × 10<sup>3</sup> kgm<sup>2</sup>s<sup>-1</sup>

(B) 25.12 × 10<sup>3</sup> kgm<sup>2</sup>s<sup>-1</sup>

(C) 0.2512 × 10<sup>3</sup> kgm<sup>2</sup>s<sup>-1</sup>

(D) 251.2 × 10<sup>3</sup> kgm<sup>2</sup>s<sup>-1</sup>

উত্তর: (A) 2.512 × 10<sup>3</sup> kgm<sup>2</sup>s<sup>-1</sup>

সমাধান:

কৌণিক ভরবেগ নির্ণয়:

আমরা জানি,

$$L = I\omega = mr^2\omega$$

$$= 40 \times (10)^2 \times \frac{1}{5} \pi \text{ kg m}^2 \text{s}^{-1}$$

$$= 2.512 \times 10^3 \text{ kg m}^2 \text{s}^{-1}$$

এখানে,

$$\omega = \frac{6 \times 2\pi}{60} = \frac{1}{5} \pi \text{ rad s}^{-1}$$

$$m = 40 \text{ kg}$$

$$r = 10 \text{ m}$$

[Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), উদা: ৪, পৃষ্ঠা: ২৫৭]

৯৬ 0.2 kg ভরের একটি বস্তুর 0.5 m দৈর্ঘ্যের রশ্মিতে বেগে সমান্তরাল বৃত্তাকারে 4 rad s<sup>-1</sup> বেগে ঘুরালে রশ্মির ঘূর্ণায়মান শক্তি কত N হবে? [মে: ভ: প: ০৮-০৯]

(A) 0.4

(B) 0.6

(C) 0.8

(D) 1.6

উত্তর: (D) 1.6

এখানে,  
 $m = 0.2 \text{ kg}$   
 $\omega = 4 \text{ rads}^{-1}$   
 $r = 0.5 \text{ m}$   
 $F = ?$

একটি চাকার জড়তার ভ্রামক  $2 \text{ kgm}^2$ । চাকাটি মিনিটে 30 বার ঘুরছে। এর কৌণিক ভরবেগ কত?

(B)  $2\pi$   
 (D)  $4\pi$

এখানে,  $I = 2 \text{ kgm}^2$   
 $t = 60 \text{ s}$   
 $N = 30 \text{ rev}$   
 $\omega = \frac{2\pi N}{t}$   
 $= \frac{2 \times \pi \times 30}{60} = \pi$

[Ref: ড. আহির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), উদা: ২ (অনুরূপ), পৃষ্ঠা: ২৫৭]

একটি চাকার জড়তার ভ্রামক  $10 \text{ kgm}^2$ । চাকাটিতে  $10 \text{ rads}^{-2}$  কৌণিক ত্বরণ সৃষ্টি করতে কত টর্ক প্রয়োগ করতে হবে?

(A)  $10 \text{ Nm}$  (B)  $100 \text{ Nm}$   
 (C)  $50 \text{ Nm}$  (D)  $200 \text{ Nm}$

উত্তর: (B)  $100 \text{ Nm}$

সমাধান:  
 টর্ক নির্ণয়:  
 আমরা জানি,  
 $\tau = I\alpha$   
 $= 10 \times 10$   
 $= 100 \text{ Nm}$

এখানে,  $I = 10 \text{ kgm}^2$   
 $\alpha = 10 \text{ rads}^{-2}$   
 $\tau = ?$

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), উদা: ৪.১৯ (অনুরূপ), পৃষ্ঠা: ২৩১]

$5 \text{ kg}$  ভরের একটি বস্তু  $4 \text{ m}$  দীর্ঘ একটি সূতার এক প্রান্তে  $2 \text{ ms}^{-1}$  বেগে ঘুরানো হচ্ছে। সূতার উপর টান হবে-

(A)  $10 \text{ N}$  (B)  $20 \text{ N}$   
 (C)  $5 \text{ N}$  (D)  $4 \text{ N}$

এখানে,  $m = 5 \text{ kg}$   
 $r = 4 \text{ m}$   
 $v = 2 \text{ ms}^{-1}$   
 $F = ?$

এখানে,  $I = 10 \text{ kgm}^2$   
 $\omega_0 = 100 \text{ rads}^{-2}$   
 $\omega = 0 \text{ rads}^{-2}$   
 $t = 10 \text{ sec}$   
 $\tau = ?$

[Ref: ড. তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ৪.২০ (অনুরূপ), পৃষ্ঠা: ২৩১]

$2 \text{ kg}$  ভরের একটি বস্তুকে  $3 \text{ m}$  দীর্ঘ একটি সূতার এক প্রান্তে  $4 \text{ rads}^{-1}$  কৌণিক বেগে ঘুরানো হচ্ছে। সূতার উপর টান হবে-

(A)  $50 \text{ N}$  (B)  $48 \text{ N}$   
 (C)  $100 \text{ N}$  (D)  $96 \text{ N}$

এখানে,  $m = 2 \text{ kg}$   
 $\omega = 4 \text{ rads}^{-1}$   
 $r = 3 \text{ m}$   
- (A) একটি দোলককে পাহাড়ের উপর নেয়া হলে দোলকটি ধীরে চলবে।  
(B) হ্রাস মতো নেয়া হলে দোলকটি ধীরে চলবে।  
(C) গোলাকার দোলক পিণ্ডটি নিরেট না হয়ে ফাঁপা হলে দোলকটি ধীরে চলবে।  
(D) দোলক পিণ্ডের ব্যাস কমানো হলে দোলক দ্রুত চলবে

উত্তর: (C) গোলাকার দোলক পিণ্ডটি নিরেট না হয়ে ফাঁপা হলে দোলকটি ধীরে চলবে।

১৮। একটি সরল দোলককে পৃথিবীর পৃষ্ঠ হতে চন্দ্রে স্থানান্তরিত করলে-

- (A) সরল দোলক থেমে যাবে (B) সরল দোলকটি দ্রুত চলবে [মে. ভ. প: ১৮-১৯]  
(C) সরল দোলকটি ধীরে চলবে (D) দোলন কালের কোন পরিবর্তন হবে না

উত্তর: (C) সরল দোলকটি ধীরে চলবে।

১৯। সরল দোলক ব্যবহার করা হয়-

- (A) অভিকর্ষীয় ত্বরণ নির্ণয়ে। (B) লাঠির উচ্চতা নির্ণয়ে  
(C) কোন জায়গায় সময় নির্ণয়ে (D) বস্তুর ভর নির্ণয়ে

উত্তর: (A) এবং (C)

বিভিনিয়ে গতি



# এবারের মেডিকেল ভর্তি পরীক্ষার জন্য Important MCQ সমূহ

১) সূর্যের চারিদিকে পৃথিবীর গতি নিম্নের কোন প্রকার গতি?

- (A) পর্যাবৃত্ত গতি  
(B) সরল ছন্দিত স্পন্দন গতি  
(C) স্পন্দন গতি  
(D) সরল গতি

উত্তর: (A) পর্যাবৃত্ত গতি

ব্যাখ্যা: পর্যাবৃত্ত গতি: একটি নির্দিষ্ট গতিপথে গতিশীল কোনো বস্তুকণা যদি একটি নির্দিষ্ট সময় পর পর তার গতিপথের একটি নির্দিষ্ট বিন্দুতে একই দিক থেকে পৌঁছায় অর্থাৎ যদি, বস্তুটির গতির একটি নির্দিষ্ট সময় পরপর পুনরাবৃত্তি ঘটে, তবে তাকে পর্যাবৃত্ত গতি বলে। যেমন: সূর্যের চারিদিকে পৃথিবীর গতি, ঘড়ির কাঁটার গতি, পৃথিবীর চারিদিকে চাঁদের গতি ইত্যাদি।

[Ref: ড. তফাজ্জল হোসেন (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ৮.২, পৃষ্ঠা: ৪৬৩-৪৬৪]

২) পর্যাবৃত্তি কয় রকমের হতে পারে?

- (A) তিন রকমের  
(B) দুই রকমের  
(C) পাঁচ রকমের  
(D) চার রকমের

উত্তর: (B) দুই রকমের

ব্যাখ্যা: পর্যাবৃত্তি (periodicity): যদি কোনো একটি বস্তু নির্দিষ্ট সময় পর পর একই স্থান দিয়ে আসে অথবা একই স্থান দিয়ে নির্দিষ্ট সময় অন্তর অতিক্রম করে তবে তাকে পর্যাবৃত্তি বলে।

৩) পর্যাবৃত্তি দু'রকমের হতে পারে। যথা:

(i) স্থানিক পর্যাবৃত্তি (ii) কালিক পর্যাবৃত্তি।

[Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ৮.১, পৃষ্ঠা: ৫১৩;

ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ৮.১ পৃষ্ঠা: ৪৩৭]

৪) জটিল পর্যায়ক্রমের অপর নাম কী?

- (A) স্থানিক পর্যায়ক্রম  
(B) যৌগিক পর্যায়ক্রম  
(C) স্থান কাল পর্যায়ক্রম  
(D) কালিক পর্যায়ক্রম

উত্তর: (C) স্থান কাল পর্যায়ক্রম

ব্যাখ্যা: পর্যায়ক্রম: কাল বা স্থান সাপেক্ষে কোনো কিছুর পুনরাবৃত্তিকে পর্যায়ক্রম (Periodicity) বলে। পর্যায়ক্রমকে প্রধানত: দু'ধরনের বিবেচনা করা হয়।

১) স্থানিক পর্যায়ক্রম।

২) কালিক পর্যায়ক্রম।

৫) জটিল পর্যায়ক্রম এ দুই পর্যায়ক্রমের সংমিশ্রণ। ইহাকে স্থান-কাল (space temporal) পর্যায়ক্রম বলে।

৬) কাল পর্যায়ক্রম: স্থানিক পর্যায়ক্রম ও কালিক পর্যায়ক্রমের সংমিশ্রণকে জটিল পর্যায়ক্রম বলা হয়। ইহা স্থান-কাল (Space temporal) পর্যায়ক্রম নামে পরিচিত।

[Ref: অধ্যাপক আবদুল গনি (সংস্করণ-২০১৭), অনু: ৮.১, পৃষ্ঠা: ২৫৫]

৭) কোন পর্যাবৃত্ত গতি সম্পন্ন কণার কয়টি বৈশিষ্ট্য অবশ্যই থাকতে হবে?

- (A) ২টি  
(B) ৩টি  
(C) ৪টি  
(D) ৫টি

উত্তর: (A) ২টি

ব্যাখ্যা:

পর্যাবৃত্ত গতিসম্পন্ন কণার বৈশিষ্ট্য:

কোনো পর্যাবৃত্ত গতিসম্পন্ন কণার দুটি বৈশিষ্ট্য-

১. তার গতিপথের কোনো বিন্দুকে সে একটি নির্দিষ্ট সময় পরপর অতিক্রম করবে। আর এই নির্দিষ্ট সময়কে বলা হয় পর্যায়কাল। যেমন- পৃথিবী সূর্যকে একটি নির্দিষ্ট সময়ে (এক বছরে) প্রদক্ষিণ করে।

২. তার গতিপথের ঐ বিন্দুকে একই দিক থেকে অতিক্রম করবে। যেমন- ঘড়ির কাঁটা সময়-নির্দেশক দাগকে একই দিক থেকে অতিক্রম করে।

[Ref: ড. তফাজ্জল হোসেন (সংস্করণ-২০১৮), অনু: ৮.২, পৃষ্ঠা: ৪৬৪]

৫) কোনটি স্থানিক পর্যায়ক্রমের উদাহরণ নয়?

- (A) ঘড়ির কাঁটার গতি  
(B) উল্লম্ব স্প্রিং এর গতি  
(C) তরঙ্গের উপরিচ্ছ কণার গতি  
(D) বাড়িঘরে সরবরাহকৃত তড়িৎ প্রবাহ

উত্তর: (D) বাড়িঘরে সরবরাহকৃত তড়িৎ প্রবাহ

ব্যাখ্যা:

স্থানিক পর্যায়ক্রম ও উদাহরণসমূহ: যখন কোনো কিছুর পুনরাবৃত্তি স্থানের সাপেক্ষে হয়, তখন তাকে স্থানিক পর্যায়ক্রম বলে। অর্থাৎ স্থানিক পর্যায়কাল হলো সেই সকল ঘটনা যা একটি নির্দিষ্ট দূরত্ব পরপর পুনরাবৃত্তি ঘটে।

স্থানিক পর্যায়ক্রমের উদাহরণসমূহ:

- (ক) ঘড়ির কোন কাঁটার গতি।  
(খ) সূর্যের চারপাশে গ্রহগুলোর গতি।  
(গ) একটি উল্লম্ব স্প্রিং এর গতি।  
(ঘ) তরঙ্গের উপরিচ্ছ কণার গতি।  
(ঙ) সরল দোলকের গতি।  
(চ) কঠিন পদার্থের কেলাসের মধ্যে অণুর গতি।  
(ছ) ডোরাকাটা শার্টের ডোরার অবস্থান।  
(জ) ধানক্ষেতে বাতাস বইলে ধানক্ষেতে ঢেউ এর সৃষ্টি।  
(ঝ) ইলেকট্রিক পোল।

[Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ৮.১, পৃষ্ঠা: ৫১৩;

ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ৮.১, পৃষ্ঠা: ৪৩৭]

৬) কোনটি কালিক পর্যায়ক্রমের উদাহরণ নয়?

- (A) গ্রহদের আবর্তন  
(B) ঋতু পরিবর্তন  
(C) জোয়ার ভাটা  
(D) ইলেকট্রিক পোল

উত্তর: (D) ইলেকট্রিক পোল

ব্যাখ্যা:

কালিক পর্যায়ক্রম: পর্যাবৃত্তির পর্যায়কাল যদি একটি নির্দিষ্ট সময় সাপেক্ষ হয়, তবে তাকে কালিক পর্যায়ক্রম বলে। অর্থাৎ কালিক পর্যায়ক্রম হলো সেই সকল ঘটনা যা একটি নির্দিষ্ট সময় পর পর পুনরাবৃত্তি ঘটে।

কালিক পর্যায়ক্রমের উদাহরণসমূহ:

- (ক) গ্রহদের আবর্তন (Rotation of planets).  
(খ) ঋতু পরিবর্তন (Season change).  
(গ) জোয়ার ভাটা (Tide high and low).  
(ঘ) হার্টবিট (Heart beat).  
(ঙ) ক্ষুতিকের মাঝে পরমাণুর পর্যায়ক্রম (Periodicity of atoms in crystal).  
(চ) বাড়িঘরে সরবরাহকৃত বিদ্যুৎ প্রবাহ।

[Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ৮.১, পৃষ্ঠা: ৫১৩]

## অধ্যায়-৮ : পর্যাবৃত্তিক গতি

৭ পর্যাবৃত্ত গতির উদাহরণ নয় কোনটি?

- (A) সরল দোলকের গতি  
(B) সুরযন্ত্রের তারের গতি  
(C) ইঞ্জিনের সিলিন্ডারের পিস্টনের গতি  
(D) রেলগাড়ির গতি

উত্তর: (D) রেলগাড়ির গতি

ব্যাখ্যা:

পর্যাবৃত্ত গতির উদাহরণসমূহ:

- (ক) সুরযন্ত্রের তার বা বায়ুমণ্ডলের গতি।  
(খ) সূর্যের চারিদিকে পৃথিবীর গতি।  
(গ) ঘড়ির কাঁটার গতি।  
(ঘ) বাস্প বা পেট্রোল ইঞ্জিনের সিলিন্ডারের মধ্যে পিস্টনের গতি।  
(ঙ) কঠিন বস্তুতে পরমাণুর স্পন্দন।  
(চ) সুরশলাকার স্পন্দন।  
(ছ) বৈদ্যুতিক পাখার গতি।  
(জ) হৃদপিণ্ডের গতি।  
(ঝ) শ্বাস-প্রশ্বাসের গতি।  
(ঞ) এসি কারেন্ট।  
(ট) পৃথিবীর চারিদিকে চাঁদের গতি।

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ৮.২, পৃষ্ঠা: ৪৩৭;  
ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ৮.২, পৃষ্ঠা: ৫১৩;  
ড. তফাজ্জল হোসেন (সংস্করণ-২০১৮) অনু: ৮.২, পৃষ্ঠা: ৪৬৪]

৮ গীটারের তারের গতি—

- (A) স্পন্দন গতি  
(B) ঘূর্ণন গতি  
(C) আবর্তন গতি  
(D) জটিল গতি

উত্তর: (A) স্পন্দন গতি

ব্যাখ্যা:

স্পন্দন গতি ও উদাহরণসমূহ: পর্যাবৃত্ত গতিসম্পন্ন কণা যদি পর্যায়কালের অর্ধেক সময় কোনো নির্দিষ্ট দিকে এবং বাকি অর্ধেক সময় একই পথে তার বিপরীত দিকে চলে তবে তার গতিকে স্পন্দন গতি বলে।

উদাহরণ: সরল দোলকের গতি, গীটারের তারের গতি, শব্দ সঞ্চালনের সময় বায়ুর কণার স্পন্দন ইত্যাদি।

[Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৭), অনু: ৮.২, পৃষ্ঠা: ৫১৪]

৯ কোনটি স্পন্দন গতির উদাহরণ নয়?

- (A) সরল দোলকের গতি  
(B) গীটারের তারের গতি  
(C) শব্দ সঞ্চালনের সময় বায়ুর কণার স্পন্দন  
(D) ঘড়ির কাঁটার গতি

উত্তর: (D) ঘড়ির কাঁটার গতি

ব্যাখ্যা:

স্পন্দন গতি বা দোলন গতির উদাহরণসমূহ:

- (ক) সরলদোলকের গতি।  
(খ) গীটারের তারের গতি।  
(গ) শব্দ-সঞ্চালনের সময় বায়ুর কণার স্পন্দন।  
(ঘ) কম্পনশীল সুরশলাকার গতি।  
(ঙ) স্প্রিং এর গতি।  
(চ) ঘড়ির পেণ্ডুলামের গতি।  
(ছ) ইঞ্জিনের পিস্টনের গতি।

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ৮.২, পৃষ্ঠা: ৪৩৮;  
ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ৮.২, পৃষ্ঠা: ৫১৪;  
ড. তফাজ্জল হোসেন (সংস্করণ-২০১৮) অনু: ৮.৩, পৃষ্ঠা: ৪৬৬]

১০ সরল ছন্দিত স্পন্দনের বৈশিষ্ট্য নয় কোনটি?

- (A) পর্যাবৃত্ত গতি  
(B) সরলরৈখিক গতি  
(C) কণার উপর ক্রিয়াশীল বলের মান সাম্যাবস্থান থেকে সরণের মানের সমানুপাতিক  
(D) বল সরণের দিকে ক্রিয়া করে

উত্তর: (D) বল সরণের দিকে ক্রিয়া করে

ব্যাখ্যা: সরল ছন্দিত স্পন্দন (বিস্তারিত): যখন কোনো স্পন্দন গতিসম্পন্ন কণার উপর কোনো বল এমনভাবে ক্রিয়া করে যেন সেই বলের মান সাম্যাবস্থান থেকে কণাটির সরণের সমানুপাতিক হয় এবং বলের দিক সর্বদা সাম্যাবস্থান অভিমুখী হয় তখন ঐ কণার গতিকে সরল ছন্দিত স্পন্দন বলে।

সরল ছন্দিত স্পন্দনের বৈশিষ্ট্য:

- এটি একটি পর্যাবৃত্ত গতি।
- এটি একটি সরলরৈখিক গতি।
- যে কোনো সময় কণার উপর ক্রিয়াশীল বলের মান তথা ত্বরণের মান সাম্যাবস্থান থেকে সরণের মানের সমানুপাতিক এবং বিপরীতমুখী।
- এ বল তথা ত্বরণ সর্বদা একটি নির্দিষ্ট বিন্দু অভিমুখী। ত্বরণ বস্তু কণার মধ্য অবস্থান অভিমুখী হয়।
- স্পন্দনের সীমা সাম্যাবস্থান থেকে উভয় দিকে সমান দূরে অবস্থিত।
- কণার সরণকে সাইন বা কোসাইনের ফাংশন দ্বারা প্রকাশ করা যায়।

সরল ছন্দিত স্পন্দন বলের বৈশিষ্ট্য:

- ক্রিয়াশীল বলের মান সাম্যাবস্থান থেকে কণাটির সরণের মানের সমানুপাতিক।
- বলের দিক সরণের দিকের বিপরীতমুখী অর্থাৎ, কণাটির সরণ যদি হয় বল তার বিপরীত দিকে ক্রিয়া করে।
- বল সর্বদা একটি নির্দিষ্ট বিন্দু অভিমুখী।
- সময়ের সাথে সাথে বলের মান ও দিক উভয়ই পরিবর্তিত হয়।

[Ref: ড. তফাজ্জল (সংস্করণ-২০১৮), অনু: ৮.৪, পৃষ্ঠা: ৪৬৭;  
ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ৮.৩.১ পৃষ্ঠা: ৫১৪]

১১ জেনে রাখা ভালো:

সরল দোলন গতির ক্ষেত্রে বলের বৈশিষ্ট্য:

- এটি একটি পর্যাবৃত্ত বল।
- এটি একটি স্পন্দনশীল বল।
- যে কোনো সময় বলের মান সাম্যাবস্থান থেকে সরণের মানের সমানুপাতিক।
- বল সর্বদা একটি নির্দিষ্ট বিন্দু অভিমুখী।

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৭), অনু: ৮.৩, পৃষ্ঠা: ৪৩৮]

১২ সরল দোলন গতির বৈশিষ্ট্য নয় কোনটি?

- (A) এটি পর্যাবৃত্ত গতি  
(B) ত্বরণ সর্বদা সরণের সমানুপাতিক  
(C) ত্বরণ সরণের বিপরীতমুখী  
(D) ত্বরণ বস্তু কণার প্রাণ্ডীয় অবস্থান অভিমুখী

উত্তর: (D) ত্বরণ বস্তু কণার প্রাণ্ডীয় অবস্থান অভিমুখী

Note: পূর্বের ১০নং প্রশ্নের ব্যাখ্যা দেখুন।

১২ সরল দোলন গতিসম্পন্ন কোনো কণার ত্বরণ সাম্যাবস্থা থেকে এর সরণের—

- (A) ব্যস্তানুপাতিক (B) বর্গের ব্যস্তানুপাতিক  
(C) সমানুপাতিক (D) বর্গের সমানুপাতিক

উত্তর: (C) সমানুপাতিক

Note: পূর্বের ১০নং প্রশ্নের ব্যাখ্যা দেখুন।

১৩ সরল ছন্দিত গতি ত্বরণ বা প্রত্যায়নী বল সরণের-

- (A) সমানুপাতিক ও সমমুখী (B) ব্যস্তানুপাতিক ও বিপরীতমুখী  
(C) ব্যস্তানুপাতিক ও সমমুখী (D) সমানুপাতিক ও বিপরীতমুখী

উত্তর: (D) সমানুপাতিক ও বিপরীতমুখী  
Note: পূর্বের ১০নং প্রশ্নের ব্যাখ্যা দেখুন।

১৪ কোনটি সরল ছন্দিত স্পন্দনের উদাহরণ নয়?

- (A) বিনা ঘর্ষণে স্প্রিং এর গতি  
(B) ঘড়ির পেডুলামের গতি  
(C) কম্পমান সুবশলাকার গতি  
(D) অধিক বিস্তারে দোলায়মান সরলদোলকের গতি

উত্তর: (D) অধিক বিস্তারে দোলায়মান সরলদোলকের গতি  
ব্যাখ্যা:

সরল ছন্দিত স্পন্দনের উদাহরণ:

- (i) বিনা ঘর্ষণে স্প্রিংয়ের গতি,  
(ii) স্টিম ইঞ্জিনের সিলিন্ডারে পিস্টনের গতি,  
(iii) ঘড়ির পেডুলামের গতি,  
(iv) কোনো কঠিন বস্তুতে তার অণুসমূহের গতি,  
(v) আমাদের হৃৎপিণ্ডের গতি,  
(vi) কম্পমান সুব শলাকার গতি,  
(vii) অল্প বিস্তারে দোলায়মান সরল দোলকের গতি ইত্যাদি।

[Ref: ড. তফাজ্জল হোসেন (সংস্করণ-২০১৮), অনু: চ.৪, পৃষ্ঠা: ৪৬৬]

১৫ একটি পূর্ণ দোলন সম্পন্ন করতে কেনা কণার যত সময় লাগে তাকে কি বলে?

- (A) পূর্ণ দোলন (B) পর্যায়কাল  
(C) কম্পাঙ্ক (D) বিস্তার

উত্তর: (B) পর্যায়কাল

ব্যাখ্যা:

সরল ছন্দিত স্পন্দনের সাথে সংশ্লিষ্ট কতিপয় রাশি:

- (ক) পূর্ণ দোলন: সরল ছন্দিত স্পন্দন সম্পন্ন কোনো বস্তু একটি নির্দিষ্ট বিন্দু থেকে যাত্রা শুরু করে একই নিয়মে একটি নির্দিষ্ট পথে আবার ঐ বিন্দুতে ফিরে এলে একটি পূর্ণ দোলন বা স্পন্দন সম্পন্ন হয়।  
(খ) পর্যায়কাল: একটি পূর্ণ দোলন সম্পন্ন করতে কণাটির যে সময় লাগে তাকে পর্যায়কাল বলে। একে T দ্বারা প্রকাশ করা হয়। এর একক Second(s)।  
(গ) কম্পাঙ্ক: একক সময়ের পূর্ণ স্পন্দন সংখ্যাকে কম্পাঙ্ক বলে। একে n, f বা  $\nu$  দ্বারা প্রকাশ করা হয়। এর একক  $H_z$ ।  $1 H_z = 1 \text{ cycle/second}$ ।  
(ঘ) বিস্তার: স্পন্দনের কণা তার সাম্যাবস্থান থেকে যে কোনো একদিকে যে সর্বাধিক দূরত্ব অতিক্রম করে তাকে বিস্তার বলে।  
(ঙ) দশা: সরলদোল গতিতে গতিশীল কণার গতির সার্বিক অবস্থা তথা কণাটির অবস্থান, সরণ, বেগ, ত্বরণ ইত্যাদি যে রাশি দ্বারা বোঝা যায় তাকে দশা বলে। দশা মূলত একটা কোণ।  
(চ) আদি দশা: যাত্রা শুরু করার মুহূর্তে অর্থাৎ,  $t = 0$  সময়ে কণাটির দশাকে তার আদি দশা বলে। একে 'ইপক' ও বলা হয়।

[Ref: ড. তফাজ্জল হোসেন (সংস্করণ-২০১৮), অনু: চ.৪, পৃষ্ঠা: ৪৬৭, ৪৬৮]

১৬ সরল ছন্দিত স্পন্দন সম্পন্ন কণায় 'ইপক' পাওয়া যায় কোন মুহূর্তে?

- (A)  $t = 1 \text{ sec}$  (B)  $t = 2 \text{ sec}$   
(C)  $t = 0 \text{ sec}$  (D)  $t = 3 \text{ sec}$

উত্তর: (C)  $t = 0 \text{ sec}$

Note: উপরের ১৫নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

১৭ একক সময়ে পূর্ণ স্পন্দন সংখ্যাকে কি বলা হয়?

- (A) পর্যায়কাল (B) কম্পাঙ্ক  
(C) দশা (D) পূর্ণ দোলন

উত্তর: (B) কম্পাঙ্ক

Note: উপরের ১৫নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

১৮ কম্পাঙ্কের একক নিচের কোনটি?

- (A) হার্জ (B) প্রতি সেকেন্ড  
(C) ইপক (D) সেকেন্ড/সাইকেল

উত্তর: (A) হার্জ

Note: উপরের ১৫নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

১৯ সরল ছন্দিত স্পন্দনে দশা মূলত-

- (A) একটি কোণ (B) একটি বিশেষ অবস্থা  
(C) পর্যায়কাল (D) কম্পাঙ্ক

উত্তর: (A) একটি কোণ

Note: উপরের ১৫নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

২০ যাত্রা শুরুর মুহূর্তে সরল ছন্দিত কণার দশাকে কি বলে?

- (A) দশা (B) আদি দশা  
(C) প্রান্তীয় দশা (D) বিস্তার

উত্তর: (B) আদি দশা

Note: উপরের ১৫নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

২১ সরল দোলন গতিসম্পন্ন কোনো কণার পর্যায়কাল এর বল ধ্রুবকের-

- (A) সমানুপাতিক (B) বর্গমূলের সমানুপাতিক  
(C) ব্যস্তানুপাতিক (D) বর্গমূলের ব্যস্তানুপাতিক

উত্তর: (D) বর্গমূলের ব্যস্তানুপাতিক

ব্যাখ্যা:

পর্যায়কাল ও বল ধ্রুবকের সম্পর্ক:

আমরা জানি,  $\omega^2 = \frac{k}{m}$ । সুতরাং  $T = \frac{2\pi}{\omega}$  সমীকরণ দাঁড়ায়,

$$T = 2\pi \sqrt{\frac{m}{k}}$$

যেহেতু কোনো কণার ভর m নির্দিষ্ট

$$\therefore T \propto \frac{1}{\sqrt{k}}$$

অর্থাৎ সরল দোলন গতি সম্পন্ন কোনো কণার পর্যায়কাল বল ধ্রুবকের বর্গমূলের ব্যস্তানুপাতিক।

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: চ.৬, পৃষ্ঠা: ৪৪২]

২২ পর্যায়কাল ও বল ধ্রুবকের মধ্যে সম্পর্ক সূচক সমীকরণ কোনটি?

- (A)  $T \propto \sqrt{k}$  (B)  $T \propto \frac{1}{\sqrt{k}}$   
(C)  $T \propto \sqrt{T}$  (D)  $T \propto k$

উত্তর: (B)  $T \propto \frac{1}{\sqrt{k}}$

Note: পূর্বের ২১নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

২৩ দৃঢ়ভাবে আটকানো  $k$  বল ধ্রুবকের একটি স্প্রিং-এর এক প্রান্তে  $m$  ভর ঝুলিয়ে একটু টেনে ছেড়ে দিলে যে সরল ছন্দিত স্পন্দন সৃষ্টি হবে তার পর্যায়কাল কত হবে?

- (A)  $T = 2\pi\sqrt{\frac{e}{g}}$  (B)  $T = 2\pi\sqrt{\frac{m}{k}}$   
 (C)  $T = 2\pi\sqrt{\frac{g}{e}}$  (D)  $T = 2\pi\sqrt{\frac{l}{g}}$

উত্তর: (B)  $T = 2\pi\sqrt{\frac{m}{k}}$

Note: পূর্বের ২১নং প্রশ্নের ব্যাখ্যা দেখুন।

২৪ সরল দোলন গতিসম্পন্ন কণার কম্পাঙ্ক-এর বল ধ্রুবকের -

- (A) সমানুপাতিক (B) বর্গমূলের সমানুপাতিক  
 (C) ব্যস্তানুপাতিক (D) বর্গমূলের ব্যস্তানুপাতিক

উত্তর: (B) বর্গমূলের সমানুপাতিক

ব্যাখ্যা:

কম্পাঙ্ক ও বল ধ্রুবকের সম্পর্ক: কোনো সরল দোলন গতি সম্পন্ন কণা একক সময়ে যে কয়টি পূর্ণ দোলন বা কম্পন সম্পন্ন করে তাকে তার কম্পাঙ্ক  $f$  বলে।

$$\therefore f = \frac{1}{T} = \frac{\omega}{2\pi} = \frac{1}{2\pi} \sqrt{\frac{k}{m}}$$

কোনো সরল দোলন গতি সম্পন্ন কণার ভর,  $m$  নির্দিষ্ট।

সুতরাং  $f \propto \sqrt{k}$  অর্থাৎ সরল দোলন গতি সম্পন্ন কোনো কণার কম্পাঙ্ক বল ধ্রুবকের বর্গমূলের সমানুপাতিক।

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ৮.৬, পৃষ্ঠা: ৪৪২(উত্তর)]

২৫ সরল দোলন গতিসম্পন্ন কোনো কণার সর্বোচ্চ বেগ কত হবে?

- (A)  $v_{\max} = \frac{\omega}{A}$  (B)  $v_{\max} = \frac{A}{\omega}$   
 (C)  $v_{\max} = \omega A$  (D)  $v_{\max} = \omega 2A$

উত্তর: (C)  $v_{\max} = \omega A$

ব্যাখ্যা:

বেগ ও সরণের সম্পর্ক:  $v = \omega\sqrt{A^2 - x^2}$

যখন  $x = 0$ , অর্থাৎ কণাটি যখন মধ্যবর্তী সাম্যাবস্থান অতিক্রম করে।

তখন  $v = \omega\sqrt{A^2 - 0} = \omega A$  হয়, এবং এটিই বেগের সর্বোচ্চ মান।

$$\therefore v_{\max} = \omega A$$

সুতরাং মধ্যবর্তী সাম্যাবস্থানে সরল দোলন গতি সম্পন্ন কণার বেগ সর্বোচ্চ।

যখন  $x = A$ , অর্থাৎ কণাটি যখন বিস্তারের প্রান্তে উপস্থিত হয়,

তখন  $v = \omega\sqrt{A^2 - A^2} = 0$  এবং এটিই বেগের সর্বনিম্ন মান।

$$v_{\min} = 0$$

সুতরাং বিস্তারের প্রান্তে মুহূর্তের জন্য কণাটির বেগ শূন্য হয় এবং গতির দিক পাল্টায়।

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ৮.৬, পৃষ্ঠা: ৪৪৩]

২৬ সরল দোলন গতিসম্পন্ন কোনো কণার ত্বরণ কত হবে?

- (A)  $a = \omega x^2$  (B)  $a = -\omega^2 x$   
 (C)  $a = \omega x^2$  (D)  $a = \omega^2 x$

উত্তর: (B)  $a = -\omega^2 x$

ব্যাখ্যা:

ত্বরণ ও সরণের মধ্যে সম্পর্ক:

$$a = -\omega^2 x$$

যখন  $x = 0$ , অর্থাৎ কণাটি যখন মধ্যবর্তী সাম্যাবস্থান অতিক্রম করে, তখন  $a = 0$ , এবং এটিই ত্বরণের সর্বনিম্ন মান।

$$\therefore a_{\min} = 0$$

আবার, যখন  $x = A$ , অর্থাৎ কণাটি যখন বিস্তারের প্রান্তে উপস্থিত হয়, তখন  $a = \omega^2 A$  এবং এটি ত্বরণের সর্বোচ্চ মান। ঋণাত্মক চিহ্ন বোঝায় ত্বরণ সরণের বিপরীত অভিমুখী।

$$\therefore a_{\max} = \omega^2 A$$

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ৮.৬, পৃষ্ঠা: ৪৪৪]

২৭ সরল ছন্দিত গতিসম্পন্ন কণার ত্বরণ সম্পর্কিত কোন উক্তিটি সঠিক নয়?

- (A) গতিপথের চরম বিন্দুতে ত্বরণ সর্বাধিক  
 (B) মধ্য অবস্থানে ত্বরণ শূন্য  
 (C) ত্বরণ সরণের বিপরীতমুখী  
 (D) ত্বরণ ও সরণ পরস্পর ব্যস্তানুপাতিক

উত্তর: (D) ত্বরণ ও সরণ পরস্পর ব্যস্তানুপাতিক

Note: উপরের ২৬নং প্রশ্নের ব্যাখ্যা দেখুন।

২৮ সরল ছন্দিত স্পন্দনসম্পন্ন কণার সর্বোচ্চ ত্বরণ কত?

- (A)  $a = \omega x^2$  (B)  $a = -\omega^2 x$   
 (C)  $a = \omega^2 x$  (D)  $a = -\omega x^2$

উত্তর: (B)  $a = -\omega^2 x$

Note: উপরের ২৬নং প্রশ্নের ব্যাখ্যা দেখুন।

২৯ সরল দোলন গতিসম্পন্ন কণার ক্ষেত্রে কোন উক্তিটি মিথ্যা?

- (A) যেকোন একদিকে সরণ সর্বোচ্চ হলে বেগ শূন্য হবে  
 (B) ত্বরণ হবে সরণের বিপরীতমুখী  
 (C) সর্বোচ্চ ত্বরণ,  $a_{\max} = \omega^2 A$   
 (D) সরণ শূন্য হলে দ্রুতি সর্বনিম্ন হবে

উত্তর: (D) সরণ শূন্য হলে দ্রুতি সর্বনিম্ন হবে

ব্যাখ্যা:

সরল দোলকের সর্বোচ্চ সরণ, দ্রুতি ও ত্বরণ: সর্বোচ্চ সরণ হচ্ছে  $A$ , সর্বোচ্চ দ্রুতি  $\omega A$  এবং সর্বোচ্চ ত্বরণ  $\omega^2 A$ ।

অর্থাৎ  $x_{\max} = A$

এখানে,

$$v_{\max} = \omega A$$

$$\omega = \text{কৌণিক বেগ}$$

$$a_{\max} = \omega^2 A$$

সরল দোলনগতি সম্পন্ন কণার যে কোনো এক দিকে যখন সরণ সর্বোচ্চ হয় তখন তার বেগ শূন্য হয়, কেননা তখন বেগের অভিমুখ পরিবর্তিত হয়। এই মুহূর্তে ত্বরণের মান সর্বোচ্চ হয় কিন্তু এর দিক হয় সরণের বিপরীত দিকে। যখন সরণ শূন্য তখন দ্রুতি সর্বোচ্চ এবং ত্বরণ শূন্য হয়। যখন কোনো কণা সাম্যাবস্থানের দিকে এগুতে থাকে তখন তার দ্রুতি বাড়তে থাকে এবং কণাটির যখন সর্বোচ্চ সরণের দিকে যেতে থাকে তখন দ্রুতি কমেতে থাকে।

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ৮.৬, পৃষ্ঠা: ৪৪৪]

৩০ দৃষ্টি স্পন্দনরত কণার সরণ যথাক্রমে  $x = A \sin \omega t$  এবং

$x = A \cos \omega t$  হলে এদের মধ্যকার দশা পার্থক্য?

- (A)  $2\pi$  (B)  $\frac{\pi}{2}$  (C)  $\pi$  (D)  $\frac{\pi}{2}$

উত্তর: (B)  $\frac{\pi}{2}$

ব্যাখ্যা:

$$x = A \sin \omega t$$

এখন  $t = 0$  হলে সরণ  $x = 0$ । অর্থাৎ এক্ষেত্রে কণাটির গতি শুরু হয় তার সাম্যাবস্থান থেকে।

আবার,  $\delta = \pi/2$  হলে

$$x = \sin(\omega t + \delta) = A \sin(\omega t + \pi/2) = A \cos \omega t$$

সুতরাং  $t = 0$  সময়ে  $x = A$  অর্থাৎ সরণ  $x$  হচ্ছে সর্বোচ্চ। এক্ষেত্রে কণাটির গতি শুরু হয় এক প্রান্ত থেকে।

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ৮.৬, পৃষ্ঠা: ৪৪৫(উত্তর)]



৩৮ সরল ছন্দিত গতিসম্পন্ন কণার গতিপথের মধ্য-অবস্থানে-

- (A) বেগ সর্বনিম্ন, সরণ সর্বোচ্চ (B) বেগ সর্বনিম্ন, সরণ সর্বনিম্ন  
(C) বেগ সর্বাধিক, সরণ সর্বাধিক (D) বেগ সর্বাধিক, সরণ সর্বনিম্ন

উত্তর: (D) বেগ সর্বাধিক, সরণ সর্বনিম্ন  
Note: উপরের ৩৬নং প্রশ্নের ব্যাখ্যা দেখুন।

৩৯ একটি সরল দোলকের বিস্তার A হলে সরণের কোন মানের জন্য সরল দোলকের বিস্তার শক্তি সর্বোচ্চ হবে?

- (A) সরণ = A (B) সরণ =  $\frac{A}{2}$   
(C) সরণ = 0 (D) সরণ =  $\frac{\sqrt{A}}{2}$

উত্তর: (A) সরণ = A

Note: উপরের ৩৬নং প্রশ্নের ব্যাখ্যা দেখুন।

৪০ সরল দোলকের গতির ক্ষেত্রে এর মোট যান্ত্রিক শক্তি বিস্তারের-

- (A) সমানুপাতিক (B) ব্যস্তানুপাতিক  
(C) বর্গের সমানুপাতিক (D) বর্গের ব্যস্তানুপাতিক

উত্তর: (C) বর্গের সমানুপাতিক

Note: উপরের ৩৬নং প্রশ্নের ব্যাখ্যা দেখুন।

৪১ নিচের কোনটিতে সরল দোলন গতি পরিলক্ষিত হয় না?

- (A) স্বরযন্ত্রের ভোকাল কর্ড (B) লাউড স্পিকার  
(C) মাইক্রোফোন (D) অনুভূমিক স্প্রিং

উত্তর: (D) অনুভূমিক স্প্রিং

ব্যাখ্যা:

সরল দোলন গতির ব্যবহার:

- (i) সরল দোলক, (ii) সুরশলাকা, (iii) বিভিন্ন বাদ্যযন্ত্রে তারের কম্পন, (iv) আমাদের স্বরযন্ত্রের ভোকাল কর্ড, (v) লাউড স্পিকার, (vi) মাইক্রোফোন ইত্যাদি সরল দোলন গতির মাধ্যমে কাজ করে।

উল্লেখ্য উল্লম্ব স্প্রিং-এর গতিসরল দোলন গতি হলেও অনুভূমিক স্প্রিং এর গতি সরল দোলন গতি নয়।

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: চ.চ. পৃষ্ঠা: ৪৪৮]

৪২ নীচের কোনটি সরল দোলন গতি? [মে: ভ: প: ০৩-০৪]

- (A) সরল দোলকের গতি (B) সুরশলাকার বাহুর কম্পন  
(C) স্প্রিং এর উল্লম্ব কম্পন (D) সবই ঠিক।

উত্তর: (D) সবই ঠিক।

Note: উপরের ৪১নং প্রশ্নের ব্যাখ্যা দেখুন।

৪৩ কোন উল্লম্ব স্প্রিং এর দোলন, সরল দোলন গতি হবার জন্য শর্ত নয় কোনটি?

- (A) স্প্রিংটিকে তার স্থিতিস্থাপক সীমার বাইরে টান টান করা যাবে না।  
(B) স্প্রিং এর ভর উপেক্ষণীয় হতে হবে  
(C) হকের সূত্র প্রযোজ্য হবে।  
(D) স্পন্দনের বিস্তার, কণাটির সাম্যাবস্থায় প্রসারণ অপেক্ষা বেশি হতে হবে।

উত্তর: (D) স্পন্দনের বিস্তার, কণাটির সাম্যাবস্থায় প্রসারণ অপেক্ষা বেশি হতে হবে।

ব্যাখ্যা:

উল্লম্ব স্প্রিং এর দোলন, সরল দোলন গতি হবার শর্ত:

- (১) স্প্রিংটিকে তার স্থিতিস্থাপক সীমার বাইরে টান টান করা যাবে না, যাতে হকের সূত্র প্রযোজ্য হয়।  
(২) স্পন্দনের বিস্তার কণাটির সাম্যাবস্থায় প্রসারণের এর চেয়ে কম হতে হবে।  
(৩) স্প্রিং-এর ভর উপেক্ষণীয় হতে হবে।

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: চ.চ. পৃষ্ঠা: ৪৪৯]

৪৪ একটি আদর্শ সরল দোলকের বৈশিষ্ট্য নয় কোনটি?

- (A) সুতার ভর নগণ্য হবে  
(B) বব ক্ষুদ্র ও ভারী হবে  
(C) সুতা পাকহীন, নমনীয় এবং প্রসারণশীল হবে  
(D) দোলকের গতি হবে সরল ছন্দিত গতি

উত্তর: (C) সুতা পাকহীন, নমনীয় এবং প্রসারণশীল হবে

ব্যাখ্যা:

আদর্শ সরল দোলকের বৈশিষ্ট্য:

একটি আদর্শ সরল দোলকের নিম্নলিখিত বৈশিষ্ট্যসমূহ থাকা উচিত।

- (ক) ববটি ক্ষুদ্র এবং কিছুটা ভারী হবে যাতে সুতা টান টান পাকে।  
(খ) সুতার ভর নগণ্য হবে।  
(গ) সুতা পাকহীন, নমনীয় ও অপ্রসারণশীল হবে।  
(ঘ) দোলকপিণ্ড বিনা বাধায় দুলবে।  
(ঙ) দৃঢ় অবলম্বন হতে সুতাকে ঝুলাতে হবে।  
(চ) দোলকের গতি হবে সরল ছন্দিত গতি।

[Ref: ড. তফাজ্জল হোসেন (সংস্করণ-২০১৮), অনু: চ.চ. পৃষ্ঠা: ৪২২]

৪৫ দোলক ঘড়ির ক্ষেত্রে গ্রীষ্মকালের জন্য সঠিক কোনটি?

[ডে: ভ: প: ২০১৬-১৭]

- (A) তাদের দৈর্ঘ্য কমে যায়  
(B) ঘড়ি দ্রুত চলে  
(C) ঘড়ি ধীরে চলে  
(D) দোলন কাল অপরিবর্তিত থাকে

উত্তর: (C) ঘড়ি ধীরে চলে

ব্যাখ্যা:

সরল দোলকের ব্যবহার-সময় নির্ণয়: দোলক ঘড়িতে দোলকের সাহায্যে

$$= 2\pi \sqrt{\frac{L}{g}}$$
 সূত্রের সাহায্যে সময় মাপা হয়। এ সব দোলক সাধারণত ধাতুর দ্বারা নির্মিত। শীতকালে তারের দৈর্ঘ্য (L) কমে যায় এবং গ্রীষ্মকালে দৈর্ঘ্য বেড়ে যায়। সুতরাং শীতকালে ঘড়ির দোলন কাল (T) কমে যায় এবং ঘড়ি দ্রুত চলে। গ্রীষ্মকালে ঘড়ির দোলন কাল (T) বেড়ে যায় এবং ঘড়ি ধীরে চলে।

মাটির নিচে বা উঁচু পাহাড়ের উপর g-এর মান কম। কাজেই উঁচু পাহাড়ে বা মাটির নিচে দোলকের দোলন কাল বেশি হয়। এর অর্থ ঘড়ি ধীরে চলে। বিঘ্ন অঞ্চলে g-এর মান কম এবং মেরু অঞ্চলে g-এর মান বেশি। অতএব একটি দোলক ঘড়িকে বিঘ্ন অঞ্চলে হতে মেরু অঞ্চলে নিলে ঘড়িটি দ্রুত চলে।

[Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: চ.চ. পৃষ্ঠা: ৫২৫]

৪৬ দোলক ঘড়ির বেলায় কোন উক্তিটি সঠিক?

- (A) গরমের দিনে ধীরে চলবে। [মে: ভ: প: ৯৯-১০০]  
(B) বিষুব রেখা হতে মেরু অঞ্চলে আনলে ধীরে চলবে।  
(C) বিষুব রেখা হতে মেরু অঞ্চলে আনলে ঘড়িটি দ্রুত চলবে।  
(D) দৈর্ঘ্য বাড়লে ঘড়ি দ্রুত চলবে।

উত্তর: (A) ও (C)

Note: উপরের ৪৫নং প্রশ্নের ব্যাখ্যা দেখুন।

৪৭ একটি সরল দোলককে পৃথিবীর পৃষ্ঠ হতে চন্দ্রে স্থানান্তরিত করলে - [মে: ভ: প: ৮৯-৯০]

- (A) সরল দোলক থেমে যাবে  
(B) সরল দোলকটি দ্রুত চলবে  
(C) সরল দোলকটি ধীরে চলবে  
(D) দোলন কালের কোন পরিবর্তন হবে না

উত্তর: (C) সরল দোলকটি ধীরে চলবে।

Note: উপরের ৪৫নং প্রশ্নের ব্যাখ্যা দেখুন।

৪৮ একটি সরল দোলককে ডু-কেন্দ্রে নিয়ে গেলে দোলনকাল হবে-  
[মে: জ: প: ৯৪-৯৫]

- (A) অসীম (B) স্থির  
(C) শূন্য (D) উপরের কোনটি নয়

উত্তর: (A) অসীম

ব্যাখ্যা:  
ডু-কেন্দ্রে দোলনকাল:

আমরা জানি, ডু-কেন্দ্রে  $g$  এর মান শূন্য হয়।

সরল দোলককে ডু-কেন্দ্রে নিয়ে গেলে এর দোলন কাল

$$T = 2\pi\sqrt{\frac{L}{g}}$$

এ  $g$  এর মান শূন্য বসালে দোলকের দোলনকাল অসীম হবে।

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ৮.১০, পৃষ্ঠা: ৪৫৬(উদ্ধৃত)]

৪৯ সরল দোলকের গতি কয়টি সূত্র মেনে চলে?

- (A) দুটি (B) চারটি  
(C) একটি (D) পাঁচটি

উত্তর: (B) চারটি

ব্যাখ্যা:  
সরল দোলকের সূত্র:

কোন একটি সরল দোলক দু'লবার সময় তার দোলনকাল চারটি সূত্র মেনে চলে। বিখ্যাত বিজ্ঞানী গ্যালিলিও এ সূত্রগুলি আবিষ্কার করেন।

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ৮.১০, পৃষ্ঠা: ৪৫১]

৫০ সরল দোলকের সূত্র সম্পর্কে কোনটি ঠিক নয়?

- (A) ১ম সূত্র- সমকাল সূত্র (B) ৪র্থ সূত্র: বেগের সূত্র  
(C) ২য় সূত্র- দৈর্ঘ্যের সূত্র (D) ৩য় সূত্র- ত্বরণের সূত্র

উত্তর: (B) ৪র্থ সূত্র: বেগের সূত্র

ব্যাখ্যা:  
সরল দোলকের সূত্রাবলি: বিখ্যাত বিজ্ঞানী গ্যালিলিও এই সূত্রগুলো আবিষ্কার করেন। সূত্রগুলো হলো:

১ম সূত্র- সম-কাল সূত্র (Law of Isochronism): কোনো এক স্থানে নির্দিষ্ট দৈর্ঘ্যবিশিষ্ট কোনো একটি সরল দোলকের বিস্তার  $4^\circ$  এর মধ্যে থাকলে তার প্রতিটি দোলনের জন্য সমান সময় লাগবে। ১৫৪২ খ্রিস্টাব্দে বিজ্ঞানী গ্যালিলিও এই সূত্রটি আবিষ্কার করেন।

২য় সূত্র- দৈর্ঘ্যের সূত্র: বিস্তার  $4^\circ$ -এর মধ্যে থাকলে কোনো নির্দিষ্ট স্থানে সরল দোলকের দোলন কাল তার কার্যকর দৈর্ঘ্যের বর্গমূলের সমানুপাতিক।

নির্দিষ্ট  $T$  দোলন কাল এবং  $L$  কার্যকর দৈর্ঘ্য হয়, তবে সূত্রানুযায়ী একই স্থানে

$$T \propto \sqrt{L}$$

৩য় সূত্র- ত্বরণের সূত্র: বিস্তার  $4^\circ$ -এর মধ্যে থাকলে নির্দিষ্ট দৈর্ঘ্যবিশিষ্ট কোনো একটি সরল দোলকের দোলন কাল ঐ স্থানের অভিকর্ষীয় বা অভিকর্ষজ ত্বরণের বর্গমূলের ব্যস্তানুপাতিক। দোলনকাল  $T$  এবং অভিকর্ষজ

$$T \propto \frac{1}{\sqrt{g}}$$

ত্বরণ  $g$  হলে সূত্রানুসারে একই কার্যকর দৈর্ঘ্য  $T \propto \frac{1}{\sqrt{g}}$

অর্থাৎ  $g$  বাড়লে  $T$  কমবে এবং  $g$  কমলে  $T$  বাড়বে।

৪র্থ সূত্র- ভরের সূত্র: বিস্তার  $4^\circ$ -এর মধ্যে এবং কার্যকর দৈর্ঘ্য স্থির থাকলে কোনো স্থানে সরল দোলকের দোলন কাল দোলক পিণ্ডের ভর, আকৃতি বা উপাদানের উপর নির্ভর করে না। অর্থাৎ দোলকপিণ্ড বড় কি ছোট হোক, তামা কিংবা সীসার হোক, ফাঁপা বা নিরেট হোক কার্যকর দৈর্ঘ্য স্থির থাকলে, একই স্থানে দোলকের দোলন কালের কোনো পরিবর্তন ঘটে না।

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ৮.১০, পৃষ্ঠা: ৪৫১]

[Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ৮.৭.১, পৃষ্ঠা: ৫২৩]

৫১ কোন দোলক পিণ্ডের ব্যাস কমানো হলে কোন ঘটনাটি ঘটবে?  
[ডে: জ: প: ২০১৮-১৯]

- (A) দোলক দ্রুত চলবে  
(B) দোলনকাল বাড়বে  
(C) দোলকের কোন পরিবর্তন হবে না  
(D) দোলক আস্তে চলবে

উত্তর: (A) দোলক দ্রুত চলবে

Note: পূর্বের ৫০নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

Note: দোলক পিণ্ডের ব্যাস কমানো হলে কার্যকর দৈর্ঘ্য কমে যাবে, ফলে দোলনকালও কমে যাবে। ফলশ্রুতিতে দোলক দ্রুত চলবে।

৫২ সরলদোলকের দোলনকাল নির্ভর করে না-

- (A) বরের ভর এর উপর (B) অভিকর্ষজ ত্বরণ এর উপর  
(C) কার্যকরী দৈর্ঘ্য এর উপর (D) দোলকের বিস্তারের উপর

উত্তর: (A) বরের ভর এর উপর

Note: পূর্বের ৫০নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

৫৩ কৌণিক বিস্তার ক্ষুদ্র হলে এবং সরল দোলকের কার্যকরী দৈর্ঘ্য অপরিবর্তিত থাকলে এর দোলনকাল অভিকর্ষজ ত্বরণের-

- (A) সমানুপাতিক (B) ব্যস্তানুপাতিক  
(C) বর্গমূলের সমানুপাতিক (D) বর্গমূলের ব্যস্তানুপাতিক

উত্তর: (D) বর্গমূলের ব্যস্তানুপাতিক

Note: পূর্বের ৫০নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

৫৪ কৌণিক বিস্তার ক্ষুদ্র হলে কোনো নির্দিষ্ট স্থানে সরল দোলকের দোলনকাল-এর কার্যকরী দৈর্ঘ্যের-

- (A) সমানুপাতিক (B) ব্যস্তানুপাতিক  
(C) বর্গমূলের সমানুপাতিক (D) বর্গমূলের ব্যস্তানুপাতিক

উত্তর: (C) বর্গমূলের সমানুপাতিক

Note: পূর্বের ৫০নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

৫৫ একটি সরল দোলকের দোলনকাল  $T$ ; দোলকটির দৈর্ঘ্য দ্বিগুণ হলে পরিবর্তিত দোলনকাল কত হবে?

- (A)  $\sqrt{2} T$  (B)  $2T$   
(C)  $\frac{1}{2} T$  (D)  $\frac{1}{\sqrt{2}} T$

উত্তর: (A)  $\sqrt{2} T$

Note: পূর্বের ৫০নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

৫৬ সরল দোলকের বরের ভর বেশি হলে, দোলনকাল কী হবে?

- (A) বাড়বে (B) কমবে  
(C) অপরিবর্তিত থাকবে (D) ভরের বর্গমূলের সমানুপাতিক

উত্তর: (C) অপরিবর্তিত থাকবে

Note: পূর্বের ৫০নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

৫৭ যদি একটি দোলকের পর্যায়কাল  $T$  এবং কার্যকর দৈর্ঘ্য  $L$  হয় তবে-

- (A)  $T \propto \sqrt{\frac{1}{L}}$  (B)  $T \propto L$   
(C)  $T \propto \sqrt{L}$  (D)  $T \propto \frac{1}{L}$

উত্তর: (C)  $T \propto \sqrt{L}$

Note: পূর্বের ৫০নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

৫৮ সরল দোলকের সূত্র সম্পর্কে নিচের কোনটি সঠিক?

- (A)  $T \propto \sqrt{g}$  (B)  $T \propto L^2$   
(C)  $T \propto \frac{1}{\sqrt{g}}$  (D)  $T^2 \propto \sqrt{L}$

উত্তর: (C)  $T \propto \frac{1}{\sqrt{g}}$

Note: উপরের ৫০নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

৫৯ পর্যায়কাল দ্বিগুণ করতে সরল দোলকের দৈর্ঘ্য কতগুণ বাড়াতে হবে?

- (A) 2 (B) 4  
(C)  $\frac{1}{2}$  (D)  $\frac{1}{4}$

উত্তর: (B) 4

ব্যাখ্যা:

সরল দোলকের দৈর্ঘ্যের সূত্র:

আমরা জানি, সরল দোলকের দোলনকাল,

$$T = 2\pi \sqrt{\frac{L}{g}}$$

বা  $T \propto \sqrt{L}$

অতএব, পর্যায়কাল দ্বিগুণ করতে দৈর্ঘ্য ৪ গুণ বাড়াতে হবে।

[Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ৮.৭.১, পৃষ্ঠা: ৫২৩]

৬০ কোনো সরল দোলকের দোলনকাল চারগুণ করার জন্য-

- (A) দৈর্ঘ্য দ্বিগুণ করতে হবে (B) দৈর্ঘ্য ষোলগুণ করতে হবে  
(C) ববের ভর দ্বিগুণ করতে হবে (D) ববের ভর চারগুণ করতে হবে

উত্তর: (B) দৈর্ঘ্য ষোলগুণ করতে হবে

Note: পূর্বের ৫৯নং প্রশ্নের ব্যাখ্যা দেখুন।

৬১ কোন স্থানে  $g$  এর মান  $9.8 \text{ ms}^{-2}$  এবং উক্ত স্থানে একটি সরলদোলকের কার্যকর দৈর্ঘ্য  $0.5 \text{ m}$  দোলকটির দৈর্ঘ্য ৪ গুণ বাড়ালে দোলনকাল কত হবে?

- (A) ৪ গুণ বাড়বে (B) ২ গুণ বাড়বে  
(C) ৩ গুণ বাড়বে (D) ৪ গুণ বাড়বে

উত্তর: (B) ২ গুণ বাড়বে

Note: উপরের ৫৯নং প্রশ্নের ব্যাখ্যা দেখুন।

৬২ যদি কোন সরল দোলকের দৈর্ঘ্য অর্ধেক করা হয় তবে উহার দোলনকাল হবে-

- (A) অর্ধেক (B)  $\sqrt{2}$  গুণ বৃদ্ধি পায়  
(C) দ্বিগুণ (D)  $\sqrt{2}$  গুণনিয়ে হ্রাস পায়।

উত্তর: (D)  $\sqrt{2}$  গুণনিয়ে হ্রাস পায়।

Note: উপরের ৫৯নং প্রশ্নের ব্যাখ্যা দেখুন।

৬৩ পর্যায়কাল দ্বিগুণ করতে সরল দোলকের দৈর্ঘ্য কতগুণ করতে হবে?

- (A)  $\frac{1}{4}$  (B)  $\frac{1}{2}$   
(C) 2 (D) 4

উত্তর: (D) 4

Note: পূর্বের ৫৯নং প্রশ্নের ব্যাখ্যা দেখুন।

৬৪ সরল দোলকের সাহায্যে কোন স্থানের অভিকর্ষজ ত্বরণ নির্ণয়ের সমীকরণ কোনটি?

- (A)  $T = 2\pi \sqrt{L}$  (B)  $T = 2\pi \sqrt{\frac{L}{g}}$   
(C)  $T = 2\pi \sqrt{\frac{L}{g}}$  (D)  $T = \sqrt{\frac{L}{g}}$

উত্তর: (C)  $T = 2\pi \sqrt{\frac{L}{g}}$

ব্যাখ্যা:

সরল দোলকের সমীকরণ: সরল দোলকের দ্বিতীয় ও তৃতীয় সূত্র থেকে

পাওয়া যায়  $T = 2\pi \sqrt{\frac{L}{g}}$ ;

এটিই সরল দোলকের দোলনকালের সমীকরণ যেখানে,

$L$  = কার্যকর দৈর্ঘ্য

$g$  = অভিকর্ষজ ত্বরণ

$T$  = দোলনকাল

উক্ত সমীকরণের সাহায্যে অভিকর্ষজ ত্বরণ  $g$ -এর মান নির্ণয় করা হয়।

[Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ৮.৭.১, পৃষ্ঠা: ৫২৩]

৬৫ সরল দোলকের ক্ষেত্রে কোন বাক্যটি সত্য নয়?

- (A) যে ভারী বস্তু সুতার সাহায্যে ঝুলিয়ে সরল দোলক তৈরি করা হয় তাকে বব বলে।  
(B) যে বিন্দু থেকে সুতার সাহায্যে ববকে ঝুলানো হয় তাকে ঝুলন বিন্দু বলে।  
(C) ঝুলন বিন্দু থেকে ববের পৃষ্ঠ পর্যন্ত দূরত্বকে কার্যকরী দৈর্ঘ্য বলে।  
(D) ববটি উলম্ব তলে দুলতে পারে।

উত্তর: (C) ঝুলন বিন্দু থেকে ববের পৃষ্ঠ পর্যন্ত দূরত্বকে কার্যকরী দৈর্ঘ্য বলে।

ব্যাখ্যা:

সরল দোলক: একটি ভারী আয়তনহীন বস্তুকণাকে ওজনহীন, নমনীয় ও অপ্রসারণশীল সুতা দিয়ে ঝুলিয়ে দিলে এটি যদি ঘর্ষণ এড়িয়ে স্বাধীনভাবে একটি উলম্ব তলে দুলতে পারে তবে তাকে সরল দোলক বলে।


বব: যে ভারী বস্তুটিকে সুতার সাহায্যে ঝুলিয়ে সরল দোলক তৈরি করা হয় তাকে বব বা পিণ্ড বলে। চিত্রে C হচ্ছে বব।

ঝুলন বিন্দু: যে বিন্দু থেকে সুতার সাহায্যে ববকে ঝুলানো হয় তাকে ঝুলন বিন্দু বলে।

চিত্রে O হচ্ছে ঝুলন বিন্দু।

কার্যকরী দৈর্ঘ্য: ঝুলন বিন্দু থেকে ববের ভারকেন্দ্র পর্যন্ত দূরত্বকে সরল দোলকের কার্যকরী দৈর্ঘ্য বা দোলক দৈর্ঘ্য বলে।

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ৮.১০, পৃষ্ঠা: ৪০১]



৬৬ সেকেন্ড দোলক কাকে বলে?

[মে: ড. পৃ: ২০০২-০১]

- (A) যে সরল দোলকের দোলনকাল ১ সেকেন্ড  
(B) যে সরল দোলকের দোলনকাল ২ সেকেন্ড  
(C) যে সরল দোলকের দোলনকাল ৩ সেকেন্ড  
(D) যে সরল দোলকের দোলনকাল ০.৫ সেকেন্ড

উত্তর: (B) যে সরল দোলকের দোলন কাল ২ সেকেন্ড

ব্যাখ্যা:  
সেকেন্ড দোলক (Second Pendulum): যে সরল দোলকের দোলনকাল দুই সেকেন্ড অর্থাৎ যে দোলকের এক প্রান্ত থেকে অপর প্রান্তে যেতে এক সেকেন্ড সময় লাগে তাকে সেকেন্ড দোলক বলে। সেকেন্ড দোলক ১ সেকেন্ডে একটি অর্ধদোলন সম্পন্ন করে।



সরল দোলকের দৈর্ঘ্য: সেকেন্ড দোলকের দোলনকাল,  $T = 2s$   
 আমরা জানি, সরল দোলকের দোলনকাল,  $T = 2\pi\sqrt{\frac{L}{g}}$   
 সেকেন্ড দোলকের জন্য,  $2 = 2\pi\sqrt{\frac{L}{g}}$   
 বা,  $L = \frac{g}{\pi^2}$

অতিক্রম ত্বরণ  $9.8ms^{-2}$  হলে  $L = 0.9929$  cm বা  $99.929$  cm  
 সঠিক ঘর।

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ও সংস্করণ-২০১৮), অনু: ৮.১০, পৃষ্ঠা: ৪০৭-৪০৮]

৬৭ নিম্নের কোন সমীকরণটি সরল ছন্দিত স্পন্দনের জন্য সঠিক?  
 [ভে: জ: প: ১০-১১]

- A)  $K = 2\pi\sqrt{\frac{e}{g}}$       B)  $\lambda = \frac{1}{2}kA^2\cos^2(\omega x + \delta)$   
 C)  $T = \sin(\omega x + \delta)$       D)  $L = \frac{g}{\pi^2}$

উত্তর: D)  $L = \frac{g}{\pi^2}$

Note: উপরের ৬৬নং প্রশ্নের ব্যাখ্যা দেখুন।

৬৮ সেকেন্ড দোলক সম্পর্কিত কোন তথ্যটি সত্য নয়?

- A) অর্ধদোলন সম্পন্ন করে ১ সেকেন্ডে  
 B) দৈর্ঘ্যের রশ্মিমালা,  $L = \frac{g}{\pi^2}$   
 C) দৈর্ঘ্য ৯.৯২ cm  
 D) দৈর্ঘ্য, অভিকর্ষজ ত্বরণের সমানুপাতিক

উত্তর: C) দৈর্ঘ্য ৯.৯২ cm

Note: উপরের ৬৬নং প্রশ্নের ব্যাখ্যা দেখুন।

৬৯ একটি সেকেন্ড দোলকের দৈর্ঘ্য-

- A)  $a = \pi^2 g$       (B)  $L = \frac{g}{\pi^2}$   
 C)  $L = \frac{\pi^2}{g}$       (D)  $L = \frac{g^2}{\pi}$

উত্তর: (B)  $L = \frac{g}{\pi^2}$

Note: পূর্বের ৬৬নং প্রশ্নের ব্যাখ্যা দেখুন।

৭০ মহাকাশে একটি সেকেন্ড দোলকের কম্পাঙ্ক কত হবে?

- (A) 0 Hz      (B) 2 Hz [মে. জ. প. ২০১৭-১৮]  
 (C) 1 Hz      (D) অসীম

উত্তর: (A) 0 Hz

ব্যাখ্যা: আমরা জানি, মহাকাশে অভিকর্ষজ ত্বরণ,  $g = 0 ms^{-2}$

সরল দোলকের ক্ষেত্রে,  $T = 2\pi\sqrt{\frac{L}{g}}$   
 বা,  $\frac{1}{f} = 2\pi\sqrt{\frac{L}{g}}$   
 বা,  $f = \frac{1}{2\pi}\sqrt{\frac{g}{L}}$

সুতরাং,  $g = 0ms^{-2}$  সুতরাং কম্পাঙ্ক,  $f = 0$  Hz।

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ও সংস্করণ-২০১৮), অনু: ৮.১০, পৃষ্ঠা: ৪০৬(উত্তর)]

৭১ একটি সেকেন্ড দোলকের দৈর্ঘ্য বৃদ্ধি পাওয়ার এর দোলন কাল-

- (A) হ্রাস পাবে  
 (B) বৃদ্ধি পাবে  
 (C) কোনো পরিবর্তন হবে না  
 (D) দোলকের বৈশিষ্ট্য অনুসারে বাড়বে/কমবে

উত্তর: (B) বৃদ্ধি পাবে

ব্যাখ্যা:

সরল দোলকের দৈর্ঘ্য: আমরা জানি, সরল দোলকের দোলনকাল,  $T = 2\pi$

$\sqrt{\frac{L}{g}}$  এই সমীকরণ থেকে দেখা যায় যে, অভিকর্ষীয় ত্বরণ  $g$  ক্রম ধাকলে সরল দোলকের দোলন কাল (T) সরল দোলকের দৈর্ঘ্য (L) এর বর্গমূলের সমানুপাতিক হয়। অর্থাৎ  $T \propto \sqrt{L}$   
 সুতরাং সরল দোলকের দৈর্ঘ্য বৃদ্ধি করলে সরল দোলকের দোলন কাল বৃদ্ধি পাবে।  
 [Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ও সংস্করণ-২০১৮), অনু: ৮.১০, পৃষ্ঠা: ৪০৭]

৭২ একটি সেকেন্ড দোলকের দোলনকাল বৃদ্ধি পেয়েছে। দোলনকাল 2s করতে হলে এর দৈর্ঘ্য-

- (A) বাড়তে হবে      (B) কমাতে হবে  
 (C) কিছুই করতে হবে না      (D) প্রথম কমাতে তারপর বাড়বে

উত্তর: (B) কমাতে হবে

ব্যাখ্যা:

সেকেন্ড দোলকের দৈর্ঘ্য: সেকেন্ড দোলকের দোলনকাল,  $T = 2s$

আমরা জানি, সরল দোলকের দোলনকাল,  $T = 2\pi\sqrt{\frac{L}{g}}$

এই সমীকরণ থেকে দেখা যায় যে, অভিকর্ষীয় ত্বরণ  $g$  ক্রম ধাকলে সরল দোলকের দোলন কাল (T) সরল দোলকের দৈর্ঘ্য (L) এর বর্গমূলের সমানুপাতিক হয়। অর্থাৎ  $T \propto \sqrt{L}$   
 প্রশ্নে বলা হয়েছে সেকেন্ড দোলকের দোলনকাল বৃদ্ধি পেয়েছে। এখন দোলন কাল 2s করতে হলে উপরের সমীকরণ অনুসারে দোলকের দৈর্ঘ্য অবশ্যই কমাতে হবে।  
 [Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ও সংস্করণ-২০১৮), অনু: ৮.১০, পৃষ্ঠা: ৪০৬(উত্তর)]

৭৩ সরল দোলন গতির কৌণিক কম্পাঙ্ক সুষম বৃত্তাকার গতির কোন রাশিটির অনুরূপ?

- (A) কৌণিক দ্রুতি      (B) কেন্দ্রমুখী ত্বরণ  
 (C) অভিকেন্দ্রিক বল      (D) পর্যায় কাল

উত্তর: (A) কৌণিক দ্রুতি

ব্যাখ্যা:

সরল দোলন গতি এবং সুষম বৃত্তাকার গতির সম্পর্ক:

সরল দোলন গতির নিম্নোক্ত উপায়ে সুষম বৃত্তাকার গতির সাথে সম্পর্কিত।

- (১) সুষম কৌণিক দ্রুতিতে গতিশীল কোনো কণার ক্ষেত্রে বৃত্তাকার পথের ব্যাসের উপর কণাটির অভিকেন্দ্রিক সরল দোলন গতি সম্পন্ন হয়।
- (২) সরল দোলন গতির কৌণিক কম্পাঙ্ক আর সুষম বৃত্তাকার গতির কৌণিক দ্রুতি একই হয়।

(৩) সরল দোলন গতি এবং সুষম বৃত্তাকার গতির পর্যায়কাল একই হয়।


(৪) সরল দোলন গতির বিস্তার বৃত্তের ব্যাসার্ধের সমান হয়।

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ও সংস্করণ-২০১৮), অনু: ৮.১১, পৃষ্ঠা: ৪০৭]

৭৪ শিথ্রংজনিত স্পন্দনের ক্ষেত্রে দোলনকাল এর সমীকরণ কোনটি?

- (A)  $T = 2\pi\sqrt{\frac{l}{g}}$       (B)  $T = 2\pi\sqrt{\frac{g}{l}}$   
 (C)  $T = 2\pi\sqrt{\frac{k}{m}}$       (D)  $T = 2\pi\sqrt{\frac{m}{k}}$

উত্তর: (A)  $T = 2\pi\sqrt{\frac{l}{g}}$



ব্যাখ্যা:

স্প্রিংজনিত স্পন্দনের ক্ষেত্রে দোলনকালের সমীকরণ:  $T = 2\pi \sqrt{\frac{m}{K}}$

পর্যায়কাল,  $T = 2\pi \sqrt{\frac{m}{K}}$

বস্তুর ওজন  $mg$ -এর ত্রিয়ার স্প্রিংটির দৈর্ঘ্য  $l$  পরিমাণ বেড়েছিল, অতএব হকের সূত্র অনুযায়ী  $mg = Kl$

বা,  $K = \frac{m}{l} \times g$

বা,  $\frac{m}{K} = \frac{l}{g}$

এখানে,  
 $m =$  ভর  
 $K =$  বল ধ্রুবক

$\therefore$  দোলনরত বস্তুর পর্যায়কাল  $T = 2\pi \sqrt{\frac{l}{g}}$

[Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ৮.১২, পৃষ্ঠা: ৫৩৯(উদ্ধৃত)]

৭৫ সরল দোলকের দৈর্ঘ্য ও দোলনকাল সংক্রান্ত কোন সমীকরণটি সঠিক নয়? [মে: ৩: প: ২০০৮-২০০৯]

(A)  $T = 2\pi \sqrt{\frac{L}{g}}$  (B)  $T_1 = \sqrt{\frac{L_1}{L_2 \times T_2}}$

(C)  $T_2 = T_1 \sqrt{\frac{L_2}{L_1}}$  (D)  $L = \frac{gT^2}{4\pi^2}$

উত্তর: (B)  $T_1 = \sqrt{\frac{L_1}{L_2 \times T_2}}$

ব্যাখ্যা:

সরল দোলকের দৈর্ঘ্য ও দোলনকাল সংক্রান্ত সমীকরণ: সরল দোলকের দোলনকালের সমীকরণ-

$T = 2\pi \sqrt{\frac{L}{g}}$

বা,  $T^2 = 4\pi^2 \frac{L}{g}$

বা,  $L = \frac{gT^2}{4\pi^2}$

আবার,

$T \propto \sqrt{L}$

$\therefore \frac{T_1}{T_2} = \sqrt{\frac{L_1}{L_2}}$

বা,  $T_2 = T_1 \sqrt{\frac{L_2}{L_1}}$

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ৮.১০, পৃষ্ঠা: ৪৫৩ (উদ্ধৃত)]

৭৬ স্প্রিং ধ্রুবক নির্ণয়ের সঠিক সমীকরণ নিচের কোনটি?

(A)  $T = 2\pi \sqrt{\frac{m}{k}}$  (B)  $T = 2\pi \sqrt{\frac{k}{m}}$

(C)  $T = 2\pi \sqrt{\frac{1}{k}}$  (D)  $T = 2\pi \sqrt{\frac{k}{g}}$

উত্তর: (A)  $T = 2\pi \sqrt{\frac{m}{k}}$

ব্যাখ্যা:

স্প্রিং ধ্রুবক নির্ণয়: উপেক্ষণীয় ভরের একটি স্প্রিং এর একপ্রান্তে কোনো দৃঢ় অবলম্বন থেকে ঝুলিয়ে এর মুক্ত প্রান্তে  $m$  ভর বেঁধে দিলে এটি প্রসারিত হবে। এখন ভরটি নিচের দিকের সামান্য টেনে ছেড়ে দিলে স্প্রিং-এ দোলন

সৃষ্টি হবে। স্প্রিং-এর দোলনকাল  $T$  হলে,  $T = 2\pi \sqrt{\frac{m}{k}}$

এখানে  $k =$  স্প্রিং ধ্রুবক।

এই সূত্রের সাহায্যে স্প্রিং ধ্রুবকের মান নির্ণয় করা যায়।

৯২ জেনে রাখা ভালো:

স্প্রিং ধ্রুবক নির্ণয়ে প্রয়োজনীয় যন্ত্রপাতি: স্প্রিং ধ্রুবক নির্ণয় পরীক্ষায় প্রয়োজনীয় যন্ত্র, ঝুলানোর ব্যবস্থাসহ সূচক লাগানো একটি স্প্রিং, স্কেল ও স্টপওয়াচ।

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ৮.১২, পৃষ্ঠা: ৪৫৩]

৭৭ স্প্রিং ধ্রুবক নির্ণয়ের মূলনীতি কোন সূত্রের উপর ভিত্তি করে প্রতিষ্ঠিত?

- (A) জুলের সূত্র (B) নিউটনের সূত্র  
(C) হকের সূত্র (D) গ্যালিলিওর সূত্র

উত্তর: (C) হকের সূত্র

ব্যাখ্যা:

হকের সূত্র: 'প্রত্যয়নক বল বস্তুর সরণের সমানুপাতিক ও বিপরীতমুখী' স্প্রিং এ ঝুলন্ত বস্তুর সরণ  $x$  স্প্রিং ধ্রুবক  $k$  এবং প্রত্যয়নক বল  $F$  হলে হকের সূত্রানুসারে  $F = -kx$ ।

স্প্রিং ধ্রুবক নির্ণয়ের মূলনীতি হকের এই সূত্রের উপর ভিত্তি করে প্রতিষ্ঠিত। [Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ৮.১২, পৃষ্ঠা: ৫৪৯]

৭৮ কোনো সরল দোলকের দোলনকাল দ্বিগুণ করার জন্য -

- (A) দৈর্ঘ্য দ্বিগুণ করতে হবে (B) দৈর্ঘ্য চারগুণ করতে হবে  
(C) বরের ভর দ্বিগুণ করতে হবে (D) বরের ভর চারগুণ করতে হবে

উত্তর: (B) দৈর্ঘ্য চারগুণ করতে হবে

ব্যাখ্যা:

সরল দোলকের দৈর্ঘ্যের সূত্র:  $T \propto \sqrt{L}$  অতএব, দৈর্ঘ্য  $L = 4$  গুণ করলে দোলনকাল দ্বিগুণ বৃদ্ধি পায়।

[Ref: অধ্যাপক শামসুর রহমান সেলু (বর্ধিত সংস্করণ-২০১৭), অনু: ৮.৬, পৃষ্ঠা: ৪০৭]

৭৯ কোন দোলক ঘড়িকে পাহাড়ের চূড়ায় নিয়ে গেলে কী ঘটবে?

- (A) ঘড়ি ধীরে চলে (B) ঘড়ি দ্রুত চলে  
(C) কোন পরিবর্তন হবে না (D) ঘড়িটি বন্ধ হয়ে যাবে

উত্তর: (A) ঘড়ি ধীরে চলে

ব্যাখ্যা:

সরল দোলকের ব্যবহার-সময় নির্ণয়: দোলক ঘড়িতে দোলকের সাহায্যে

$T = 2\pi \sqrt{\frac{L}{g}}$  সূত্রের সাহায্যে সময় মাপা হয়। এ সব দোলক সাধারণ ধাতুর দ্বারা নির্মিত। শীতকালে তারের দৈর্ঘ্য ( $L$ ) কমে যায় এবং গ্রীষ্মকালে দৈর্ঘ্য বেড়ে যায়। সুতরাং শীতকালে ঘড়ির দোলন কাল ( $T$ ) কমে যায় এবং ঘড়ি দ্রুত চলে। গ্রীষ্মকালে ঘড়ির দোলন কাল ( $T$ ) বেড়ে যায় এবং ঘড়ি ধীরে চলে।

মাটির নিচে বা উঁচু পাহাড়ের উপর  $g$ -এর মান কম। কাজেই উঁচু পাহাড়ের মাটির নিচে দোলকের দোলন কাল বেশি হয়। এর অর্থ ঘড়ি ধীরে চলে। কিন্তু অঞ্চলে  $g$ -এর মান কম এবং মেরু অঞ্চলে  $g$ -এর মান বেশি। অতএব একটি দোলক ঘড়িকে বিষুব অঞ্চল হতে মেরু অঞ্চলে নিলে ঘড়িটি দ্রুত চলে।

[Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ৮.৮, পৃষ্ঠা: ৫২৫]

৯৩ জেনে রাখা ভালো:

১১ সরল দোলকের কয়েকটি বিশেষ ঘটনা:

(i) ফাঁপা দোলক পিঙ্ক পান্না দ্বারা পূর্ণ করে পিঙ্কের নীচের দিকে জিঁক দেওয়া হলে কী ঘটবে।

উত্তর: প্রথমে কার্যকরী দৈর্ঘ্য বৃদ্ধি পাবে ও পরে কার্যকরী দৈর্ঘ্য হ্রাস পাবে। তাই প্রথমে দোলনকাল বৃদ্ধি পাবে এবং পরে হ্রাস পাবে।

(ii) একটি দোলককে জু-কেবলে নিয়ে যাওয়া হলে কী ঘটবে? জু-কেবলে এর মান শূন্য বলে-

উত্তর: দোলন কাল অসীম হবে অর্থাৎ সরল দোলক চলবে না।

(iii) দোলককে খনির মধ্যে নিয়ে যাওয়া হলে কী ঘটবে?

উত্তর: খনির মধ্যে  $g$  এর মান কম বলে দোলনকাল বাড়বে।

(iv) দোলককে পাহাড়ের উপর নিয়ে গেলে কী ঘটবে?

উত্তর: পাহাড়ের উপর  $g$  এর মান কম বলে দোলন কাল বাড়বে।

(v) দোলক পিণ্ডের ভর বৃদ্ধি করলে কী ঘটবে?

উত্তর: দোলন কালের কোন পরিবর্তন হবে না।

(vi) দোলকের কৌণিক বিস্তার  $4^\circ$  এর বেশী হলে কী ঘটবে?

উত্তর: দোলকটি সরল দোল গতিতে দুলবে না।

ফলে উহা  $T = 2\pi \sqrt{\frac{L}{g}}$  সমীকরণ মেনে চলবে না।

(vii) একটি সরল দোলককে সমতুল্য উপরের দিকে চলন্ত লিফটে রাখলে কী ঘটবে?

উত্তর:  $g$  এর মান বাড়তে থাকে, তাই দোলকের দোলন কাল কমবে।

(viii) একটি সরল দোলককে সমতুল্য নীচের দিকে চলন্ত লিফটে রাখলে কী ঘটবে?

উত্তর:  $g$  এর মান কমতে থাকে, তাই দোলকের দোলনকাল বাড়বে।

(ix) একটি সরল দোলককে সমবেগে উপরের দিকে বা নীচের দিকে চলন্ত লিফটে রাখলে কী ঘটবে?

উত্তর:  $g$  এর মান অপরিবর্তিত থাকবে। তাই দোলকের দোলন কালের কোন পরিবর্তন ঘটবে না।

[Ref: সরল দোলকের সূত্রটি ব্যবহারে Common Sence]

৮০ দোলক ঘড়ির ক্ষেত্রে কোনটি সঠিক নয়?

- (A) গ্রীষ্মকালে দ্রুত চলে (B) ধাতুর তৈরী  
(C) শীতকালে দৈর্ঘ্য কমে (D) শীতকালে দোলনকাল কমে

উত্তর: (A) গ্রীষ্মকালে দ্রুত চলে

Note: উপরের ৭৯নং প্রশ্নের ব্যাখ্যা দেখুন।

৮১ আমাদের বাড়িঘরে ব্যবহৃত পর্যাবৃত্ত প্রবাহ কত সময় পরপর একই মান গ্রহণ করে?

- (A) 0.02 sec (B) 0.03 sec  
(C) 0.5 sec (D) 0.25 sec

উত্তর: (A) 0.02 sec

ব্যাখ্যা:

পর্যাবৃত্ত প্রবাহ: যে তড়িৎ প্রবাহ নির্দিষ্ট সময় পরপর একই মান গ্রহণ করে তাকে পর্যাবৃত্ত বা দিক পরিবর্তী প্রবাহ বলে। আমরা বাড়িঘরে যে তড়িৎ প্রবাহ ব্যবহার করি সেটি হচ্ছে পর্যাবৃত্ত বা দিক পরিবর্তী প্রবাহ (alternating current বা AC)। এ প্রবাহ আমাদের দেশে প্রতি 0.02 s পরপর একই মান গ্রহণ করে। এটি একটি কালিক পর্যাবৃত্তির উদাহরণ।

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ৮.১, পৃষ্ঠা: ৪৩৭]

৮২ একটি সরল ছন্দিত স্পন্দনের কণার কোন তিনটি রাশি ধ্রুব থাকে?

- (A) ত্বরণ, বেগ, বল  
(B) বল, মোট শক্তি, বিস্তার  
(C) মোট শক্তি, বিস্তার, দশা ধ্রুবক  
(D) বিস্তার, কৌণিক কম্পাঙ্ক, ত্বরণ

উত্তর: (C) মোট শক্তি, বিস্তার, দশা ধ্রুবক

ব্যাখ্যা:

সরল ছন্দিত স্পন্দন সম্পন্ন কণার ধ্রুব রাশি: সরল দোলন গতিসম্পন্ন কোনো কণার একবার গতি শুরু হলে একটি নির্দিষ্ট কম্পাঙ্কের স্পন্দনশীল কণার বিস্তার ও দশা ধ্রুবক ধ্রুব থাকে, যদি না অন্যান্য বল ক্রিয়া করে। আবার সরল ছন্দিত স্পন্দনের কণার গতিশক্তি ও স্থিতিশক্তির সমষ্টি সর্বদা ধ্রুব থাকে, যদিও গতিশক্তি ও স্থিতিশক্তি প্রতি মূহুর্তে পরিবর্তিত হয়।

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ৮.৬, পৃষ্ঠা: ৪৪৩-৪৪৪]

৮৩ সরলদোলকের সাহায্যে পাহাড়ের উচ্চতা নির্ণয় করার জন্য সঠিক সমীকরণ নিচের কোনটি?

- (A)  $h = R \left[ \sqrt{\frac{g}{g'}} + 1 \right]$  (B)  $h = R \left[ \sqrt{\frac{g}{g'}} - 1 \right]$   
(C)  $h = R \left[ \sqrt{\frac{g'}{g}} - 1 \right]$  (D)  $h = R \left[ \sqrt{\frac{g'}{g}} + 1 \right]$

উত্তর: (C)  $h = R \left[ \sqrt{\frac{g'}{g}} - 1 \right]$

ব্যাখ্যা:

সরল দোলকের সাহায্যে পাহাড়ের উচ্চতা নির্ণয়: ধরা যাক,

পাহাড়ের পাদদেশে অভিকর্ষজ ত্বরণ =  $g$

পাহাড়ের চূড়ায় অভিকর্ষজ ত্বরণ =  $g'$

পৃথিবীর ব্যাসার্ধ =  $R$

সেক্ষেত্রে, পাহাড়ের উচ্চতা  $h = R \left[ \sqrt{\frac{g}{g'}} - 1 \right]$

সরল দোলকের সাহায্যে  $g$  ও  $g'$  পরিমাপ করে  $h$  নির্ণয় করা যায়।

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ৮.১০, পৃষ্ঠা: ৪৫৪]

৮৪ দোলক পিণ্ডের ভর বৃদ্ধি করলে কী ঘটবে?

- (A) হ্রাস পাবে  
(B) বৃদ্ধি পাবে  
(C) অপরিবর্তিত থাকবে  
(D) উচ্চতার উপর নির্ভর করে বৃদ্ধি বা হ্রাস পেতে পারে

উত্তর: (C) অপরিবর্তিত থাকবে

Note: উপরের ৮৩নং প্রশ্নের ব্যাখ্যা দেখুন।

৮৫ যখন একটি কণা সরল ছন্দিত স্পন্দনে চলতে থাকে তখন নিচের কোন গ্রুপের তিনটি রাশিই ধ্রুব থাকে?

- (A) ত্বরণ বল মোট শক্তি  
(B) বল মোট শক্তি বিস্তার  
(C) মোট শক্তি বিস্তার কৌণিক বেগ  
(D) বিস্তার কৌণিক কম্পাঙ্ক ত্বরণ

উত্তর: (C) মোট শক্তি বিস্তার কৌণিক বেগ

Note: উপরের ৮৩নং প্রশ্নের ব্যাখ্যা দেখুন।

৮৬ সরল ছন্দিত স্পন্দনে স্পন্দিত কণার ক্ষেত্রে  $\frac{1}{2} KA^2$  হচ্ছে—

- (A) সর্বোচ্চ গতিশক্তি (B) সর্বোচ্চ বিভব শক্তি  
(C) মোট শক্তি (D) সবগুলোই ঠিক

উত্তর: (D) সবগুলোই ঠিক

Note: উপরের ৮৩নং প্রশ্নের ব্যাখ্যা দেখুন।

৮৭ একটি সরল দোলকের দোলকপিণ্ড সর্বোচ্চ ত্বরণ হয় কোণ বিন্দুতে?

- (A) সর্বোচ্চ বিস্তার বিন্দুতে  
(B) মধ্য অবস্থানে  
(C) সর্বোচ্চ ও সর্বনিম্ন বিস্তারের মাঝামাঝি কোনো বিন্দুতে  
(D) সর্বোচ্চ ত্বরণের বিশেষ কোনো বিন্দু নেই

উত্তর: (A) সর্বোচ্চ বিস্তার বিন্দুতে

Note: উপরের ৮৩নং প্রশ্নের ব্যাখ্যা দেখুন।

**৮৮** সরল দোলকের পর্যায়কাল দ্বিগুণ করলে দৈর্ঘ্য কত গুণ হবে?

- (A)  $\frac{1}{4}$  (B)  $\frac{1}{2}$   
(C) 2 (D) 4

উত্তর: (D) 4

ব্যাখ্যা:

সরল দোলকের দৈর্ঘ্যের সূত্র:  $T \propto \sqrt{L}$  অতএব, দৈর্ঘ্য  $L = 4$  গুণ বৃদ্ধি করলে পর্যায়কাল দ্বিগুণ বৃদ্ধি পায়।

[Ref: অধ্যাপক শামসুর রহমান সেলু (বর্ধিত সংস্করণ-২০১৭), অনু: ৮.৬, পৃষ্ঠা: ৪০৮]

**৮৯** একটি সরলদোলকের বাবের (দোলপিণ্ডের) বেগের সর্বোচ্চ মান হবে—

- (A) মধ্য অবস্থানে  
(B) যে কোনো প্রান্তীয় সীমায়  
(C) একটি প্রান্তসীমায়  
(D) মধ্য অবস্থান ও যেকোনো প্রান্তীয় সীমার মাঝামাঝি

উত্তর: (A) মধ্য অবস্থানে

Note: উপরের ৮৮নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

**৯০** একটি দোলকের দৈর্ঘ্য একাশিগুণ বৃদ্ধি করলে দোলনকাল কত হবে?

- (A) 6 গুণ (B) 4 গুণ  
(C) 9 গুণ (D) 1 গুণ

উত্তর: (C) 9 গুণ

ব্যাখ্যা:

সরল দোলকের দৈর্ঘ্যের সূত্র:  $T \propto \sqrt{L}$  অতএব, দৈর্ঘ্য  $L = 81$  গুণ বৃদ্ধি করলে পর্যায়কাল 9 গুণ বৃদ্ধি পায়।

[Ref: অধ্যাপক শামসুর রহমান সেলু (বর্ধিত সংস্করণ-২০১৭), অনু: ৮.৬, পৃষ্ঠা: ৪০৮]

**৯১** কৌণিক বিস্তারের যে মানের জন্য সরলদোলকের সূত্রগুলো প্রযোজ্য —

- (A)  $3^\circ, 4^\circ$  (B)  $3^\circ, 5^\circ$   
(C)  $4^\circ, 5^\circ$  (D)  $5^\circ, 6^\circ$

উত্তর: (A)  $3^\circ, 4^\circ$

ব্যাখ্যা:

সরল দোলকের সূত্রের প্রযোজ্যতা: কোনো একটি সরল দোলক দোলবার সময় তার দোলনকাল চারটি সূত্র মেনে চলে। বিখ্যাত বিজ্ঞানী গ্যালিলিও এই সূত্রগুলো আবিষ্কার করেন। সূত্রগুলো দোলকের কৌণিক বিস্তার  $4^\circ$  অথবা এর কম হলে সূত্রগুলো প্রযোজ্য হবে।

[Ref: অধ্যাপক শামসুর রহমান সেলু (বর্ধিত সংস্করণ-২০১৭), অনু: ৮.৬, পৃষ্ঠা: ৪০৮]

**৯২** সরলদোলন গতির ক্ষেত্রে—

- (A) ত্বরণ,  $a = -\omega^2 x$   
(B) বেগ,  $v = -\omega \sqrt{A^2 - x^2}$   
(C) কৌণিক কম্পাঙ্ক,  $\omega = \sqrt{\frac{m}{k}}$   
(D) পর্যায়কাল  $T = \frac{1}{2\pi} \sqrt{\frac{m}{k}}$

উত্তর: (A) ত্বরণ,  $a = -\omega^2 x$

ব্যাখ্যা:

সরল ছন্দিত স্পন্দনের সাথে সংশ্লিষ্ট কিছু সমীকরণ:

রাশি	সমীকরণ
সরণ	$x = A \sin \omega t$
বেগ	$v = \omega \sqrt{A^2 - x^2}$
ত্বরণ	$a = -\omega^2 x$
পর্যায়কাল	$T = 2\pi \sqrt{\frac{m}{k}}$
কম্পাঙ্ক	$n = \frac{1}{2\pi} \sqrt{\frac{k}{m}}$
কৌণিক কম্পাঙ্ক	$\omega = \sqrt{\frac{k}{m}}$

[Ref: ড. আমির হোসেন খান (যষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ৮.৪, পৃষ্ঠা: ৫১৫-৫১৭]

**৯৩** সেকেন্ড দোলকের ক্ষেত্রে কোনটি সঠিক নয়?

- (A) দোলনকাল 2s  
(B) 1 s একটি অর্ধদোলন সম্পন্ন হয়  
(C) দৈর্ঘ্যের উপর অভিকর্ষজ ত্বরণের প্রভাব নেই  
(D) কম্পাঙ্ক  $0.5s^{-1}$

উত্তর: (C) দৈর্ঘ্যের উপর অভিকর্ষজ ত্বরণের প্রভাব নেই

ব্যাখ্যা:

সেকেন্ড দোলক (Second Pendulum): যে সরল দোলকের দোলনকাল দুই সেকেন্ড অর্থাৎ যে দোলকের এক প্রান্ত থেকে অপর প্রান্তে যেতে এর সেকেন্ড সময় লাগে তাকে সেকেন্ড দোলক বলে। সেকেন্ড দোলক সেকেন্ডে একটি অর্ধদোলন সম্পন্ন করে।

সেকেন্ড দোলকের দৈর্ঘ্য: সেকেন্ড দোলকের দোলনকাল,  $T = 2s$

আমরা জানি, সরল দোলকের দোলনকাল,  $T = 2\pi \sqrt{\frac{L}{g}}$

$\therefore$  সেকেন্ড দোলকের জন্য,  $2s = 2\pi \sqrt{\frac{L}{g}}$

বা,  $L = \frac{g}{\pi^2}$

সুতরাং দেখা যায় যে, সেকেন্ড দোলকের দৈর্ঘ্য অভিকর্ষজ ত্বরণের উপর নির্ভর করে এবং সেকেন্ড দোলকের দৈর্ঘ্য অভিকর্ষজ ত্বরণের সমানুপাতিক।

সেকেন্ড দোলকের কম্পাঙ্ক: আমরা জানি, সেকেন্ড দোলকের দোলনকাল (T) ও কম্পাঙ্ক (f) এর মধ্যে সম্পর্ক,  $T = \frac{1}{f}$  যেহেতু  $T = 2s$

2s সুতরাং  $f = \frac{1}{2s} = 0.5s^{-1} = 0.5 \text{ Hz}$

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ৮.১০, পৃষ্ঠা: ৪৫২-৪৫৪]

**৯৪** একটি সেকেন্ড দোলকের কম্পাঙ্ক হচ্ছে—

- (A) 2 HZ (B)  $\frac{1}{2}$  HZ  
(C) 1 HZ (D)  $\frac{1}{4}$  HZ

উত্তর: (B)  $\frac{1}{2}$  HZ

Note: পূর্বের ১০৪নং প্রশ্নের ব্যাখ্যা দেখুন।

## মেডিকেল ভর্তি পরীক্ষার জন্যে Important গাণিতিক MCO সমূহ:

এ অধ্যায়ে গুরুত্বপূর্ণ গাণিতিক সূত্রসমূহ:

১। দোলনকাল  $T = 2\pi \sqrt{\frac{L}{g}}$

২। অভিকর্ষজ ত্বরণ  $g = 4\pi^2 \frac{L}{T^2}$

৩।  $F = -kx$

৪। সরণ  $x = A \sin \omega t$

৫। সরণ  $x = A \sin(\omega t + \delta)$

৬। অভিকর্ষজ ত্বরণ  $g = \frac{GM}{R^2}$

৭। ত্বরণ  $a = -\left(\frac{2\pi}{T}\right)^2 \times \text{সরণ}$

৮। দোলকাল  $T = 2\pi \sqrt{\frac{m}{k}}$

৯। বেগ  $v = \omega A \cos(\omega t + \delta) = \omega \sqrt{A^2 - x^2}$

১০।  $V_{\max} = \omega A$

১১। গতিশক্তি  $E_k = \frac{1}{2} K A^2 \cos^2(\omega t + \delta)$

১২। স্থিতিশক্তি  $U = \frac{1}{2} K A^2 \sin^2(\omega t + \delta) = \frac{1}{2} kx^2$

৯৫। যেখানে অভিকর্ষজ ত্বরণ,  $g = 9.8 \text{ ms}^{-2}$  সেখানে একটি সেকেন্ড দোলকের দৈর্ঘ্য কত?

- (A) 99.29 m (B) 99 cm  
(C) 99.29 cm (D) 100 m

উত্তর: (C) 99.29 cm

সমাধান:

দৈর্ঘ্য নির্ণয়:

আমরা জানি,

$$T = 2\pi \sqrt{\frac{L}{g}}$$

$$\text{বা, } L = \frac{T^2 g}{4\pi^2} = \frac{(2\text{s})^2 \times 9.8 \text{ ms}^{-2}}{4 \times 9.87}$$

$$= 0.9929 \text{ m}$$

$$= 99.29 \text{ cm}$$

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), উদাহরণ: চ.৯, পৃষ্ঠা: ৪৬৬]

৯৬। একটি সরল দোলকের দৈর্ঘ্য অপরটির দ্বিগুণ। দ্বিতীয় সরল

দোলকের দোলনকাল  $\frac{1}{\sqrt{2}}$  s হলে প্রথমটির দোলনকাল কত?

- (A)  $\sqrt{2}$  s (B) 1 s  
(C) 2 s (D) 3 s

উত্তর: (B) 1 s

সমাধান:

দোলনকাল নির্ণয়:

ধরা যাক,

১ম সরল দোলকের দোলনকাল ও কার্যকরী দৈর্ঘ্য যথাক্রমে  $T_1$  ও  $L_1$

২য় সরল দোলকের দোলনকাল ও কার্যকরী দৈর্ঘ্য যথাক্রমে  $T_2$  ও  $L_2$

১ম সরল দোলকের জন্য,  $T_1 = 2\pi \sqrt{\frac{L_1}{g}}$

২য় সরল দোলকের জন্য,  $T_2 = 2\pi \sqrt{\frac{L_2}{g}}$

এখন,

$$\frac{T_1}{T_2} = \sqrt{\frac{L_1}{L_2}}$$

বা,  $T_1 = \sqrt{\frac{L_1}{L_2}} \times T_2$

বা,  $T_1 = \sqrt{\frac{2L_2}{L_2}} \times \frac{1}{\sqrt{2}} \text{ s} = \sqrt{2} \times \frac{1}{\sqrt{2}} \text{ s}$   
 $= 1 \text{ s}$

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), গাণিতিক উদাহরণ: চ.১০ (অনুরূপ), পৃষ্ঠা: ৪৬৬]

৯৭। সরলরেখা বরাবর সরল ছন্দিত স্পন্দনে স্পন্দিত একটি কণার বিস্তার 5 m এবং পর্যায়কাল 3.14 s হলে সর্বোচ্চ দ্রুতি কত? ( $\pi = 3.14$ )

- (A)  $5 \text{ ms}^{-1}$  (B)  $15 \text{ ms}^{-1}$   
(C)  $10 \text{ ms}^{-1}$  (D)  $20 \text{ ms}^{-1}$

উত্তর: (C)  $10 \text{ ms}^{-1}$

সমাধান:

দ্রুতি নির্ণয়:

আমরা জানি, কৌণিক কম্পাঙ্ক  $\omega$  হলে,

$$\omega = \frac{2\pi}{T}$$

$$= \frac{2 \times 3.14 \text{ rad}}{3.14 \text{ s}}$$

$$= 2 \text{ rad s}^{-1}$$

$$\therefore V_{\max} = \omega A$$

$$= 2 \times 5 \text{ ms}^{-1} = 10 \text{ ms}^{-1}$$

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), গাণিতিক উদা: চ.১ (অনুরূপ), পৃষ্ঠা: ৪৬২]

৯৮। সরল দোল গতি সম্পন্ন একটি কণার বিস্তার 0.02 m এবং কম্পাঙ্ক 2.5 Hz হলে এর সর্বোচ্চ দ্রুতি কত হবে?

[চা.বি. (ক-ইউনিট)-২০১৮-১৯]

- (A)  $0.05 \text{ ms}^{-1}$  (B)  $0.125 \text{ ms}^{-1}$   
(C)  $0.157 \text{ ms}^{-1}$  (D)  $0.314 \text{ ms}^{-1}$

উত্তর: (D)  $0.314 \text{ ms}^{-1}$

সমাধান:

আমরা জানি, কৌণিক কম্পাঙ্ক  $\omega$  হলে,

$$\omega = 2\pi f$$

$$\Rightarrow \omega = 2\pi \times 2.5$$

$$= \omega = 5\pi \text{ rads}$$

$$V_{\max} = \omega A$$

$$= 0.02 \times 5\pi$$

$$= 0.1\pi$$

$$= 0.1 \times 3.14$$

$$= 0.314 \text{ ms}^{-1}$$

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), গাণিতিক উদা: চ.১ (অনুরূপ), পৃষ্ঠা: ৪৬২]

৯৯। কোন সরল ছন্দিত গতিসম্পন্ন কণার বিস্তার 2 m এবং সর্বোচ্চ বেগ  $6.28 \text{ ms}^{-1}$ । কণাটির পর্যায়কাল কত?

- (A) 2 s (B) 3.14 s  
(C) 4 s (D) 6 s

উত্তর: (A) 2 s

এখানে,  
 $L_1 = 2L_2$   
 $T_2 = \frac{1}{\sqrt{2}} \text{ s}$   
 $T_1 = ?$

এখানে,  
পর্যায়কাল,  $T = 3.14 \text{ s}$   
বিস্তার,  $A = 5 \text{ m}$   
সর্বোচ্চ দ্রুতি,  $V_{\max} = ?$

এখানে,  
কম্পাঙ্ক,  $f = 2.5 \text{ Hz}$   
বিস্তার,  $A = .02 \text{ m}$   
সর্বোচ্চ দ্রুতি,  $V_{\max} = ?$

সমাধান:

পর্যায়কাল নির্ণয়:

কৌণিক কম্পাঙ্ক  $\omega$  হলে,

$$T = \frac{2\pi}{\omega}$$

আবার,

$$V_{\max} = \omega A$$

$$\therefore \omega = \frac{V_{\max}}{A}$$

$$= \frac{6.28 \text{ ms}^{-1}}{2 \text{ m}}$$

$$= 3.14 \text{ rad s}^{-1}$$

$$\therefore T = \frac{2 \times 3.14 \text{ rad}}{3.14 \text{ rad s}^{-1}} = 2 \text{ s}$$

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), গাণিতিক উদা: ৮.২ (অনুরণ), পৃষ্ঠা: ৪৬৩]

**১০০** কোন স্প্রিং এর এক প্রান্তে  $m$  ভরের বস্তু ঝুলালে  $9.8 \text{ m}$  প্রসারিত হয়। বস্তুটিকে টেনে ছেড়ে দিলে এর পর্যায়কাল কত হবে?

(A)  $6.28 \text{ s}$

(B)  $3.14 \text{ s}$

(C)  $2 \text{ s}$

(D)  $8 \text{ s}$

উত্তর: (A)  $6.28 \text{ s}$

সমাধান:

পর্যায়কাল নির্ণয়:

 তড়িত চৌম্বকীয় তরঙ্গ: যে তরঙ্গ জড় মাধ্যম ছাড়াই শূন্যস্থানের মধ্যদিয়ে সঞ্চালিত হতে পারে তাকে তড়িতচৌম্বকীয় (তড়িৎ চুম্বকীয়) তরঙ্গ বলে। তড়িৎ ও চুম্বকীয় ক্ষেত্রের পর্যাবৃত্ত পরিবর্তনের জন্য এ তরঙ্গের উৎপত্তি হয় এবং এ তরঙ্গ শূন্যস্থানের মধ্যদিয়ে সঞ্চালিত হয়। দৃশ্যমান আলো, এক্স-রে, বিকিরিত তাপ, বেতার তরঙ্গ এগুলো সবই তড়িৎ চুম্বকীয় তরঙ্গের উদাহরণ। অপরদিকে শব্দ একটি যান্ত্রিক তরঙ্গ। শব্দ সঞ্চালনের জন্য মাধ্যমের প্রয়োজন হয়।

[Ref: ড. শাহজাহান তপন, (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ৯.১, পৃষ্ঠা: ৪৯০; অধ্যাপক আবদুল গনি (সংস্করণ-২০১৭), অনু: ৯.১, পৃষ্ঠা: ২৮০]

**৬ শব্দ উৎপত্তির মূল উৎস কোনটি?**

- (A) বস্তুর অভ্যন্তরীণ শক্তি (B) বস্তুর গতিশক্তি  
 (C) বস্তুর উপর প্রযুক্ত বল (D) বস্তুর কম্পন

উত্তর: (D) বস্তুর কম্পন

**ব্যাখ্যা:**  
 শব্দ উৎপত্তির মূল উৎস: শব্দ উৎপত্তির মূল উৎস বস্তুর কম্পন। বস্তুতে তৎক্ষণ কম্পন থাকে ততক্ষণই এর শব্দ নিঃসরণ হয়। কোনো বস্তুর কম্পনের ফলে সৃষ্ট শব্দ মাধ্যমকে আন্দোলিত করে এবং মাধ্যমের এ আন্দোলন তরঙ্গ আকারে এক স্থান থেকে অন্য স্থানে সঞ্চালিত হয়।

[Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ৯.১, পৃষ্ঠা: ৫৭৭]

৩. **জেনে রাখা ভালো:** কম্পনশীল বস্তুই হলো শব্দ উৎস বা স্বনক।

**৭ শব্দ বিস্তারের জন্য জড় মাধ্যমের প্রকৃতি কেমন হওয়া উচিত?**

- (A) অস্থিতিস্থাপক ও অবিচ্ছিন্ন (B) স্থিতিস্থাপক ও অবিচ্ছিন্ন  
 (C) স্থিতিস্থাপক ও বিচ্ছিন্ন (D) অস্থিতিস্থাপক ও বিচ্ছিন্ন

উত্তর: (B) স্থিতিস্থাপক ও অবিচ্ছিন্ন

**ব্যাখ্যা:**  
 শব্দ বিস্তারে জড় মাধ্যমের প্রকৃতি: শব্দ বিস্তারের জন্য জড় মাধ্যমকে স্থিতিস্থাপক ও অবিচ্ছিন্ন হতে হবে। অস্থিতিস্থাপক মাধ্যম অধিক দূরত্বে শব্দকে সঞ্চালিত করতে পারে না, যেহেতু খুব দ্রুত শক্তির অবক্ষয় হয়। তাছাড়া বিচ্ছিন্ন বস্তু যেমন ধূলো, পশম ইত্যাদি শব্দ প্রেরণের পক্ষে অত্যন্ত কুপরিবাহী।

[Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ৯.১.১, পৃষ্ঠা: ৫৭৯]

**৮ কোনটি তরঙ্গের বৈশিষ্ট্য নয়?**

- (A) তরঙ্গের তরঙ্গদৈর্ঘ্য আছে  
 (B) তরঙ্গ কেবল অগ্রগামী হতে পারে  
 (C) তরঙ্গের কম্পন আছে।  
 (D) তরঙ্গ প্রতিফলন, প্রতিসরণ, ব্যতিচার ও অপবর্তন ঘটায়।

উত্তর: (B) তরঙ্গ কেবল অগ্রগামী হতে পারে

**ব্যাখ্যা:**

তরঙ্গের বৈশিষ্ট্যসমূহ নিম্নরূপ:

- (১) কোনো একটি মাধ্যমের বিভিন্ন কণার সম্মিলিত কম্পনের ফলশ্রুতি হলো তরঙ্গ।
- (২) তরঙ্গের কম্পন, বিস্তার, তরঙ্গদৈর্ঘ্য ও তরঙ্গমুখ আছে।
- (৩) তরঙ্গ অগ্রগামী ও স্থির হতে পারে।
- (৪) তরঙ্গ আড় বা লম্বিক হতে পারে।
- (৫) তরঙ্গ প্রতিফলন, প্রতিসরণ, ব্যতিচার এবং অপবর্তন ঘটায়।
- (৬) তরঙ্গ এক স্থান থেকে অন্য স্থানে শক্তি সঞ্চালিত করে।

[Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ৯.৩.১, পৃষ্ঠা: ৫৮০]

**৯ তরঙ্গসৃষ্টিকারী কোন কম্পনশীল কণার একটি পূর্ণকম্পন সম্পন্ন হতে যে সময় লাগে, সেই সময়ে তরঙ্গ যে দূরত্ব অতিক্রম করে তাকে কী বলে?**

- (A) কম্পাঙ্গ (B) বিস্তার  
 (C) তরঙ্গদৈর্ঘ্য (D) তরঙ্গ বেগ

উত্তর: (C) তরঙ্গদৈর্ঘ্য

**ব্যাখ্যা:**

**তরঙ্গ সংক্রান্ত কতিপয় রাশি (Few Terms Regarding Wave):**

১. **পূর্ণ কম্পন বা স্পন্দন বা দোলন (Complete oscillation):** তরঙ্গ সৃষ্টিকারী বা তরঙ্গের উপরস্থ কোনো কম্পনশীল কণা একটি বিন্দু থেকে যাত্রা শুরু করে আবার একই দিক থেকে সেই বিন্দুতে ফিরে আসলে একটি পূর্ণ কম্পন সম্পন্ন হয়।
২. **পর্যায়কাল বা দোলনকাল (Time Period):** তরঙ্গের উপর অবস্থিত কোনো কম্পনশীল কণার একটি পূর্ণ কম্পন সম্পন্ন করতে যে সময় লাগে তাকে ঐ তরঙ্গের পর্যায়কাল T বলে।
৩. **কম্পাঙ্ক (Frequency):** তরঙ্গের উপর অবস্থিত কোনো কম্পনশীল কণা একক সময়ে যতগুলো পূর্ণ কম্পন সম্পন্ন করে তাকে ঐ তরঙ্গের কম্পাঙ্ক f বলে।

কোনো কণা t সময়ে N সংখ্যক কম্পন সম্পন্ন করলে কম্পাঙ্ক  $f = \frac{N}{t}$

কম্পাঙ্কের একক  $s^{-1}$ । একে হার্জ (Hertz) বলে। একে Hz দিয়ে প্রকাশ করা হয়। কোনো কণা এক সেকেন্ডে একটি পূর্ণ কম্পন সম্পন্ন করলে তার কম্পাঙ্কে এক হার্জ বলে।

আবার, পর্যায়কাল T হলে, T সময়ে সম্পন্ন হয় 1টি কম্পন

∴ একক সময়ে সম্পন্ন হয়  $\frac{1}{T}$  টি কম্পন। সুতরাং,  $f = \frac{1}{T}$

৪. **বিস্তার (Amplitude):** তরঙ্গের উপর অবস্থিত কোনো কম্পনশীল কণা সাম্যাবস্থান থেকে যে কোনো একদিকে সর্বাধিক যে দূরত্ব অতিক্রম করে তাকে ঐ তরঙ্গের বিস্তার বলে।

৫. **দশা (Phase):** তরঙ্গের উপর অবস্থিত কোনো কম্পনশীল কণার দশা বলতে ঐ কণার যে কোনো মুহূর্তে গতির সম্যক অবস্থা বোঝায়। কোনো একটি মুহূর্তে গতির সম্যক অবস্থা বলতে ঐ বিশেষ মুহূর্তে কণাটির সরণ, বেগ, ত্বরণ, বল ইত্যাদি বোঝায়।

৬. **তরঙ্গদৈর্ঘ্য (Wave length):** তরঙ্গ সৃষ্টিকারী কোনো কম্পনশীল কণার বা তরঙ্গের উপরস্থ কোনো কণার একটি কম্পন সম্পন্ন হতে যে সময় লাগে, সেই সময়ে তরঙ্গ যে দূরত্ব অতিক্রম করে তাকে তরঙ্গদৈর্ঘ্য বলে। তরঙ্গের উপরে অবস্থিত পর পর দুটি সম দশাসম্পন্ন কণার দূরত্বই তরঙ্গদৈর্ঘ্য।

তরঙ্গদৈর্ঘ্যকে  $\lambda$  (ল্যামডা) দ্বারা প্রকাশ করা হয়। এর একক মিটার (m)

তরঙ্গস্থিত কোনো কণার 1টি কম্পনে তরঙ্গ অতিক্রম করে  $\lambda$  দূরত্ব

$N$  কম্পনে তরঙ্গের অতিক্রান্ত দূরত্ব,  $S = N\lambda$

৭. **তরঙ্গ বেগ (Wave velocity):** তরঙ্গ নির্দিষ্ট দিকে একক সময়ে যে দূরত্ব অতিক্রম করে তাকে তরঙ্গ বেগ বলে।

৮. **কৌণিক কম্পাঙ্ক (Angular frequency):** সময়ের সাথে তরঙ্গের উপর অবস্থিত কোনো কণার দশার পরিবর্তনের হারকে ঐ তরঙ্গের কৌণিক কম্পাঙ্ক বলে। একটি পূর্ণ কম্পনে অর্থাৎ T সময়ে দশার পরিবর্তন হয়  $2\pi$ , সুতরাং কৌণিক কম্পাঙ্ক,  $\omega = \frac{2\pi}{T} = 2\pi f$

কৌণিক কম্পাঙ্কের একক রেডিয়ান/সেকেন্ড ( $rad\ s^{-1}$ )

৯. **তরঙ্গ মুখ (Wave front):** কোনো তরঙ্গের উপর অবস্থিত সম দশাসম্পন্ন কণাগুলোর গতিপথ (locus)-কে তরঙ্গ মুখ বলে। তরঙ্গচূড়ায় অবস্থিত সকল কণার দশা একই আবার তেমনি তরঙ্গখাঁজে অবস্থিত সকল কণার দশা সমান।

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ৯.৩, পৃষ্ঠা: ৪৯১-৪৯২]

১০ তরঙ্গ সম্পর্কে সঠিক নয় -

- (A) বিভিন্ন তরঙ্গের পর্যায়কাল একই মাধ্যমে বিভিন্ন।  
 (B) একই তরঙ্গের কম্পাঙ্ক বিভিন্ন মাধ্যমে সমান।  
 (C) মাধ্যম ভেদে একই শব্দের বেগ বিভিন্ন।  
 (D) বিভিন্ন শব্দের বেগ একই মাধ্যমে বিভিন্ন।

উত্তর: (D) বিভিন্ন শব্দের বেগ একই মাধ্যমে বিভিন্ন।

ব্যাখ্যা:

মাধ্যমের সাথে কম্পাঙ্ক ও শব্দের বেগের সম্পর্ক:

বিভিন্ন তরঙ্গের পর্যায়কাল বা কম্পাঙ্ক একই মাধ্যমে বিভিন্ন কিন্তু একই তরঙ্গের কম্পাঙ্ক বিভিন্ন মাধ্যমে সমান। আবার মাধ্যম ভেদে একই শব্দের বেগ বিভিন্ন। বিভিন্ন শব্দের বেগ একই মাধ্যমে সমান।

[Ref: ড. আমির হোসেন খান (সংস্করণ-২০১৭), অনু: ৯.৩.৪, পৃষ্ঠা: ৫৮৪]

Mnemonic/ মনে রাখার Tips: শব্দের বেগ ও কম্পাঙ্ক

একই মাধ্যম →	সব শব্দের একই বেগ
একই উৎস →	যে কোন মাধ্যমে কম্পাঙ্ক বা পর্যায়কাল একই

১১ কোনো বস্তু t সময়ে N সংখ্যক কম্পন সম্পন্ন করলে এর কম্পাঙ্ক কত হবে?

- (A)  $f = \frac{t}{N}$  (B)  $f = \frac{N}{t}$   
 (C)  $f = Nt$  (D)  $f = N + t$

উত্তর: (B)  $f = \frac{N}{t}$

Note: উপরের ১০ নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

১২ একটি পূর্ণ কম্পনে T সময়ে দশার পরিবর্তন  $2\pi$  হলে কৌণিক কম্পাঙ্ক কত হবে?

- (A)  $\omega = 2\pi T$  (B)  $\omega = 2\pi f$   
 (C)  $\omega = \frac{2\pi}{f}$  (D)  $\omega = \frac{T}{2\pi}$

উত্তর: (B)  $\omega = 2\pi f$

Note: উপরের ১০ নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

১৩ কোনো তরঙ্গের কম্পাঙ্ক f এবং পর্যায়কাল T হলে এদের মধ্যে সম্পর্ক -

- (A)  $T = \frac{1}{f}$  (B)  $T = f$   
 (C)  $T = \frac{1}{f^2}$  (D)  $T = \frac{1}{T^2}$

উত্তর: (A)  $T = \frac{1}{f}$

Note: উপরের ১০ নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

১৪ যদি সেকেন্ডে 100 তরঙ্গ তৈরি হয় তবে কম্পাঙ্ক কত Hz হবে?

- (A)  $10^{-3}$  (B)  $\frac{1}{100}$  [মে: জ: প: ২০১৫-১৬]  
 (C)  $\frac{5}{3}$  (D) 100

উত্তর: (D) 100

ব্যাখ্যা:

কম্পাঙ্ক: কোনো একটি কম্পমান বস্তু বা কণা এক সেকেন্ডে যতগুলো পূর্ণ কম্পন সম্পন্ন করে তাকে তার কম্পাঙ্ক বা সম্পদন সংখ্যা বলে।  
 কম্পাঙ্ক এর একক হার্টজ (Hertz সংক্ষেপে Hz)।  
 অতএব, সেকেন্ডে 100 তরঙ্গ তৈরি হলে কম্পাঙ্ক হবে 100 Hz।

[Ref: ড. আমির হোসেন (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ৯.৩.৪, পৃষ্ঠা: ৫৮৪]

১৫ নিচের কোনটি তরঙ্গ দৈর্ঘ্যের একক নয়?

- (A) m (B) cm  
 (C)  $\mu\text{m}$  (D) Hz

উত্তর: (D) Hz

ব্যাখ্যা:

তরঙ্গদৈর্ঘ্যের একক: তরঙ্গ দৈর্ঘ্য একটি দূরত্ব। কাজেই এর একক হবে দূরত্বের একক। অর্থাৎ মিটার (m) বা সেন্টিমিটার (cm) বা মাইক্রোমিটার ( $\mu\text{m}$ )। উল্লেখ্য Hz হল কম্পাঙ্কের একক।

[Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ৯.৩.৪, পৃষ্ঠা: ৫৮৪]

১৬ কোনো তরঙ্গের উপর সমদশা সম্পন্ন কণাগুলোর গতিপথের কী বলে?

- (A) তরঙ্গদৈর্ঘ্য (B) কম্পাঙ্ক  
 (C) বিস্তার (D) তরঙ্গমুখ

উত্তর: (D) তরঙ্গমুখ

Note: উপরের ১৫নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

১৭ সরল দোল তরঙ্গ কত প্রকার?

- (A) দুই প্রকার (B) তিন প্রকার  
 (C) চার প্রকার (D) পাঁচ প্রকার

উত্তর: (A) দুই প্রকার

ব্যাখ্যা:

সরল দোল তরঙ্গ: মাধ্যমের কণাগুলো সরল দোল গতিতে কম্পিত হলে যে তরঙ্গের সৃষ্টি হয় তাকে সরল দোল তরঙ্গ বা সাইন তরঙ্গ বলে।

সরল দোল তরঙ্গ ২ প্রকারের। যথা-

(i) আড়া তরঙ্গ বা অনুপ্রস্থ তরঙ্গ: (উদাহরণ- পানিতে তিল ছুড়লে সৃষ্ট তরঙ্গ, টানা তার বেধে দৈর্ঘ্যের সমকোণে টানলে সৃষ্ট তরঙ্গ)

(ii) লম্বিক তরঙ্গ বা অনুদৈর্ঘ্য তরঙ্গ: (উদাহরণ- কথা বলার সময় সৃষ্ট লম্বিক তরঙ্গ, শিপ্রিং খাড়াভাবে ঝুলিয়ে নিচের প্রান্ত টেনে ছেড়ে দিলে সৃষ্ট তরঙ্গ)

[Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ৯.৩.২, পৃষ্ঠা: ৫৮০-৫৮১]

১৮ নিম্নোক্ত তরঙ্গের কোনটি অনুপ্রস্থ তরঙ্গ নয়?

- (A) পানি তরঙ্গ (B) শব্দ তরঙ্গ  
 (C) আলোক তরঙ্গ (D) বেতার তরঙ্গ

উত্তর: (B) শব্দ তরঙ্গ

Note: উপরের ১৭নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

১৯ নিম্নোক্ত তরঙ্গের কোনটি অনুদৈর্ঘ্য তরঙ্গ?

- (A) তাপ তরঙ্গ (B) বেতার তরঙ্গ  
 (C) পানি তরঙ্গ (D) শব্দ তরঙ্গ

উত্তর: (D) শব্দ তরঙ্গ

Note: উপরের ১৭নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

২০ আড় তরঙ্গের ক্ষেত্রে সত্য নয়—

- (A) মাধ্যমে তরঙ্গ শীর্ষ ও তরঙ্গ পাদ সৃষ্টি হয়।  
 (B) পরপর দুটি তরঙ্গ শীর্ষের মধ্যবর্তী দূরত্বকে তরঙ্গদৈর্ঘ্য বলে।  
 (C) মাধ্যমে এর সমবর্তন বা পোলারিগ ঘটে না  
 (D) আলো একটি আড় তরঙ্গ

উত্তর: (C) মাধ্যমে এর সমবর্তন বা পোলাবণ ঘটে না

ব্যাখ্যা:

আড় বা অনুপ্রস্থ তরঙ্গের বৈশিষ্ট্য:

- (i) যে তরঙ্গের ক্ষেত্রে জড় মাধ্যমের কণাগুলির কম্পনের দিক তরঙ্গ প্রবাহের দিকের সমকোণী হয়, তাকে আড় তরঙ্গ বলে।  
 (ii) তরঙ্গ প্রবাহে মাধ্যমে তরঙ্গ শীর্ষ ও তরঙ্গপাদ সৃষ্টি হয়।  
 (iii) পর পর দুটি তরঙ্গ শীর্ষ বা পরপর দুটি তরঙ্গ পাদের মধ্যবর্তী দূরত্বকে তরঙ্গ দৈর্ঘ্য বলে।  
 (iv) মাধ্যমে এর সমবর্তন বা পোলারিগ ঘটে।  
 (v) অনম্যতার বা আকৃতির স্থিতিস্থাপক ধর্মসম্পন্ন মাধ্যমে (কঠিন) এই তরঙ্গ উৎপন্ন হয়। প্রবাহীতে পৃষ্ঠটানের দরুণ আড় তরঙ্গের সৃষ্টি হয়।

লম্বিক তরঙ্গের বৈশিষ্ট্য:

- (i) যে তরঙ্গের ক্ষেত্রে জড় মাধ্যমের কণাগুলির কম্পনের দিক তরঙ্গ প্রবাহের দিকের সমান্তরাল হয় তাকে লম্বিক তরঙ্গ বলে।  
 (ii) তরঙ্গ প্রবাহে মাধ্যমে সংকোচন ও প্রসারণ সৃষ্টি হয়।  
 (iii) পরপর দুটি সংকোচন বা পরপর দুটি প্রসারণের মধ্যবর্তী দূরত্বকে বা একটি প্রসারণ ও একটি সংকোচনের মিলিত দৈর্ঘ্যকে তরঙ্গ দৈর্ঘ্য বলে।  
 (iv) মাধ্যমে এর সমবর্তন বা পোলারিগ ঘটে না।  
 (v) স্থিতিস্থাপক ধর্মসম্পন্ন মাধ্যমে এই তরঙ্গ উৎপন্ন হয়।

[Ref: ড. আমির হোসেন (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ৯.৩.২, পৃষ্ঠা: ৫৮১-৫৮২]

২১ যে তরঙ্গ মাধ্যমের কণাগুলোর কম্পনের দিকের সাথে সমকোণে অগ্রসর হয় তাকে কী বলে?

- (A) দীঘল তরঙ্গ (B) স্থির তরঙ্গ  
 (C) আড় তরঙ্গ (D) অনুদৈর্ঘ্য তরঙ্গ

উত্তর: (C) আড় তরঙ্গ

Note: উপরের ২০নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

২২ যে তরঙ্গ মাধ্যমের কণাগুলোর কম্পনের দিকের সাথে সমান্তরালে অগ্রসর হয় তাকে কী বলে?

- (A) স্থির তরঙ্গ (B) দীঘল তরঙ্গ  
 (C) আড় তরঙ্গ (D) অনুপ্রস্থ তরঙ্গ

উত্তর: (B) দীঘল তরঙ্গ

Note: উপরের ২০নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

২৩ নিচের কোনটি অনুপ্রস্থ তরঙ্গের বৈশিষ্ট্য নয়?

[মে: ভ: প: ০১-০২]

- A) পরপর দুইটি তরঙ্গ শীর্ষ বা পরপর দুইটি তরঙ্গ পাদ নিয়ে তরঙ্গ দৈর্ঘ্য গঠিত হয়।  
 B) পর্যায় ক্রমে তরঙ্গ শীর্ষ ও তরঙ্গ পাদ উৎপন্ন করে মাধ্যমের কণাগুলো তরঙ্গ সম্বলিত করে।  
 C) অনুপ্রস্থ তরঙ্গ যান্ত্রিক নাও হতে পারে।  
 D) অনুপ্রস্থ তরঙ্গে পোলারায়ন ঘটে।

উত্তর: Blank

Note: উপরের ২০নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

২৪ নিচের কোনটি অগ্রগামী লম্বিক তরঙ্গ?

- (A) টানা তারের কম্পন (B) পানিতে সৃষ্ট তরঙ্গ  
 (C) শব্দ (D) আলোক তরঙ্গ

উত্তর: (C) শব্দ

ব্যাখ্যা:

অগ্রগামী তরঙ্গ: কোনো তরঙ্গ যদি কোনো বিকৃত মাধ্যমের এক স্তর হতে অন্য স্তরে সম্বলিত হয়ে ক্রমাগত সম্মুখের দিকে অগ্রসর হতে থাকে, তবে তাকে অগ্রগামী বা চলমান তরঙ্গ বলে।

উদাহরণ: (ক) পুকুরের পানিতে ঢিল ছুঁড়লে আড় তরঙ্গ সৃষ্টি হয়। এই ঢেউ বা তরঙ্গ পানির মধ্য দিয়ে কিনারার দিকে অর্থাৎ ক্রমাগত সম্মুখের দিকে অগ্রসর হতে থাকে। সুতরাং পানির ঢেউ অগ্রগামী আড় বা অনুপ্রস্থ তরঙ্গ।

(খ) বক্তা কথা বললে শব্দ উৎপন্ন হয়। শব্দ লম্বিক বা অনুদৈর্ঘ্য তরঙ্গ। এই শব্দ বক্তার মুখ হতে বাতাসের মধ্য দিয়ে ক্রমাগত সম্মুখের দিকে অগ্রসর হয়ে শ্রোতার কানে পৌঁছায়। অতএব শব্দ অগ্রগামী লম্বিক তরঙ্গ।

[Ref: ড. আমির হোসেন (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ৯.৫, পৃষ্ঠা: ৫৮৯]

২৫ শব্দ তরঙ্গ একটি—

[মে: ভ: প: ৮৮-৮৯]

- (A) স্থির তরঙ্গ (B) অগ্রগামী তরঙ্গ  
 (C) আড় তরঙ্গ (D) কোনটাই নয়।

উত্তর: (B) অগ্রগামী তরঙ্গ

Note: উপরের ২৪নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

২৬ কোনটি অগ্রগামী তরঙ্গের বৈশিষ্ট্য নয়?

- (A) মাধ্যমের কণাগুলির কম্পন তরঙ্গ প্রবাহের সাপেক্ষে আড় অথবা লম্বিক হতে পারে  
 (B) অগ্রগামী তরঙ্গের বেগ মাধ্যমের ঘনত্ব ও স্থিতিস্থাপকতার উপর নির্ভর করে না  
 (C) তরঙ্গ মুখের সমকোণে শক্তি বহন করে এ তরঙ্গ প্রবাহিত হয়।  
 (D) মাধ্যমের বিভিন্ন অংশে চাপ ও ঘনত্বের একই প্রকার পরিবর্তন হয়।

উত্তর: (B) অগ্রগামী তরঙ্গের বেগ মাধ্যমের ঘনত্ব ও স্থিতিস্থাপকতার উপর নির্ভর করে না

ব্যাখ্যা:

অগ্রগামী তরঙ্গের বৈশিষ্ট্য (Characteristics of progressive wave):

- (১) কোনো মাধ্যমের একই প্রকার কম্পনে এই তরঙ্গের উৎপত্তি হয়।  
 (২) এটি একটি সুষম মাধ্যমের মধ্য দিয়ে একটি নির্দিষ্ট দ্রুতি বা বেগে প্রবাহিত হয়।  
 (৩) অগ্রগামী তরঙ্গের বেগ মাধ্যমের ঘনত্ব ও স্থিতিস্থাপকতার উপর নির্ভর করে।  
 (৪) মাধ্যমের কণাগুলোর কম্পন তরঙ্গ প্রবাহের সাপেক্ষে আড় ও লম্বিক হতে পারে।  
 (৫) মাধ্যমের কণাগুলো কখনও স্থির থাকে না।  
 (৬) তরঙ্গ মুখের অভিলম্ব বরাবর শক্তি বহন করে এ তরঙ্গ প্রবাহিত হয়।  
 (৭) তরঙ্গ প্রবাহে মাধ্যমের বিভিন্ন অংশের চাপ ও ঘনত্বের একই প্রকার পরিবর্তন ঘটে।  
 (৮) মাধ্যমের প্রতিটি কণার কম্পন ও বিস্তার একই হয় এবং তারা একই ধরনের কম্পনে কম্পিত হয়।  
 (৯) তরঙ্গ প্রবাহের দরুন মাধ্যমের কণার দশা পরবর্তী কণাতে স্থানান্তরিত হয়। এরূপ দুটি কণার দশা বৈষম্য তাদের দূরত্বের সমানুপাতিক।  
 (১০) মাধ্যমের যে কোনো কণার বিভিন্ন ধর্ম- যেমন বেগ, ত্বরণ, শক্তি প্রভৃতি একইরূপ পরিবর্তনের মধ্য দিয়ে যায়।

[Ref: ড. আমির হোসেন (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ৯.৫.১, পৃষ্ঠা: ৫৮৯]

২৭ জেনে রাখা ভালো:

$$\text{অগ্রগামী তরঙ্গের তরঙ্গবেগ} \propto \sqrt{\frac{\text{স্থিতিস্থাপক গুণক}}{\text{ঘনত্ব}}}$$

২৭ কোনটি অগ্রগামী তরঙ্গের বৈশিষ্ট্য নয়?

[মে: ভ: প: ২০১১-১২; ২০০৬-০৭]

- (A) মাধ্যমের কণাগুলো কখনো স্থির অবস্থা প্রাপ্ত হয় না  
 (B) কণাগুলোর পর্যায়কাল সমান হলেও বিস্তার সমান নয়  
 (C) মাধ্যমের সকল কণাই পর্যাবৃত্ত গতি লাভ করে  
 (D) মাধ্যমের কণাগুলোর দশা এক কণা থেকে অন্য কণায় সম্বলিত হয়

উত্তর: B) কণাগুলোর পর্যায়কাল সমান হলেও বিস্তার সমান নয়

Note: উপরের ২৬নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

২৮ নিম্নের কোনটি তরঙ্গের বৈশিষ্ট্য? [মে: ভ: প: ১০-১১]

- (A) দীঘল তরঙ্গ মাধ্যমে তরঙ্গ চূড়া ও তরঙ্গ খাঁজ উৎপন্ন করে সম্বলিত হয়।  
 (B) স্থির তরঙ্গে মাধ্যমের সকল কণাই পর্যাবৃত্ত গতি লাভ করে।  
 (C) অগ্রগামী তরঙ্গে মাধ্যমের কণাগুলো কখনো স্থির অবস্থা প্রাপ্ত হয় না।  
 (D) সরল ছন্দিত তরঙ্গ সাধারণত তিন রকমের।

উত্তর: C) অগ্রগামী তরঙ্গে মাধ্যমের কণাগুলো কখনো স্থির অবস্থা প্রাপ্ত হয় না।

Note: উপরের ২৬নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

২৯ শব্দ তরঙ্গ এর বেলায় কোনটি সত্য নয়? [মে: ভ: প: ৯৪-৯৫]

- (A) শুধুমাত্র জড় মাধ্যমের সাহায্যে প্রবাহিত হতে পারে।  
 (B) ইহার তরঙ্গ দৈর্ঘ্য অত্যন্ত ছোট।  
 (C) ইহা লম্বিক তরঙ্গ।  
 (D) মাধ্যমে ইহার সমবর্তন হয় না।

উত্তর: (B) ইহার তরঙ্গ দৈর্ঘ্য অত্যন্ত ছোট।

Note: উপরের ২৬নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

৩০ স্পন্দন সংখ্যার একক কোনটি?

- (A) second (B)  $ms^{-1}$   
 (C) dB (D) Hz

উত্তর: (D) Hz

ব্যাখ্যা:

স্পন্দন সংখ্যা বা কম্পাঙ্ক: কোন একটি কম্পমান বস্তু বা কণা এক সেকেন্ডে যতগুলো পূর্ণ কম্পন সম্পন্ন করে তাকে তার কম্পাঙ্ক বা স্পন্দন সংখ্যা বলে।

কোন বস্তু t সময়ে N সংখ্যক কম্পন সম্পন্ন করলে কম্পাঙ্ক বা স্পন্দন সংখ্যা f বা  $n = \frac{N}{t}$ । কম্পাঙ্কের একক  $s^{-1}$  বা হার্জ (Hz)। অনেক সময়

সাইকেল/সেকেন্ড একক ও ব্যবহার করা হয়।

[Ref: ড. আমির হোসেন (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ৯.৩.৪, পৃষ্ঠা: ৫৮৪]

৩১ দশা দ্বারা কম্পমান বস্তুর কোনটি নির্ধারণ করা যায় না?

- (A) অবস্থান (B) গতির অবস্থা  
 (C) কম্পাঙ্ক (D) গতির দিক

উত্তর: (C) কম্পাঙ্ক

ব্যাখ্যা:

দশা: তরঙ্গস্থিত কোন একটি কণার কোনো মুহূর্তের অবস্থান এবং তার গতির অবস্থা ও দিক যার দ্বারা নির্দেশ করা হয় তাকে দশা বলে।

[Ref: ড. আমির হোসেন (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ৯.৩.৪, পৃষ্ঠা: ৫৮৪]

৩২ তরঙ্গ দৈর্ঘ্য ( $\lambda$ ), তরঙ্গ বেগ (v) এবং কম্পাঙ্ক (n) এর মধ্যে সঠিক সম্পর্ক কোনটি? [মে: ভ: প: ২০১৬-১৭]

- (A)  $n = v\lambda$  (B)  $\lambda = nv$   
 (C)  $n = \frac{\lambda}{v}$  (D)  $v = n\lambda$

উত্তর: (D)  $v = n\lambda$

ব্যাখ্যা:

তরঙ্গ বেগ, তরঙ্গদৈর্ঘ্য এবং কম্পাঙ্কের মধ্যে সম্পর্ক:

মনে করি, কোনো মাধ্যমে কোনো একটি তরঙ্গের বেগ = v, তরঙ্গ উৎসের কম্পাঙ্ক = n এবং তরঙ্গদৈর্ঘ্য =  $\lambda$ । তাদের মধ্যে সম্পর্ক স্থাপন করা হবে। যেহেতু v তরঙ্গ বেগ, অতএব আমরা পাই,

$v =$  তরঙ্গ কর্তৃক এক সেকেন্ডের অতিক্রান্ত দূরত্ব ... .. (i)

আবার, তরঙ্গদৈর্ঘ্য =  $\lambda$ , সুতরাং শব্দ উৎসের একটি পূর্ণ কম্পনে তরঙ্গ কর্তৃক অতিক্রান্ত দূরত্ব =  $\lambda$ । কম্পাঙ্ক n হওয়ায় প্রতি সেকেন্ডে nটি পূর্ণ কম্পন হয়। অতএব nটি পূর্ণ কম্পনের জন্য অতিক্রান্ত দূরত্ব =  $n\lambda$ ।

$\therefore n\lambda =$  তরঙ্গ কর্তৃক এক সেকেন্ডে অতিক্রান্ত দূরত্ব ... .. (ii)

সমীকরণ (i) এবং (ii) হতে পাই,

$$v = n\lambda$$

অর্থাৎ তরঙ্গ বেগ = কম্পাঙ্ক  $\times$  তরঙ্গদৈর্ঘ্য।

এটিই হলো তরঙ্গ বেগ, কম্পাঙ্ক এবং তরঙ্গদৈর্ঘ্যের মধ্যে সম্পর্ক।

[Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ৯.৪, পৃষ্ঠা: ৫৮৭]

৩৩ দশা পার্থক্য  $\delta$  ও পথপার্থক্য x এর মধ্যে সঠিক সম্পর্ক?

- (A)  $x = \frac{2\pi}{\lambda} \delta$  (B)  $\delta = \frac{2\pi}{\lambda} x$   
 (C)  $\delta = 2\pi\lambda x$  (D)  $x = \frac{2\pi}{\delta} \lambda$

উত্তর: (B)  $\delta = \frac{2\pi}{\lambda} x$

ব্যাখ্যা:

দশাপার্থক্য ও পথপার্থক্যের সম্পর্ক:

আমরা জানি, একটি পূর্ণ কম্পনে দশার পরিবর্তন হয়  $2\pi$  বা  $360^\circ$ ।

অর্থাৎ  $\lambda$  পথপার্থক্যের জন্য দশা পার্থক্য =  $2\pi$

$\therefore$  1 একক " " " " =  $\frac{2\pi}{\lambda}$

" " " " " " " " =  $\frac{2\pi}{\lambda} \times x$

কাজেই, দশাপার্থক্য  $\delta = \frac{2\pi}{\lambda} x$  (পথপার্থক্য)

[Ref: ড. শাহজাহান তপন, (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ৯.৭, পৃষ্ঠা: ৪৯৬]

৩৪  $\lambda$  পথপার্থক্যের জন্য দশা পার্থক্য কত?

- (A)  $\frac{\pi}{2}$  (B)  $\pi$   
 (C)  $\frac{3\pi}{2}$  (D)  $2\pi$

উত্তর: (D)  $2\pi$

Note: পূর্বের ৩৩নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

- (A) কোন একটি মাধ্যমের সীমিত অংশে উৎপন্ন হয়।  
 (B) তরঙ্গের বিভিন্ন বিন্দুতে কম্পনের বিস্তার সমান।  
 (C) একই স্থানে সীমাবদ্ধ থাকে।  
 (D) তরঙ্গদৈর্ঘ্য তরঙ্গ সৃষ্টিকারী যেকোন একটি মূল তরঙ্গের তরঙ্গদৈর্ঘ্যের সমান।

উত্তর: (B) তরঙ্গের বিভিন্ন বিন্দুতে কম্পনের বিস্তার সমান।  
 ব্যাখ্যা: কোনো মাধ্যমের একটি সীমিত অংশে পরস্পর বিপরীতমুখী কম্পন বিস্তার ও তরঙ্গদৈর্ঘ্যের দুটি অগ্রগামী তরঙ্গ একে অপরের উপর উপস্থিত হলে যে নতুন তরঙ্গ সৃষ্টি হয় তাকে স্থির তরঙ্গ বলে।

- স্থির তরঙ্গের বৈশিষ্ট্য: স্থির তরঙ্গের কতকগুলো ধর্ম বা বৈশিষ্ট্য রয়েছে।  
 (1) এই তরঙ্গ কোনো একটি মাধ্যমের সীমিত অংশে উৎপন্ন হয়।  
 (2) অগ্রগামী তরঙ্গের ন্যায় অগ্রসর না হয়ে একই স্থানে সীমাবদ্ধ থাকে।  
 (3) তরঙ্গের বিভিন্ন বিন্দুতে কম্পনের বিস্তার সমান নয়।  
 (4) তরঙ্গের যে বিন্দুতে বিস্তার সর্বাধিক তাকে 'সুস্পন্দ' বিন্দু বলে এবং তরঙ্গের যে বিন্দুতে বিস্তার শূন্য তাকে 'নিস্পন্দ' বিন্দু বলে এবং তরঙ্গের সুস্পন্দ বিন্দুর বিস্তার তরঙ্গ সৃষ্টিকারী মূল তরঙ্গের বিস্তারের দ্বিগুণ-এর সমান।  
 (5) দুটি পরপর নিস্পন্দ বিন্দুর মধ্যবর্তী কণার সরণ একই দিকে হয় এবং তাদের মধ্যবর্তী দূরত্ব  $\lambda/2$ । পর পর দুটি নিস্পন্দ বিন্দুর মধ্যবর্তী অংশকে লুপ (Loop) বলে।  
 (6) পর পর দুটি লুপের সরণ পরস্পর বিপরীত দিকে হয়।  
 (7) নিস্পন্দ বিন্দুতে চাপ ও ঘনত্বের পরিবর্তন সর্বাধিক, কিন্তু সুস্পন্দ বিন্দুতে চাপ ও ঘনত্বের পরিবর্তন শূন্য।  
 (8) পর পর তিনটি সুস্পন্দ বিন্দু বা পর পর তিনটি নিস্পন্দ বিন্দু বা দুটি লুপের মধ্যবর্তী দূরত্বই স্থির তরঙ্গের তরঙ্গ দৈর্ঘ্য।  
 (9) স্থির তরঙ্গের স্থির বিন্দুস্থ কণাগুলো ছাড়া সকল কণার গতি সরল হ্রদিত গতি।  
 (10) কোনো মাধ্যমে স্থির তরঙ্গের তরঙ্গ দৈর্ঘ্য ( $\lambda$ ) বা কম্পাঙ্ক ( $n$ ) তরঙ্গ সৃষ্টিকারী যে কোনো একটি মূল তরঙ্গের তরঙ্গ দৈর্ঘ্য ( $\lambda$ ) বা কম্পাঙ্ক ( $n$ )-এর সমান।

[Ref: ড. আমির হোসেন (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ৯.৮, পৃষ্ঠা: ৫৯৮-৫৯৯]

৩৬) দুটি পর পর নিস্পন্দ বিন্দুর মধ্যবর্তী দূরত্ব কত?

- (A)  $\lambda$  (B)  $\frac{\lambda}{2}$   
 (C)  $\frac{\lambda}{4}$  (D)  $2\lambda$

উত্তর: (B)  $\frac{\lambda}{2}$

Note: পূর্বের ৩৫নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

৩৭) একটি স্থির তরঙ্গের পাশাপাশি দুটি সুস্পন্দ বিন্দুর মধ্যে দূরত্ব কত হবে?

- (A)  $\lambda$  (B)  $\frac{\lambda}{2}$   
 (C)  $\frac{\lambda}{4}$  (D)  $\frac{\lambda}{8}$

উত্তর: (B)  $\frac{\lambda}{2}$

Note: পূর্বের ৩৫নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

৩৮) সুস্পন্দ বিন্দুর ক্ষেত্রে সঠিক নয় কোনটি?

- (A) এ বিন্দুতে বিস্তার সর্বাধিক।  
 (B) এ বিন্দুতে চাপ ও ঘনত্বের পরিবর্তন সর্বাধিক।  
 (C) সুস্পন্দ বিন্দুর বিস্তার তরঙ্গ সৃষ্টিকারী মূল তরঙ্গের দ্বিগুণের সমান।  
 (D) পর পর তিনটি সুস্পন্দ বিন্দুর মধ্যবর্তী দূরত্বই স্থির তরঙ্গের তরঙ্গদৈর্ঘ্য।

উত্তর: (B) এ বিন্দুতে চাপ ও ঘনত্বের পরিবর্তন সর্বাধিক।  
 Note: পূর্বের ৩৫নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

৩৯) স্থির তরঙ্গ সৃষ্টির শর্ত নয় কোনটি?

- (A) তরঙ্গ পৃষ্ঠ অনুভূমিক অবস্থানে প্রসারিত হয়।  
 (B) তরঙ্গ দুটির বিস্তার সমান হতে হবে।  
 (C) তরঙ্গ দুটির তরঙ্গদৈর্ঘ্য সমান হতে হবে।  
 (D) প্রতিটি বিন্দুতে তরঙ্গ দুটির জন্য সরণ সমান ও বিপরীত হতে হবে।

উত্তর: (A) তরঙ্গ পৃষ্ঠ অনুভূমিক অবস্থানে প্রসারিত হয়।  
 ব্যাখ্যা: স্থির তরঙ্গ সৃষ্টির শর্ত:  
 ১. দুটি অভিন্ন চল তরঙ্গ বিপরীত দিক থেকে অগ্রসর হয়ে একে অন্যের উপর উপরিপাতিত হতে হবে।  
 ২. তরঙ্গ দুটি একই বেগে বিপরীত দিক থেকে আসতে হবে।  
 ৩. তরঙ্গ পৃষ্ঠ অনুভূমিক অবস্থানে সংকুচিত হয়।  
 ৪. তরঙ্গ শীর্ষ তরঙ্গ অবস্থানে প্রসারিত হয়।  
 ৫. প্রতিটি বিন্দুতে তরঙ্গ দুটির জন্য সরণ সমান ও বিপরীত হতে হবে।  
 ৬. তরঙ্গ দুটির বিস্তার সমান হতে হবে।  
 ৭. তরঙ্গ দুটির তরঙ্গ দৈর্ঘ্য সমান হতে হবে।

[Ref: ড. আমির হোসেন (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ৯.৮.২, পৃষ্ঠা: ৫৯৯-৬০০]

৪০) একটি সুস্পন্দ বিন্দু হতে পরবর্তী নিস্পন্দ বিন্দুর দূরত্ব কত?

- (A)  $\lambda$  (B)  $\frac{\lambda}{2}$   
 (C)  $\frac{\lambda}{4}$  (D)  $\frac{3\lambda}{4}$

উত্তর: (C)  $\frac{\lambda}{4}$

ব্যাখ্যা: একটি সুস্পন্দ বিন্দু হতে পরবর্তী নিস্পন্দ বিন্দুর দূরত্ব: স্থির তরঙ্গের ক্ষেত্রে পরস্পর দুটি নিস্পন্দ বিন্দুর দূরত্ব  $\frac{\lambda}{2}$ । আবার দুটি নিস্পন্দ বিন্দুর মাঝখানে একটি সুস্পন্দ বিন্দু থাকে। কাজেই একটি সুস্পন্দ বিন্দু থেকে একটি নিস্পন্দ বিন্দুর দূরত্ব হবে  $\frac{\lambda}{2}$  এর অর্ধেক অর্থাৎ  $\frac{\lambda}{4}$ ।

[Ref: ড. আমির হোসেন (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ৯.৮.১, পৃষ্ঠা: ৫৯৯]

৪১) কোনটি অগ্রগামী তরঙ্গের বৈশিষ্ট্য নয়?

- [মে: জ: প: ২০১১-১২; ২০০৬-০৭]  
 (A) মাধ্যমের কণাগুলো কখনো স্থির অবস্থা প্রাপ্ত হয় না।  
 (B) কণাগুলোর পর্যায়কাল সমান হলেও বিস্তার সমান নয়।  
 (C) মাধ্যমের সকল কণাই পর্যাবৃত্ত গতি লাভ করে।  
 (D) মাধ্যমের কণাগুলোর দশা এক কণা থেকে অন্য কণায় সম্বলিত হয়।

উত্তর: B) কণাগুলোর পর্যায়কাল সমান হলেও বিস্তার সমান নয়

বিডিনিউজ



ব্যাখ্যা:

চলমান (অগ্রগামী) তরঙ্গ ও স্থির তরঙ্গের পার্থক্য:

চলমান তরঙ্গ/অগ্রগামী তরঙ্গ	স্থির তরঙ্গ
১. অগ্রগামী তরঙ্গের ক্ষেত্রে মাধ্যমের প্রতিটি কণা পর্যাবৃত্ত গতিতে স্পন্দিত হয়।	১. স্থির তরঙ্গের ক্ষেত্রে মাধ্যমের নিস্পন্দ বিন্দুতে অবস্থিত স্থির কণাগুলো ছাড়া অন্যান্য কণা পর্যাবৃত্ত গতিতে স্পন্দিত হয়।
২. অগ্রগামী তরঙ্গের প্রতিটি কণার বিস্তার সমান কিন্তু একটি নির্দিষ্ট সময়ে এদের প্রত্যেকের সমান ত্বরণ হয় না।	২. স্থির তরঙ্গে মাধ্যমের সকল কণার বিস্তার সমান নয়। সুস্পন্দ বিন্দুর কণার বিস্তার সর্বাধিক এবং নিস্পন্দ কণার বিস্তার সর্বনিম্ন (শূন্য)।
৩. একটি পূর্ণ কম্পনের ভিতরে কোন সময়ই মাধ্যমের সকল কণা একযোগে স্থির অবস্থায় আসে না।	৩. একটি পূর্ণ কম্পনের ভিতরে মাধ্যমের সকল কণা দুই বার একযোগে স্থির অবস্থায় আসে।
৪. অগ্রগামী অনুপ্রস্থ তরঙ্গের ক্ষেত্রে পরপর দুটি তরঙ্গশীর্ষের মধ্যবর্তী দূরত্ব এবং অগ্রগামী অনুদৈর্ঘ্য তরঙ্গের ক্ষেত্রে একটি সঙ্কোচন ও একটি প্রাসরণের মোট দৈর্ঘ্যকে তরঙ্গ দৈর্ঘ্য বলে।	৪. স্থির তরঙ্গের ক্ষেত্রে পরপর তিনটি সুস্পন্দ বিন্দু বা পরপর তিনটি নিস্পন্দ বিন্দুর মধ্যবর্তী দূরত্বকে তরঙ্গদৈর্ঘ্য বলে।
৫. মাধ্যমের কণাগুলোর দশা এক থেকে অন্য কণাতে সঞ্চালিত হয়।	৫. পাশাপাশি দুটি নিস্পন্দ বিন্দুর মধ্যবর্তী সব কণা একই দশায় থাকে।
৬. অগ্রগামী তরঙ্গ মাধ্যমের মধ্য দিয়ে নির্দিষ্ট বেগে সামনের দিকে অগ্রসর হয়।	৬. স্থির তরঙ্গ মাধ্যমের মধ্যে স্থিরভাবে অবস্থান করে এবং সীমাবদ্ধ স্থানে পর্যায়ক্রমে উৎপন্ন ও বিলুপ্ত হয়।

[Ref: ড. তফাজ্জল হোসেন (সংস্করণ-২০১৮), অনু: ৯.১৫, পৃষ্ঠা: ৫৪২]

৪২ কোন বিজ্ঞানী তরঙ্গের উপরিপাতন নীতি উপস্থাপন করেন?

- (A) জেমস ওয়েবার (B) নিউটন  
(C) হাইগেনস (D) মার্সেন

উত্তর: (C) হাইগেনস

ব্যাখ্যা:

তরঙ্গের উপরিপাতন নীতি: যখন দুটি বা তার বেশি তরঙ্গ একই সাথে একই মাধ্যমের ভেতর দিয়ে এগোতে থাকে তখন এরা একটি অপরটির সাপেক্ষে স্বাধীনভাবে সঞ্চালিত হয়। মাধ্যমের যে অংশে তরঙ্গগুলো উপরিপাতিত হয়, সেই অংশে যেকোনো কণার লব্ধি সরণ প্রতিটি তরঙ্গ পৃথকভাবে ঐ কণার যে সরণ সৃষ্টি করে তাদের বীজগাণিতিক সমষ্টির সমান হয়।

[Ref: ড. আমির হোসেন (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ৯.৭, পৃষ্ঠা: ৫৯৭]

৪৩ জেনে রাখা ভাল:

ফরাসি গণিতজ্ঞ মার্সেন টানা তাকে আড়া কম্পনের সুত্রগুলি আবিষ্কার করেন।

৪৩ যখন দুটি সদৃশ অগ্রগামী তরঙ্গ পরস্পরের উপর উপরিপাতিত হয়, তখন লব্ধি তরঙ্গের বেগ-

- (A) বৃদ্ধি পায় (B) হ্রাস পায়  
(C) শূন্য হয়ে যায় (D) অপরিবর্তিত থাকে

উত্তর: (D) অপরিবর্তিত থাকে

ব্যাখ্যা:

তরঙ্গের উপরিপাতন সম্পর্কে দুটি সিদ্ধান্ত:

- মাধ্যমের কোনো কণার ওপর একাধিক তরঙ্গ একই সময় ক্রিয়া করলে- তাদের একটি ক্রিয়া অপরটির দ্বারা বাহ্যত হবে না। অর্থাৎ উপরিপাতনের পূর্বে ও পরে বেগ অক্ষুণ্ণ থাকে।
- কণার লব্ধি সরণ প্রত্যেক তরঙ্গ পৃথক পৃথকভাবে কণাটিতে যে সরণ সৃষ্টি করবে তাদের বীজগাণিতিক যোগফলের সমান।

[Ref: অধ্যাপক গোলাম হোসেন প্রামাণিক (৪র্থ সংস্করণ-২০১৭), অনু: ৯.৬, পৃষ্ঠা: ৩৯৯]

৪৪ আমাদের কান ক্ষীণতম যে তীব্রতার শব্দ তরঙ্গ অনুভব করতে পারে তার বিস্তার কত?

- (A)  $10^{-5}$  m (B)  $10^{-6}$  m  
(C)  $10^{-11}$  m (D)  $10^{-12}$  m

উত্তর: (C)  $10^{-11}$  m

ব্যাখ্যা:

ক্ষীণ ও জোরালো শব্দের বিস্তার: আমাদের কান ক্ষীণতম যে তীব্রতার শব্দ তরঙ্গ অনুভব করতে পারে তার বিস্তার প্রায়  $10^{-11}$  m। সবচেয়ে জোরালো তীব্রতার যে শব্দ তরঙ্গ আমাদের কানে সহনীয় তার বিস্তার  $10^{-5}$  m।

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ৯.১২, পৃষ্ঠা: ৫০০]

৪৫ কোন চলমান তরঙ্গের সমকোণে একক ক্ষেত্রফলের মধ্য দিয়ে প্রতি সেকেন্ডে যে পরিমাণ শক্তি লম্বভাবে প্রবাহিত হয় তাকে কী বলে?

- (A) দশা (B) তীব্রতা  
(C) তরঙ্গমুখ (D) অগ্রগামী তরঙ্গ

উত্তর: (B) তীব্রতা

ব্যাখ্যা:

তীব্রতা: শব্দ বিস্তারের অভিমুখের সঙ্গে লম্বভাবে রাখা একক ক্ষেত্রফলের মধ্য দিয়ে প্রতি সেকেন্ডে যে পরিমাণ শক্তি প্রবাহিত হয়, তারে ঐ শব্দের তীব্রতা বলে।

তরঙ্গের তীব্রতা = শক্তি ঘনত্ব  $\times$  তরঙ্গবেগ

বা,  $I = 2\rho\pi^2 a^2 n^2 v$ , যেখানে

$\rho$  মাধ্যমের ঘনত্ব,

$n$  তরঙ্গের কম্পাঙ্ক,

$a$  তরঙ্গের বিস্তার এবং

$v$  তরঙ্গের বেগ।

বিভিন্ন বিষয়ের উপর তীব্রতার নির্ভরতা: শব্দের তীব্রতা নিচের বিষয়গুলোর উপর নির্ভর করে-

- উৎসের কম্পনের বিস্তার: শব্দের তীব্রতা উৎসের কম্পনের বিস্তারের বর্গের সমানুপাতিক। অর্থাৎ, শব্দের তীব্রতা  $I$  এবং উৎসের কম্পনের বিস্তার  $a$  হলে  $I \propto a^2$ ।
- উৎসের আকার: উৎসের আকার যত বড় হয় উৎপন্ন শব্দের তীব্রতা তত বাড়ে। যেমন, তবলার শব্দের চেয়ে ঢাকের শব্দ অনেক বেশি জোরালো।
- উৎস থেকে দূরত্ব: উৎস থেকে শ্রোতার দূরত্ব যত বেশি হয় শব্দের তীব্রতা তত কমে। অর্থাৎ শব্দের তীব্রতা  $I$  এবং উৎস থেকে শ্রোতার দূরত্ব  $r$  হলে,  $I \propto 1/r^2$ ।
- মাধ্যমের ঘনত্ব: শব্দ যে মাধ্যমের মধ্য দিয়ে যায় তার ঘনত্ব যত বেশি হয় শব্দের তীব্রতাও তত বেশি হয়। যেমন, উষ্ণতা কমলে বায়ুর ঘনত্ব বাড়ে বলে শীতের রাতে অনেক দূরের শব্দ স্পষ্ট শোনা যায়।
- মাধ্যমের গতি: মাধ্যমের গতির অভিমুখে গেলে শব্দের তীব্রতা বাড়ে এবং বিপরীত দিকে গেলে শব্দের তীব্রতা কমে। যেমন, বায়ু প্রবাহের দিকে শব্দ অগ্রসর হলে জোরে শব্দ শোনা যায়।
- অন্যান্য বস্তুর উপস্থিতি: শব্দের কম্পমান উৎসের নিকটে কোনো বস্তু থাকলে উৎসের কম্পনের প্রভাবে ঐ বস্তুটিও একই কম্পাঙ্কে কম্পিত হতে শুরু করে। একে পরবশ কম্পন বলে। বস্তুর ক্ষেত্রফল অনেক বেশি হলে পরবশ কম্পন সৃষ্টির জন্য শব্দের তীব্রতা শুরু করে। এই কারণে সেতার, বেহালা, গীটার প্রভৃতি তারের বাদ্যযন্ত্রে ফাঁপা খোল থাকে। যন্ত্রটি বাজালে তারগুলো কাঁপে, ফলে ঐ খোল এবং খোলার মধ্যের বায়ুতে পরবশ কম্পন সৃষ্টি হয়। তাই জোরে শব্দ শোনা যায়।
- শব্দের তীব্রতা উৎসের কম্পাঙ্কের বর্গের সমানুপাতিক। অর্থাৎ, তীব্রতা  $I$  এবং কম্পাঙ্ক  $f$  হলে,  $I \propto f^2$ ।

[Ref: ড. আমির হোসেন (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ৯.৬.১, পৃষ্ঠা: ৫৯৭]

কম্পনের তীব্রতা নিচের কোনটির উপর নির্ভর করে না? \*

- (B) মাধ্যমের ঘনত্ব  
(D) মাধ্যমের গতি

শব্দ উৎসের কম্পনের বিস্তারের -

- (B) বর্গের সমানুপাতিক  
(D) সমান

উৎস থেকে দূরত্বের সাথে তীব্রতার সম্পর্ক কোনটি? \*

- (B)  $I \propto r$   
(D)  $r \propto \frac{1}{I^2}$

উৎসের কম্পাঙ্কের সাথে তীব্রতার সম্পর্ক কোনটি?

- (B)  $I \propto f^2$   
(D)  $I \propto \frac{1}{f^2}$

উৎসের আকার বড় হলে শব্দের তীব্রতা - \*

- (A) বাড়ে  
(B) কমে  
(C) অপরিবর্তিত থাকে  
(D) বাড়েও পারে, কমেও পারে

নিম্নের কোন তথ্যটি শব্দের জন্য সঠিক? [ডে: ভ: প: ১০-১১]

- (A)  $I \propto r^2$   
(B)  $10^{10}$   
(C)  $10^8$   
(D)  $10^6$

ব্যাখ্যা:

শ্রবণসীমার দুপ্রান্তের তীব্রতার অনুপাত: আমাদের কানে সহনীয় সবচেয়ে জোরালো তীব্রতার শব্দ এবং ক্ষীণতম শব্দের বিস্তারের দুই সীমাত্ত মানের অনুপাত  $10^6$ । তরঙ্গের তীব্রতা এর বিস্তারের বর্গের সমানুপাতিক। কাজেই মানুষের শ্রবণসীমার দুই প্রান্তের তীব্রতার অনুপাত  $10^{12}$ ।

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ৯.১২, পৃষ্ঠা: ৫০০]

Note: অধ্যাপক ইসহাক এর বই অনুসারে, ক্ষীণ ও জোরালো শব্দের অনুপাত  $10^{13}$ ।

[ড. আমির হোসেন (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ৯.১২, পৃষ্ঠা: ৬০৭]

৫৩ তীব্রতার জন্য কোন সমীকরণটি সঠিক?

- (A)  $I = 2\pi^2 \rho n a^2 v$  (B)  $I = 2\pi^2 n^2 a^2 \rho^2 v$   
(C)  $I = 2\pi^2 n^2 a^2 \rho v$  (D)  $I = 2\pi n^2 a^2 \rho v$

উত্তর: (C)  $I = 2\pi^2 n^2 a^2 \rho v$

ব্যাখ্যা:

তীব্রতার সমীকরণ: তরঙ্গের কম্পাঙ্ক  $n$ , বিস্তার  $a$ , বেগ  $v$ , মাধ্যমের ঘনত্ব  $\rho$  হলে তরঙ্গের তীব্রতা  $I = 2\pi^2 n^2 a^2 \rho v$  এ সমীকরণ থেকে দেখা যায় যে, তরঙ্গের তীব্রতা (i) এর বিস্তারের বর্গের সমানুপাতিক (ii) এর কম্পাঙ্কের বর্গের সমানুপাতিক (iii) এর বেগের সমানুপাতিক এবং (iv) মাধ্যমের ঘনত্বের সমানুপাতিক।

[Ref: ড. আমির হোসেন (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ৯.৬.২, পৃষ্ঠা: ৫৯৬]

৫৪ নিম্নের কোনটি তরঙ্গের জন্য সঠিক? [ডে: ভ: প: ১০-১১]

- (A)  $f = \frac{1}{N}$   
(B) তরঙ্গ দৈর্ঘ্য Hz দ্বারা প্রকাশ করা হয়  
(C) কৌণিক কম্পাঙ্কের একক  $\text{rad s}^{-2}$   
(D)  $I = 2\pi^2 f^2 a^2 \rho v$

উত্তর: (D)  $I = 2\pi^2 f^2 a^2 \rho v$

ব্যাখ্যা:

(A) সঠিক নয়। কারণ,  $t$  সময়ে  $N$  সংখ্যক কম্পন সম্পন্ন করলে কম্পাঙ্ক  $f = \frac{N}{t}$

(B) সঠিক নয়। কারণ, তরঙ্গদৈর্ঘ্যকে প্রকাশ করা হয়  $\lambda$  দ্বারা

(C) সঠিক নয়। কারণ, কৌণিক কম্পাঙ্কের একক  $\text{rads}^{-1}$

(D) সঠিক। কারণ,

তীব্রতা,  $I = 2\pi^2 f^2 a^2 \rho v$

এখানে,  $f =$  কম্পাঙ্ক

$a =$  বিস্তার

$\rho =$  মাধ্যমের ঘনত্ব

$v =$  তরঙ্গ বেগ

[Ref: ড. আমির হোসেন (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ৯.৩.৪, ৯.৬.২, পৃষ্ঠা: ৫৮৪, ৫৯৬]

৫৫ মুক্ত কম্পন কোনটির উপর নির্ভর করে না?

- (A) বস্তুর ঘনত্ব (B) বস্তুর আকৃতি  
(C) স্থিতিস্থাপকতা (D) মাধ্যমের গঠন

উত্তর: (D) মাধ্যমের গঠন

ব্যাখ্যা:

মুক্ত কম্পন/স্বাভাবিক কম্পন: যে কোন আকার, গঠন বা আকৃতির বস্তুকে আন্দোলিত করলে তা একটি নিজস্ব কম্পাঙ্ক রক্ষা করে স্পন্দিত হয়। এ স্পন্দনকে স্বাভাবিক বা মুক্ত কম্পন বলে।

মুক্ত কম্পন বস্তুর ভর অথবা ঘনত্ব, আকৃতি ও স্থিতিস্থাপকতার উপর নির্ভর করে।

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ৯.১১, পৃষ্ঠা: ৪৯৯]

অধ্যাপক আব্দুল গনি (সংস্করণ-২০১৭), অনু: ৯.৯, পৃষ্ঠা: ২৯৭]

বিডিনিউজ.কম

৯৬. জেনে রাখা ভালো:

**পরবশ কম্পন:** কোন বস্তুর উপর পর্যাবৃত্ত স্পন্দনের কম্পাঙ্ক বস্তুর স্বাভাবিক কম্পনের কম্পাঙ্কের চেয়ে ভিন্ন হলে বস্তুটি প্রথমে অনিয়মিতভাবে কম্পিত হয়ে পরে আরোপিত কম্পনের কম্পাঙ্কের কম্পিত হতে থাকে এ ধরনের কম্পাঙ্কে পরবশ বা আরোপিত কম্পন বলে।

[Ref: ড. শাহজাহান তপন (বর্ষিক ওয় সংস্করণ-২০১৮), অনু: ৯.৯, পৃষ্ঠা: ৪৯৯]

Mnemonic/ মনে রাখার Tips: মুক্ত কম্পনের নির্ভরশীলতা:		
ঘনিষে	আসল	স্থিতি
↓	↓	↓
ঘনত্ব	আকৃতি	স্থিতিস্থাপকতা

৯৬. কোনটি অনুনাদের ক্ষেত্রে সত্য নয়?

- (A) কোনো একটি বস্তুর স্বাভাবিক পর্যায়কাল যদি এর উপর আরোপিত পর্যায় বলের পর্যায়কালের সমান হয়, তখন অনুনাদ তৈরি হয়।  
 (B) সকল পরবশ কম্পন অনুনাদী কম্পন।  
 (C) অনুনাদী কম্পনে বিস্তার সবচেয়ে বেশি হবে।  
 (D) অনুনাদে বস্তুর কম্পন শুরু হওয়ার অল্প সময় পরই নিয়মিত হয়।

উত্তর: (B) সকল পরবশ কম্পন অনুনাদী কম্পন।

**ব্যাখ্যা:**  
**অনুনাদ:** কোন বস্তুর নিজস্ব কম্পাঙ্ক আর তার উপর আরোপিত পর্যাবৃত্ত স্পন্দনের কম্পাঙ্ক সমান হলে বস্তুটি সর্বোচ্চ বিস্তার সহকারে কম্পিত হতে থাকে। এ ধরনের কম্পনকে অনুনাদ বলে। অনুনাদ একটি বিশেষ ধরনের পরবশ কম্পন।

**অনুনাদের বৈশিষ্ট্য:**

- (১) কোনো একটি বস্তুর স্বাভাবিক পর্যায়কাল যদি এর উপর আরোপিত পর্যায় বলের পর্যায়কালের সমান হয়, তখন বস্তুর কম্পনে অনুনাদ হয়।  
 (২) সকল অনুনাদী কম্পন পরবশ কম্পন।  
 (৩) অনুনাদী কম্পনে বিস্তার সবচেয়ে বেশি হবে।  
 (৪) অনুনাদে বস্তুর কম্পন শুরু হওয়ার অল্প সময় পরই নিয়মিত হয়।

[Ref: ড. আমির হোসেন (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ৯.১০ ও ৯.১১, পৃষ্ঠা: ৬০৬-৬০৭]

৯৭. অনুনাদ হবে যখন কোনো বস্তুর নিজস্ব কম্পাঙ্ক তার উপর আরোপিত পর্যাবৃত্ত স্পন্দনের কম্পাঙ্কের—

- (A) চেয়ে বড় হবে (B) চেয়ে ছোট হবে  
 (C) সমান হবে (D) দ্বিগুণ হবে

উত্তর: (C) সমান হবে

Note: উপরের ৯৬নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

৯৮. অনুনাদ কম্পনের ক্ষেত্রে বস্তুর উপর প্রযুক্ত বল কীরূপ?

- (A) সমমানের। [মে: ভ: প: ৯০-৯১]  
 (B) বস্তুর স্বাভাবিক কম্পাঙ্কের চেয়ে বেশী কম্পাঙ্কের পর্যাবৃত্ত বল।  
 (C) বস্তুর স্বাভাবিক কম্পাঙ্কের সমান কম্পাঙ্কের পর্যাবৃত্ত বল।  
 (D) বস্তুর স্বাভাবিক কম্পাঙ্কের চেয়ে কম কম্পাঙ্কের পর্যাবৃত্ত বল।

উত্তর: (C) বস্তুর স্বাভাবিক কম্পাঙ্কের সমান কম্পাঙ্কের পর্যাবৃত্ত বল।

Note: উপরের ৯৬নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

৯৯. জেনে রাখা ভালো:

**অনুনাদের ব্যবহার:** বায়ুস্তম্ভের অনুনাদ ব্যবহার করে খুব সহজে পরীক্ষাপারে শব্দের বেগ নির্ণয় করা হয়।

৯৯. শব্দের কোন বৈশিষ্ট্যের জন্য তীব্র ভূমিকম্পের সময় ঘরবাড়ি ভেঙ্গে যায়?

- (A) স্বরকম্প (B) পরবশ কম্পন  
 (C) মুক্ত কম্পন (D) তীব্রতা

উত্তর: (B) পরবশ কম্পন

Note: উপরের ৯৫ এবং ৯৬নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

৬০. তরঙ্গের কোন বৈশিষ্ট্যের জন্য টাকামো ন্যারোজ ব্রিজটি ভেঙে গেলো?

- (A) অনুনাদ (B) ব্যতিচার  
 (C) অপবর্তন (D) প্রতিফলন

উত্তর: (A) অনুনাদ

**ব্যাখ্যা:**  
**টাকামো ন্যারোজ ব্রিজ ভেঙে যাবার কারণ:** ওয়াশিংটনের টাকামো ন্যারোজ ব্রিজটি ১৯৪০ সালের ১ জানুয়ারি চলাচলের জন্য খুলে দেয়া হয়। হালকা বাতাসে অনুনাদ সৃষ্টির কারণে খুলে দেয়ার চার মাসের মধ্যেই ব্রিজটি ভেঙে যায়।

[Ref: অধ্যাপক গোলাম হোসেন প্রামাণিক (সংস্করণ-২০১৭), অনু: ৯.১০, পৃষ্ঠা: ৪৯৯]

৬১. ১০০০ Hz কম্পাঙ্কবিশিষ্ট প্রমাণ তীব্রতার এক ডেসিবেল একটি বিস্তৃত সুর যে প্রাবল্য সৃষ্টি করে তাকে কী বলে?

- (A) বেল (B) সোন  
 (C) ফন (D) ডেসিবেল

উত্তর: (C) ফন

**ব্যাখ্যা:**  
**ফন:** ১০০০ Hz কম্পাঙ্কবিশিষ্ট প্রমাণ তীব্রতার এক ডেসিবেল (1 dB) একটি বিস্তৃত সুর যে প্রাবল্য সৃষ্টি করে তাকে ফন বলে।  
**সোন:** শব্দ প্রাবল্যের আরও একটি এককের নাম সোন। শ্রোতার শ্রাব্য সীমার 40 dB উর্ধ্বে 1000 Hz কম্পাঙ্কের একটি বিস্তৃত সুর যে প্রাবল্য সৃষ্টি করে তাকে সোন বলে।

[Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ৯.১২, পৃষ্ঠা: ৬০৮]

৬২. শব্দোচ্চতা সম্পর্কে সত্য নয় কোনটি?

- (A) শব্দোচ্চতা একটি শারীরবৃত্তীয় বিষয়  
 (B) শব্দোচ্চতা বলতে শব্দ কতটা জোরে হচ্ছে তা বুঝায়  
 (C) শব্দোচ্চতা শব্দের তীব্রতা দ্বারা নির্ধারিত হয়  
 (D) শব্দোচ্চতা শব্দের তীব্রতার সমানুপাতিক

উত্তর: (D) শব্দোচ্চতা শব্দের তীব্রতার সমানুপাতিক

**ব্যাখ্যা:**  
**শব্দোচ্চতা:** যে বৈশিষ্ট্য দ্বারা একটি শব্দ অন্য একটি শব্দ হতে কতটা জোরালো তা বুঝায় তাকে শব্দোচ্চতা বলে।  
 শব্দোচ্চতা মূলত কর্ণ অনুভূতি। এটি শারীরবৃত্তীয় বিষয়, ভৌত বিষয় নয়। শব্দোচ্চতা শব্দের তীব্রতা দ্বারা নির্ধারিত হয়। তীব্রতা যত বাড়ে শব্দোচ্চতা তত বেশি জোরালো হয়; কিন্তু তীব্রতার সাথে সমানুপাতিক হারে বাড়ে না কাজেই (D) সত্য নয়।

[Ref: ড. আমির হোসেন (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ৯.১২, পৃষ্ঠা: ৬০৮]

৬৩. ওয়েবার ফেচনারের সূত্র মতে, শব্দোচ্চতা শব্দের তীব্রতার সাথে কীরূপে সম্পর্কিত?

- (A) সমানুপাতিক (B) লগারিদম এর সমানুপাতিক  
 (C) ব্যস্তানুপাতিক (D) লগারিদম এর সমান

উত্তর: (B) লগারিদম এর সমানুপাতিক

**ব্যাখ্যা:**  
**ওয়েবার ফেচনারের সূত্র:** শব্দোচ্চতা তীব্রতার সাথে বাড়ে তবে সমানুপাতিক হারে নয়। ওয়েবার ফেচনার এর সূত্র অনুসারে শব্দোচ্চতা (s) শব্দ তীব্রতার (I) লগারিদম এর সমানুপাতিক। অর্থাৎ  $s \propto \log I$

[Ref: ড. আমির হোসেন (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ৯.১২, পৃষ্ঠা: ৬০৮]

৬৪. শব্দের তীব্রতা লেভেল মাপার একক হচ্ছে—

- (A) Hz (B)  $Wm^{-2}$   
 (C) dB (D)  $Wm^{-1}$

উত্তর: (C) dB

কোনো শব্দের তীব্রতা ও প্রমাণ তীব্রতার অনুপাতের তীব্রতা লেভেল বলে। তীব্রতা লেভেল পরিমাপ করা এককটি বেশ বড় হওয়ায় ব্যবহারিক ক্ষেত্রে একক হিসেবে ধরা হয় এবং একে তীব্রতা লেভেলের একক হিসেবে ধরা হয় এবং একে ডেসিবেল (dB)। টেলিফোনের আবিষ্কারক গ্রাহাম বেল এই তীব্রতা লেভেল তপন (বর্ণিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ৯.১২; পৃষ্ঠা: ৫০৪]

১০ গুণ তীব্রতা সম্পন্ন কোন শব্দের তীব্রতা থেকে ১০ গুণ তীব্রতা সম্পন্ন কোন শব্দের তীব্রতা (B) বলে। প্রকৃতপক্ষে বেল হচ্ছে আপেক্ষিক তীব্রতার ১০ গুণ বৃদ্ধি বোঝায়।

১০ গুণ তীব্রতা সম্পন্ন কোন শব্দের তীব্রতা থেকে ১০ গুণ তীব্রতা সম্পন্ন কোন শব্দের তীব্রতা (B) বলে। প্রকৃতপক্ষে বেল হচ্ছে আপেক্ষিক তীব্রতার ১০ গুণ বৃদ্ধি বোঝায়।

- [মে: ড: প: ২০০৯-১০]
- C) 1 ডেসিবেল  
D) 2 ডেসিবেল

৬৯ নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

- ৬৯ নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।
- ১০ Hz কম্পাঙ্কবিশিষ্ট  $10^{-12} \text{ Wm}^{-2}$  তীব্রতা  
১০ Hz কম্পাঙ্কবিশিষ্ট  $10^{-6} \text{ Wm}^{-2}$  তীব্রতা  
১০ Hz কম্পাঙ্কবিশিষ্ট  $10^{-6} \text{ Wm}^{-2}$  তীব্রতা  
১০ Hz কম্পাঙ্কবিশিষ্ট  $10^{-12} \text{ Wm}^{-2}$  তীব্রতা  
১০০০ Hz কম্পাঙ্কবিশিষ্ট  $10^{-12} \text{ Wm}^{-2}$  তীব্রতা

কোন শব্দ শ্রাব্য হতে হলে শব্দের কম্পাঙ্ক এবং তীব্রতা একটি নির্দিষ্ট মাত্রা থাকতে হয়। শ্রাব্য শব্দের নিম্নতম তীব্রতাকে শ্রাব্যতার নিম্নতম বা  $10^{-12} \text{ W}$  ক্ষমতার সমান। ১০০০ Hz কম্পাঙ্কবিশিষ্ট  $10^{-12} \text{ Wm}^{-2}$  তীব্রতাকে প্রমাণ তীব্রতা বলে। আর ১০০০ Hz কম্পাঙ্কবিশিষ্ট  $10^{-12} \text{ W}$  ক্ষমতাকে প্রমাণ ক্ষমতা বলে।

১০০০ Hz কম্পাঙ্কের একটি শব্দের শ্রাব্যতার নিম্নতম সীমার

- (B)  $10^{-12} \text{ Wm}^{-2}$   
(D)  $10^{-10} \text{ Wm}^{-2}$

৬৯ নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

সর্বোচ্চ যে তীব্রতা লেভেলের শব্দ আমাদের কান সহ্য করতে পারে সেটি হচ্ছে?

- (B) 12 বেল  
(D) 24 বেল

সর্বোচ্চ যে তীব্রতা লেভেলের শব্দ আমাদের কান সহ্য করতে পারে সেটি হচ্ছে 12 বা 120 dB বেল আর সর্বোচ্চ যে তীব্রতা লেভেলের শব্দ মানুষের কানে অনুভূতি সৃষ্টি করতে পারে সেটি হচ্ছে 120 বা 120 dB বেল।

[Ref: ড. শাহজাহান তপন (বর্ণিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ৯.১২; পৃষ্ঠা: ৫০৪]

৬৯ শব্দের তীব্রতা লেভেলের সমীকরণ নিচের কোনটি?

- (A)  $\beta = \log_{10} \frac{I}{I_0} B$   
(B)  $\beta = \log_{10} I B$   
(C)  $\beta = \log_{10} I_0 B$   
(D)  $\beta = I_0 \log I B$

উত্তর: (A)  $\beta = \log_{10} \frac{I}{I_0} B$

ব্যাখ্যা: শব্দের তীব্রতা লেভেলের সমীকরণ: কোনো শব্দের তীব্রতা I এবং প্রমাণ তীব্রতা  $I_0$  হলে শব্দের তীব্রতা লেভেল-

$$\beta = \log_{10} \left( \frac{I}{I_0} \right) B$$

$$\text{বা, } \beta = 10 \log_{10} \left( \frac{I}{I_0} \right) \text{ dB}$$

$$\text{যদি } \beta = 1 \text{ dB হয় তবে } I = 10 \log_{10} \left( \frac{I}{I_0} \right)$$

$$\text{বা, } \log_{10} \left( \frac{I}{I_0} \right) = \frac{1}{10}$$

$$\therefore \frac{I}{I_0} = 1.26$$

এর অর্থ হল শব্দের তীব্রতার ২৬% পরিবর্তনের জন্য তীব্রতার লেভেল 1 dB পরিবর্তিত হয়।

[Ref: ড. আমির হোসেন (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ৯.১২; পৃষ্ঠা: ৬০৯]

৭০ শব্দের তীব্রতার কত পরিবর্তনের জন্য তীব্রতার লেভেল 1 dB পরিবর্তিত হয়?

- (A) 12% (B) 16% (C) 26% (D) 32%

উত্তর: (C) 26%

Note: উপরের ৬৯নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

৭১ নিম্নের কোনটি স্বাভাবিক শ্বাস-প্রশ্বাসের তীব্রতা ( $\text{Wm}^{-2}$ )?

- (A)  $10^{-9}$  (B)  $10^{-10}$  [মে: ড: প: ২০১০-১১]  
(C)  $10^{-11}$  (D)  $10^{-8}$

উত্তর: (C)  $10^{-11}$

ব্যাখ্যা: বিভিন্ন উৎসের তীব্রতা, তীব্রতা লেভেল ও মন্তব্য:

শব্দ উৎস	তীব্রতা $\text{Wm}^{-2}$	তীব্রতা লেভেল $\beta(\text{dB})$	মন্তব্য
শ্রাব্যতার প্রারম্ভিক সীমা	$10^{-12}$	0	শ্রাব্যতার প্রারম্ভিক সীমা
কিঞ্চৎ শ্রাব্য	$10^{-11}$	10	কিঞ্চৎ শ্রাব্য
স্বাভাবিক শ্বাস-প্রশ্বাস	$10^{-10}$	20	
পাতাল মর্মর ধ্বনি	$10^{-9}$	30	
নির্জন রাস্তা/ফিস ফিস কথা	$10^{-8}$	40	খুব শান্ত
লাইব্রেরি	$10^{-7}$	50	শান্ত
প্রোগ্রামিং/শান্ত অফিস	$10^{-6}$	60	
স্বাভাবিক কথোপকথন	$10^{-5}$	70	
বায়ু সড়ক	$10^{-4}$	80	সর্বসামান্য শ্রবণে শ্রাব্যতার মারাত্মক ক্ষতি
সাধারণ কারখানা/কোলাহলপূর্ণ অফিস	$10^{-3}$	90	
মোটর সাইকেল বা ভারী-ট্রাক	$10^{-2}$	100	
পাতাল রেল	$10^{-1}$	110	
ভারী নির্মাণ স্থল	$10^0$	120	শ্রাব্য যন্ত্রনার আরম্ভ
মাইকযোগে ব্যাড সঙ্গীত	$10^1$	130	
মেশিন গান	$10^2$	150	
জেট বিমান	$10^3$	180	
বড় রকেট ইঞ্জিন	$10^4$		

[Ref: ড. শাহজাহান তপন (বর্ণিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ৯.১২ (সারণি-৯.১), পৃষ্ঠা: ৫০৫; অধ্যাপক গোলাম হোসেন (৪র্থ সংস্করণ-২০১৭), অনু: ৯.১১, পৃষ্ঠা: ৪১০]

দৃষ্টি আকর্ষণ: উপরের সারণিটি মনে রাখা কঠিন হলেও এটি ভর্তি পরীক্ষার জন্য খুবই গুরুত্বপূর্ণ।

৭২ শ্রেণিকঙ্কর শব্দের তীব্রতা লেভেল কত? [মে: জ: প: ২০১৭-১৮]

- (A) 70 dB (B) 50 dB  
(C) 10 dB (D) 90 dB

উত্তর: (B) 50 dB

Note: পূর্বের ৭১নং প্রশ্নের ব্যাখ্যার ছকটি দেখুন।

৭৩ মানুষের কান সবচেয়ে মৃদু যে শব্দ স্তনে পায়, তার তীব্রতা কত? [মে: জ: প: ২০১৬-১৭]

- (A)  $10^{-6} \text{ Wm}^{-2}$  (B)  $10^{-12} \text{ Wm}^{-2}$   
(C)  $10^{-8} \text{ Wm}^{-2}$  (D)  $10^{-10} \text{ Wm}^{-2}$

উত্তর: (B)  $10^{-12} \text{ Wm}^{-2}$

Note: পূর্বের ৭১নং প্রশ্নের ব্যাখ্যার ছকটি দেখুন।

৭৪ শ্রাব্যতার প্রারম্ভ সীমা কত dB?

- (A) 0 dB (B) 1 dB  
(C) 10 dB (D) 120 dB

উত্তর: (A) 0 dB

Note: পূর্বের ৭১নং প্রশ্নের ব্যাখ্যার ছকটি দেখুন।

৭৫ স্বাভাবিক কথপোকথনে শব্দের তীব্রতা লেভেল  $\beta$  (dB) নিম্নের কোনটি? [ডে: জ: প: ১০-১১]

- (A) 70 (B) 40  
(C) 60 (D) 50

উত্তর: (C) 60

Note: পূর্বের ৭১নং প্রশ্নের ব্যাখ্যার ছকটি দেখুন।

৭৬ শক্তি যন্ত্রণার আরম্ভ কোন তীব্রতা লেভেল থেকে? \*

- (A) 60 dB (B) 120 dB  
(C) 240 dB (D) 360 dB

উত্তর: (B) 120 dB

Note: পূর্বের ৭১নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

৭৭ দুইটি শব্দ উৎসের ক্রিয়ার প্রতি সেকেন্ডে 5টি বীট উৎপন্ন হয়- এটি ধারা নিচের কোনটি বুঝায় না?

(A) উৎসদ্বয়ের ক্রিয়ার শব্দের তীব্রতা প্রতি সেকেন্ডে 5 বার হ্রাস হয়।

(B) উৎসদ্বয়ের কম্পাঙ্কের পার্থক্য  $N = 5 \text{ Hz}$

(C) উৎসদ্বয় হতে আগত শব্দ কোন বিন্দুতে বা কানে প্রতি সেকেন্ডে 5 বার সমদশায় ও 5 বার বিপরীত দশায় মিলিত হয়।

(D) পরপর একটি সর্বোচ্চ ও সর্বনিম্ন তীব্রতার মধ্যে সময়ের ব্যবধান 5 সেকেন্ড।

উত্তর: (D) পরপর একটি সর্বোচ্চ ও সর্বনিম্ন তীব্রতার মধ্যে সময়ের ব্যবধান 5 সেকেন্ড।

ব্যাখ্যা:

বীট: সমান বা প্রায় সমান তীব্রতা এবং প্রায় সমান কম্পাঙ্কবিশিষ্ট একই দিকে অগ্রগামী দুটি শব্দ তরঙ্গের উপরিপাতনের ফলে শব্দের প্রাবল্যের হ্রাস-বৃদ্ধির ঘটনাকে বীট বা স্বরকম্প বলে।

দুইটি শব্দ উৎসের ক্রিয়ার প্রতি সেকেন্ডে 5টি বীট উৎপন্ন হয়।

এটি বলতে নিম্নলিখিত বিষয়গুলো বুঝায়:

১। উৎসদ্বয়ের ক্রিয়ার শব্দের তীব্রতা প্রতি সেকেন্ডে 5 বার হ্রাস-বৃদ্ধি হয়।

২। উৎসদ্বয়ের কম্পাঙ্কের পার্থক্য  $N = 5 \text{ Hz}$

৩। উৎসদ্বয় হতে আগত শব্দ কোনো বিন্দুতে বা কানে প্রতি সেকেন্ডে 5 বার সমদশায় ও 5 বার বিপরীত দশায় মিলিত হয়।

৪। পর পর একটি সর্বোচ্চ ও সর্বনিম্ন তীব্রতার মধ্যে সময়ের ব্যবধান

$$\frac{1}{2N} = \frac{1}{2 \times 5} = 0.1 \text{ সেকেন্ড।}$$

[Ref: ড. আমির হোসেন (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ৯.১৩, পৃষ্ঠা: ৬১১]

৭৮ শব্দের উপরিপাতন নীতির উপর ভিত্তি করে নিচের কোনটি ব্যাখ্যা করা যায়? [মে: জ: প: ২০১৮-১৯]

- (A) মুক্তকম্পন (B) পরবশকম্পন  
(C) অনুনাদ (D) স্বরকম্প

উত্তর: (D) স্বরকম্প

Note: পূর্বের ৭৭নং প্রশ্নের ব্যাখ্যার ছকটি দেখুন।

৭৯ বীট উৎপত্তির শর্ত নয় কোনটি?

(A) বীট সৃষ্টিকারী শব্দ তরঙ্গ দুটি একই সময়ে উৎপন্ন হতে হবে।

(B) তরঙ্গ দুটির কম্পাঙ্ক ও তীব্রতা প্রায় সমান হতে হবে।

(C) তরঙ্গ দুটির মিলিত ক্রিয়ার বিস্তার সময়ের সাথে পরিবর্তিত হবে।

(D) মাধ্যমের কোন কণার উপর তরঙ্গ দুটি মিলিত হওয়ার পর তাদের দশা বৈষম্য অপরিবর্তিত থাকবে।

উত্তর: (D) মাধ্যমের কোন কণার উপর তরঙ্গ দুটি মিলিত হওয়ার পর তাদের দশা বৈষম্য অপরিবর্তিত থাকবে।

ব্যাখ্যা:

বীট উৎপত্তির শর্ত:

(১) বীট সৃষ্টিকারী শব্দ তরঙ্গ দুটি একই সময়ে উৎপন্ন হতে হবে।

(২) তরঙ্গ দুটির কম্পাঙ্ক ও তীব্রতা প্রায় সমান হতে হবে।

(৩) তরঙ্গ দুটির দরুন মাধ্যমের কোনো একটি কণার সরণ একই দশায় হতে হবে।

(৪) মাধ্যমের কোনো একটি কণার উপর তরঙ্গ দুটি মিলিত হবার পর তাদের মধ্যে দশা বৈষম্য সময়ের সাথে পরিবর্তিত হবে।

(৫) তরঙ্গ দুটির মিলিত ক্রিয়ার বিস্তার সময়ের সাথে পরিবর্তিত হবে।

[Ref: ড. আমির হোসেন (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ৯.১৩, পৃষ্ঠা: ৬১১]

৮০ প্রতি সেকেন্ডে স্বরকম্পের সংখ্যা কত এর বেশি হলে, কানে এসব স্বরকম্প উপলব্ধি করা যায় না?

- (A) 10 (B) 17  
(C) 9 (D) 19

উত্তর: (A) 10

ব্যাখ্যা:

স্বরকম্প: স্বরকম্প প্রতি সেকেন্ডে সৃষ্ট বীট সংখ্যা উৎসদ্বয়ের কম্পাঙ্কের পার্থক্যের সমান। প্রতি সেকেন্ডে স্বরকম্পের সংখ্যা 10 এর বেশি হলে কানে তা উপলব্ধি করা সম্ভব নয়।

[Ref: ড. আমির হোসেন (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ৯.১৩, পৃষ্ঠা: ৬১১]

৮১ জেনে রাখা ভালো: ড. তফাজ্জল হোসেন-এর বই অনুগায়ের প্রতি সেকেন্ডে স্বরকম্পের সংখ্যা 7 এর বেশি হলে এসব স্বরকম্প উপলব্ধি করা যায় না। [Ref: ড. তফাজ্জল হোসেন (সংস্করণ-২০১৮), অনু: ৯.১৯, পৃষ্ঠা: ৫৫৬]

১১) বীটের ক্ষেত্রে লক্কি তরঙ্গের কম্পাঙ্ক কত? **X**

১২) উৎপন্নকারী যেকোন একটি তরঙ্গের কম্পাঙ্কের সমান।

১৩) তরঙ্গদ্বয়ের কম্পাঙ্কের পার্থক্যের সমান।

১৪) তরঙ্গদ্বয়ের গড় কম্পাঙ্কের সমান।

১৫) তরঙ্গদ্বয়ের যোগফলের সমান।

১৬) তরঙ্গদ্বয়ের গড় কম্পাঙ্কের সমান।

১৭) বীটের ক্ষেত্রে কোনো বিন্দুতে তরঙ্গ দুটির মধ্যে দশা পার্থক্য সময়ের সাথে পরিবর্তিত হয়।

১৮) বীটের ক্ষেত্রে কোনো বিন্দুতে তরঙ্গ দুটির মধ্যে দশা পার্থক্য সময়ের সাথে পরিবর্তিত হয়।

১৯) বীটের ক্ষেত্রে কোনো বিন্দুতে তরঙ্গ দুটির মধ্যে দশা পার্থক্য সময়ের সাথে পরিবর্তিত হয়।

২০) বীটের ক্ষেত্রে কোনো বিন্দুতে তরঙ্গ দুটির মধ্যে দশা পার্থক্য সময়ের সাথে পরিবর্তিত হয়।

২১) বীটের ক্ষেত্রে কোনো বিন্দুতে তরঙ্গ দুটির মধ্যে দশা পার্থক্য সময়ের সাথে পরিবর্তিত হয়।

২২) বীটের ক্ষেত্রে কোনো বিন্দুতে তরঙ্গ দুটির মধ্যে দশা পার্থক্য সময়ের সাথে পরিবর্তিত হয়।

২৩) বীটের ক্ষেত্রে কোনো বিন্দুতে তরঙ্গ দুটির মধ্যে দশা পার্থক্য সময়ের সাথে পরিবর্তিত হয়।

২৪) বীটের ক্ষেত্রে কোনো বিন্দুতে তরঙ্গ দুটির মধ্যে দশা পার্থক্য সময়ের সাথে পরিবর্তিত হয়।

২৫) বীটের ক্ষেত্রে কোনো বিন্দুতে তরঙ্গ দুটির মধ্যে দশা পার্থক্য সময়ের সাথে পরিবর্তিত হয়।

২৬) বীটের ক্ষেত্রে কোনো বিন্দুতে তরঙ্গ দুটির মধ্যে দশা পার্থক্য সময়ের সাথে পরিবর্তিত হয়।

২৭) বীটের ক্ষেত্রে কোনো বিন্দুতে তরঙ্গ দুটির মধ্যে দশা পার্থক্য সময়ের সাথে পরিবর্তিত হয়।

২৮) বীটের ক্ষেত্রে কোনো বিন্দুতে তরঙ্গ দুটির মধ্যে দশা পার্থক্য সময়ের সাথে পরিবর্তিত হয়।

২৯) বীটের ক্ষেত্রে কোনো বিন্দুতে তরঙ্গ দুটির মধ্যে দশা পার্থক্য সময়ের সাথে পরিবর্তিত হয়।

৩০) বীটের ক্ষেত্রে কোনো বিন্দুতে তরঙ্গ দুটির মধ্যে দশা পার্থক্য সময়ের সাথে পরিবর্তিত হয়।

২৩) অজানা কম্পাঙ্কের বাহুতে মোম লাগালে যদি বিট সংখ্যা কমে

২৪) অজানা কম্পাঙ্ক কী রূপ হবে?

(A) ছোট হবে (B) বড় হবে

(C) সমান হবে (D) অর্ধেক হবে

২৫) বীটের পরিবর্তন:  $f_1$  অজানা কম্পাঙ্কের সুরশলাকাকে  $f_2$  জানা কম্পাঙ্কের সুরশলাকা সাথে একসাথে কাঁপিয়ে বীট সৃষ্টি করা হলো। ধরা যাক, প্রতি সেকেন্ডে বীট সংখ্যা =  $N$

$N = f_1 - f_2$

২৬) অজানা কম্পাঙ্ক  $f_1$  এর মান  $f_2 + N$  বা  $f_2 - N$  কোনটি হবে তা নির্ণয় করা আমরা অজানা কম্পাঙ্কের সুরশলাকার বাহুতে কিছু মোম লাগিয়ে দেই, ফলে এটি ভারী হয় এবং এর কম্পাঙ্ক কমে যায়।

২৭) বীট সৃষ্টি করলে বীট সংখ্যা  $N$  এর চেয়ে বাড়তেও পারে বা কমেও পারে। যদি বীট সংখ্যা বাড়ে তাহলে অজানা কম্পাঙ্ক  $f_1$  এর কম্পাঙ্ক  $f_2$  এর চেয়ে ছোট হবে, অর্থাৎ  $f_1 = f_2 - N$  হবে। আর বীট সংখ্যা কমে যায় তাহলে অজানা কম্পাঙ্ক  $f_1$  এর চেয়ে বড় হবে, অর্থাৎ  $f_1 = f_2 + N$ ।

২৮) উদাহরণ:  $f_1 = f_2 + N$  বা  $f_1 = f_2 - N$

অজানা সুরশলাকার উন্নতি	বীট সংখ্যা	সুরশলাকার পরিবর্তন
বৃদ্ধি (↑)	বৃদ্ধি (↑)	বিয়োগ ( $f_1 = f_2 - N$ )
হ্রাস (↓)	বৃদ্ধি (↑)	যোগ ( $f_1 = f_2 + N$ )
বৃদ্ধি (↑)	হ্রাস (↓)	যোগ ( $f_1 = f_2 + N$ )
হ্রাস (↓)	হ্রাস (↓)	বিয়োগ ( $f_1 = f_2 - N$ )

২৯) অজানা কম্পাঙ্কের বাহুতে মোম লাগালে যদি বীট সংখ্যা বাড়ে

৩০) অজানা কম্পাঙ্ক কী রূপ হবে?

(A) ছোট হবে (B) বড় হবে

(C) সমান হবে (D) দ্বিগুণ হবে

৩১) উত্তর: (A) ছোট হবে

Note: উপরের চহনং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

৮৪) স্বরধামের সর্বাপেক্ষা কম কম্পাঙ্কের সূচনা সুরকে কী বলে?

(A) কড়ি (B) কোমল

(C) টনিক (D) উপসুর

উত্তর: (C) টনিক

৮৫) ব্যাখ্যা: স্বরধাম: স্বরধাম বলতে নির্দিষ্ট কম্পাঙ্কের কতকগুলো সুরকে বোঝায়। স্বরধামের সর্বাপেক্ষা কম কম্পাঙ্কের সূচনা সুরকে টোনিক (tonic or key tone) বলে। গান গাওয়ার সময় গলার স্বরের সাথে মিলিয়ে স্বরধামের যে কোন প্রধান স্বরকে (Key tone) পছন্দ করে নেয়া হয়। এজন্য ডায়োটোনিক স্বরধামের ৭টি স্বর দিয়ে সব সময় সুরের মাদুর্য রক্ষা করা যায় না। তাই আর পাঁচটি বিকৃত স্বরকে ডায়োটোনিক স্বরধামের অন্তর্ভুক্ত করা হয়। এদেরকে কড়ি ও কোমল বলা হয়। কম্পাঙ্কের এ সামান্য পরিবর্তনকে সুর পরিমিত (Musical Temperament) বলে। সা ও পা এর কোন বিকৃত স্বর নেই। 'মা' এর বিকৃত স্বরকে কড়ি এবং অন্যান্য বিকৃত স্বরগুলোকে কোমল বলে। সুরকে বেশি শ্রুতিমধুর করার জন্য আরো সূক্ষ্মাতিসূক্ষ্ম স্বর সৃষ্টি করা হয়। এটি অবশ্য তারের যন্ত্রেই সম্ভব। এদেরকে সঙ্গীতের ভাষায় শ্রুতি বা নোট বলে। এ সব শ্রুতি দিয়ে সঙ্গীতের মোট ২২টি স্বর বিবেচনা করা হয়।

[Ref: ড. আমির হোসেন (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ৯.১৩, পৃষ্ঠা: ৬১২]

[Ref: অধ্যাপক আবদুল গনি (সংস্করণ-২০১৭), অনু: ৯.১২ পৃষ্ঠা: ৩৭৬]

৮৬) সুর হচ্ছে কোনো উৎস থেকে নিঃসৃত শব্দে যদি কম্পাঙ্কের সংখ্যা—

(A) একটি হয় (B) দুটি হয়

(C) তিনটি হয় (D) অসংখ্য

উত্তর: (A) একটি হয়

৮৭) ব্যাখ্যা: সুর: যদি কোনো শব্দের একটি মাত্র কম্পাঙ্ক থাকে, তবে তাকে সুর বলে। যেমন একটি সুরশলাকা হতে (256 Hz বা 480 Hz) যে শব্দ নিঃসৃত হয় তাকে সুর বলা হয়।

৮৮) স্বর: যদি কোনো শব্দের মধ্যে একাধিক কম্পাঙ্ক থাকে তবে তাকে স্বর বলে। সুতরাং স্বর হচ্ছে একাধিক সুরের সমষ্টি। আমরা যখন কথা বলি, সেটা স্বর। উৎসের সরল হৃদিত স্পন্দনের জন্য সুর এবং পর্যাবৃত্তিক গতির জন্য স্বর উৎপন্ন হয়।

[Ref: অধ্যাপক শামসুর রহমান সেনু (বর্ধিত সংস্করণ-২০১৭), অনু: ৯.১২ পৃষ্ঠা: ৪৮৩]

৮৯) স্বর হচ্ছে কোনো উৎস থেকে নিঃসৃত শব্দে যদি কম্পাঙ্কের সংখ্যা—

(A) একটি হয় (B) একের অধিক হয়

(C) কোনো কম্পাঙ্ক থাকে না (D) কোনটিই নয়

উত্তর: (B) একের অধিক হয়

Note: উপরের চহনং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

৯০) মূল সুর বা মৌলিক সুর হচ্ছে কোনো স্বরের মধ্যে বিদ্যমান সুরগুলোর মধ্যে যার কম্পাঙ্ক —

(A) সবচেয়ে বেশি (B) সবচেয়ে কম

(C) সবচেয়ে কম কম্পাঙ্কের দ্বিগুণ

(D) সবচেয়ে বেশি কম্পাঙ্কের অর্ধেক

উত্তর: (B) সবচেয়ে কম

৯১) ব্যাখ্যা: মূল সুর: কোনো স্বরে যেসব বিভিন্ন সুর থাকে, তাদের মধ্যে যে সুরের কম্পাঙ্ক সবচেয়ে কম, তাকে মূল সুর (Fundamental tone) বলে। অন্যান্য সুর যাদের কম্পাঙ্ক মূলসুরের কম্পাঙ্কের চেয়ে বেশি তাদেরকে উপসুর (Overtones) বলে। মূলসুরকে প্রথম সমমেলও (First harmonic) বলা হয়। যেমন, কোনো অর্গান থেকে নিঃসৃত সুরের কম্পাঙ্কগুলো হলো: 256, 268, 502, 620, 768, 1020, 1280 Hz. এখানে 256 Hz হলো মূলসুর।

[Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ৯.১৪, পৃষ্ঠা: ৬১৭]

৮৭ হারমোনিক বা সমমেল হচ্ছে যে উপসুরের কম্পাঙ্ক মৌলিক বা মূল সুরের কম্পাঙ্কের—

- (A) সরল গুণিতক (B) 1.5 গুণ  
(C)  $\frac{1}{5}$  গুণ (D) অর্ধেক

উত্তর: (A) সরল গুণিতক  
ব্যাখ্যা:

হারমোনিক: উপসুরগুলোর কম্পাঙ্ক যদি মূল সুরের কম্পাঙ্কের সরল গুণিতক হয় তাহলে সে সকল উপসুরকে সমমেল বা হারমোনিক বলে। উপসুরের কম্পাঙ্ক মূল সুরের কম্পাঙ্কের দ্বিগুণ হলে তাকে দ্বিতীয় সমমেল বা অষ্টক বলে, তিনগুণ হলে তৃতীয় সমমেল বলে। সুতরাং সুরশলাকার সুর 256 Hz হলে এর অষ্টক বা দ্বিতীয় হারমোনিক হবে  $256 \times 2 = 512$  Hz। আবার, তৃতীয় হারমোনিক হবে  $256 \times 3 = 768$  Hz।

[Ref: ড. আমির হোসেন (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ৯.১৪.২, পৃষ্ঠা: ৬১৭]

Note: সকল সমমেল উপসুর কিন্তু সকল উপসুর সমমেল নয়।

৮৮ একটি সুরশলাকার কম্পাঙ্ক 256 Hz হলে এ সুরের ২য় হারমোনিক কত?

- (A) 512 Hz (B) 768 Hz  
(C) 1880 Hz (D) 1024 Hz

উত্তর: (A) 512 Hz

Note: উপরের ৮৭নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

৮৯ অষ্টক হচ্ছে সেই উপসুর যার কম্পাঙ্ক অন্য একটি সুরের কম্পাঙ্কের—

- (A) সমান (B) দ্বিগুণ  
(C) তিনগুণ (D) চারগুণ

উত্তর: (B) দ্বিগুণ

Note: উপরের ৮৭নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

৯০ যদি কয়েকটি শব্দ একের পর এক উচ্চারিত হয়ে একটি সুরযুক্ত শব্দের সৃষ্টি করে, তবে তাকে বলে— [মে: ড: প: ০৬-০৭]

- (A) অর্কেস্ট্রা (B) স্বরমাধুর্য  
(C) স্বরসংগতি (D) সমতান

উত্তর: (B) স্বরমাধুর্য

ব্যাখ্যা:

সংগীতের কয়েকটি ব্যবহারিক শব্দ: নিচের শব্দগুলো প্রায়ই সংগীতের ক্ষেত্রে ব্যবহৃত হয়ে থাকে:

- (১) ত্রয়ী (Triad): যখন তিনটি শব্দের কম্পাঙ্কের অনুপাত 4 : 5 : 6 হয় তখন তারা মিলে সুমধুর সুর উৎপাদন করে। শব্দের একরূপ সমন্বয়ে সঙ্গীতে ত্রয়ী বলে।
- (২) স্বরসংগতি (Chord): যখন ত্রয়ীর সাথে অতিরিক্ত একটি শব্দ এমনভাবে মিলিত হয় যাতে অতিরিক্ত শব্দ ত্রয়ীর নিম্নতম শব্দের অষ্টক হয় অর্থাৎ এদের কম্পাঙ্কের অনুপাত যদি 4 : 5 : 6 : 8 হয় তাহলে এদের সমন্বয়ে শ্রুতিমধুর সুর উৎপাদন হয়। এই সমন্বয়কে স্বরসংগতি বলে।
- (৩) সমতান (Harmony): কতগুলো শব্দ যদি এক সঙ্গে উৎপাদন হয়ে একাতানের সৃষ্টি করে, তবে তাকে সমতান বলে।
- (৪) স্বরমাধুর্য বা মেলডি (Melody): যদি কয়েকটি শব্দ একের পর এক উচ্চারিত হয়ে একটি সুরযুক্ত শব্দের সৃষ্টি করে তবে তাকে স্বরমাধুর্য বলে।
- (৫) সলো (Solo): একটি মাত্র বাদ্যযন্ত্র বাজালে যে সুরের সৃষ্টি হয় তাকে সলো বা একক সঙ্গীত বলে।
এক বায়ুমণ্ডলীয় চাপ (One atmospheric pressure)	$0^\circ\text{C}$ তাপমাত্রায় $45^\circ$ অক্ষাংশে সমুদ্র সমতলে যে পরিমাণ বায়ুচাপ 760 mm পারদস্তম্ভের চাপের সমান হয়, তাকে এক বায়ুমণ্ডলীয় চাপ বা এক বায়ুচাপ (1 atm) বলে।	ড. আমীর, পৃষ্ঠা: ৩৮ (সংস্করণ-২০১৮)
গড় বেগ (Mean velocity)	কোনো একটি বস্তু অসম বেগে গমন করলে মোট অতিক্রান্ত দূরত্ব এবং মোট সময়ের ভাগফলকে গড় বেগ বলে। আবার, দুই বা ততোধিক বেগের গড় মানকে গড় বেগ বলে।	ড. আমীর, পৃষ্ঠা: ৩৮ (সংস্করণ-২০১৮)
গড় বর্গ বেগ (Mean square velocity)	দুই বা ততোধিক বেগের বর্গের গড় মানকে গড় বর্গ বেগ বলে।	ড. আমীর, পৃষ্ঠা: ৩৮ (সংস্করণ-২০১৮)
গড় বর্গ বেগের বর্গমূল বা মূল গড় বর্গবেগ (Root mean square velocity)	দুই বা ততোধিক বেগের বর্গের গড় মানের বর্গমূলকে গড় বর্গবেগের বর্গমূল বা মূল গড় বর্গবেগ বলে।	ড. আমীর, পৃষ্ঠা: ৩৮ (সংস্করণ-২০১৮)
গড় মুক্ত পথ (Mean free path)	পরস্পর ধাক্কাগুলোর ভিতর একটি গণু যে গড় দূরত্ব অতিক্রম করে তাকে গড় মুক্ত পথ বলে।	ড. আমীর, পৃষ্ঠা: ৩৮ (সংস্করণ-২০১৮)
চাপীয় সূত্র (Law of pressure)	স্থির আয়তনে কোনো নির্দিষ্ট ভরের গ্যাসের চাপ $0^\circ\text{C}$ থেকে প্রতি ডিগ্রী সেলসিয়াস তাপমাত্রা পরিবর্তনের জন্য এর $0^\circ\text{C}$ তাপমাত্রার চাপের নির্দিষ্ট ভগ্নাংশ $\frac{1}{273}$ অংশ পরিবর্তিত হয়।	ড. আমীর, পৃষ্ঠা: ৩৮ (সংস্করণ-২০১৮)
চল রাশি (Variable)	গ্যাসের আয়তন, তাপমাত্রা এবং চাপ এই তিনটিকে গ্যাসের চল রাশি বলে।	ড. আমীর, পৃষ্ঠা: ৩৮ (সংস্করণ-২০১৮)
চার্লস-এর সূত্র (Charle's law)	স্থির চাপে কোনো নির্দিষ্ট ভরের গ্যাসের আয়তন $0^\circ\text{C}$ থেকে প্রতি ডিগ্রী সেলসিয়াস তাপমাত্রা পরিবর্তনের জন্য এর $0^\circ\text{C}$ তাপমাত্রার আয়তনের নির্দিষ্ট ভগ্নাংশ $\frac{1}{273}$ অংশ পরিবর্তিত হয়।	ড. আমীর, পৃষ্ঠা: ৩৮ (সংস্করণ-২০১৮)
তাপ (Heat)	তাপ এক প্রকার শক্তি যা গরম বা উচ্চ তাপমাত্রার বস্তু হতে নিম্ন তাপমাত্রার বস্তুতে তাপমাত্রার পার্থক্যের কারণে সঞ্চালিত হয়।	ড. আমীর, পৃষ্ঠা: ৩৮ (সংস্করণ-২০১৮)
প্রমাণ তাপমাত্রা (Standard temporary)	যে তাপমাত্রায় প্রমাণ চাপে অর্থাৎ 760 mm পারদ চাপে বরফ গলে পানিতে পরিণত হয় বা পানি জমে বরফে পরিণত হয় সেই তাপমাত্রাকে প্রমাণ তাপমাত্রা বলে।	ড. আমীর, পৃষ্ঠা: ৩৮ (সংস্করণ-২০১৮)
প্রমাণ চাপ (Standard pressure)	সমুদ্র পৃষ্ঠে $45^\circ$ অক্ষাংশে 273.15 K তাপমাত্রায় উল্লম্বভাবে অবস্থিত 760 mm উচ্চতা বিশিষ্ট ওদিক থেকে পানির স্তম্ভ যে চাপ দেয় তাকে প্রমাণ চাপ বলে।	ড. তপন, পৃষ্ঠা: ৩৮ (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮)
পরম আর্দ্রতা (Absolute humidity)	কোন সময় কোন স্থানের একক আয়তনের বায়ুতে যে পরিমাণ জলীয় বাষ্প থাকে তাকে ঐ বায়ুর পরম আর্দ্রতা বলা হয়।	ড. আমীর, পৃষ্ঠা: ৩৮ (সংস্করণ-২০১৮)
পরম শূন্য তাপমাত্রা (Absolute zero temperature)	যে তাপমাত্রায় স্থির চাপে কোনো নির্দিষ্ট ভরের কোনো গ্যাসের আয়তন শূন্য হয় ও গতিশক্তি লোপ পায় তাকে পরম শূন্য তাপমাত্রা বলে।	ড. আমীর, পৃষ্ঠা: ৩৮ (সংস্করণ-২০১৮)
সর্বজনীন গ্যাস ধ্রুবক, R (Universal gas constant)	এক মোল আদর্শ গ্যাসের তাপমাত্রা এক ডিগ্রী বাড়ালে তা যে পরিমাণ কাজ সম্পন্ন করে তাকে সর্বজনীন গ্যাস ধ্রুবক বলে।	ড. আমীর, পৃষ্ঠা: ৩৮ (সংস্করণ-২০১৮)
বয়েলের সূত্র (Boyle's law)	তাপমাত্রা স্থির থাকলে কোনো নির্দিষ্ট ভরের গ্যাসের আয়তন তার চাপের ব্যস্তানুপাতিক।	ড. আমীর, পৃষ্ঠা: ৩৮ (সংস্করণ-২০১৮)
বায়ুচাপ (Atmospheric pressure)	বায়ুতে অণুসমূহ অবিরত ইতস্তত ছুটছুটি করার ফলে পাত্রের একক ক্ষেত্রফলের উপর যে বল প্রয়োগ করে তাকে বায়ুচাপ বলে।	ড. আমীর, পৃষ্ঠা: ৩৮ (সংস্করণ-২০১৮)
বাষ্পচাপ (Vapour pressure)	তরল থেকে নির্গত বাষ্প আধারের গায়ে যে চাপ প্রয়োগ করে তাকে বাষ্পচাপ বলে।	ড. আমীর, পৃষ্ঠা: ৩৮ (সংস্করণ-২০১৮)

সংজ্ঞা / পরিচয়	Reference
ড্যানডারওয়ালস গ্যাস অণুগুলোর সীমিত আকার এবং তাদের মধ্যকার আন্তঃআণবিক বল বিবেচনা করে আদর্শ গ্যাস নিম্নরূপে সংশোধন করেন- $\left(P + \frac{a}{V^2}\right)(V-b) = RT.$	ড. আমীর, পৃষ্ঠা: ৬৭৮ (সংস্করণ-২০১৮)
কোনো গভীর সংস্থার মোট শক্তি জাগীয় সাম্যাবস্থায় প্রতিটি স্বাধীনতার মাত্রার মধ্যে সমভাবে বণ্টিত হয় এবং প্রতিটি স্বাধীনতার মাত্রার শক্তির পরিমাণ $= \frac{1}{2} KT$ ।	ড. আমীর, পৃষ্ঠা: ৭০৮ (সংস্করণ-২০১৮)
যে তাপমাত্রায় একটি নির্দিষ্ট আয়তনের বায়ু তার ভিতরের জলীয় বাষ্প দ্বারা সম্পৃক্ত হয় তাকে ঐ বায়ুর শিশিরাঙ্ক বলা হয়।	ড. আমীর, পৃষ্ঠা: ৭০৮ (সংস্করণ-২০১৮)
কোন নির্দিষ্ট তাপমাত্রায় কোন আবদ্ধ স্থানের বাষ্প যে সর্বাধিক চাপ প্রয়োগ করে তাকে সম্পৃক্ত বাষ্পচাপ বলা হয়।	ড. আমীর, পৃষ্ঠা: ৭০৮ (সংস্করণ-২০১৮)
একটি বস্তুর গতিশীল অবস্থা বা অবস্থান সম্পূর্ণরূপে প্রকাশ করার জন্য যত সংখ্যক স্বাধীন চল রাশির প্রয়োজন হয় তাকে স্বাধীনতার মাত্রা বলে।	ড. আমীর, পৃষ্ঠা: ৭০৮ (সংস্করণ-২০১৮)
বায়ুর আপেক্ষিক আর্দ্রতা নির্ণয়ের জন্য যে যন্ত্র ব্যবহৃত হয় তাকে আর্দ্রতামাপক যন্ত্র বা হাইগ্রোমিটার বলা হয়।	ড. আমীর, পৃষ্ঠা: ৬৯৫ (সংস্করণ-২০১৮)

**এক নজরে -**  
**বিগত মেডিকেল ভর্তি পরীক্ষার MCQ সমূহ:**

১. কক্ষ কালে কোন সময়ে শিশির পড়ে? [ডে: জ: প: ২০১৮-১৯]  
 (A) অক্টোবর রাতে (B) মেঘমুক্ত রাতে  
 (C) ফেব্রুয়ারি রাতে (D) পূর্ণিমার রাতে
২. কোন তাপমাত্রায় গ্যাসের গতিশক্তি শূন্য হবে? [মে: জ: প: ২০১৭-১৮]  
 (A) ৩০৩°C (B) ২৭৩°C  
 (C) -২৭৩°C (D) ০°C
৩. স্থির তাপমাত্রায় নির্দিষ্ট ভরের গ্যাসের আয়তন ও চাপ v-p লেখ চিত্র কোন ধরনের? [মে: জ: প: ২০১৬-১৭]  
 (A) সমপরাবৃত্ত (Rectangular Hyperbola)  
 (B) সরল রেখিক (Straight line)  
 (C) বৃত্তাকার (Circular)  
 (D) অর্ধবৃত্ত (Parabola)
৪. নির্দিষ্ট গুণনের একটি আদর্শ গ্যাসের ক্ষমতা নির্ভর করে তার বৈশিষ্ট্যের উপর? [মে: জ: প: ১৪-১৫]  
 (A) আয়তন (B) তাপমাত্রা  
 (C) চাপ (D) চাপ
৫. স্থির কোণটি গ্যাসের গতিতত্ত্বের জন্য সঠিক? [মে: জ: প: ২০১১-১২; ২০১০-১১]  
 (A) নিউটনের গতিসূত্র মেনে চলে না  
 (B) অণুগুলো অক্রম গতিতে গতিশীল  
 (C) সকল গ্যাসের অণু সদৃশ  
 (D) অণুগুলো নিজের মধ্যে আকর্ষিত হয়
৬. স্থির কোণটি অসম্পৃক্ত বাষ্পের বৈশিষ্ট্য? [ডে: জ: প: ১০-১১]  
 (A) তাপমাত্রা বৃদ্ধি করে একটি নির্দিষ্ট পরিমাণ অসম্পৃক্ত বাষ্পকে সম্পৃক্ত করা হয়।  
 (B) যে স্থানে অসম্পৃক্ত বাষ্প থাকে ঐ স্থানে নির্দিষ্ট তাপমাত্রায় আরো বাষ্প সংগ্রহ করতে পারে।  
 (C) প্যাসলের সূত্র মেনে চলে না।  
 (D) চার্লসের সূত্র মেনে চলে না।
৭. যে স্থানে অসম্পৃক্ত বাষ্প থাকে ঐ স্থানে নির্দিষ্ট তাপমাত্রায়.....

- ৭। নিম্নের কোণটি 10°C তাপমাত্রার শুষ্ক বলকের গ্যাসিয়ারের উৎপাদক (G)? [ডে: জ: প: ১০-১১]  
 (A) 2.06 (B) 7.82  
 (C) 4.04 (D) 1.99  
 উত্তর: (A) 2.06
- ৮। স্থির তাপমাত্রায় কোন গ্যাসের চাপ এবং আয়তনের পরিবর্তন নিম্নের কোণটি? [ডে: জ: প: ০৯-১০]  
 (A) আইসোথারমাল (B) আইসোব্যারিক  
 (C) আইসোক্রনিক (D) অ্যাডায়াবেটিক  
 উত্তর: (A) আইসোথারমাল
- ৯। নিম্নের কোণটি সঠিক নয়? [ডে: জ: প: ০৫-০৬]  
 (A) চার ধরনের আর্দ্রতা মাপক যন্ত্র আছে।  
 (B) ১৮৪৯ সালে, ফিজো সর্বপ্রথম আলোর বেগ নির্ণয় করেন।  
 (C) গ্যাসের চাপ, আয়তন ও তাপমাত্রার মধ্যে সম্পর্ক সূত্র তিনটি সূত্র আছে।  
 (D) 1 আলোক বর্ষ =  $9.04 \times 10^{12}$  km  
 উত্তর: (D) 1 আলোক বর্ষ =  $9.04 \times 10^{12}$  km
- ১০। যেটি সম্পৃক্ত বাষ্পের ধর্ম নয়- [মে: জ: প: ০১-০২]  
 (A) সম্পৃক্ত বাষ্প চার্লস ও বয়েল-এর সূত্র মেনে চলে না।  
 (B) তাপমাত্রা বৃদ্ধি করলে নির্দিষ্ট পরিমাণ সম্পৃক্ত বাষ্প অসম্পৃক্ত বাষ্পে পরিণত হয়।  
 (C) সম্পৃক্ত বাষ্প স্থায়ী ভরনের সাথে সাম্যাবস্থায় অবস্থান করে।  
 (D) সম্পৃক্ত বাষ্প খোলা ও আবদ্ধ উভয় স্থানেই তৈরী করা যায়।  
 উত্তর: (D) সম্পৃক্ত বাষ্প খোলা ও আবদ্ধ উভয় স্থানেই তৈরী করা যায়
- ১১। কোণ উক্তিটি সঠিক নয়? [মে: জ: প: ০১-০২]  
 (A) রাসায়নের তাপমাত্রা 30°C হতে কমে 20°C হলে আপেক্ষিক আর্দ্রতা বেড়ে যাবে।  
 (B) ঘরের তাপমাত্রা বৃদ্ধি করলে ঘরের আপেক্ষিক আর্দ্রতা হ্রাস পাবে।  
 (C) আবহাওয়ার পূর্বাভাসের বেলায় আপেক্ষিক আর্দ্রতা অধিক গুরুত্বপূর্ণ।  
 (D) শিশিরাঙ্ক 0°C এর নিচে নামতে পারে।  
 উত্তর: (D) শিশিরাঙ্ক 0°C এর নিচে নামতে পারে।
- ১২। নিম্নের কোণ উক্তিটি সত্য নয়? [মে: জ: প: ০০-০১]  
 (A) বায়ুচাপ 1cm পারদস্তম্ভ চাপের কম বা বেশি হলে পানির ফুটনাঙ্ক 1°C কম বা বেশী হয়।  
 (B) বরফ গলে পানি হতে তাপমাত্রার কোন পরিবর্তন হয় না।  
 (C) প্রমাণ চাপে বরফের গলনাঙ্ক 492 R।  
 (D) 1 বায়ুমণ্ডলীয় চাপ বাড়ার ফলে বরফের গলনাঙ্ক 0.007°C  
 উত্তর: (A) বায়ুচাপ 1cm পারদস্তম্ভ চাপের কম বা বেশী হলে পানির.....

১৩। গ্যাসের গতিতত্ত্ব অনুযায়ী অন্যতম স্বীকার্য হলো অণুগুলির মধ্যে সংঘর্ষগুলি- [মে: ভ: প: ০০-০১]

- (A) আংশিক স্থিতিস্থাপক।  
 (B) গ্যাসের গতিতত্ত্ব হতে চার্লসের সূত্রে পাওয়া যায় না।  
 (C) সম্পূর্ণ অস্থিতিস্থাপক।  
 (D) সম্পূর্ণ স্থিতিস্থাপক।

উত্তর: (D) সম্পূর্ণ স্থিতিস্থাপক।

১৪। নির্দিষ্ট তাপমাত্রায় কোন আবদ্ধ স্থান সর্বাধিক যে পরিমাণ বাষ্প ধারণ করতে পারে, তা অপেক্ষা কম বাষ্প থাকলে তাকে বলে। [মে: ভ: প: ০০-০১]

- (A) অসম্পৃক্ত বাষ্প (B) সম্পৃক্ত বাষ্পচাপ  
 (C) সম্পৃক্ত বাষ্প (D) অসম্পৃক্ত বাষ্পচাপ

উত্তর: (A) অসম্পৃক্ত বাষ্প।

১৫। কোন আদর্শ গ্যাসের স্থিতি শক্তি- [মে: ভ: প: ৯৬-৯৭]

- (A) শূন্যের চেয়ে বেশী (B) শূন্যের চেয়ে কম  
 (C) শূন্য  
 (D) উহার চাপ এবং তাপমাত্রার উপর নির্ভরশীল।

উত্তর: (C) শূন্য

১৬। কোন্টি মিথ্যা? [মে: ভ: প: ৯৪-৯৫]

- (A) সাধারণত সমুদ্রের কাছাকাছি স্থানের আপেক্ষিক আর্দ্রতা বেশী।  
 (B) সাধারণত শীতকালে আপেক্ষিক আর্দ্রতা কম থাকে।  
 (C) বায়ুর আপেক্ষিক আর্দ্রতা বেশী হলে পানির বাষ্পায়ন দ্রুত হয়।  
 (D) বায়ুর শিশিরাক্ত যত কম হবে বায়ুতে তত কম জলীয়বাষ্প থাকবে।

উত্তর: (C) বায়ুর আপেক্ষিক আর্দ্রতা বেশী হলে পানির বাষ্পায়ন দ্রুত হয়।

১৭। কোন্টি সত্য? [মে: ভ: প: ৯৩-৯৪]

- (A) তাপমাত্রা বৃদ্ধি করে একটি নির্দিষ্ট পরিমাণ বাষ্পকে অসম্পৃক্ত বাষ্পে পরিণত করা যায় না।  
 (B) সম্পৃক্ত বাষ্প বয়েল, চার্লস ও চাপের সূত্র মেনে চলে।  
 (C) সম্পৃক্ত বাষ্প আবদ্ধ খোলা যে কোন স্থানে তৈরী হতে পারে।  
 (D) কোন নির্দিষ্ট তাপমাত্রায় সম্পৃক্ত বাষ্পের চাপ উহার আয়তনের উপর নির্ভর করে না।

উত্তর: (D) কোন নির্দিষ্ট তাপমাত্রায় সম্পৃক্ত বাষ্পের চাপ উহার.....

১৮। যদি আর্দ্র ও শুষ্ক বায়ু থার্মোমিটার একই তাপমাত্রা নির্দেশ করে তবে আর্দ্রতা হবে- [মে: ভ: প: ৯৩-৯৪]

- (A) খুব বেশী (B) খুব কম  
 (C) কম (D) উপরের কোনটিই নয়

উত্তর: (A) খুব বেশী।

১৯। তাপমাত্রা প্রবণ থাকলে কোন নির্দিষ্ট পরিমাণ গ্যাসের আয়তন উহার উপর প্রযুক্ত চাপের ব্যস্তানুপাতিক। -এই সূত্রের নাম। [মে: ভ: প: ৯০-৯১]

- (A) অ্যাভোগেড্রোর সূত্র (B) বয়েলের সূত্র  
 (C) চার্লসের সূত্র (D) উপরের কোনটিই নয়।

উত্তর: (B) বয়েলের সূত্র।

২০। কোন্ তরলের সম্পৃক্ত বাষ্পীয় চাপ- [মে: ভ: প: ৯৯-১০০]

- (A) তাপের পরিবর্তনের সাথে অপরিবর্তিত থাকে।  
 (B) তাপমাত্রা বৃদ্ধির সাথে সাথে বৃদ্ধি অথবা হ্রাস পেতে পারে।  
 (C) তাপমাত্রা বৃদ্ধির সঙ্গে সঙ্গে হ্রাস পায়।  
 (D) তাপমাত্রার বৃদ্ধির সঙ্গে সঙ্গে বৃদ্ধি পায়।

উত্তর: (D) তাপমাত্রার বৃদ্ধির সঙ্গে সঙ্গে বৃদ্ধি পায়।

২১। একই তাপমাত্রায় ঘনত্বের কোন একদিনে ঢাকা অপেক্ষা কক্সবাজারে অধিকতর অনুভূত হয় কেন? [মে: ভ: প: ৮৮-৮৯]

- (A) ঢাকায় বায়ুতে আপেক্ষিক আর্দ্রতা বেশী।  
 (B) কক্সবাজারের বায়ুতে আপেক্ষিক আর্দ্রতা বেশী।  
 (C) কক্সবাজারে গায়ের ঘাম ধীরে শুকায়।  
 (D) ঢাকায় গায়ের ঘাম ধীরে শুকায়।

উত্তর: (B) কক্সবাজারের বায়ুতে আপেক্ষিক আর্দ্রতা বেশী।

(C) কক্সবাজারে গায়ের ঘাম ধীরে শুকায়।

## এবারের মেডিকেল ভর্তি পরীক্ষার জন্য Important MCQ সমূহ

১। একটি গ্যাস আদর্শ গ্যাস হিসেবে আচরণ করে-

- (A) নিম্ন চাপ ও উচ্চ তাপমাত্রায় (B) উচ্চচাপ ও নিম্ন তাপমাত্রায়  
 (C) উচ্চ চাপ ও উচ্চ তাপমাত্রায় (D) নিম্ন চাপ ও নিম্ন তাপমাত্রায়

উত্তর: (A) নিম্ন চাপ ও উচ্চ তাপমাত্রায়

ব্যাখ্যা:

আদর্শ গ্যাস (Ideal gas): যে সকল গ্যাস গতিতত্ত্বের স্বীকার্যসমূহ মেনে চলে এবং সকল তাপমাত্রা ও চাপে বয়েল ও চার্লসের সূত্র মেনে চলে তাদেরকে আদর্শ গ্যাস বলে। এই স্বীকার্যসমূহের সময় সঠিকভাবে মেনে চলেবে এরকম কোন গ্যাসের অস্তিত্ব বাস্তবে নেই। তাই বাস্তব গ্যাসের ধর্ম আদর্শ গ্যাস থেকে বিচ্যুত দেখাতে পারে। কেবল মাত্র নিম্নচাপ ও উচ্চ তাপমাত্রায় গ্যাস এই সমীকরণ মেনে চলে। আদর্শ গ্যাস একটি কাল্পনিক ধারণা মাত্র।

[Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ১০.১, পৃষ্ঠা: ১০১]

২। আদর্শ গ্যাসের বৈশিষ্ট্যসূচক মানদণ্ড নয় কোনটি?

- (A) সকল তাপমাত্রা ও চাপে  $PV = nRT$  সমীকরণ মেনে চলে।  
 (B) আদর্শ গ্যাসের অণুসমূহের মধ্যে কোনো আকর্ষণ বিকর্ষণ নেই।  
 (C) অভ্যন্তরীণ শক্তি এর আয়তনের উপর নির্ভরশীল।  
 (D) আদর্শ গ্যাসের অণুসমূহের মোট আয়তন গ্যাস দ্বারা নির্ধারিত আয়তনের তুলনায় নগণ্য।

উত্তর: (C) অভ্যন্তরীণ শক্তি এর আয়তনের উপর নির্ভরশীল।

ব্যাখ্যা:

আদর্শ গ্যাসের বৈশিষ্ট্যসূচক মানদণ্ড:

- (১) আদর্শ গ্যাস সকল তাপমাত্রা ও চাপে  $PV = nRT$  সমীকরণ মেনে চলে।  
 (২) স্থির তাপমাত্রার আদর্শ গ্যাসের অভ্যন্তরীণ শক্তি এর আয়তনের উপর নির্ভরশীল নয়। অর্থাৎ  $\left(\frac{du}{dV}\right)_T = 0$ ,  $u =$  গ্যাসের অভ্যন্তরীণ শক্তি।  
 $V =$  গ্যাসের আয়তন,  $T =$  তাপমাত্রা।  
 (৩) আদর্শ গ্যাসের অণুসমূহের মধ্যে কোনো আকর্ষণ বিকর্ষণ নেই।  
 (৪) আদর্শ গ্যাসের অণুসমূহের মোট আয়তন গ্যাস দ্বারা নির্ধারিত আয়তনের তুলনায় নগণ্য।

[Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ১০.১.১, পৃষ্ঠা: ১০১]

৩। গ্যাসের চল রাশি তিনটি হল-

- (A) আয়তন, তাপমাত্রা এবং চাপ (B) আয়তন, ভর এবং ঘনত্ব  
 (C) আয়তন, ভর এবং তাপমাত্রা (D) আয়তন, চাপ এবং ঘনত্ব

উত্তর: (A) আয়তন, তাপমাত্রা এবং চাপ

ব্যাখ্যা:

চল রাশি: গ্যাসের আয়তন, তাপমাত্রা এবং চাপ এই তিনটিকে গ্যাসের চল রাশি বলে। তাদের যে কোন দুটির মধ্যে সম্পর্ক স্থাপন করতে হবে। নির্দিষ্ট ভরের গ্যাসের জন্য, অপর একটিকে অপরিবর্তিত রাখতে হবে।

[Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ১০.১.১, পৃষ্ঠা: ১০১]

৪। কোনো পদার্থের অবস্থা নিম্নোক্ত কোন রাশির দ্বারা নির্দিষ্ট করা যায়?

- (A) চাপ (B) আয়তন  
 (C) ঘনমাত্রা (D) তাপমাত্রা

উত্তর: (C) ঘনমাত্রা

ব্যাখ্যা:

পদার্থের অবস্থা: কোনো পদার্থের অবস্থা তিনটি রাশি, যথা- চাপ, আয়তন ও তাপমাত্রা দ্বারা নির্দিষ্ট করা যায়।

[Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ১০.১, পৃষ্ঠা: ১০১]

৫ বয়েলের সূত্র মতে কোনটি সঠিক?

- (A)  $V \propto P \cdot T$  স্থির (B)  $V \propto \frac{1}{P} \cdot T$  স্থির  
(C)  $V \propto P^2 \cdot T$  স্থির (D)  $V \propto \frac{1}{P^2} \cdot T$  স্থির

উত্তর: (B)  $V \propto \frac{1}{P} \cdot T$  স্থির

ব্যাখ্যা: বয়েল-এর সূত্র: ১৬৬২ খ্রিস্টাব্দে রবার্ট বয়েল এ সূত্র আবিষ্কার করেন।

সূত্রটি নিম্নে বিবৃত হ'ল:  
'তাপমাত্রা স্থির থাকলে, কোন নির্দিষ্ট ভরের গ্যাসের আয়তন তার চাপের ব্যস্তানুপাতিক।'

মানে ক'রে স্থির তাপমাত্রায় কোন নির্দিষ্ট ভরের গ্যাসের চাপ এবং আয়তন

সম্বন্ধে  $P$  এবং  $V$ । অতএব আমরা পাই,  $V \propto \frac{1}{P}$ ।

সূত্রঃ  $V = \text{ধ্রুবক} \times \frac{1}{P}$

বা,  $PV = \text{ধ্রুবক} (PV = K)$

সূত্রঃ  $P_1 V_1 = P_2 V_2 = \dots = P_n V_n = \text{ধ্রুবক}$   
[Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ১০.২.১, পৃষ্ঠা: ৬৬৩]

মনে রাখতে হবে: গ্যাসের সূত্রকলী: গ্যাসের মৌল সংখ্যা, আয়তন, চাপ ও তাপমাত্রা প্রভৃতির উপর হ্রাসকভাবে পরীক্ষা-নিরীক্ষা করে বিজ্ঞানীগণ গ্যাসের মৌল ধর্মভিত্তিক বিভিন্ন সূত্র আবিষ্কার করেন। এই সূত্রসমূহ গ্যাস সূত্র নামে পরিচিত।

- সুতরাং হলো—  
(১) বয়েলের সূত্র:  $V \propto \frac{1}{P}$   
(২) চার্লসের সূত্র:  $V \propto T$   
(৩) চাপীয় সূত্র:  $P \propto T$   
(৪) অ্যাভোগ্যাড্রোর সূত্র:  $V \propto n$

Mnemonic/মনে রাখার সূত্র:

- Boil = ফুটানো- বয়েলের সূত্রে তাপমাত্রা নির্দিষ্ট।
- Charles এর নামের শুরু 'চা' দিয়ে তাই এই সূত্র চাপ নির্দিষ্ট।
- চাপীয় সূত্র বা রেনোর চাপীয় সূত্রে আয়তন নির্দিষ্ট; চাপ নির্দিষ্ট নয়।

৬  $PV = K$ , এই সমীকরণটি সাধারণভাবে কোন সূত্রের প্রকাশ?

- (A) চার্লসের সূত্র (B) বয়েলের সূত্র  
(C) চাপের সূত্র (D) আদর্শ গ্যাস সমীকরণ

উত্তর: (B) বয়েলের সূত্র

Note: উপরের ৫নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

৭ নিচের কোনটি একটি আদর্শ গ্যাসের আয়তন চারিত্র্য কল্পনা?

- (A) কেলভিন তাপমাত্রা ও চাপ দ্বিগুণ করলে  
(B) কেলভিন তাপমাত্রা অর্ধেক এবং চাপ চারগুণ করলে  
(C) স্থির চাপে কেলভিন তাপমাত্রা এক চতুর্থাংশ করলে  
(D) স্থির তাপমাত্রায় চাপ এক-চতুর্থাংশ করলে

উত্তর: (D) স্থির তাপমাত্রায় চাপ এক-চতুর্থাংশ করলে

Note: উপরের ৫নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

মনে রাখতে হবে:

- তাপমাত্রা ধ্রুবক থাকলে বয়েলের সূত্র প্রযোজ্য হয়।
- এই সূত্রানুসারে আয়তন চাপের ব্যস্তানুপাতিক।
- সর্বাঙ্গ চাপ দ্বিগুণ করলে আয়তন অর্ধেক হয়। এজন্য চাপ এক-চতুর্থাংশ করলে আয়তন চার গুণ হয়।

৮ রবার্ট বয়েল কত খ্রিস্টাব্দে গ্যাসের চাপ ও আয়তনের সম্পর্ক নির্দেশ করে সূত্র প্রকাশ করেন?

- (A) 1662 (B) 1787 (C) 1842 (D) 1840

উত্তর: (A) 1662

Note: উপরের ৫ নং প্রশ্নের ব্যাখ্যা দেখুন।

মনে রাখতে হবে:

- গ্যাস সূত্রসমূহের আবিষ্কারের সাল:
- বয়েলের সূত্র → ১৬৬২।
- চার্লসের সূত্র → ১৭৮৭।
- রেনোর চাপীয় সূত্র → ১৮৪২।

৯ স্থির তাপমাত্রায় কোন গ্যাসের চাপ এক আয়তনের পরিবর্তন নিম্নের কোনটি?

- (A) আইসোথারমাল (B) আইসোব্যারিক  
(C) আইসোক্রনিক (D) কোনটিই নয়

উত্তর: (A) আইসোথারমাল

ব্যাখ্যা:

সমোষ্ণ সমীকরণ: তাপমাত্রা স্থির থাকলে কোন নির্দিষ্ট ভরের গ্যাসের আয়তন তার চাপের ব্যস্তানুপাতিক সূত্রঃ  $V \propto \frac{1}{P}$

বা,  $pV = k$

এই সমীকরণকে সমোষ্ণ সমীকরণ (Isothermal equation) বলে। অতএব, স্থির তাপমাত্রার চাপ ও আয়তনের পরিবর্তন আইসোথারমাল হবে।

[Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ১০.২.১, পৃষ্ঠা: ৬৬৩]

১০  $PV = \text{ধ্রুবক}$  সমীকরণটি নিচের কোন প্রক্রিয়াকে সমর্থন করে?

- (A) সমোষ্ণ (B) সম আয়তন  
(C) সমচাপ (D) রুদ্ধতাপীয়

উত্তর: (A) সমোষ্ণ

Note: উপরের ৯নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

১১ সমোষ্ণ সমীকরণ (Isothermal equation) পাওয়া যায় কোন সূত্র হতে?

- (A) বয়েল এর সূত্র (B) চার্লসের সূত্র  
(C) চাপীয় সূত্র (D) অ্যাভোগ্যাড্রোর সূত্র

উত্তর: (A) বয়েল এর সূত্র

Note: পূর্বের ৯নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

১২ স্থির তাপমাত্রায় নির্দিষ্ট ভরের গ্যাসের আয়তন ও চাপ  $v-p$  লেখ চিত্র কোন ধরনের?


[সে.ভ.প. ২০১৬-১৭]

- (A) সমপরাবৃত্ত (Rectangular Hyperbola)  
(B) সরল রৈখিক (Straight line)  
(C) বৃত্তাকার (Circular) (D) অধিবৃত্ত (Parabola)

উত্তর: (A) সমপরাবৃত্ত (Rectangular Hyperbola)

ব্যাখ্যা:

সমোষ্ণ লেখচিত্র: তাপমাত্রা স্থির থাকলে চাপ ও আয়তন পরস্পর ব্যস্তানুপাতিক। স্থির তাপমাত্রায় চাপের ও আয়তনের বিভিন্ন মানের জন্য লেখচিত্র আঁকলে নিম্নরূপ লেখ পাওয়া যায়।



এটি একটি সমপরাবৃত্ত (rectangular hyperbola)। অর্থাৎ স্থির তাপমাত্রায় নির্দিষ্ট ভরের গ্যাসের আয়তন (V) ও চাপ (P) এর লেখচিত্র একটি সমপরাবৃত্ত (rectangular hyperbola) হয়।

[Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনুচ্ছেদ-১০.২.১, পৃষ্ঠা: ৬৬৩]





১৩ নির্দিষ্ট চাপে একটি নির্দিষ্ট ভরের কোন গ্যাসের আয়তন তার পরম তাপমাত্রার সমানুপাতিক। এই সূত্রকে কী বলে?

- (A) বয়েলের সূত্র (B) চার্লসের সূত্র  
(C) অ্যাবোগেড্রোর সূত্র (D) গ্যাস আয়তন সূত্র

উত্তর: (B) চার্লসের সূত্র

ব্যাখ্যা:

চার্লসের সূত্র: স্থির চাপে কোন নির্দিষ্ট ভরের কোন গ্যাসের আয়তন তার পরম তাপমাত্রার সমানুপাতিক। এই সূত্রকে চার্লসের সূত্র বলে। 1787 খ্রিস্টাব্দে বিজ্ঞানী চার্লস এই সূত্র আবিষ্কার করেন।

$$\text{এই সূত্রানুসারে } V = V_0 + \frac{\theta}{273} V_0$$

পরম স্কেলের চার্লসের সূত্র

$$\frac{V_1}{T_1} = \frac{V_2}{T_2}$$

[Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ১০.২.২, পৃষ্ঠা: ৬৬৪]

১৪  $\frac{V_1}{T_1} = \frac{V_2}{T_2}$  সম্পর্কটি কোন সূত্রকে সমর্থন করে?

- (A) বয়েলের সূত্র (B) চার্লসের সূত্র  
(C) চাপের সূত্র (D) অ্যাবোগেড্রোর সূত্র

উত্তর: (B) চার্লসের সূত্র

Note: উপরের ১৩নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

১৫ স্থিরচাপে কোনো নির্দিষ্ট ভরের গ্যাসের আয়তন  $0^\circ\text{C}$  হতে প্রতি ডিগ্রী সেলসিয়াস তাপমাত্রা পরিবর্তনের জন্য  $0^\circ\text{C}$  এর আয়তনের কত অংশ পরিবর্তিত হয়?

- (A) 0.00366 (B) 0.0366  
(C) 0.366 (D) 0.0636

উত্তর: (A) 0.00366

ব্যাখ্যা:

আয়তনের পরিবর্তন: স্থির চাপে কোনো নির্দিষ্ট ভরের গ্যাসের আয়তন  $0^\circ\text{C}$  হতে প্রতি ডিগ্রী সেলসিয়াস তাপমাত্রায় পরিবর্তনের জন্য  $0^\circ\text{C}$ -এর

আয়তনের নির্দিষ্ট ভগ্নাংশ  $\frac{1}{273}$  বা 0.00366 অংশ পরিবর্তিত হয়।

[Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ১০.২, পৃষ্ঠা: ৬৬৪]

১৬ স্থির চাপে গ্যাসের আয়তন প্রসারণ সহগের মান—

- (A)  $0.0366^\circ\text{C}^{-1}$  (B)  $0.3666^\circ\text{C}^{-1}$   
(C)  $\frac{1}{273}^\circ\text{C}^{-1}$  (D)  $2733^\circ\text{C}^{-1}$

উত্তর: (C)  $\frac{1}{273}^\circ\text{C}^{-1}$

ব্যাখ্যা:

আয়তন প্রসারণ সহগ: স্থির চাপে কোনো নির্দিষ্ট ভরের গ্যাসের আয়তন  $0^\circ\text{C}$  থেকে প্রতি ডিগ্রী সেলসিয়াস তাপমাত্রা বৃদ্ধি বা হ্রাসের জন্য এর  $0^\circ\text{C}$  তাপমাত্রা আয়তনের  $\frac{1}{273}$  অংশ যথাক্রমে বৃদ্ধি বা হ্রাস পায়।

এ নির্দিষ্ট ভগ্নাংশ  $\frac{1}{273}$  হচ্ছে স্থির চাপে গ্যাসের আয়তন প্রসারণ সহগ।

চাপ স্থির রেখে  $0^\circ\text{C}$  তাপমাত্রার নির্দিষ্ট ভরের  $1\text{m}^3$  গ্যাসের তাপমাত্রা  $1^\circ\text{C}$  বাড়াতে এর আয়তন  $0.00366\text{m}^3$  বাড়ে।

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ১০.২, পৃষ্ঠা: ৫৬৪]

১৭ পরম শূন্য তাপমাত্রা কোনটি?

- (A)  $-273^\circ\text{K}$  (B)  $0^\circ\text{C}$   
(C)  $273^\circ\text{K}$  (D)  $-273^\circ\text{C}$

উত্তর: (D)  $-273^\circ\text{C}$

ব্যাখ্যা:

পরম শূন্য তাপমাত্রা: যে তাপমাত্রায় গ্যাসের আয়তন শূন্য হয়, তাকে পরম শূন্য তাপমাত্রা থাকা সম্ভব নয়, কারণ তাহলে গ্যাসের আয়তন শূন্য হতে হয়, যা অসম্ভব সেই সর্বনিম্ন কল্পনামূলক তাপমাত্রাকে পরম শূন্য তাপমাত্রা বলে।  $-273^\circ\text{C}$  তাপমাত্রায় গ্যাসের গতিশক্তি শূন্য হবে।

একে সর্বনিম্ন তাপমাত্রা বা পরম বা চরম শূন্য তাপমাত্রা বা চরম শূন্য তাপমাত্রার পরম স্কেল: পরম শূন্য তাপমাত্রা ( $-273^\circ\text{C}$ ) কে শূন্য তাপমাত্রার যে স্কেল গণনা করা হয়, যার এক ভাগ সেলসিয়াস ছোটতম ভাগের সমান তাকে তাপমাত্রার পরম স্কেল বলে।

লর্ড কেলভিনের নামানুসারে এই স্কেলকে কেলভিন স্কেলও বলে। পরম তাপমাত্রা বা কেলভিন তাপমাত্রাকে T এবং সেলসিয়াস তাপমাত্রাকে t দ্বারা নির্দেশ করা হয়। সুতরাং  $T = 273 + \theta$

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ১০.২, পৃষ্ঠা: ৫৬৪]

১৮ কোন তাপমাত্রায় গ্যাসের গতিশক্তি শূন্য হবে?

- (A)  $303^\circ\text{C}$  (B)  $273^\circ\text{C}$  (মে. ৩. প. ২০১৯)  
(C)  $-273^\circ\text{C}$  (D)  $0^\circ\text{C}$

উত্তর: (C)  $-273^\circ\text{C}$

Note: উপরের ১৭নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

১৯ পরম স্কেলে চাপের সূত্র হলো—

- (A)  $P \propto T^2$  (B)  $P \propto \frac{1}{T}$   
(C)  $P \propto T$  (D)  $P \propto \sqrt{T}$

উত্তর: (C)  $P \propto T$

ব্যাখ্যা:

পরম স্কেলে চাপের সূত্র: নির্দিষ্ট আয়তনে একটি নির্দিষ্ট ভরের কোন গ্যাসের চাপ (p) তার পরম তাপমাত্রার (T) সমানুপাতিক। এটিই পরম স্কেলের চাপের সূত্র।

[Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ১০.২.৩, পৃষ্ঠা: ৬৬৪]

২০ স্থির আয়তনে নির্দিষ্ট ভরের গ্যাসের চাপ, কেলভিন তাপমাত্রার

- (A) বর্গমূলের সমানুপাতিক (B) সমানুপাতিক  
(C) বর্গমূলের ব্যস্তানুপাতিক (D) ব্যস্তানুপাতিক

উত্তর: (B) সমানুপাতিক

Note: উপরের ১৯নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

২১ স্বাভাবিক তাপমাত্রা ও চাপে এক মোল গ্যাসের আয়তন হয়

- (A) 224 L (B)  $22.4\text{cm}^3$   
(C)  $22.4\text{mm}^3$  (D)  $22400\text{cm}^3$

উত্তর: (D)  $22400\text{cm}^3$

ব্যাখ্যা:

গ্যাসের আয়তন: চাপ ও তাপমাত্রা অপরিবর্তিত থাকলে যে কোন গ্যাস এক গ্রাম অণু একই আয়তন দখল করে। স্বাভাবিক চাপে ও তাপমাত্রায় গ্যাসের আয়তন 22.4 L বা 22400 ঘন সে.মি.।

[Ref: অধ্যাপক আবদুল গণি (সংস্করণ-২০১৭), অনু: ১০.১, পৃষ্ঠা: ৫৬৪]

২২ প্রমাণ চাপ বা এক বায়ুমণ্ডলীয় চাপ কত?

- (A) 760 cm Hg (B)  $1.01 \times 10^5\text{kPa}$   
(C)  $1.013 \times 10^5\text{Nm}^{-2}$  (D)  $76 \times 10^5\text{Pa}$

উত্তর: (C)  $1.013 \times 10^5\text{Nm}^{-2}$

ব্যাখ্যা: প্রমাণ চাপ: সমুদ্র পৃষ্ঠে  $45^\circ$  অক্ষাংশে  $273.15$  K তাপমাত্রায় উলমভাবে উৎপন্ন  $760$  mm উচ্চতা বিশিষ্ট শুষ্ক ও বিশুদ্ধ পারদ স্তম্ভ যে চাপ দেয় তাকে প্রমাণ চাপ বলে।

প্রমাণ চাপ =  $760$  mm পারদ স্তম্ভ চাপ  
 $= 0.76 \times 13596 \text{ kgm}^{-3} \times 9.806 \text{ ms}^{-2}$   
 $= 1.013 \times 10^5 \text{ Nm}^{-2}$   
 $= 1.013 \times 10^5 \text{ Pa}$

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ১০.৩, পৃষ্ঠা: ৫৬৬]

কোন রাশা ভালো:

প্রমাণ তাপমাত্রা: যে তাপমাত্রায় প্রমাণ চাপে বরফ গলে পানিতে পরিণত হয় পানি জমে বরফে পরিণত হয় তাকে প্রমাণ তাপমাত্রা বলে। সেলসিয়াস স্কেলে এটি  $0^\circ\text{C}$  ও কেলভিন এককে  $273.15$  K

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ১০.৩, পৃষ্ঠা: ৫৬৬]

২৩ যে তাপমাত্রায় প্রমাণ চাপে বরফ গলে পানিতে পরিণত হয় তাকে কী বলা হয়?

- (A) গলনাঙ্ক (B) হিমাঙ্ক  
 (C) প্রমাণ তাপমাত্রা (D) কোনটিই নয়

উত্তর: (A) গলনাঙ্ক

ব্যাখ্যা: প্রমাণ চাপ: যে তাপমাত্রায় প্রমাণ চাপে বরফ গলে পানিতে পরিণত হয় তাকে গলনাঙ্ক বলে।

২৪ নিচের কোনটি সত্য?

- (A)  $PV=K$ - কে সমোষ্ণ সমীকরণ বলা হয়।  
 (B) প্রথম ফেলের পাঠ = সেন্টিগ্রেডে পাঠ + 273  
 (C)  $PV = KT$  - কে আদর্শ গ্যাস সমীকরণ বলা হয়।  
 (D) উপরের সবই সত্য।

উত্তর: (D) উপরের সবই সত্য।

Note: প্রশ্নের সবই সত্য এবং ভর্তি পরীক্ষার জন্য Important.

২৫ একটি আদর্শ গ্যাসের চাপ ও আয়তনের গুণফল—

- (A) ধ্রুবক  
 (B) সার্বজনীন গ্যাস ধ্রুবকের প্রায় সমান  
 (C) এর তাপমাত্রার সমানুপাতিক  
 (D) এর তাপমাত্রার ব্যস্তানুপাতিক

উত্তর: (C) এর তাপমাত্রার সমানুপাতিক

Note: উপরের প্রশ্নের option গুলো দেখুন।

২৬ প্রমাণ তাপমাত্রা ও চাপে প্রতি ঘন সে.মি. এ গ্যাস অণুর সংখ্যা কত?

- (A)  $1.9 \times 10^{16}$  (B)  $2.9 \times 10^{16}$   
 (C)  $3.9 \times 10^{16}$  (D)  $4.9 \times 10^{16}$

উত্তর: (B)  $2.9 \times 10^{16}$

ব্যাখ্যা: অণুর সংখ্যা: গ্যাসের অণুগুলো বিভিন্ন বেগে বিক্ষিপ্তভাবে ছুটছুটি করে। এক একটি অণুর বেগ এক এক রকমের হয়ে থাকে। গ্যাসের অণুগুলো আকৃতি অত্যন্ত ক্ষুদ্র এবং প্রতি ঘন সেন্টিমিটারে অণুর সংখ্যা প্রায়  $2.9 \times 10^{16}$ ।

[Ref: অধ্যাপক আবদুল গণি (সংস্করণ-২০১৭), অনু: ১০.৩, পৃষ্ঠা: ৩২৪]

২৭ আদর্শ গ্যাসের অবস্থার সমীকরণ নিম্নের কোনটি?

- (A)  $P_1V_1 = P_2V_2$  (B)  $PV = \frac{1}{3}MC^2$   
 (C)  $v \propto T$  (D)  $PV = nRT$

উত্তর: (D)  $PV = nRT$

ব্যাখ্যা:

আদর্শ গ্যাসের অবস্থার সমীকরণ:

$PV = nRT$  হচ্ছে আদর্শ গ্যাস সমীকরণ বা গ্যাসের অবস্থার সমীকরণ। এখানে,

- $P$  = গ্যাসের চাপ  
 $V$  = গ্যাসের আয়তন  
 $n$  = মোল সংখ্যা  
 $R$  = সার্বজনীন গ্যাস ধ্রুবক  
 $T$  = কেলভিন তাপমাত্রা

[Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ১০.৩, পৃষ্ঠা: ৬৬৮]

২৮ আদর্শ গ্যাস সমীকরণ হচ্ছে:  $PV = nRT$ ; এখানে,  $n$  কী?

- (A) মোলার সংখ্যা (B) মোল সংখ্যা  
 (C) অণু সংখ্যা (D) কম্পাঙ্ক

উত্তর: (B) মোল সংখ্যা

Note: উপরের ২৭নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

২৯ গ্যাস সংক্রান্ত নিচের কোন সমীকরণটি সঠিক নয়?

- (A)  $\frac{P_1}{T_1} = \frac{P_2}{T_2}$  (B)  $PV = \frac{M}{m} RT$   
 (C)  $PV = \frac{1}{3}MNC^2$  (D)  $P_1V_1 = P_2V_2$

উত্তর: (B)  $PV = \frac{M}{m} RT$

ব্যাখ্যা:

আদর্শ গ্যাস সমীকরণ:

আদর্শ গ্যাসের সমীকরণ,  $PV = nRT$

$= \frac{m}{M} RT$  [ $n$  = মোল সংখ্যা =  $\frac{m}{M}$ ]

\* মোল সংখ্যা ( $n$ ) হলো ভর ( $m$ ) ও আণবিক ভরের ( $M$ ) একটি অনুপাত।

[Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ১০.৩, পৃষ্ঠা: ৬৬৮]

৩০ আদর্শ গ্যাসের চাপ—

- (A)  $p = \frac{1}{3}C^2$  (B)  $p = \frac{1}{3\rho}C^2$   
 (C)  $p = \frac{1}{3}\rho C^2$  (D)  $p = \frac{1}{3}mC^2$

উত্তর: (C)  $p = \frac{1}{3}\rho C^2$

ব্যাখ্যা:

আদর্শ গ্যাসের চাপের সমীকরণ: আদর্শ গ্যাসের চাপ  $p = \frac{1}{3}\rho C^2$ , এখানে

$\rho$  = গ্যাসের ঘনত্ব,  $C^2$  = মূল গড় বর্গবেগ।

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ১০.১১, পৃষ্ঠা: ৫৭৬]

৩১ একটি গ্যাস কর্তৃক প্রদত্ত চাপ গ্যাসের—

- (A) ঘনত্বের উপর নির্ভরশীল নয় (B) ঘনত্বের ব্যস্তানুপাতিক  
 (C) ঘনত্বের সমানুপাতিক (D) ঘনত্বের বর্গের সমানুপাতিক

উত্তর: (C) ঘনত্বের সমানুপাতিক

Note: উপরের ৩০নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

৩২ এস.আই. এককে মোলার গ্যাস ধ্রুবক  $R$  এর মান কত?

- (A)  $0.082 \text{ JK}^{-1} \text{ mol}^{-1}$  (B)  $8.32 \text{ JK}^{-1} \text{ mol}^{-1}$   
 (C)  $8.314 \text{ JK}^{-1} \text{ mol}^{-1}$  (D)  $1.987 \text{ JK}^{-1} \text{ mol}^{-1}$

উত্তর: (C)  $8.314 \text{ JK}^{-1} \text{ mol}^{-1}$

ব্যাখ্যা:

R-এর মান: এস.আই. এককে R এর মান  $8.314 \text{ JK}^{-1} \text{ mol}^{-1}$ ।

লিটার বায়ুমণ্ডল চাপে R =  $0.082 \text{ Latm K}^{-1} \text{ mol}^{-1}$

সি.জি.এস. এককে R =  $8.32 \text{ JK}^{-1} \text{ mol}^{-1}$

ক্যালরি এককে R =  $1.987 \text{ Cal K}^{-1} \text{ mol}^{-1}$

[Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ১০.৫, পৃষ্ঠা: ৬৬৯]

কেন মনে রাখতে হবে:

গ্যাস ধ্রুবক R এর মান নির্ণয়: এক মোল গ্যাসের ক্ষেত্রে,  $PV = RT$ ।

আভোগেড্রোর প্রকল্প অনুসারে প্রমাণ তাপমাত্রা ( $T = 273\text{K}$ ) ও চাপে ( $P = 1.013 \times 10^5 \text{ Nm}^{-2}$ ) এক মোল গ্যাস 22.4 litre অর্থাৎ,  $22.4 \times 10^{-3} \text{ m}^3$  আয়তন দখন করে। এ মানসমূহ ব্যবহার করে,

$$R = \frac{PV}{T} = \frac{(1.013 \times 10^5 \text{ Nm}^{-2}) \times (22.4 \times 10^{-3} \text{ m}^3)}{273\text{K}}$$

$$= 8.31 \frac{\text{Nm}}{\text{K}}$$

$$\text{বা, } R = 8.31 \text{ J K}^{-1} \text{ mole}^{-1}$$

[Ref: ড. তফাজ্জল হোসেন (সংস্করণ-২০১৮), অনু: ১০.১, পৃষ্ঠা: ৬০৮]

৩৩ সার্বজনীন গ্যাস ধ্রুবকের মান কত?

- (A)  $R = 8.314 \text{ j/k/mol}$  (B)  $R = 8.314 \text{ m/s}$   
(C)  $R = 8.314 \text{ J/mol}$  (D)  $R = 8.314 \text{ KJ/mol}$

উত্তর: (A)  $R = 8.314 \text{ j/k/mol}$

Note: উপরের ৩২নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন

৩৪ সার্বজনীন গ্যাস ধ্রুবক (Universal Gas Constant) এর S.I. একক কোনটি?

- (A)  $\text{JK}^{-1} \text{ mol}^{-1}$  (B)  $\text{NKg}^{-1} \text{ m}^{-2}$   
(C)  $\text{JK}^{-1}$  (D) একক নেই

উত্তর: (A)  $\text{JK}^{-1} \text{ mol}^{-1}$

Note: উপরের ৩২নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

৩৫ গ্যাসের গতিতত্ত্বের জনক কাকে বলা হয়?

- (A) ম্যাক্সওয়েল (B) বার্নোলি  
(C) ভ্যানডার ওয়াল্‌স (D) ক্লসিয়াস

উত্তর: (B) বার্নোলি

ব্যাখ্যা:

গ্যাসের গতিতত্ত্বের জনক: ১৭৩০ খ্রিস্টাব্দে বিজ্ঞানী বার্নোলি সর্বপ্রথম গ্যাসের গতিতত্ত্বের সাহায্যে গ্যাসের সূত্রাবলি ব্যাখ্যা করেন। এ কারণে বিজ্ঞানী বার্নোলিকে গ্যাসের গতিতত্ত্বের জনক বলা হয়।

[Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ১০.১১, পৃষ্ঠা: ৬৭৪]

৩৬ কোন বিজ্ঞানী গ্যাসের গতিতত্ত্বের মৌলিক স্বীকার্যগুলো বর্ণনা করেন?

- (A) বার্নোলি (B) ম্যাক্সওয়েল (C) ক্লসিয়াস (D) ভ্যানডার ওয়াল্‌স

উত্তর: (C) ক্লসিয়াস

ব্যাখ্যা:

গ্যাসের গতিতত্ত্ব: গ্যাসীয় পদার্থের আচরণ পর্যবেক্ষণ করে যে তত্ত্ব সৃষ্টি হয়েছে সেটিই গ্যাসের গতিতত্ত্ব নামে পরিচিত। গ্যাসের গতিতত্ত্বকে গাণিতিক ভিত্তির উপর প্রতিষ্ঠার জন্য কতগুলো মৌলিক স্বীকার্য প্রয়োজন। ১৮৫৭ সালে ক্লসিয়াস প্রথম এই মৌলিক স্বীকার্যগুলো বর্ণনা করেন।

[Ref: ড. তফাজ্জল (সংস্করণ-২০১৮), অনু: ১০.২, পৃষ্ঠা: ৬০৮]

৩৭ আণবিক গতিশক্তি কোন রাশির উপর নির্ভরশীল?

- (A) ঘর্ষণ (B) তাপমাত্রা  
(C) অন্তস্থ শক্তি (D) তাপ

উত্তর: (B) তাপমাত্রা

ব্যাখ্যা:

আণবিক গতিশক্তি: সকল গ্যাসেই মোটামুটি বয়েল, চার্লস এবং চাপের মেনে চলে। এজন্য সকল গ্যাসের একটি সাধারণ গঠন আছে বলে ধরে নেয়া যায়। সকল গ্যাসেই তথা সকল বস্তুই অসংখ্য অণুর সমষ্টি। এ অণুগুলোর অবিরাম গতিশীল অবস্থায় থাকে। তাপমাত্রা বৃদ্ধি পেলে তাদের গতিশীলতা বৃদ্ধি পায়।

[Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ১০.১১, পৃষ্ঠা: ৬৭৪]

৩৮ নির্দিষ্ট ওজনের একটি আদর্শ গ্যাসের ক্ষমতা নির্ভর করে কোন বৈশিষ্ট্যের উপর? [মে: ভ: প: ১৪-১৫]

- (A) আয়তন (B) তাপমাত্রা  
(C) ঘনত্ব (D) চাপ

উত্তর: (B) তাপমাত্রা

Note: উপরের ৩৭নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

৩৯ নিম্নের কোনটি গ্যাসের গতিতত্ত্বের জন্য সঠিক?

- (A) সকল গ্যাসের অণু সদৃশ  
(B) অণুগুলো অক্রম বা এলোমেলো গতিতে গতিশীল  
(C) নিউটনের গতিসূত্র মেনে চলে না  
(D) অণুগুলো নিজের মধ্যে আকর্ষিত হয়

উত্তর: (B) অণুগুলো অক্রম বা এলোমেলো গতিতে গতিশীল

ব্যাখ্যা:

গ্যাসের গতিতত্ত্বের মৌলিক স্বীকার্যসমূহ:

- সকল গ্যাস অণুর সমন্বয়ে গঠিত। একটি গ্যাসের সকল অণু সদৃশ। একটি গ্যাসের অণু অন্য গ্যাসের অণু থেকে ভিন্ন।
- গ্যাসের অণুগুলোর আকার অণুগুলোর মধ্যবর্তী দূরত্বের তুলনায় নগণ্য।
- গ্যাসের অণুগুলো কঠিন স্থিতিস্থাপক সদৃশ গোলক বিশেষ। অণুগুলোর নিজেদের মধ্যে কোন আকর্ষণ বা বিকর্ষণ বল নেই। এগুলোর শক্তি সম্পূর্ণটাই গতি শক্তি।
- গ্যাসের অণুগুলো অক্রম বা এলোমেলো (random) গতিতে গতিশীল এবং এগুলো নিউটনের গতিসূত্রসমূহ মেনে চলে। অণুগুলো সকল দিকের গতিশীল এবং এদের বেগের মান বিভিন্ন।
- অণুগুলো নিরবচ্ছিন্নভাবে একে অপরের সাথে এবং আধারের দেয়ালের সাথে সংঘর্ষে লিপ্ত হচ্ছে। দুটি সংঘর্ষের মধ্যবর্তী সময়ে একটি অণু সরলরেখায় চলে। দুটি সংঘর্ষের মধ্যবর্তী সময়ে একটি অণু যে সূত্র অতিক্রম করে তাকে মুক্ত পথ (free path) বলে।
- একটি সংঘর্ষে যে সময় ব্যয় হয় তা দুটি সংঘর্ষের মধ্যবর্তী সময়ের তুলনায় নগণ্য।
- সংঘর্ষগুলো সম্পূর্ণ স্থিতিস্থাপক।

[Ref: ড. শাহজাহান ডপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ১০.৮, পৃষ্ঠা: ৫৭২-৫৭৩]

৪০ কোন আদর্শ গ্যাসের স্থিতি শক্তি- [মে: ভ: প: ১৬-১৭]

- (A) শূন্যের চেয়ে বেশী (B) শূন্যের চেয়ে কম  
(C) শূন্য (D) উহার চাপ এবং তাপমাত্রার উপর নির্ভরশীল।

উত্তর: (C) শূন্য

Note: উপরের ৩৯নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

৪১ গ্যাসের গতিতত্ত্ব অনুযায়ী অন্যতম স্বীকার্য হলো অণুগুলোর মধ্যে সংঘর্ষগুলি- [মে: ভ: প: ০০-০১]

- (A) আংশিক স্থিতিস্থাপক।  
(B) গ্যাসের গতিতত্ত্ব হতে চার্লসের সূত্রে পাওয়া যায় না।  
(C) সম্পূর্ণ অস্থিতিস্থাপক।  
(D) সম্পূর্ণ স্থিতিস্থাপক।

উত্তর: (D) সম্পূর্ণ স্থিতিস্থাপক।

Note: উপরের ৩৯ নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

৪২ গ্যাসের গতিতত্ত্বের প্রত্যক্ষ প্রমাণ পাওয়া যায় নিম্নের কোনটি

- (A) ব্যাপন  
(B) বাষ্পচাপ  
(C) গ্যাসের প্রসারণ  
(D) ব্রাউনীয় গতি

৪৩ গ্যাসের গতিতত্ত্ব: গ্যাসের নানাবিধ আচরণের সাথে যেমন গ্যাসের ব্যাপন (diffusion), অস্মিসিস (osmosis), স্বতঃবাষ্পীভবন (evaporation), গ্যাসের প্রসারণ ব্রাউনীয় গতি ইত্যাদির মোটামুটি ব্যাখ্যা গ্যাসের গতিতত্ত্ব দিয়ে করা যায়। ব্রাউনীয় গতি থেকে গতিতত্ত্বের প্রত্যক্ষ প্রমাণও পাওয়া যায়।  
Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ১০.৯, পৃষ্ঠা: ৫৭৩।

৪৪ গ্যাসে গতিতত্ত্ব অনুসারে  $0k$  তাপমাত্রায় গ্যাসের গতিশক্তি

- (A) সর্ব্বহিক  
(B) শূন্য  
(C) দু'ব বেশিও না কমও না  
(D) কোনটিই নয়

৪৫ গ্যাসের গতিশক্তি: যখন গ্যাস থেকে তাপ অপসারণ করা হয় তখন সূত্রের গড় গতি শক্তি হ্রাস পায়। সুতরাং পরমশূন্য তাপমাত্রায় গতি শক্তি শূন্য হবে। এর অর্থ পরমশূন্য তাপমাত্রায় অণুগুলো স্থির অবস্থায় থাকবে এবং কোনো গতি শক্তি থাকবে না।  
Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ১০.৯, পৃষ্ঠা: ৫৭৩।

৪৬ গ্যাসের চাপ একক আয়তনের গতিশক্তির কত অংশ?

- (A) অর্ধেক  
(B) দ্বিগুণ  
(C) দুই তৃতীয়াংশ  
(D) এক তৃতীয়াংশ

৪৭ আদর্শ গ্যাসের গতিতত্ত্বের সমীকরণ:

$$PV = \frac{1}{3} MC^2$$

$$P = \frac{1}{3} \frac{M}{V} C^2$$

$$= \frac{2}{3} \times \frac{1}{2} MC^2$$

$$= \frac{2}{3} \times \frac{E}{V}$$

$$= \frac{2}{3} \times \frac{\text{গতিশক্তি}}{\text{আয়তন}}$$

Ref: ড. আমীর হোসেন (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ১০.১৩, পৃষ্ঠা: ৬৭৬।

৪৮ তাপমাত্রা বৃদ্ধি পেলে গ্যাস অণুগুলোর মূল গড় বর্গবেগ-

- (A) হ্রাস পায়  
(B) বৃদ্ধি পায়  
(C) অপরিবর্তিত থাকে  
(D) প্রথমে বৃদ্ধি ও পরে হ্রাস পায়

৪৯ গ্যাস অণুর মূল গড় বর্গবেগ:  
মূল গড় বর্গ বেগ,  $C_{r.m.s} \propto \sqrt{T}$   
সুতরাং মূল গড় বর্গবেগ তাপমাত্রার বর্গমূলের সমানুপাতিক। সুতরাং তাপমাত্রা বৃদ্ধি পেলে মূল গড় বর্গবেগ বৃদ্ধি পাবে।  
Ref: ড. আমীর হোসেন (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ১০.১৩, পৃষ্ঠা: ৬৭৯।

৫০ জেনে রাখা ভালো:

মূল গড় বর্গ বেগ বা গড় বর্গবেগের বর্গমূল: কোনো গ্যাসের সকল অণুর বেগের বর্গের গড়মানের বর্গমূলকে মূল গড় বর্গ বেগ বা গড় বর্গবেগের বর্গমূল (rms velocity) বলে।  
কোনো গ্যাসের  $N$  সংখ্যক অণুর প্রতিটির বেগ যথাক্রমে  $C_1, C_2, C_3 \dots C_N$  হলে

বেগের গড় বর্গের মূল  $c$  বা  $C_{r.m.s}$  বা  $\sqrt{C^2}$  হবে,

$$\sqrt{C^2} = \sqrt{\frac{C_1^2 + C_2^2 + C_3^2 + \dots + C_N^2}{N}}$$

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ১০.১০, পৃষ্ঠা: ৫৭৪।

৫১ একটি আদর্শ গ্যাসের তাপমাত্রা  $T$  হতে বৃদ্ধি করে  $2T$  করা হলে। কোন রাশিটি দ্বিগুণ হবে?

- (A) অণুগুলির গড় বর্গবেগের কর্ণমূল (B) অণুগুলির গড় বেগের বর্গ  
(C) অণুগুলির গতিশক্তি (D) অণুগুলির গড় বর্গবেগ

উত্তর: (C) অণুগুলির গতিশক্তি

৫২ ব্যাখ্যা: গ্যাস অণুর গতিশক্তি: প্রতি অণুর গড় গতির শক্তি  $\bar{E}$  হলে,

$$E = \frac{E}{N_A}$$

$$= \frac{3}{2} \frac{R}{N_A} T$$

$$= \frac{3}{2} KT$$

সুতরাং একটি আদর্শ গ্যাসের তাপমাত্রা  $T$  হতে বৃদ্ধি করে  $2T$  করা হলে অণুগুলো গতি, শক্তি দ্বিগুণ হবে।

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ১০.১১, পৃষ্ঠা: ৫৭৭।

৫৩ গড় মুক্ত পথ একক আয়তনের অণুর সংখ্যার -

- (A) সমানুপাতিক (B) ব্যস্তানুপাতিক  
(C) বর্গের সমানুপাতিক (D) বর্গের ব্যস্তানুপাতিক

উত্তর: (B) ব্যস্তানুপাতিক

Note: উপরের ৪৬নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

৫৪ গড় মুক্তপথের জন্য ম্যাক্সওয়েলের সমীকরণ কোনটি?

- (A)  $\lambda = \frac{1}{n\pi\sigma^2}$  (B)  $\lambda = \frac{n}{\sqrt{2}\pi\sigma^2}$   
(C)  $\lambda = \frac{1}{\sqrt{2}n\pi\sigma^2}$  (D)  $\lambda = \frac{n}{\pi\sigma^2}$

উত্তর: (C)  $\lambda = \frac{1}{\sqrt{2}n\pi\sigma^2}$

৫৫ ব্যাখ্যা:

গড় মুক্ত পথ (Mean Free Path):

কোন অণুর পর পর দুটি সংঘর্ষের মধ্যবর্তী সময়ে অতিক্রান্ত গড় দূরত্বকে উহার গড় মুক্তপথ বলে।

ক্রসিয়াস গড় মুক্তপথের রাশিমালা নির্ণয় করেন  $\lambda = \frac{1}{n\pi\sigma^2}$ ।

ম্যাক্সওয়েল সকল অণুকে গতিশীল বিবেচনা করে গড় মুক্তপথের রাশিমালা বের করেন  $\lambda = \frac{1}{\sqrt{2}n\pi\sigma^2}$  যেখানে,  $n$  = একক আয়তনে অণুর সংখ্যা,

$\sigma$  = অণুর ব্যাস।

[Ref: অধ্যাপক আবদুল গণি (সংস্করণ-২০১৮), অনু: ১০.৪, পৃষ্ঠা: ৩২৭।



৪৯ গড় বেগ ও মূল গড় বর্গ বেগের মধ্যে পার্থক্য কত?

- (A) প্রায় ১২% (B) প্রায় ১৬%  
(C) প্রায় ২০% (D) প্রায় ২৫%

উত্তর: (A) প্রায় ১২%

ব্যাখ্যা:

গড় বেগ = গ্যাসের অণুর বেগ শূন্য থেকে শুরু করে অসীম পর্যন্ত বিভিন্ন মানের হয়ে থাকে। এদের বেগের গড় মানকে গড় বেগ বলে।

মূল গড় বর্গ বেগ = গ্যাসের অণুগুলোর গড় বর্গ বেগের বর্গ মূলকে মূল গড় বর্গ বেগ বলে। গড় বেগ এবং মূল গড় বর্গ বেগের মধ্যে প্রায় ১২% পার্থক্য।

[Ref: অধ্যাপক আবদুল গণি (সংস্করণ-২০১৭), অনু: ১০.৪, পৃষ্ঠা: ৩২৫]

৫০ কোনো গ্যাসের মূল গড় বর্গ বেগ তাপমাত্রার-

- (A) সমানুপাতিক (B) বর্গমূলের ব্যস্তানুপাতিক  
(C) বর্গমূলের সমানুপাতিক (D) বর্গের ব্যস্তানুপাতিক

উত্তর: (C) বর্গমূলের সমানুপাতিক

ব্যাখ্যা:

মূল গড় বর্গবেগ: মূল গড় বর্গ বেগের সমীকরণ,  $\sqrt{C^2} = \sqrt{\frac{3KT}{M}}$

যেহেতু M এবং R ধ্রুব,  $\therefore \sqrt{C^2} \propto \sqrt{T}$

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ওয় সংস্করণ-২০১৮), অনু: ১০.১১, পৃষ্ঠা: ৫৭৭]

৫১ গড় বর্গ বেগের বর্গমূল ও পরম তাপমাত্রার মধ্যে সম্পর্ক হলো-

- (A)  $C_{rms} \propto T$  (B)  $C_{rms} \propto \sqrt{T}$   
(C)  $C_{rms} \propto \frac{1}{T}$  (D)  $C_{rms} \propto \frac{1}{\sqrt{T}}$

উত্তর: (B)  $C_{rms} \propto \sqrt{T}$

Note: উপরের ৫০নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

৫২ নিচের কোন বিজ্ঞানী ব্রাউনীয় গতির ব্যাখ্যা প্রদান করেন?

- (A) রবার্ট ব্রাউন (B) নিউটন  
(C) ম্যাক্সওয়েল (D) রামসে

উত্তর: (D) রামসে

ব্যাখ্যা:

ব্রাউনীয় গতি (Brownian movement)

কোন তরলে ছড়ানো পরাণরেণুর মত ক্ষুদ্র কণাকে শক্তিশালী অণুবীক্ষণ যন্ত্রের সাহায্যে দেখা যায় যে কণাগুলো অনবরত দ্রুত বেগে কিন্তু অনিয়মিতভাবে চলাফেরা করছে। এই গতিকে ব্রাউনীয় গতি বলে। ১৮৭৯ সালে স্যার উইলিয়াম রামসে এই রহস্যময় গতির ব্যাখ্যা করেন।

[Ref: অধ্যাপক আবদুল গণি (সংস্করণ-২০১৭), অনু: ১০.৪, পৃষ্ঠা: ৩২৭-৩২৮]

৫৩ নিচের কোনটি ব্রাউনীয় গতির বৈশিষ্ট্য নয়?

- (A) এই গতি স্বতঃস্ফূর্ত ও শাস্ত্রিত  
(B) এই গতি অবিরাম ও সম্পূর্ণ অনিয়মিত  
(C) তাপমাত্রা বৃদ্ধি পেলে কণার গতি বৃদ্ধি পায়  
(D) মাধ্যমের সান্দ্রতার উপর এই গতি নির্ভর করে না

উত্তর: (D) মাধ্যমের সান্দ্রতার উপর এই গতি নির্ভর করে না

ব্যাখ্যা:

ব্রাউনীয় গতি: ব্রাউনীয় গতির বৈশিষ্ট্যগুলো নিচে লিপিবদ্ধ করা হলো-

- এই গতি স্বতঃস্ফূর্ত ও শাস্ত্রিত। এই গতি কোন দিন বন্ধ হয় না।
- এই গতি অবিরাম ও সম্পূর্ণ অনিয়মিত। দুইটি গতি কখনোই একই প্রকার হয় না।
- কণাগুলোর রাসায়নিক প্রকৃতি অর্থাৎ গঠনের উপর এবং পাত্রের কম্পনের অর্থাৎ নড়াচড়ার উপর এই গতি নির্ভর করে না।
- কণাগুলোর আকারের উপর গতি নির্ভর করে।
- তাপমাত্রা বৃদ্ধি পেলে কণার গতি বৃদ্ধি পায়।
- মাধ্যমের সান্দ্রতার উপর এই গতি নির্ভর করে।

[Ref: অধ্যাপক আবদুল গণি (সংস্করণ-২০১৭), অনু: ১০.৪, পৃষ্ঠা: ৩২৮]

৫৪ ভ্যানডারওয়ালস এর সমীকরণ নিচের কোনটি?

(A)  $\left(P + \frac{V^2}{a}\right)(V-b) = RT$  (B)  $\left(P + \frac{a}{V^2}\right) = RT$

(C)  $\left(P + \frac{V^2}{a}\right) = nRT$  (D)  $\left(P + \frac{a}{V^2}\right)(V-b) = RT$

উত্তর: (D)  $\left(P + \frac{a}{V^2}\right)(V-b) = RT$

ব্যাখ্যা:

ভ্যানডারওয়ালস এর সমীকরণ: ভ্যানডারওয়ালস গ্যাস অণুগুলোর আকার এবং তাদের মধ্যকার আন্তঃআণবিক বল বিবেচনা করে আদর্শ গ্যাস

নিম্নরূপে সংশোধন করেন-  $\left(P + \frac{a}{V^2}\right)(V-b) = RT$

[Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ১০.১৩, পৃষ্ঠা: ৬৭৭]

৫৫ একটি দ্বিপারমাণবিক গ্যাস অণুর স্বাধীনতার মাত্রা সংখ্যা কত?

- (A) ১ (B) ৩  
(C) ৫ (D) ৭

উত্তর: (C) ৫

ব্যাখ্যা:

স্বাধীনতার মাত্রা:

একটি এক পারমাণবিক গ্যাস অণুর তিনটি স্বাধীনতার মাত্রা আছে। একটি দ্বিপারমাণবিক গ্যাস অণুর স্বাধীনতার মাত্রা সংখ্যা পাঁচ—তিনটি হল রৈখিক গতির জন্য এবং দুটি হল ঘূর্ণন গতির জন্য।

উল্লেখ্য, কোনো বস্তু অবাধে বা স্বাধীনভাবে যতগুলি গতির অধিকারী হতে পারে, সেই সংখ্যাকে ঐ বস্তুর স্বাধীনতার মাত্রা বলে। রৈখিক গতির স্বাধীনতার মাত্রা ৩। আবর্তনরত কণার স্বাধীনতার মাত্রা ৫।

[Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ১০.১৮.১, পৃষ্ঠা: ৬৭৭]

৫৬ শক্তির সমবিভাজন নীতি অনুযায়ী কোন গতীয় সংস্থার মোট শক্তি তাপীয় সাম্যাবস্থায় প্রতিটি স্বাধীনতার মাত্রার মধ্যে সমভাবে বন্টিত হলে প্রতিটি স্বাধীনতার মাত্রার শক্তির পরিমাণ কত হবে?

- (A)  $\frac{1}{2} KT$  (B)  $\frac{3}{2} KT$   
(C)  $\frac{5}{2} KT$  (D) কোনটিই নয়

উত্তর: (A)  $\frac{1}{2} KT$

ব্যাখ্যা:

শক্তির সমবিভাজন নীতি: কোন গতীয় সংস্থার মোট শক্তি তাপীয় সাম্যাবস্থায় প্রতিটি স্বাধীনতার মাত্রার মধ্যে সমভাবে বন্টিত হয় এবং প্রতিটি স্বাধীনতার

মাত্রার শক্তির পরিমাণ =  $\frac{1}{2} KT$

[Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ১০.১৮.৩, পৃষ্ঠা: ৬৭৭]

৫৭ তথ্যেক অণুর স্বাধীনতার মাত্রার গড় শক্তির পরিমাণ-

- (A)  $\frac{1}{2} KT$  (B)  $\frac{3}{2} KT$   
(C)  $\frac{2}{3} KT$  (D) ০

উত্তর: (A)  $\frac{1}{2} KT$

Note: উপরের ৫৬নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

৫৮) গ্যাসের গতিতত্ত্ব থেকে নিম্নের কোন সূত্র উপপাদন করা যায়?

- (A) বয়েলের সূত্র (B) চাপীয় সূত্র  
(C) আদর্শ গ্যাস সমীকরণ (D) সবগুলো

ব্যাখ্যা: গ্যাসের গতিতত্ত্ব থেকে উপপাদন করা যায়:

- (i) বয়েলের সূত্র।  
(ii) চাপের সূত্র।  
(iii) চাপের সূত্র।  
(iv) আদর্শ গ্যাস সমীকরণ।

[Ref: ড. আমির হোসেন (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ১০.১৮.১৩, পৃষ্ঠা: ৬৭৬-৬৭৭]

৫৯) বোলজমান ধ্রুবক এর মান কত?

- (A)  $1.36 \times 10^{-22} \text{ JK}^{-1}$  (B)  $1.30 \times 10^{-22} \text{ JK}^{-1}$   
(C)  $1.38 \times 10^{-23} \text{ JK}^{-1}$  (D)  $1.35 \times 10^{-23} \text{ JK}^{-1}$

ব্যাখ্যা: বোলজমান ধ্রুবক:

$$K = \frac{R}{N_0}$$

$$= \frac{8.314}{6.02 \times 10^{23}} \text{ JK}^{-1}$$

$$= 1.38 \times 10^{-23} \text{ JK}^{-1}$$

[Ref: অধ্যাপক আবদুল গণি (সংস্করণ-২০১৭), অনু: ১০.৫, পৃষ্ঠা: ৩৩১]

৬০) নিম্নের কোন্টি অসম্পৃক্ত বাষ্পের বৈশিষ্ট্য? [ডে: জ: প: ১০-১১]

- (A) তাপমাত্রা বৃদ্ধি করে একটি নির্দিষ্ট পরিমাণ অসম্পৃক্ত বাষ্পকে সম্পৃক্ত করা হয়।  
(B) যে স্থানে অসম্পৃক্ত বাষ্প থাকে ঐখানে নির্দিষ্ট তাপমাত্রায় আরো বাষ্প গ্রহণ করতে পারে।  
(C) বয়েলের সূত্র মেনে চলে না।  
(D) চার্লসের সূত্র মেনে চলে না।

উত্তর: (B) যে স্থানে অসম্পৃক্ত বাষ্প থাকে ঐখানে নির্দিষ্ট তাপমাত্রায় আরো বাষ্প গ্রহণ করতে পারে।

ব্যাখ্যা: সম্পৃক্ত ও অসম্পৃক্ত বাষ্পের মধ্যে পার্থক্য:

সম্পৃক্ত বাষ্প	অসম্পৃক্ত বাষ্প
১. একটি নির্দিষ্ট তাপমাত্রায় কোন স্থানে বাষ্পের পরিমাণ যদি এমন হয় যে, তা আর সামান্য পরিমাণ অতিরিক্ত বাষ্পও ধরে রাখতে পারে না অথবা ঐ স্থানে সামান্য পরিমাণ তরল পদার্থ রাখলে যদি বাষ্পীভূত না হয় তবে ঐ বাষ্পকে সম্পৃক্ত বাষ্প বলে।	১. একটি নির্দিষ্ট তাপমাত্রায় কোন স্থানে বাষ্পের পরিমাণ যদি এমন হয় যে ঐ স্থান আরও বাষ্প ধরে রাখতে পারে অথবা ঐ স্থানে সামান্য তরল পদার্থ রাখলে যদি তা বাষ্পে পরিণত হয় তবে ঐ বাষ্পকে অসম্পৃক্ত বাষ্প বলে।
২. এটি একটি আবদ্ধ স্থানে তৈরী করা যায়।	২. এটি আবদ্ধ বা খোলা যে কোন স্থানে তৈরী হতে পারে।
৩. কোন একটি নির্দিষ্ট তাপমাত্রায় সম্পৃক্ত বাষ্প সর্বাধিক চাপ প্রয়োগ করে এবং এ চাপ আয়তনের উপর নির্ভর করে না।	৩. সমান তাপমাত্রা ও আয়তনের অসম্পৃক্ত বাষ্পের চাপ সম্পৃক্ত বাষ্পের চাপ অপেক্ষা কম হয়। এ চাপ আয়তনের উপর নির্ভর করে।

সম্পৃক্ত বাষ্প	অসম্পৃক্ত বাষ্প
৪. যদি কোন আবদ্ধ স্থানে তরল পদার্থের সংস্পর্শে কিছু বাষ্প থাকে তবে বুঝতে হবে যে, ঐ বাষ্প সম্পৃক্ত বাষ্প।	৪. কোন আবদ্ধ স্থানে যদি কিছু বাষ্প থাকে কিন্তু কোন তরল পদার্থ না থাকে তবে ঐ বাষ্প অসম্পৃক্ত বা সदा সম্পৃক্ত হতে পারে। এ স্থানের আয়তন সামান্য কমালে যদি কিছু বাষ্প তরলে পরিণত হয় তবে ঐ বাষ্প সदा সম্পৃক্ত অন্যথায় অসম্পৃক্ত।
৫. সম্পৃক্ত বাষ্প বয়েল-এর সূত্র মানে না। অর্থাৎ স্থির তাপমাত্রায় সম্পৃক্ত বাষ্পের আয়তনের পরিবর্তনের সাথে সম্পৃক্ত বাষ্প চাপের কোন পরিবর্তন হয় না।	৫. অসম্পৃক্ত বাষ্প বয়েলে-এর সূত্র মানে অর্থাৎ তাপমাত্রা কোন পরিবর্তন না হলে অসম্পৃক্ত বাষ্পের চাপ ও আয়তনের গুণফল ধ্রুবক।
৬. সম্পৃক্ত বাষ্প চার্লস-এর সূত্র মেনে চলে না। অর্থাৎ তাপমাত্রার পরিবর্তনের সাথে সম্পৃক্ত বাষ্প চাপের যে পরিবর্তন হয় তা চার্লসের সূত্রানুযায়ী হয় না।	৬. অসম্পৃক্ত বাষ্প চার্লস-এর সূত্র মানে। অর্থাৎ তাপমাত্রা হ্রাসের সাথে সাথে অসম্পৃক্ত বাষ্পের চাপ হ্রাস পায়।
৭. সম্পৃক্ত বাষ্প চাপীয় সূত্র মেনে চলে না।	৭. অসম্পৃক্ত বাষ্প চাপীয় সূত্র মানে।
৮. সম্পৃক্ত বাষ্প সাধারণ গ্যাসের ন্যায় আচরণ করে না।	৮. অসম্পৃক্ত বাষ্প সাধারণ গ্যাসের ন্যায় আচরণ করে।
৯. সম্পৃক্ত বাষ্পের সংস্পর্শে যথেষ্ট তরল পদার্থ না থাকলে স্থির তাপমাত্রায় ঐ বাষ্পের আয়তন বৃদ্ধি করলে, তরল পদার্থ বাষ্পীভূত হবার পর ঐ স্থান বাষ্পে অসম্পৃক্ত হবে।	৯. একটি নির্দিষ্ট পরিমাণ অসম্পৃক্ত বাষ্পের তাপমাত্রা স্থির রেখে তার আয়তন ক্রমাগত কমতে থাকলে এক সময় ঐ স্থান বাষ্পে সম্পৃক্ত হবে।
১০. তাপমাত্রা বৃদ্ধি করে একটি নির্দিষ্ট পরিমাণ সম্পৃক্ত বাষ্পকে অসম্পৃক্ত বাষ্পে পরিণত করা যায়।	১০. তাপমাত্রা কমিয়ে একটি নির্দিষ্ট পরিমাণ অসম্পৃক্ত বাষ্পকে সম্পৃক্ত বাষ্পে পরিণত করা যায়।

[Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ১০.১৯.৩, পৃষ্ঠা: ৬৯০-৬৯১]

৬১) নিম্নের কোন্টি অসম্পৃক্ত বাষ্পের বৈশিষ্ট্য? [ডে: জ: প: ১০-১১]

- (A) তাপমাত্রা বৃদ্ধি করে একটি নির্দিষ্ট পরিমাণ অসম্পৃক্ত বাষ্পকে সম্পৃক্ত করা হয়।  
(B) যে স্থানে অসম্পৃক্ত বাষ্প থাকে ঐখানে নির্দিষ্ট তাপমাত্রায় আরো বাষ্প গ্রহণ করতে পারে।  
(C) বয়েলের সূত্র মেনে চলে না।  
(D) চার্লসের সূত্র মেনে চলে না।

উত্তর: (B) যে স্থানে অসম্পৃক্ত বাষ্প থাকে ঐখানে নির্দিষ্ট তাপমাত্রায় আরো বাষ্প গ্রহণ করতে পারে।

Note: উপরের ৬০ নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

৬২) কোন তরলের সম্পৃক্ত বাষ্পীয় চাপ- [মে: জ: প: ৯৯-১০০]

- (A) তাপের পরিবর্তনের সাথে অপরিবর্তিত থাকে।  
(B) তাপমাত্রা বৃদ্ধির সাথে সাথে বৃদ্ধি অথবা হ্রাস পেতে পারে।  
(C) তাপমাত্রা বৃদ্ধির সঙ্গে সঙ্গে হ্রাস পায়।  
(D) তাপমাত্রার বৃদ্ধির সঙ্গে সঙ্গে বৃদ্ধি পায়।

উত্তর: (D) তাপমাত্রার বৃদ্ধির সঙ্গে সঙ্গে বৃদ্ধি পায়।

Note: উপরের ৬০ নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

৬৩ নিচের কোন্টি সত্য নয়?

- (A) সম্পৃক্ত বাষ্প শুধু আবদ্ধ স্থানে তৈরী করা যায়।  
 (B) সম্পৃক্ত বাষ্প স্থায়ী তরলের সাথে সাম্যাবস্থায় অবস্থান করে।  
 (C) সম্পৃক্ত বাষ্প চার্লস ও বয়েল এর সূত্র মেনে চলে।  
 (D) তাপমাত্রা বৃদ্ধি করলে নির্দিষ্ট পরিমাণ সংপৃক্ত বাষ্প অসম্পৃক্ত বাষ্পে পরিণত হয়।

উত্তর: (C) সম্পৃক্ত বাষ্প চার্লস ও বয়েল এর সূত্র মেনে চলে।

Note: উপরের ৬০ নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

৬৪ পানিকে 7°C থেকে 1°C এ ঠাণ্ডা করলে কী ঘটে?

- (A) এটি শুধুমাত্র সংকুচিত হয়  
 (B) এটি শুধুমাত্র প্রসারিত হয়  
 (C) এটি প্রথমে সংকুচিত হয় এবং পরে প্রসারিত হয়  
 (D) এটি প্রথমে প্রসারিত হয়, তারপর সংকুচিত হয় এবং পরে আবার প্রসারিত হয়

উত্তর: (C) এটি প্রথমে সংকুচিত হয় এবং পরে প্রসারিত হয়

ব্যাখ্যা:

পানির আয়তন পরিবর্তন: পানির ঘনত্ব 4°C তাপমাত্রায় সবচেয়ে বেশি। কাজেই 7°C তাপমাত্রা থেকে পানিকে ঠাণ্ডা করলে 4°C তাপমাত্রা পর্যন্ত আয়তন সংকোচন ঘটে। এরপর আরো ঠাণ্ডা করলে আবার প্রসারিত হয়।

[Ref: অধ্যাপক শামসুর রহমান সেনু (বর্ধিত সংস্করণ-২০১৭), অনুশীলনীর বহুনির্বাচনি প্রশ্ন: ১৫, পৃষ্ঠা: ৫৬০]

৬৫ নির্দিষ্ট তাপমাত্রায় কোন আবদ্ধ স্থান সর্বাধিক যে পরিমাণ বাষ্প ধারণ করতে পারে, তা অপেক্ষা কম বাষ্প থাকলে তাকে কী বলে?

[মে: ভ: প: ০০-০১]

- (A) অসম্পৃক্ত বাষ্প (B) সম্পৃক্ত বাষ্পচাপ  
 (C) সম্পৃক্ত বাষ্প (D) অসম্পৃক্ত বাষ্পচাপ

উত্তর: (A) অসম্পৃক্ত বাষ্প

ব্যাখ্যা:

সম্পৃক্ত বাষ্প: নির্দিষ্ট তাপমাত্রায় কোন আবদ্ধ স্থানে সর্বাধিক যে পরিমাণ বাষ্প ধারণ করতে পারে তাকে সম্পৃক্ত বাষ্প বলা হয়।

অসম্পৃক্ত বাষ্প: নির্দিষ্ট তাপমাত্রায় কোন আবদ্ধ স্থান সর্বাধিক যে পরিমাণ বাষ্প ধারণ করতে পারে, তা অপেক্ষা কম বাষ্প থাকলে তাকে অসম্পৃক্ত বাষ্প বলা হয়।

➤ নীচের সংজ্ঞা দুটিও মনে রাখার চেষ্টা কর।

সম্পৃক্ত বাষ্প চাপ: কোন নির্দিষ্ট তাপমাত্রায় কোন আবদ্ধ স্থানের বাষ্প যে সর্বাধিক চাপ প্রয়োগ করে তাকে সম্পৃক্ত বাষ্পচাপ বলা হয়।

অসম্পৃক্ত বাষ্প চাপ: কোন নির্দিষ্ট তাপমাত্রায় কোন আবদ্ধ স্থানের বাষ্প যদি সর্বাধিক বাষ্প চাপ অপেক্ষা কম চাপ প্রয়োগ করে তবে উত্কে অসম্পৃক্ত বাষ্প চাপ বলা হয়।

[Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ১০.২০, পৃষ্ঠা: ৬৮৯]

৬৬ নির্দিষ্ট তাপমাত্রায় কোন আবদ্ধ স্থানে সর্বাধিক যে পরিমাণ বাষ্প ধারণ করতে পারে তাকে বলা হয়-

- (A) অসম্পৃক্ত বাষ্প (B) সম্পৃক্ত বাষ্প চাপ  
 (C) সম্পৃক্ত বাষ্প প (D) অসম্পৃক্ত বাষ্প চাপ

উত্তর: (C) সম্পৃক্ত বাষ্প প

Note: উপরের ৬৫নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

৬৭ নিম্নে কোন্টি 16°C তাপমাত্রায় সম্পৃক্ত জলীয় বাষ্পের চাপ?

[মে: ভ: প: ১০-১১]

- (A) 15.48 (B) 11.99  
 (C) 10.52 (D) 13.63

উত্তর: (D) 13.63

ব্যাখ্যা:

সম্পৃক্ত জলীয় বাষ্পের চাপ:

তাপমাত্রা (°C)	চাপ (mm HgP)	তাপমাত্রা (°C)	চাপ (mm HgP)
0	4.58	28	28.35
2	5.29	30	31.83
4	6.10	32	35.66
6	7.01	34	39.90
8	8.05	36	44.42
10	9.21	38	49.58
12	10.52	40	55.32
14	11.99	50	92.51
16	13.63	60	149.38
18	15.48	70	233.70
20	17.54	80	355.10
22	19.83	90	525.76
24	22.38	100	760.00
26	25.21		

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ১০.১৯, পৃষ্ঠা: ৫৮৭]

৬৮ বায়ুর প্রতি একক আয়তনে উপস্থিত জলীয় বাষ্পের ভরকে কী বলে?

- (A) শিশিরাঙ্ক (B) আপেক্ষিক আর্দ্রতা  
 (C) পরম আর্দ্রতা (D) বাষ্প ঘনত্ব

উত্তর: (C) পরম আর্দ্রতা

ব্যাখ্যা:

পরম আর্দ্রতা: কোন সময় কোন স্থানের একক আয়তনের বায়ুতে যে পরিমাণ জলীয় বাষ্প থাকে তাকে ঐ বায়ুর পরম আর্দ্রতা বলা হয়। সাধারণত এক ঘন মিটার আয়তনের বায়ুতে যে পরিমাণ জলীয় বাষ্প থাকে তা বায়ুর পরম আর্দ্রতা নির্দেশ করে।

“বায়ুর পরম আর্দ্রতা  $10^{-2} \text{ kg. m}^{-2}$ ” – এটি দ্বারা বুঝা যায় যে, এক ঘনমিটার আয়তনের বায়ুতে  $10^{-2} \text{ kg.}$  জলীয় বাষ্প বিদ্যমান আছে।

আপেক্ষিক আর্দ্রতা: কোন নির্দিষ্ট তাপমাত্রায় একটি নির্দিষ্ট আয়তনের বায়ুতে যে পরিমাণ জলীয় বাষ্প থাকে ঐ তাপমাত্রায় ঐ আয়তনের বায়ুতে সম্পৃক্ত করতে যে পরিমাণ জলীয় বাষ্পের প্রয়োজন হয় তাদের অনুপাতকে আপেক্ষিক আর্দ্রতা বলা হয়। এই অনুপাত দ্বারা বায়ু কতখানি ভিজা বা শুষ্ক তা নির্দেশ করা হয়। একে সাধারণত R দ্বারা ব্যক্ত করা হয়।

শিশিরাঙ্ক: যে তাপমাত্রায় একটি নির্দিষ্ট আয়তনের বায়ু তার ভিতরের জলীয় বাষ্প দ্বারা সম্পৃক্ত হয় তাকে ঐ বায়ুর শিশিরাঙ্ক বলা হয়। অর্থাৎ, যে তাপমাত্রায় শিশির জমতে বা অদৃশ্য হতে শুরু করে তাকে শিশিরাঙ্ক বলা হয়।

[Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ১০.২০, পৃষ্ঠা: ৬৯১-৬৯২]

৬৯ দিনে রাখা অলো: আর্দ্রতা সম্পর্কিত কয়েকটি প্রাকৃতিক ঘটনা: শিশির (Dew): শীতের সকালে ঘাসের ওপর বিন্দু বিন্দু পানি জমে, এগুলোকে শিশির বলে। দিনের বেলায় সূর্যের তাপে ভূ-পৃষ্ঠ ও সংলগ্ন বায়ু উত্তপ্ত হয়। এ সময় বায়ু জলীয় বাষ্প দ্বারা অসম্পৃক্ত থাকে। কিন্তু রাতের বেলায় ভূ-পৃষ্ঠ তাপ বিকিরণ করে ধীরে ধীরে শীতল হতে থাকে। ঘাস পাতা ইত্যাদির তাপ বিকিরণের হার বেশি বলে এগুলো বেশি শীতল হয় এবং সাথে সাথে সংলগ্ন বায়ুকেও শীতল করে। এগুলোর তাপমাত্রা শিশিরাঙ্কের নিচে নেমে গেলে জলীয় বাষ্প ঘনীভূত হয়ে এগুলোর গায়ে বিন্দু বিন্দু আকারে জমা হয়।

কুয়াশা ও কুজুটিকা (Mist and Fog): শীতকালে কোনো কোনো সমতল কোনো বিস্তীর্ণ অঞ্চল জুড়ে ভূ-সংলগ্ন বায়ু মণ্ডলের তাপমাত্রা শিশিরাঙ্কের নিচে নেমে যায়, ফলে জলীয় বাষ্প ঘনীভূত হয়ে জল কণায় পরিণত হয়। ধূলি কণার মত জল কণগুলো বাতাসে ভেসে বেড়ায়। একে কুয়াশা বলে। কোনো কোনো সময় কুয়াশা এত ঘন হয় যে এর ভিতর দিয়ে কিছুই দেখা যায় না। তখন একে কুজুটিকা বলে।

**মেঘ (Cloud):** গ্রীষ্মকালে প্রখর সূর্যতাপে সাগর, নদী-নালা হতে প্রচুর পানি বাষ্প হয়ে ওপরের দিকে প্রবাহিত হয় এবং ওপরের অপেক্ষাকৃত শীতল বায়ুর সংস্পর্শে এসে তা ঠাণ্ডা হতে থাকে। ওপরের চাপ কম বলে বায়ু প্রসারিত হয় ফলে তাপমাত্রা আরো কমে যায়। এভাবে তাপমাত্রা কমে যখন শিশিরাক্ষের নিচে নেমে যায় তখন জলীয় বাষ্প ঘনীভূত হয়ে জল কণায় পরিণত হয়। এ জলকণা বাতাসে বাসতে থাকে। একে মেঘ বলে। মূলত মেঘ ও কুয়াশা একই। তবে কুয়াশা সৃষ্টি হয় ডু-পৃষ্ঠ অঙ্কলে আর মেঘ সৃষ্টি হয় ডু-পৃষ্ঠ থেকে অনেক ওপরে।

**বৃষ্টি (Rain):** মেঘে অবস্থিত জলকণাসমূহ পরস্পরের সাথে যুক্ত হয়ে বড় হতে থাকে। এগুলো যথেষ্ট বড় হয়ে ফোঁটায় পরিণত হলে বায়ুমণ্ডল তা আর ধরে রাখতে পারে না। অভিকর্ষের টানে নিচে নামতে থাকে এবং বৃষ্টিরূপে ডু-পৃষ্ঠে পরিণত হয়।

**শিলা (Sleet):** প্রবল বায়ু প্রবাহের কারণে কোনো কোনো সময় মেঘ আধক উপরে উঠে গেলে এর তাপমাত্রা হিমাক্ষের নিচে নেমে যায়। ফলে জল কণাসমূহ জমে বরফে পরিণত হয়। এর গায়ে আরো জল জমে, ফলে বরফ খণ্ডের আয়তন বৃদ্ধি পায় এবং অভিকর্ষের টানে ডু-পৃষ্ঠে পতিত হয়। একে শিলা বলে।

[Ref: অধ্যাপক গোলাম হোসেন গ্রামাণিক (৪র্থ সংস্করণ-২০১৭), অনু: ১০.১৫, পৃষ্ঠা: ৪৬৫]

৬৯ শরৎ কালে কোন সময়ে শিশির পড়ে? [ডে: ড: প: ২০১৮-১৯]

- (A) অমাবস্যার রাতে (B) মেঘমুক্ত রাতে  
(C) মেঘলা রাতে (D) পূর্ণিমার রাতে

উত্তর: (B) মেঘমুক্ত রাতে

**ব্যাখ্যা:** শিশির: আকাশ মেঘাচ্ছন্ন থাকলে ডু-পৃষ্ঠ তাপ বিকিরণ করে ঠাণ্ডা হতে পারে না। কারণ মেঘ তাপরোধী পদার্থ বলে ডু-পৃষ্ঠ হতে বিকিরণজনিত কারণে তাপ পরিবাহিত হতে পারে না। ফলে ডু-পৃষ্ঠ ঠাণ্ডা হয় না এবং শিশির জমে না। মেঘহীন রাত্রিতে ডু-পৃষ্ঠ তাপ বিকিরণ করে ঠাণ্ডা হতে থাকে এবং জলীয় বাষ্প ঘনীভূত হয়ে শিশির জমে। তাই মেঘাচ্ছন্ন রাত্রি অপেক্ষা মেঘশূন্য রাত্রি শিশির জমার জন্যে সহায়ক।

[Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ১০.২০.৬, পৃষ্ঠা: ৬৯৪]

৭০ শিশিরাক্ষ বলতে কী বুঝায়?

- (A) বায়ুস্থিত জলীয় বাষ্পের পরিমাণ  
(B) জলীয় বাষ্পের তাপমাত্রা  
(C) অসম্পৃক্ত জলীয় বাষ্পের তাপমাত্রা  
(D) যে তাপমাত্রায় বায়ুস্থিত জলীয় বাষ্প দ্বারা বায়ু সম্পৃক্ত হয়।

উত্তর: (D) যে তাপমাত্রায় বায়ুস্থিত জলীয় বাষ্প দ্বারা বায়ু সম্পৃক্ত হয়।

**ব্যাখ্যা:** শিশিরাক্ষ: যে তাপমাত্রায় একটি নির্দিষ্ট আয়তনের বায়ু তার ভিতরের জলীয় বাষ্প দ্বারা সম্পৃক্ত হয় তাকে ঐ বায়ুর শিশিরাক্ষ বলা হয়। অথবা, যে তাপমাত্রায় শিশির জমতে বা অদৃশ্য হতে শুরু করে তাকে শিশিরাক্ষ বলা হয়।

[Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ১০.২০.১, পৃষ্ঠা: ৬৯১]

৭১ কখন হ্রাসের বায়ুর শিশিরাক্ষ ১৫°C এক্ষেত্রে নিচের কোনটি সঠিক নয়?

- (A) ১৫°C তাপমাত্রায় ঐ স্থানের বায়ু তার মধ্যস্থ জলীয় বাষ্প দ্বারা সম্পৃক্ত হবে।  
(B) ১৫°C তাপমাত্রায় ঐ স্থানে শিশির গঠিত হবে।  
(C) ১৫°C তাপমাত্রায় ঐ স্থানে শিশির অদৃশ্য হতে শুরু করবে।  
(D) ১৫°C তাপমাত্রায় ঐ স্থানে তুষার পাত হবে।

উত্তর: (D) ১৫°C তাপমাত্রায় ঐ স্থানে তুষার পাত হবে।

**ব্যাখ্যা:** শিশিরাক্ষ: "কোন স্থানের বায়ুর শিশিরাক্ষ ১৫°C"-এটি দ্বারা বুঝা যায় যে, ১৫°C তাপমাত্রায় ঐ স্থানের বায়ু তার মধ্যস্থ জলীয় বাষ্প দ্বারা সম্পৃক্ত হবে। অথবা ১৫°C তাপমাত্রায় ঐ স্থানে শিশির গঠিত বা অদৃশ্য হতে শুরু করবে।

[Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ১০.২০, পৃষ্ঠা: ৬৯১]

৭১ কোন স্থানের বায়ুর শিশিরাক্ষ ১৫°C এক্ষেত্রে নিচের কোনটি সঠিক নয়?

- (A) ১৫°C তাপমাত্রায় ঐ স্থানের বায়ু তার মধ্যস্থ জলীয় বাষ্প দ্বারা সম্পৃক্ত হবে।  
(B) ১৫°C তাপমাত্রায় ঐ স্থানে শিশির গঠিত হবে।  
(C) ১৫°C তাপমাত্রায় ঐ স্থানে শিশির অদৃশ্য হতে শুরু করবে।  
(D) ১৫°C তাপমাত্রায় ঐ স্থানে তুষার পাত হবে।

উত্তর: (D) ১৫°C তাপমাত্রায় ঐ স্থানে তুষার পাত হবে।

**ব্যাখ্যা:** শিশিরাক্ষ: "কোন স্থানের বায়ুর শিশিরাক্ষ ১৫°C"-এটি দ্বারা বুঝা যায় যে, ১৫°C তাপমাত্রায় ঐ স্থানের বায়ু তার মধ্যস্থ জলীয় বাষ্প দ্বারা সম্পৃক্ত হবে। অথবা ১৫°C তাপমাত্রায় ঐ স্থানে শিশির গঠিত বা অদৃশ্য হতে শুরু করবে।

[Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ১০.২০, পৃষ্ঠা: ৬৯১]

৭২ আপেক্ষিক আর্দ্রতা ক্ষেত্রে সত্য নয়—

- (A) দুইটি রাশির অনুপাত (B) একক নেই  
(C) ভগ্নাংশে প্রকাশ করা হয় (D) বায়ু ভিজা বা শুক তা নির্দেশ করে

উত্তর: (C) ভগ্নাংশে প্রকাশ করা হয়

**ব্যাখ্যা:** আপেক্ষিক আর্দ্রতা: কোন নির্দিষ্ট তাপমাত্রায় একটি নির্দিষ্ট আয়তনের বায়ুতে যে পরিমাণ জলীয় বাষ্প থাকে ঐ তাপমাত্রায় ঐ আয়তনের বায়ুকে সম্পৃক্ত করতে যে পরিমাণ জলীয় বাষ্পের প্রয়োজন হয় তাদের অনুপাতকে আপেক্ষিক আর্দ্রতা বলা হয়। এই অনুপাত দ্বারা বায়ু কতখানি ভিজা বা শুক তা নির্দেশ করা হয়।

শিশিরাক্ষে সম্পৃক্ত জলীয় বাষ্পের চাপ  
আপেক্ষিক আর্দ্রতা,  $R = \frac{\text{বায়ুর তাপমাত্রায় সম্পৃক্ত জলীয় বাষ্পের চাপ}}{\text{শিশিরাক্ষে সম্পৃক্ত জলীয় বাষ্পের চাপ}}$

সাধারণত আপেক্ষিক আর্দ্রতা শতকরা হিসেবে প্রকাশ করা হয়। সুতরাং আপেক্ষিক আর্দ্রতা R দ্বারা, শিশিরাক্ষে সম্পৃক্ত জলীয় বাষ্পের চাপ f দ্বারা এবং বায়ুর তাপমাত্রায় সম্পৃক্ত জলীয় বাষ্পের চাপ F দ্বারা নির্দেশ করলে,

$$R = \frac{f}{F} \times 100\%$$

[Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ১০.২০.২, পৃষ্ঠা: ৬৯২-৬৯৩]

৭৩ জেনে রাখা ভালো:

"বায়ুর আপেক্ষিক আর্দ্রতা: ৬০%" - এ দ্বারা বুঝা যায় যে,

- (i) বায়ুর তাপমাত্রায় একটি নির্দিষ্ট আয়তনের ঐ বায়ুকে সম্পৃক্ত করতে যে পরিমাণ জলীয় বাষ্পের প্রয়োজন তার শতকরা ৬০ ভাগ জলীয় বাষ্প বায়ুতে আছে।  
(ii) বায়ুর তাপমাত্রায় ঐ বায়ুতে উপস্থিত জলীয় বাষ্পের চাপ একই তাপমাত্রায় সম্পৃক্ত জলীয় বাষ্পের চাপের ১০০ ভাগের ৬০ ভাগ অর্থাৎ  $\frac{60}{100}$  অংশ।  
(iii) ঐ বায়ুর শিশিরাক্ষে সম্পৃক্ত জলীয় বাষ্পের চাপ বায়ুর তাপমাত্রায় সম্পৃক্ত জলীয় বাষ্পের চাপের ১০০ ভাগের ৬০ ভাগ।

[Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ১০.২০.২, পৃষ্ঠা: ৬৯২-৬৯৩]

৭৪ নিচের কোন সমীকরণটি সঠিক নয়?

- (A) মূল গড় বর্গবেগ,  $C = \sqrt{\frac{3P}{\rho}}$   
(B) চাপ,  $P = \frac{1}{3} \rho \bar{c}^2$   
(C) আপেক্ষিক আর্দ্রতা,  $R = \frac{F}{f} \times 100\%$   
(D) গড় মুক্তপথ,  $\lambda = \frac{l}{n\pi\sigma}$

উত্তর: (C) আপেক্ষিক আর্দ্রতা,  $R = \frac{F}{f} \times 100\%$



ব্যাখ্যা:

**শিশিরাঙ্ক:** শিশিরাঙ্কে সম্পৃক্ত জলীয় বাষ্প  $f$  এবং  $1^\circ\text{C}$  সেলসিয়াস তাপমাত্রায় সম্পৃক্ত জলীয় বাষ্পের চাপ  $F$  হলে আপেক্ষিক আর্দ্রতা,

$$R = \frac{f}{F} \times 100\%$$

আমরা জানি,

$$PV = \frac{1}{3} mNC^2$$

$$\text{বা, } P = \frac{1}{3} \frac{M}{V} C^2$$

$$\text{বা, } P = \frac{1}{3} \rho C^2$$

$$\text{সুতরাং, } C = \sqrt{\frac{3P}{\rho}}$$

[Ref: অধ্যাপক আবদুল গণি (সংস্করণ-২০১৭), অনু: ১০.৫, ১০.৮; পৃষ্ঠা: ৩৩১, ৩৩৯]

**৭৪** বায়ুর আপেক্ষিক আর্দ্রতা নির্ণয়ের জন্য নিচের কোন্টি ব্যবহৃত হয়-

- (A) হাইগ্রোমিটার (B) ব্যারোমিটার  
(C) স্টিগমোম্যানোমিটার (D) থার্মোমিটার

উত্তর: (A) হাইগ্রোমিটার

ব্যাখ্যা:

**হাইগ্রোমিটার:** বায়ুর আপেক্ষিক আর্দ্রতা নির্ণয়ের জন্য যে যন্ত্র ব্যবহৃত হয় তাকে আর্দ্রতামাপক যন্ত্র বা হাইগ্রোমিটার বলা হয়। আর্দ্রতামাপক যন্ত্রগুলোকে নিম্নলিখিত শ্রেণিতে বিভক্ত করা যায়-

- (১) শিশিরাঙ্ক আর্দ্রতামাপক যন্ত্র
- (২) আর্দ্র ও শুষ্ক বাষ্প আর্দ্রতামাপক যন্ত্র
- (৩) রাসায়নিক আর্দ্রতামাপক যন্ত্র
- (৪) কেশ আর্দ্রতামাপক যন্ত্র

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ১০.২০, পৃষ্ঠা: ৫৮৭]

**৭৫** কোন্টি আর্দ্রতা মাপক যন্ত্র নয়?

- (A) সিক্ত ও শুষ্কবালব হাইগ্রোমিটার (B) শিশিরাঙ্ক হাইগ্রোমিটার  
(C) বৈদ্যুতিক হাইগ্রোমিটার (D) রাসায়নিক হাইগ্রোমিটার

উত্তর: (C) বৈদ্যুতিক হাইগ্রোমিটার

Note: উপরের ৭৪নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

**৭৬** সিক্ত ও শুষ্ক বাষ্প হাইগ্রোমিটারে থার্মোমিটার দুটির পার্থক্য ধীরে ধীরে কমতে থাকলে নিচের কোন তথ্যটি সঠিক?

- (A) ঝড়ের আভাস পাওয়া যায়  
(B) অনাবৃষ্টি বা খরার আভাস পাওয়া যায়  
(C) শুষ্ক আবহাওয়ার আভাস পাওয়া যায়  
(D) বৃষ্টি হওয়ার আভাস পাওয়া যায়

উত্তর: (D) বৃষ্টি হওয়ার আভাস পাওয়া যায়

ব্যাখ্যা:

**শুক ও আর্দ্র বাষ্প হাইগ্রোমিটারের সাহায্যে আবহাওয়ার পূর্বাভাস:**

আর্দ্র বায়ু অপেক্ষা শুষ্ক বায়ুতে পানি দ্রুত বাষ্পীভূত হয়। আবার বাষ্পায়ন যত বেশি হয় আর্দ্র বাষ্প থার্মোমিটারের পাঠ তত হ্রাস পায়। সুতরাং আর্দ্র ও শুষ্ক বাষ্প থার্মোমিটারের পাঠের পার্থক্য লক্ষ্য করে আবহাওয়ার মোটামুটি পূর্বাভাস দেয়া যায়।

**থার্মোমিটার দুটির পাঠের পার্থক্য:**

- (১) কম হলে পূর্বাভাসে আর্দ্র আবহাওয়া উল্লেখ করা যায়।
- (২) খুব বেশি হলে পূর্বাভাসে বলা যায় যে, আবহাওয়া শুষ্ক।
- (৩) ধীরে ধীরে কমতে থাকলে বলা যায় যে, বৃষ্টি হওয়ার সম্ভাবনা রয়েছে।
- (৪) হঠাৎ হ্রাস পেলে পূর্বাভাসে ঝড় হতে পারে উল্লেখ করা যায়।

[Ref: ড. তফাজ্জল হোসেন (সংস্করণ-২০১৮), অনু: ১০.৮, পৃষ্ঠা: ৬২৬]

**৭৭** যদি আর্দ্র ও শুষ্ক বাষ্প থার্মোমিটার একই তাপমাত্রা নির্দেশ করে তবে আর্দ্রতা হবে- **৫৯**

- (A) খুব বেশী (B) খুব কম  
(C) কম (D) উপরের কোনটিই নয়

উত্তর: (A) খুব বেশী

Note: উপরের ৭৬নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

**৭৮** শুষ্ক ও সিক্ত বাষ্পের মধ্যে তাপমাত্রার অধিক পার্থক্য নির্দেশ করে-

- (A) উচ্চ আপেক্ষিক আর্দ্রতা (B) নিম্ন আপেক্ষিক আর্দ্রতা  
(C) উচ্চ শিশিরাঙ্ক (D) কোনোটিই না

উত্তর: (B) নিম্ন আপেক্ষিক আর্দ্রতা

Note: উপরের ৭৬নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

**৭৯** সিক্ত ও শুষ্ক বাষ্প থার্মোমিটারে তাপমাত্রা পাঠের ব্যবধান বেশি হলে আমরা কী বুঝতে পারি?

- (A) আবহাওয়া আর্দ্রতা বেশি (B) আবহাওয়া শুষ্ক  
(C) ঝড় হতে পারে (D) বৃষ্টির সম্ভাবনা আছে

উত্তর: (B) আবহাওয়া শুষ্ক

Note: উপরের ৭৬নং প্রশ্নের ব্যাখ্যায় দেখুন।

**৮০** নিম্নের কোন্টি  $10^\circ\text{C}$  তাপমাত্রার শুষ্ক বালবের গ্রেসিয়ারের উৎপাদক (G)? **৫+**

- (A) 2.06 (B) 7.82  
(C) 4.04 (D) 1.99

উত্তর: (A) 2.06

ব্যাখ্যা:

**গ্রেসিয়ারের উৎপাদক:**  $10^\circ\text{C}$  তাপমাত্রার শুষ্ক বালবের গ্রেসিয়ারের

উৎপাদক (G) 2.06.

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ১০.২০, পৃষ্ঠা: ৫৮৭]

**৮১** আর্দ্রতামিতি সম্পর্কিত নিচের কোন ঘটনাটি সঠিক নয়?

- (A) বর্ষার দিন অপেক্ষা শীতকালে ভিজা কাপড় তাড়াতাড়ি শুকায়।  
(B) মেঘ শূন্য রাত্রি অপেক্ষা মেঘাচ্ছন্ন রাত্রি শিশির সৃষ্টির জন্য সহায়ক।  
(C) ঘর্মাক্ত দেহে পাখার বাতাস লাগলে আরাম অনুভূত হয়।  
(D) গরমের দিনে কুকুর জিহ্বা বের করে দৌড়ায়।

উত্তর: (B) মেঘ শূন্য রাত্রি অপেক্ষা মেঘাচ্ছন্ন রাত্রি শিশির সৃষ্টির জন্য সহায়ক।  
ব্যাখ্যা:

**আর্দ্রতামিতি সম্পর্কিত কিছু ঘটনা:**

☉ একই তাপমাত্রায় ঢাকা অপেক্ষা কক্সবাজারে বেশি অশুষ্টি বোধ হয়। কক্সবাজার সমুদ্রতীরবর্তী বলে সেখানে আপেক্ষিক আর্দ্রতা বেশি। ঢাকা শুষ্ক হওয়ায় ঋতাবিকভাবেই সেখানকার অপেক্ষিক আর্দ্রতা কম। ফলে ঢাকার শরীর থেকে নির্গত ঘাম দ্রুত শুকাবে ও শরীর থেকে বেশি সুগুণ্ডাপ গ্রহণ করবে। ফলে দেহ শীতল বোধ হয় ও শক্তি লাগে। ঢাকা থেকে কক্সবাজারে শরীর থেকে নির্গত ঘাম কম শুকাবে ও বাষ্পায়নের জন্য কম সুগুণ্ডাপ প্রয়োজন হবে। ফলে ঢাকা অপেক্ষা কক্সবাজারে বেশি অশুষ্টি বোধ হয়।

☉ বর্ষাকাল অপেক্ষা শীতকালে ভেজা কাপড় তাড়াতাড়ি শুকায়। শীতকালে তাপমাত্রা বর্ষাকাল অপেক্ষা কম হওয়া সত্ত্বেও বাষ্পায়ন দ্রুত হয় বলে তাড়াতাড়ি কাপড় শুকায়। বাষ্পায়ন নির্ভর করে আপেক্ষিক আর্দ্রতার উপর। বর্ষাকালে আপেক্ষিক আর্দ্রতা বেশি থাকে। শীতকালে বাতাসে আপেক্ষিক আর্দ্রতা কম হওয়া বলে ভেজা কাপড় থেকে বাষ্পায়ন দ্রুত হয়, ফলে কাপড় তাড়াতাড়ি শুকায়।

☉ শীতকালে ঠোঁটে গ্লিসারিন লাগানো হয়: শীতকালে বায়ুমণ্ডলে জলীয় বাষ্পের পরিমাণ অত্যন্ত কম থাকে। ফলে বায়ু যে-কোন স্থান থেকে জলীয় বাষ্প সংগ্রহ করে। দেহের অনাবৃত অংশের অপেক্ষাকৃত কোমল স্থানগুলো থেকে বায়ুমণ্ডল জলীয় বাষ্প টেনে নেয়। এর ফলে আমাদের ঠোঁট ঠোঁটে যেতে চায়। ঠোঁটে গ্লিসারিন লাগালে পানির বাষ্পায়নে বাধার সৃষ্টি করে। বায়ু মডল থেকে জলীয় বাষ্প সংগ্রহ করে ঠোঁটকে ভিজিয়ে রাখে।

১০. আকাশ মেঘলা থাকলে শিশির পড়ে না: রাতে ভূ-পৃষ্ঠ তাপ বিকিরণ করে থাকে। কিন্তু আকাশে যদি মেঘ থাকে, তাহলে ভূ-পৃষ্ঠ তাপ বিকিরণ করতে পারে না। কারণ, মেঘ তাপরোধী পদার্থ। তাপ সঞ্চালন করতে পারে না বলে ভূ-পৃষ্ঠ ঠাণ্ডা হয় না। ফলে আকাশ মেঘলা থাকলে শিশির পড়ে না। সুতরাং মেঘাচ্ছন্ন রাতি অপেক্ষা মেঘশূন্য রাতি শিশির সৃষ্টির জন্য সহায়ক।

১১. গরমের দিনে কুকুর জিহ্বা বের করে দৌড়ায়: গরমের দিনে কুকুরের শরীর উত্তপ্ত থাকে এবং কুকুর অস্বস্তিবোধ করে। কিন্তু কুকুরের জিহ্বার উপর এক প্রকার লাল থাকে। সেই লাল কুকুরের শরীর থেকে বাষ্পীভবনের সুপ্ত গ্রহণ করে এবং কুকুরের শরীর ঠাণ্ডা হয়। কুকুর স্বস্তি অনুভব করে। সেজন্য কুকুর জিহ্বা বের করে দৌড়ায়।

১২. ঘর্মাক্ত দেহে পাখার বাতাস লাগলে আরাম অনুভূত হয়: ঘর্মাক্ত দেহে ঘর্ম অস্বস্তিকর। শরীরের ঘাম শরীর থেকে বাষ্পীভবনের সুপ্ত তাপ গ্রহণ করে বাষ্প হয়ে উড়ে যায়। পাখার বাতাস সেই গরম বাষ্পকে দূরীভূত করে। ফলে শরীর ঠাণ্ডা হয় এবং আরাম অনুভূত হয়।

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), অনু: ১০.২১, পৃষ্ঠা: ৫৮৯-৫৯০]

১৩. বর্ষার দিন অপেক্ষা শীতকালে ডিজা কাপড় তাড়াতাড়ি শুকায় কেন?

- (A) বাতাসে জলীয় বাষ্প বেশি থাকে  
(B) বাতাসে জলীয় বাষ্প কম থাকে  
(C) বাতাসের চাপ বেশি (D) বাতাসের চাপ কম

উত্তর: (B) বাতাসে জলীয় বাষ্প কম থাকে  
Note: উপরের ৮১ নং প্রশ্নের ব্যাখ্যা দেখুন।

১৪. একই তাপমাত্রায় রংপুর অপেক্ষা টেকনাফ অস্বস্তিকর কেন?

- (A) বাতাসের চাপ কম (B) আপেক্ষিক আর্দ্রতা কম  
(C) আপেক্ষিক আর্দ্রতা বেশি (D) বাতাসের চাপ বেশি

উত্তর: (C) আপেক্ষিক আর্দ্রতা বেশি  
Note: উপরের ৮১ নং প্রশ্নের ব্যাখ্যা দেখুন।

১৫. বায়ুগুলে জলীয় বাষ্প ঘনীভূত হওয়ার ফল নয় কোনটি?

- (A) শিশির (B) কুয়াশা  
(C) ঝড় (D) বৃষ্টি

উত্তর: (C) ঝড়

ব্যাখ্যা: জলীয় বাষ্প: বায়ুগুলে সর্বদা কিছু না কিছু জলীয় বাষ্প বিদ্যমান থাকে। এ জলীয় বাষ্প গ্যাসের ঠাণ্ডা সংস্পর্শে এসে ঘনীভূত হয়ে গ্যাসের গায়ে জমা হয়। বায়ুতে জলীয় বাষ্প আছে বলেই তাপমাত্রার পরিবর্তনে তা ঘনীভূত হয়ে মেঘ, বৃষ্টি, শিশির, কুয়াশা কুজুটিকা ইত্যাদির সৃষ্টি হয়।  
[Ref: অধ্যাপক গোলাম হোসেন প্রামাণিক (৪র্থ সংস্করণ-২০১৭), অনু: ১০.১৩, পৃষ্ঠা: ৪৬৫]

১৬. আমাদের দেহের পক্ষে বাচ্ছন্দ্যকর আপেক্ষিক আর্দ্রতার মান কত?

- (A) ৩০-৪০% (B) ৪০-৫০%  
(C) ৫০-৬০% (D) ৬০-৭০%

উত্তর: (C) ৫০-৬০%

ব্যাখ্যা: বাচ্ছন্দ্যকর আপেক্ষিক আর্দ্রতা: আমাদের দেহের পক্ষে বাচ্ছন্দ্যকর আপেক্ষিক আর্দ্রতার মান ৫০-৬০%। আপেক্ষিক আর্দ্রতা এর চেয়ে কম হলে শরীর শুষ্ক ও খসখসে হয়ে যায় এবং গা, পা ও ঠোঁট ফেটে যায় এবং শরীরের অবস্থার সৃষ্টি হয়।  
[Ref: অধ্যাপক আবদুল গণি (সংস্করণ-২০১৭), অনু: ১০.৮, পৃষ্ঠা: ৩৪৪]

১৭. নিচের কোন তথ্যটি সঠিক নয়?

- (A) শিশিরাক্ত ০° সেলসিয়াস অপেক্ষা নিচেও থাকতে পারে।  
(B) বাংলাদেশে শীতকালের চেয়ে গ্রীষ্মকালে বায়ুগুলে জলীয় বাষ্পের পরিমাণ বেশি।  
(C) গ্রেইসারের সূত্র  $(\theta_1 - \theta) = G(\theta_1 - \theta_2)$ ।  
(D) স্থির তাপমাত্রায় নির্দিষ্ট ভরের গ্যাসের ঘনত্ব চাপের ব্যস্তানুপাতিক।

উত্তর: (D) স্থির তাপমাত্রায় নির্দিষ্ট ভরের গ্যাসের ঘনত্ব চাপের ব্যস্তানুপাতিক।

ব্যাখ্যা:

বয়েলের সূত্র:

বয়েলের সূত্রানুসারে,

$$P_1 V_1 = P_2 V_2$$

$$\text{বা, } P_1 = \frac{m}{\rho_1}, P_2 = \frac{m}{\rho_2}$$

$$\text{বা, } \frac{P_1}{\rho_1} = \frac{P_2}{\rho_2}$$

অর্থাৎ  $\rho \propto P$ .

সুতরাং স্থির তাপমাত্রায় নির্দিষ্ট ভরের গ্যাসের ঘনত্ব চাপের সমানুপাতিক।

[Ref: অধ্যাপক আবদুল গণি (সংস্করণ-২০১৭), পৃষ্ঠা: ৩৩৩, ৩৩৬, ৩৪০, ৩৪৫]

১৮. জেনে রাখা ভালো:

স্থির চাপে গ্যাসের ঘনত্ব এর পরম তাপমাত্রার ব্যস্তানুপাতিক। অর্থাৎ  $\rho \propto \frac{1}{T}$

১৯. জলীয় বাষ্পের ঘনত্বের সাথে বায়ুর চাপের সম্পর্ক হলো-

(A)  $\rho \propto P^2$  (B)  $\rho \propto \sqrt{P}$

(C)  $\rho \propto P$  (D)  $\rho \propto \frac{1}{P}$

উত্তর: (C)  $\rho \propto P$

Note: উপরের ৮৬নং প্রশ্নের ব্যাখ্যা দেখুন।

## মেডিকেল ভর্তি পরীক্ষার জন্যে Important গাণিতিক MCO সমূহ:

এ অধ্যায়ে গুরুত্বপূর্ণ গাণিতিক সূত্রসমূহ:

- বয়েলের সূত্র  $P_1 V_1 = P_2 V_2$
- চার্লসের সূত্র  $V_0 = V_0 (1 + \gamma_p \Delta\theta)$
- চার্লসের সূত্র  $\frac{V_1}{T_1} = \frac{V_2}{T_2}$
- চাপের সূত্র  $\frac{P_1}{T_1} = \frac{P_2}{T_2}$
- গ্যাসের সমন্বয় সূত্র  $PV = RT$
- গ্যাসের সমন্বয় সূত্র  $PV = nRT$
- গ্যাসের সমন্বয় সূত্র  $\frac{P_1 V_1}{T_1} = \frac{P_2 V_2}{T_2}$
- গড় মুক্ত পথ  $\lambda = \frac{1}{n \pi \sigma^2}$
- গড় মুক্ত পথ  $\lambda = \frac{1}{\sqrt{2} n \pi \sigma^2}$
- গ্যাসের গতি তত্ত্বের সূত্র  $PV = \frac{1}{3} mn c^2$
- গ্যাসের গতি তত্ত্বের সূত্র  $P = \frac{1}{3} \rho c^2$
- গ্যাসের গতি তত্ত্বের সূত্র  $PV = \frac{2}{3} E$
- মূল গড় বর্গবেগ  $c_r \propto \sqrt{T}$
- মূল গড় বর্গবেগ  $c_r = \sqrt{\frac{3P}{\rho}}$
- আপেক্ষিক আর্দ্রতা  $R = \frac{f}{F} \times 100\%$
- গ্রেইসারের সূত্র  $(\theta_1 - \theta) = G(\theta_1 - \theta_2)$

বিডিনি.কম

৮৮ স্বাভাবিক তাপমাত্রা ও চাপে কিছু শুষ্ক বায়ু সংশ্লিষ্ট প্রক্রিয়ায়

- সংশ্লিষ্ট করে এর আয়তন অর্ধেক করা হলে চূড়ান্ত চাপ কত?  
 (A)  $1.025 \times 10^5 \text{ Nm}^{-2}$  (B)  $2.026 \times 10^5 \text{ Nm}^{-2}$   
 (C)  $3.025 \times 10^5 \text{ Nm}^{-2}$  (D)  $5.026 \times 10^5 \text{ Nm}^{-2}$

উত্তর: (B)  $2.026 \times 10^5 \text{ Nm}^{-2}$

সমাধান:

চাপ নির্ণয়:

এখানে,

প্রাথমিক চাপ,  $P_1 = 1.013 \times 10^5 \text{ Nm}^{-2}$

প্রাথমিক আয়তন =  $V_1$

চূড়ান্ত আয়তন,  $V_2 = \frac{V_1}{2}$

চূড়ান্ত চাপ,  $P_2 = ?$

আমরা জানি,

$P_1 V_1 = P_2 V_2$

বা,  $P_2 V_2 = P_1 V_1$

বা,  $P_2 = \frac{V_1}{V_2} P_1 = \frac{2V_1}{V_1} P_1 = 2P_1$

$= 2 \times 1.013 \times 10^5 \text{ Nm}^{-2}$

$= 2.026 \times 10^5 \text{ Nm}^{-2}$

[Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), উদা: ১, পৃষ্ঠা: ৬৬৬]

৮৯  $0^\circ\text{C}$  তাপমাত্রায় অক্সিজেনের মূল গড় বর্গ বেগ কত?

- (A)  $261 \text{ ms}^{-1}$  (B)  $361 \text{ ms}^{-1}$   
 (C)  $461 \text{ ms}^{-1}$  (D)  $561 \text{ ms}^{-1}$

উত্তর: (C)  $461 \text{ ms}^{-1}$

সমাধান:

মূল গড় বর্গবেগ নির্ণয়:

এখানে,

$R = \text{গ্যাস ধ্রুবক} = 8.31 \text{ Joule mole}^{-1} \text{ K}^{-1}$

$T = \text{পরম তাপমাত্রা} = 273 \text{ K}$

$M = \text{গ্রাম আণবিক ভর} = 32 \text{ g} = 32 \times 10^{-3} \text{ kg}$

আমরা জানি, মূল গড় বর্গবেগ  $C = \sqrt{\frac{3RT}{M}}$

$\therefore$  মূল গড় বর্গবেগ,  $C = \sqrt{\frac{3 \times 8.31 \times 273}{32 \times 10^{-3}}} \text{ ms}^{-1}$

$= \sqrt{212684} \text{ ms}^{-1}$

$= 461 \text{ ms}^{-1}$

[Ref: ড. তফজ্জাল হোসেন (সংস্করণ-২০১৮), উদা: ৬, পৃষ্ঠা: ৬১৪]

৯০  $27^\circ\text{C}$  তাপমাত্রায় প্রতি গ্রাম হিলিয়াম গ্যাসের গতিশক্তি কত?

- (A)  $2550 \text{ J mol}^{-1}$  (B)  $3735 \text{ J mol}^{-1}$   
 (C)  $3310 \text{ J mol}^{-1}$  (D)  $2200 \text{ J mol}^{-1}$

উত্তর: (B)  $3735 \text{ J mol}^{-1}$

সমাধান:

গতিশক্তি নির্ণয়: গতিশক্তি  $= \frac{3}{2} RT = \frac{3}{2} \times 8.3 \times 300$

$= 3735 \text{ J mol}^{-1}$

[Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), উদা: ৪, পৃষ্ঠা: ৬৮১]

৯১ একটি নির্দিষ্ট পরিমাণ বায়ুকে সমোষ্ণ প্রক্রিয়ায় সংকুচিত করে  
 আদি আয়তনের অর্ধেক করা হলে চূড়ান্ত চাপ আদি চাপের কত গুণ  
 হবে?

- (A) দ্বিগুণ (B) তিনগুণ  
 (C) চারগুণ (D) পাঁচগুণ

উত্তর: (A) দ্বিগুণ

সমাধান:

চাপ নির্ণয়:

$P_1 V_1 = P_2 V_2$

$\therefore P_2 = \frac{P_1 V_1}{V_2} = \frac{P_1 V}{\frac{V}{2}} = 2P_1$

এখানে,  
 আদি আয়তন,  $V_1 = V$   
 চূড়ান্ত আয়তন,  $V_2 = \frac{V}{2}$   
 আদি চাপ,  $P_1 = P$   
 চূড়ান্ত চাপ,  $P_2 = ?$

উত্তর: চূড়ান্ত চাপ আদি চাপের দ্বিগুণ হবে।

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), উদা: ১০.১, পৃষ্ঠা: ২৩০]

৯২ কোন গ্যাস অণুর ব্যাস  $3 \times 10^{-10} \text{ m}$  এবং প্রতি ঘন সেন্টিমিটারে  
 অণুর সংখ্যা  $6 \times 10^{20}$  হলে অণুর গড় মুক্ত পথ নির্ণয় কর?

- (A)  $1.125 \times 10^{-7} \text{ cm}$  (B)  $2.05 \times 10^{-7} \text{ cm}$   
 (C)  $3.63 \times 10^{-7} \text{ cm}$  (D)  $4.17 \times 10^{-7} \text{ cm}$

উত্তর: (D)  $4.17 \times 10^{-7} \text{ cm}$

সমাধান:

গড় মুক্ত পথ নির্ণয়:

দেওয়া আছে,

অণুর ব্যাস  $\sigma = 3 \times 10^{-10} \text{ m} = 3 \times 10^{-8} \text{ cm}$

প্রতি ঘন সেন্টিমিটারে অণুর সংখ্যা  $n = 6 \times 10^{20}$

গড় মুক্ত পথ  $\lambda = ?$

আমরা জানি,

$\lambda = \frac{1}{\sqrt{2} n \pi \sigma^2} = \frac{1}{\sqrt{2} \times 6 \times 10^{20} \times 3.14 (3 \times 10^{-8})^2}$   
 $= .004417 \times 10^{-4} \text{ cm}$

উত্তর:  $4.17 \times 10^{-7} \text{ cm}$

[Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), গাণি: উদা: ১০.৪-৩নং, পৃষ্ঠা: ৬৮১]

৯৩ স্থির চাপে কোন তাপমাত্রায় কোনো গ্যাসের অণুর মূল গড়  
 বর্গবেগ প্রমাণ চাপ ও তাপমাত্রার মূল গড় বর্গবেগের অর্ধেক হবে?

- (A)  $136.5 \text{ K}$  (B)  $204.75 \text{ K}$   
 (C)  $68.25 \text{ K}$  (D)  $192.25 \text{ K}$

উত্তর: (C)  $68.25 \text{ K}$

সমাধান:

আমরা জানি,

$\frac{C_{2rms}}{C_{1rms}} = \sqrt{\frac{T_2}{T_1}}$

বা,  $\frac{1}{2} = \sqrt{\frac{T_2}{T_1}}$

বা,  $\frac{T_2}{T_1} = \left(\frac{1}{2}\right)^2 = \frac{1}{4}$

$\therefore T_2 = \frac{1}{4} \times T_1 = \frac{1}{4} \times 273$   
 $= 68.25 \text{ K}$

এখানে,  
 $C_{2rms} = \frac{1}{2} C_{1rms}$   
 প্রমাণ তাপমাত্রা  $T_1 = 273 \text{ K}$   
 নির্ণয় তাপমাত্রা,  $T_2 = ?$

[Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ১০.১৩, গাণি: উদা: ২, পৃষ্ঠা: ৬৮১]

৯৬.  $27^\circ\text{C}$  তাপমাত্রার গ্যাসকে কত তাপমাত্রায় নেওয়া হলে গড়

বেগ দ্বিগুণ হবে?

- (A) 300K (B) 600K  
(C) 900K (D) 1200K

উত্তর: (D) 1200K

সমাধান:

আমরা জানি,

$$\frac{c_2}{c_1} = \sqrt{\frac{T_2}{T_1}} = \sqrt{\frac{T_2}{300}}$$

$$\text{বা, } \frac{2c_1}{c_1} = \sqrt{\frac{T_2}{300}} \text{ বা, } 2 = \sqrt{\frac{T_2}{300}}$$

$$\text{বা, } 4 = \frac{T_2}{300}$$

$$\therefore T_2 = 4 \times 300 = 1200\text{K}$$

[Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), অনু: ১০.১৩, পাণি: উদা: ৬, পৃষ্ঠা: ৬৮-১]

৯৭.  $27^\circ\text{C}$  তাপমাত্রায় দুটি হিলিয়াম পরমাণুর গতিশক্তি কত হবে?

- (A)  $1.24 \times 10^{-20}$  J (B)  $2.19 \times 10^{-20}$  J  
(C)  $5.61 \times 10^{-20}$  J (D)  $8.53 \times 10^{-20}$  J

উত্তর: (A)  $1.24 \times 10^{-20}$  J

সমাধান:

গতিশক্তি নির্ণয়:

এখানে,

$$\text{তাপমাত্রা, } T = 27^\circ\text{C} = (273 + 27) \text{ K} = 300 \text{ K}$$

$$\text{বোলজমান ধ্রুবক, } k = 1.38 \times 10^{-23} \text{ JK}^{-1}$$

$$\text{দুটি হিলিয়াম পরমাণুর গতিশক্তি, } E = ?$$

আমরা জানি,

$$\text{একটি হিলিয়াম পরমাণুর গতিশক্তি, } E = \frac{3}{2} kT$$

$\therefore$  দুটি হিলিয়াম পরমাণুর গতিশক্তি,

$$E = 2 \times \frac{3}{2} kT = 3 kT$$

$$= 3 \times 1.38 \times 10^{-23} \text{ JK}^{-1} \times 300 \text{ K}$$

$$= 1.24 \times 10^{-20} \text{ J}$$

উত্তর:  $1.24 \times 10^{-20}$  J

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), উদা: ১০.১২, পৃষ্ঠা: ৫৯৬]

৯৮. S.T.P তে হাইড্রোজেনের অণুগুলোর মূল গড় বর্গ বেগ কত

হবে? S.T.P তে হাইড্রোজেনের ঘনত্ব  $0.09 \text{ kg m}^{-3}$ .

- (A)  $3.12 \text{ k ms}^{-1}$  (B)  $1.84 \text{ k ms}^{-1}$   
(C)  $5.02 \text{ k ms}^{-1}$  (D)  $2.91 \text{ k ms}^{-1}$

উত্তর: (B)  $1.84 \text{ k ms}^{-1}$

সমাধান:

গড় বর্গবেগ নির্ণয়:

এখানে,

$$\text{S.T.P. তে হাইড্রোজেনের ঘনত্ব, } \rho = 0.09 \text{ kg m}^{-3}$$

$$\text{S.T.P. চাপ, } p = 1.013 \times 10^5 \text{ N m}^{-2}$$

$$\text{মূল গড় বর্গ বেগ, } \sqrt{c^2} = ?$$

আমরা জানি,

$$p = \frac{1}{3} \rho c^2 \text{ বা, } c^2 = \frac{3p}{\rho}$$

$$\sqrt{c^2} = \sqrt{\frac{3p}{\rho}}$$

$$= \sqrt{\frac{3 \times 1.013 \times 10^5 \text{ N m}^{-2}}{0.09 \text{ kg m}^{-3}}}$$

$$= 1837.57 \text{ ms}^{-1} = 1.84 \text{ kms}^{-1}$$

উত্তর:  $1.84 \text{ kms}^{-1}$

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), উদা: ১০.৭, পৃষ্ঠা: ৫৯৫]

৯৯. কোন সময় বায়ুর শিশিরাক  $12^\circ\text{C}$  এবং আপেক্ষিক আর্দ্রতা  $80\%$ । বায়ুর তাপমাত্রায় সম্পৃক্ত জলীয় বাষ্পের চাপ কত হবে?

[ $12^\circ\text{C}$  এ জলীয় বাষ্প চাপ =  $10.52 \text{ mm}$  পারদ চাপ]

- (A)  $17.25 \text{ mm Hg}$  (B)  $11.27 \text{ mm Hg}$   
(C)  $13.15 \text{ mm Hg}$  (D)  $19.25 \text{ mm Hg}$

উত্তর: (C)  $13.15 \text{ mm Hg}$

সমাধান:

জলীয় বাষ্পচাপ নির্ণয়:

$$\text{আপেক্ষিক আর্দ্রতা, } R = 80\% = \frac{80}{100}$$

বায়ুর তাপমাত্রায় সম্পৃক্ত জলীয় বাষ্পের চাপ,  $F = ?$

$$\text{আমরা জানি, } R = \frac{f}{F}$$

$$\therefore F = \frac{f}{R} = \frac{10.52 \text{ mmHg} \times 100}{80} = 13.15 \text{ mm Hg}$$

উত্তর:  $13.15 \text{ mm Hg}$

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), উদা: ১০.১৫, পৃষ্ঠা: ৫৯৭]

১০০.  $18 \text{ g}$  হিলিয়াম গ্যাসপূর্ণ একটি বেলুনের আয়তন  $0.10 \text{ m}^3$ .

বেলুনের ভেতরে গ্যাসের চাপ  $1.2 \times 10^5 \text{ Nm}^{-2}$  হলে বেলুনের মধ্যবর্তী গ্যাসের তাপমাত্রা কত?

- (A)  $110.5 \text{ K}$  (B)  $320.9 \text{ K}$   
(C)  $550.3 \text{ K}$  (D)  $810.4 \text{ K}$

উত্তর: (B)  $320.9 \text{ K}$

সমাধান:

তাপমাত্রা নির্ণয়:

এখানে,

$$\text{হিলিয়ামের আণবিক ভর, } M = 4 \text{ g mol}^{-1}$$

$$\text{বেলুনের মধ্যে হিলিয়াম গ্যাসের ভর, } m = 18 \text{ g}$$

$$\text{বেলুনের মধ্যে হিলিয়ামের মোলসংখ্যা, } n = \frac{m}{M} = \frac{18 \text{ g}}{4 \text{ g mol}^{-1}} = 4.5 \text{ mol}$$

$$\text{গ্যাসের চাপ, } p = 1.2 \times 10^5 \text{ N m}^{-2}$$

$$\text{গ্যাসের আয়তন, } V = 0.10 \text{ m}^3$$

$$\text{সর্বজনীন গ্যাস ধ্রুবক, } R = 8.31 \text{ JK}^{-1} \text{ mol}^{-1}$$

$$\text{গ্যাসের তাপমাত্রা, } T = ?$$

আমরা জানি,

$$pV = nRT$$

$$\therefore T = \frac{pV}{nR} = \frac{(1.2 \times 10^5 \text{ N m}^{-2})(0.10 \text{ m}^3)}{(4.5 \text{ mol})(8.31 \text{ JK}^{-1} \text{ mol}^{-1})} = 320.9 \text{ K}$$

উত্তর:  $320.9 \text{ K}$

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), উদা: ১০.৩, পৃষ্ঠা: ৫৯৪]

৯৯  $100^\circ\text{C}$  তাপমাত্রায় 20 g অক্সিজেন একটি 20 cm দৈর্ঘ্যের ঘনককে পূর্ণ করে। এক মোল অক্সিজেনের ভর 32 g। ঘনকের অভ্যন্তরে অক্সিজেনের চাপ কত?

- (A) 7800 kPa (B) 242 kPa  
(C) 65 kPa (D) 12 kPa

উত্তর: (B) 242 kPa

সমাধান:

চাপ নির্ণয়:

দেওয়া আছে,

তাপমাত্রা,  $T = 100^\circ\text{C} = (273 + 100) = 373\text{ K}$

অক্সিজেনের ভর,  $m = 20\text{ g}$

1 মোল অক্সিজেনের ভর,  $M = 32\text{ g}$

ঘনকের এক বাহুর দৈর্ঘ্য,  $a = 20\text{ cm} = 0.2\text{ m}$

মোলার গ্যাস ধ্রুবক,  $R = 8.314\text{ JK}^{-1}\text{ mole}^{-1}$

ঘনকের ভেতরে চাপ,  $P = ?$

অক্সিজেনের মোল সংখ্যা,  $n = \frac{m}{M} = \frac{20}{32} = 0.625\text{ mol}$

ঘনকের আয়তন,  $v = (\text{বাহু})^3 = (0.2)^3 = 8 \times 10^{-3}\text{ m}^3$

আবার,

আমরা জানি,

আদর্শ গ্যাসের সমীকরণ হতে,  $PV = nRT$

$$\Rightarrow P = \frac{nRT}{V}$$

$$= \frac{0.625 \times 8.314 \times 373}{8 \times 10^{-3}}$$

$$= 242275\text{ Pa}$$

$$\approx 242\text{ KPa (প্রায়)}$$

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), সূত্র- ১০.৪, পৃষ্ঠা: ৫৯৪]

১০০ স্বাভাবিক তাপমাত্রা ও চাপে নাইট্রোজেনের ঘনত্ব  $1.25\text{ Kg m}^{-3}$ । অণুগুলোর গড় বর্গবেগের বর্গমূল এর মান কত?

- (A)  $c = 400\text{ ms}^{-1}$  (B)  $c = 125\text{ ms}^{-1}$   
(C)  $c = 493.07\text{ ms}^{-1}$  (D)  $c = 490.05\text{ ms}^{-1}$

উত্তর: (C)  $c = 493.07\text{ ms}^{-1}$

সমাধান:

বেগ নির্ণয়:

এখানে, স্বাভাবিক চাপ,  $P = 1.012 \times 10^5\text{ Nm}^{-2}$

স্বাভাবিক তাপমাত্রা,  $T = 273\text{ K}$

ঘনত্ব,  $\rho = 1.25\text{ Kg m}^{-3}$

স্বাভাবিক তাপমাত্রায় গড় বর্গবেগের বর্গমূল,  $C_{\text{rms}} = ?$

আমরা জানি,

$$C_{\text{rms}} = \sqrt{\frac{3P}{\rho}}$$

$$= \sqrt{\frac{3 \times 1.013 \times 10^5}{1.25}}$$

$$= 493.07\text{ ms}^{-1} \text{ (Ans.)}$$

[Ref: ড. আমির হোসেন খান (ষষ্ঠ সংস্করণ-২০১৮), উদা-১, পৃষ্ঠা: ৬৮০]

১০১ কোনো হ্রদের তলদেশ থেকে পানির উপরিতলে আসা একটি বায়ু বুদবুদ আয়তনে পাঁচগুণ হয়। বায়ুমণ্ডলের চাপ  $10^5\text{ Nm}^{-2}$  হলে হ্রদের গভীরতা কত?

- (A) 40.82m (B) 80.82m  
(C) 81.64m (D) 20.41m

উত্তর: (A) 40.82m

সমাধান:

ধরা যাক,

হ্রদের তলদেশে চাপ  $P_1$

হ্রদের পৃষ্ঠদেশে চাপ,  $P_2 =$  বায়ুমণ্ডলের চাপ  $= 10^5\text{ Nm}^{-2}$

$\therefore P_1 =$  বায়ুমণ্ডলের চাপ  $+ h$  গভীরতায় পানির চাপ

$$= P_2 + h\rho g$$

এখন আমরা জানি,  $P_1 V_1 = P_2 V_2$

বা,  $(P_2 + h\rho g)V = P_2 \times 5V$

$$\therefore h\rho g = 4P_2$$

$$\therefore h = \frac{4P_2}{\rho g}$$

$$= \frac{4 \times 10^5\text{ Nm}^{-2}}{10^3\text{ kg m}^{-3} \times 9.8\text{ ms}^{-2}}$$

$$= 40.82\text{ m}$$

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), উদা: ১০.৬, পৃষ্ঠা: ৫৯৫]

৯৯ জেনে রাখা ভালো:

- বায়ুমণ্ডলের চাপ  $10^5\text{ ms}^{-2}$  হলে,
- লেকের গভীরতা,  $h = [\text{আয়তন যত গুণ (n)} - 1] \times 10.2\text{ m}$
- বায়ুমণ্ডলের চাপ,  $x \times 10^5\text{ Nm}^{-2}$  হলে,
- লেকের গভীরতা,  $h = [\text{আয়তন যত গুণ (n)} - 1] \times 10.2\text{ m} \times x$

১০২ কোনো একদিনের শিশিরাঙ্ক  $10^\circ\text{C}$  ও আপেক্ষিক অর্দ্রতা 67.30%। ঐ দিনের বায়ুর সম্পৃক্ত বাষ্পচাপ কত? [ $10^\circ\text{C}$  তাপমাত্রায় সম্পৃক্ত জলীয় বাষ্পচাপ  $13.64 \times 10^{-3}\text{ m}$ ]

- (A)  $1.01 \times 10^4\text{ m}$  (B)  $2.02 \times 10^4\text{ m}$   
(C)  $2.02 \times 10^{-4}\text{ m}$  (D)  $1.01 \times 10^{-4}\text{ m}$

উত্তর: (C)  $2.02 \times 10^{-4}\text{ m}$

সমাধান:

সম্পৃক্ত বাষ্পচাপ নির্ণয়:

আমরা জানি,

$$\text{আপেক্ষিক অর্দ্রতা, } R = 67.30\% = \frac{67.30}{100}$$

শিশিরাঙ্কে সম্পৃক্ত জলীয় বাষ্পের চাপ,  $f = 13.64 \times 10^{-3}\text{ m}$

বায়ুর তাপমাত্রায় সম্পৃক্ত জলীয় বাষ্পের চাপ,  $F = ?$

আমরা জানি,

$$R = \frac{f}{F}$$

$$\therefore F = \frac{f}{R} = \frac{13.64 \times 10^{-3}}{67.30} = 2.02 \times 10^{-4}\text{ m (Ans.)}$$

[Ref: ড. শাহজাহান তপন (বর্ধিত ৩য় সংস্করণ-২০১৮), উদা: ১০.১৫ (অনুরণ), পৃষ্ঠা: ৫৯৫]

**NCTB অনুমোদিত গুরুত্বপূর্ণ বইসমূহের অনুশীলনীর Important MCQ সমূহ**

**ড. আমির হোসেন খান স্যার**

- ১।  $\frac{V_1}{T_1} = \frac{V_2}{T_2}$  সম্পর্কটি কোন সূত্রকে সমর্থন করে ?  
 (A) বয়েলের সূত্র (B) চার্লসের সূত্র  
 (C) চাপের সূত্র (D) অ্যাভোগ্যাডোর সূত্র  
 উত্তর: (B) চার্লসের সূত্র
- ২। পরম স্কেলে চাপের সূত্র হলো—  
 (A)  $P \propto T^2$  (B)  $P \propto \frac{1}{T}$  (C)  $P \propto T$  (D)  $P \propto \sqrt{T}$   
 উত্তর: (C)  $P \propto T$
- ৩।  $00^\circ\text{C}$  তাপমাত্রায় 20g অক্সিজেন একটি 20 cm দৈর্ঘ্যের ঘনককে পূর্ণ করে। এক মোল অক্সিজেনের ভর 32g; ঘনকের অভ্যন্তরে অক্সিজেনের চাপ কত ?  
 (A) 7800 kPa (B) 242 kPa (C) 65 kPa (D) 12 kPa  
 উত্তর: (B) 242 kPa
- ৪। দ্বি-পারমাণবিক গ্যাস অণুর স্বাধীনতার মাত্রা কয়টি?  
 (A) 2 (B) 3 (C) 4 (D) 5  
 উত্তর: (D) 5
- ৫। একটি আদর্শ গ্যাসের তাপমাত্রা T হতে বৃদ্ধি করে 2T করা হলে কোন রাশিটি দ্বিগুণ হবে ?  
 (A) অণুগুলোর গড় বর্গবেগের বর্গমূল (B) অণুগুলোর গড় বেগের বর্গ  
 (C) অণুগুলোর গতিশক্তি (D) অণুগুলোর বড় বর্গবেগ  
 উত্তর: (C) অণুগুলোর গতিশক্তি
- ৬।  $30^\circ\text{C}$  তাপমাত্রায় প্রতি গ্রাম অণু হিলিয়াম গ্যাসের গতিশক্তি  $[R = 8.3 \text{ Jk}^{-1} \text{ mol}^{-1}]$  ?  
 (A) 7544.7 Jmol<sup>-1</sup> (B) 3772.35 Jmol<sup>-1</sup>  
 (C) 1676.6 Jmol<sup>-1</sup> (D) 373.5 Jmol<sup>-1</sup>  
 উত্তর: (B) 3772.35 Jmol<sup>-1</sup>
- ৭। শিশিরাক বলতে আমরা বুঝি—  
 (A) তাপ (B) আপেক্ষিক আর্দ্রতা (C) আর্দ্রতা (D) তাপমাত্রা  
 উত্তর: (D) তাপমাত্রা
- ৮।  $PV = \frac{1}{3} mnc^2$  সমীকরণে c—  
 (A) গড় বেগ (B) মূল গড় বর্গ বেগ  
 (C) গড় বর্গ বেগ (D) আলোর বেগ  
 উত্তর: (B) মূল গড় বর্গ বেগ
- ৯। গ্যাসের গতিতত্ত্ব অনুসারে গ্যাস অণুগুলোর মধ্যে কোনো আন্তঃআণবিক আকর্ষণ বল নেই। সুতরাং অণুগুলোর—  
 (A) রৈখিক ভরবেগ নেই (B) গতিশক্তি নেই  
 (C) স্থিতিশক্তি নেই (D) যান্ত্রিক শক্তি নেই  
 উত্তর: (C) স্থিতিশক্তি নেই
- ১০। নির্দিষ্ট পরিমাণ কোনো গ্যাসকে  $27^\circ\text{C}$  থেকে যে তাপমাত্রায় উত্তীর্ণ করলে অণুগুলোর rms বেগ দ্বিগুণ হয় তা হলো—  
 (A)  $327^\circ\text{C}$  (B)  $600^\circ\text{C}$  (C)  $927^\circ\text{C}$  (D)  $1200^\circ\text{C}$   
 উত্তর: (A)  $327^\circ\text{C}$
- ১১। স্বাভাবিক তাপমাত্রা ও চাপে নাইট্রোজেনের ঘনত্ব হলো  $1.25 \text{ kgm}^{-3}$ । এর মূল বর্গ বেগ ( $c_{rms}$ ) হলো—  
 (A) 491.07 ms<sup>-1</sup> (B) 492.07 ms<sup>-1</sup>  
 (C) 493.07 ms<sup>-1</sup> (D) 495.07 ms<sup>-1</sup>  
 উত্তর: (C) 493.07 ms<sup>-1</sup>
- ১২।  $27^\circ\text{C}$  তাপমাত্রায় 4g অক্সিজেন গ্যাসের মোট গতিশক্তি—  
 (A) 11686 J (B) 20775 J (C) 46744 J (D) 1498 J  
 উত্তর: (C) 46744 J

- ১৩। শিশির হচ্ছে—  
 (A) তাপ (B) তাপমাত্রা (C) আর্দ্রতা (D) পানির ফোঁটা  
 উত্তর: (D) পানির ফোঁটা
- ১৪। 'PV' রাশিটি গ্যাসের ক্ষেত্রে নির্দেশ করে—  
 (A) ক্ষমতা (B) ভরবেগ (C) শক্তি (D) জড়তা  
 উত্তর: (C) শক্তি
- ১৫। S.T.P-তে 2 mol আদর্শ গ্যাসের গতিশক্তি কত হবে ?  
 $[R = 8.31 \text{ J mol}^{-1} \text{ K}^{-1}]$   
 (A) 1300 J (B) 6806 J (C) 2700 J (D) 3403 J  
 উত্তর: (B) 6806 J
- ১৬। বয়েলের সূত্র নিচের কোন প্রক্রিয়া মেনে চলে?  
 (A) সমচাপ (B) সমোষ্ণ (C) রুদ্ধতাপীয় (D) সম আয়তন  
 উত্তর: (B) সমোষ্ণ
- ১৭। 12 স্বাধীনতা মাত্রাসম্পন্ন কোনো অণুর মোট শক্তি হবে—  
 (A) 6 KT (B)  $\frac{1}{2}$  KT (C)  $\frac{3}{2}$  KT (D) 12 KT  
 উত্তর: (A) 6 KT
- ১৮।  $150^\circ\text{C}$  তাপমাত্রায় প্রতি গ্রাম অণু হিলিয়াম গ্যাসের গতিশক্তি কত?  
 $[R = 8.31 \text{ JK}^{-1} \text{ mol}^{-1}]$   
 (A) 1247 J (B) 119664 J (C) 358992 J (D) 717984 J  
 উত্তর: (C) 358992 J
- ১৯। গড় বর্গবেগের বর্গমূল ও পরম তাপমাত্রার মধ্যে সম্পর্ক হলো—  
 (A)  $c_{rms} \propto T$  (B)  $c_{rms} \propto \sqrt{T}$  (C)  $c_{rms} \propto \frac{1}{T}$  (D)  $c_{rms} \propto \frac{1}{\sqrt{T}}$   
 উত্তর: (B)  $c_{rms} \propto \sqrt{T}$
- ২০। নির্দিষ্ট তাপমাত্রায় সকল গ্যাস অণুর জন্য কোন রাশিটি ধ্রুবক ?  
 (A) ভর (B) ভরবেগ (C) গতিশক্তি (D) আয়তন  
 উত্তর: (C) গতিশক্তি
- ২১। আণবিক গতিশক্তি কোন রাশির ওপর নির্ভরশীল?  
 (A) ঘর্ষণ (B) তাপমাত্রা (C) অন্তর্স্থ শক্তি (D) তাপ  
 উত্তর: (B) তাপমাত্রা
- ২২। জলীয় বাষ্পের ঘনত্বের সাথে বায়ুর চাপের সম্পর্ক হলো—  
 (A)  $\rho \propto P^2$  (B)  $\rho \propto \sqrt{P}$  (C)  $\rho \propto P$  (D)  $\rho \propto \frac{1}{P}$   
 উত্তর: (C)  $\rho \propto P$
- ২৩। বর্ষার দিন অপেক্ষা শীতকালে ভিজা কাপড় তাড়াতাড়ি শুকায় কেন?  
 (A) বাতাসে জলীয় বাষ্প বেশি থাকে (B) বাতাসে জলীয় বাষ্প কম থাকে  
 (C) বাতাসের চাপ বেশি (D) বাতাসের চাপ কম  
 উত্তর: (B) বাতাসে জলীয় বাষ্প কম থাকে
- ২৪। একই তাপমাত্রায় রংপুর অপেক্ষা টেকনাফ অস্বস্তিকর কেন ?  
 (A) বাতাসের চাপ কম (B) আপেক্ষিক আর্দ্রতা কম  
 (C) আপেক্ষিক আর্দ্রতা বেশি (D) বাতাসের চাপ বেশি  
 উত্তর: (C) আপেক্ষিক আর্দ্রতা বেশি
- ২৫। বায়ুমণ্ডলে জলীয় বাষ্প ঘনীভূত হওয়ার ফল নয় কোনটি?  
 (A) শিশির (B) কুয়াশা (C) ঝড় (D) বৃষ্টি  
 উত্তর: (C) ঝড়
- ২৬। শুষ্ক ও সিক্ত বাতাসের মধ্যে তাপমাত্রার অধিক পার্থক্য নির্দেশ করে—  
 (A) উচ্চ আপেক্ষিক আর্দ্রতা (B) নিম্ন আপেক্ষিক আর্দ্রতা  
 (C) উচ্চ শিশিরাক (D) কোনোটিই না  
 উত্তর: (B) নিম্ন আপেক্ষিক আর্দ্রতা
- ২৭। কোন তাপমাত্রায় গ্যাসের গতিশক্তি শূন্য হয় ?  
 (A)  $-273^\circ\text{C}$  (B)  $273^\circ\text{C}$  (C)  $0^\circ\text{C}$  (D)  $303^\circ\text{C}$   
 উত্তর: (A)  $-273^\circ\text{C}$

২৮। অসম্পৃক্ত বাম্পচাপকে  $f$  এবং সম্পৃক্ত বাম্পচাপকে  $F$  দ্বারা সূচিত করলে নিচের কোনটি সঠিক?

- (A)  $f > F$  (B)  $f \geq F$  (C)  $f \leq F$  (D)  $f < F$

উত্তর: (D)  $f < F$

২৯। দুটি গ্যাস A এবং B-এর ঘনত্বের অনুপাত  $1 : 2$ । তাদের চাপ  $P$ , তাপমাত্রা  $T$ । একেত্রে তাদের rms বেগের অনুপাত কত?

- (A)  $1 : 1$  (B)  $1 : 4$  (C)  $1 : \sqrt{2}$  (D)  $2 : 1$

উত্তর: (C)  $1 : \sqrt{2}$

৩০। গ্যাসের অণুর (একটি অণুর) গতিশক্তি হলো—

- (A)  $\frac{1}{2} KT$  (B)  $\frac{3}{2} KT$  (C)  $\frac{1}{3} KT$  (D)  $\frac{2}{3} KT$

উত্তর: (B)  $\frac{3}{2} KT$

৩১। গ্যাসের পরম শূন্য তাপমাত্রা হচ্ছে—

- (A)  $0K$  বা  $-273^\circ C$  (B)  $0K$  বা  $273^\circ C$   
(C)  $0^\circ C$  বা  $-273^\circ C$  (D)  $0^\circ C$  বা  $273^\circ C$

উত্তর: (A)  $0K$  বা  $-273^\circ C$

৩২। গ্যাসের অণুর গড় মুক্তপথ তার ঘনত্বের—

- (A) বর্গের সমানুপাতিক (B) সমানুপাতিক  
(C) ব্যস্তানুপাতিক (D) বর্গের ব্যস্তানুপাতিক

উত্তর: (C) ব্যস্তানুপাতিক

৩৩। এক মোল, এক পারমাণবিক ( $\gamma = \frac{5}{3}$ )-এর সঙ্গে এক মোল দ্বি-

পারমাণবিক গ্যাস ( $\gamma = \frac{7}{5}$ ) মেশানো হলো। মিশ্রণের  $\gamma$ -এর মান—

- (A)  $\frac{4}{3}$  (B)  $\frac{3}{2}$  (C)  $\frac{35}{23}$  (D)  $\frac{23}{15}$

উত্তর: (B)  $\frac{3}{2}$

৩৪।  $K$ -এর মান—

- (A)  $1.38 \times 10^{-24} JK^{-1}$  (B)  $1.38 \times 10^{-23} JK^{-1}$   
(C)  $8.31 JK^{-1}$  (D)  $8.3 Jm^{-1} K^{-1}$

উত্তর: (B)  $1.38 \times 10^{-23} JK^{-1}$

৩৫। নির্দিষ্ট ভরের কোনো গ্যাসের অণুগুলির গড় গতিশক্তি কমে গেলে—

- (A) গ্যাসটি গরম হয় (B) গ্যাসটি ঠাণ্ডা হয়  
(C) গ্যাসটি প্রসারিত হয় (D) গ্যাসটি সংকুচিত হয়

উত্তর: (B) গ্যাসটি ঠাণ্ডা হয়

৩৬। যদি  $K$  বোলজম্যান ধ্রুবক ও,  $T$  তাপমাত্রা হয় তাহলে গ্যাসের প্রতি অণুর গড় গতিশক্তি হবে—

- (A)  $\frac{2}{3} KT$  (B)  $\sqrt{\frac{2}{3}} KT$  (C)  $\frac{3}{2} KT$  (D)  $\sqrt{\frac{3}{2}} KT$

উত্তর: (C)  $\frac{3}{2} KT$

৩৭। নির্দিষ্ট ভরের একটি গ্যাসকে স্থির তাপমাত্রায় প্রসারিত করলে যে রাশিটির মান পরিবর্তিত হয় তা হলো—

- (A) গ্যাসের চাপ (B) গ্যাসের অভ্যন্তরীণ শক্তি  
(C) গ্যাস অণুগুলির rms বেগ (D) গ্যাস অণুগুলির গতিশক্তি

উত্তর: (A) গ্যাসের চাপ

৩৮। একটি গ্যাসের স্বাধীনতার মাত্রা  $n$  হলে  $\gamma$ -এর মান হবে—

- (A)  $n$  (B)  $\frac{n+2}{n}$  (C)  $\frac{n}{2}$  (D)  $2n$

উত্তর: (B)  $\frac{n+2}{n}$

৩৯। নির্দিষ্ট ভরের কোনো গ্যাসকে  $27^\circ C$  থেকে কত তাপমাত্রায় নিচে গেলে অণুগুলির rms বেগ দ্বিগুণ হবে?

- (A)  $327^\circ C$  (B)  $627^\circ C$  (C)  $927^\circ C$  (D)  $1227^\circ C$

উত্তর: (A)  $327^\circ C$

৪০। গড় মুক্তপথ কোনটির ওপর নির্ভর করে না?

- (A) গ্যাসের ঘনত্ব (B) একটি অণুর ব্যাস  
(C) একটি অণুর ভর (D) rms বেগ

উত্তর: (D) rms বেগ

### □ ড. শাহজাহান তপন স্যার

৪১। একটি বৃদ্ধ হ্রদের তলদেশ থেকে উপরিপৃষ্ঠে উঠে আসায় এর আয়তন আটগুণ হয়। বায়ুমণ্ডলের চাপ  $H$  মিটার উচ্চতায় পানি স্তরের সমান হলে হ্রদের গভীরতা হবে—

- (A)  $H$  (B)  $3H$  (C)  $5H$  (D)  $7H$

উত্তর: (D)  $7H$

৪২। বায়ুর আপেক্ষিক আর্দ্রতা কম হলে বাষ্পায়ন হবে—

- (A) দীর গতিতে (B) দ্রুতগতিতে  
(C) আগের মতোই (D) অধি দীর গতিতে

উত্তর: (B) দ্রুতগতিতে

৪৩। স্বাভাবিক তাপমাত্রা ও চাপে  $R$ -এর মান—

- (A)  $8.31 JK^{-1} mol^{-1}$  (B)  $8.3 KJ^{-1} mol^{-1}$   
(C)  $8.3 JK^{-1} mol^{-1}$  (D)  $8.13 J^{-1} K mol^{-1}$

উত্তর: (A)  $8.31 JK^{-1} mol^{-1}$

৪৪। স্বাভাবিক তাপমাত্রা ও চাপে অক্সিজেন অণুর গড় বর্গবেগের বর্গমূল—

- (A)  $461 ms^{-1}$  (B)  $361 ms^{-1}$   
(C)  $261 ms^{-1}$  (D)  $162 ms^{-1}$

উত্তর: (A)  $461 ms^{-1}$

৪৫। বায়ুমণ্ডলের জলীয় বাষ্প ঘনীভবনের জন্য নিচের কোনটি সংঘটিত হয় না?

- (A) শিশির (B) কুয়াশা (C) ঝড় (D) বৃষ্টি

উত্তর: (C) ঝড়

৪৬। কোনো গ্যাসের মূল গড় বর্গবেগ পরম তাপমাত্রার সম্পর্ক?

- (A) সমানুপাতিক (B) ব্যস্তানুপাতিক  
(C) বর্গমূলের সমানুপাতিক (D) বর্গের ব্যস্তানুপাতিক

উত্তর: (C) বর্গমূলের সমানুপাতিক

৪৭। নাইট্রোজেন গ্যাসের ক্ষেত্রে গামা ( $\gamma$ ) এর মান কত?

- (A)  $1.67$  (B)  $1.4$  (C)  $1.33$  (D)  $1.28$

উত্তর: (B)  $1.4$

৪৮।  $T$  তাপমাত্রায় আদর্শ গ্যাসের ক্ষেত্রে একটি অণুর গড় গতিশক্তি—

- (A)  $\frac{1}{2} KT$  (B)  $\frac{3}{2} KT$  (C)  $\frac{2}{3} KT$  (D)  $\frac{3}{2} KT$

উত্তর: (B)  $\frac{3}{2} KT$

৪৯। একটি আদর্শ গ্যাসের তাপমাত্রা  $T$  হতে বৃদ্ধি করে  $2T$  করা হলো। কোন রাশিটি দ্বিগুণ হবে?

- (A) অণুগুলির গড় বর্গবেগের বর্গমূল (B) অণুগুলির গড় বেগের বর্গ  
(C) অণুগুলির গড়বেগ (D) অণুগুলির গড় বর্গবেগ

উত্তর: (D) অণুগুলির গড় বর্গবেগ

৫০। পরম শূন্য তাপমাত্রা হচ্ছে—

- (A)  $0K$  (B)  $0^\circ C$  (C)  $273^\circ C$  (D)  $-273K$

উত্তর: (A)  $0K$

৫১। তাপমাত্রা কত গুন হলে অক্সিজেন গ্যাসের অণুর বেগ দ্বিগুণ হবে?

- (A) 2 (B) 4 (C) 8 (D) 16

উত্তর: (B) 4

- ৫২। যে তাপমাত্রায় কোনো নির্দিষ্ট আয়তনের বায়ু জলীয় বাষ্প দ্বারা সম্পৃক্ত হয়, তাকে বলে—  
 (A) শিশিরাঙ্ক (B) অর্দ্রতা  
 (C) আপেক্ষিক অর্দ্রতা (D) পরম অর্দ্রতা  
 উত্তর: (A) শিশিরাঙ্ক  
 ৫৩। অসম্পৃক্ত বাষ্প মেনে চলে—  
 (A) বয়েলের সূত্র (B) চার্লসের সূত্র  
 (C) চাপের সূত্র (D) বয়েল ও চার্লসের সূত্র  
 উত্তর: (D) বয়েল ও চার্লসের সূত্র

□ ড. তফাজ্জল হোসেন স্যার

- ৫৪। তাপমাত্রা বৃদ্ধি পেলে অণুগুলোর গড় বর্গবেগ—  
 (A) হ্রাস পায় (B) বৃদ্ধি পায়  
 (C) অপরিবর্তিত থাকে (D) কখনও হ্রাস পায় কখন ও বৃদ্ধি পায়  
 উত্তর: (B) বৃদ্ধি পায়  
 ৫৫। আদর্শ গ্যাস সমীকরণ হচ্ছে  $PV = nRT$ ; এখানে,  $n$  কী?  
 (A) মোলার সংখ্যা (B) মোল সংখ্যা  
 (C) অণু সংখ্যা (D) কম্পাঙ্ক  
 উত্তর: (B) মোল সংখ্যা  
 ৫৬। সার্বজনীন গ্যাস ধ্রুবকের মান—  
 (A)  $3.8 \text{ JK}^{-1} \text{ mole}^{-1}$  (B)  $8.3 \text{ JK}^{-1} \text{ mole}^{-1}$   
 (C)  $4.53 \text{ JK}^{-1} \text{ mole}^{-1}$  (D)  $9 \text{ JK}^{-1} \text{ mole}^{-1}$   
 উত্তর: (C)  $4.53 \text{ JK}^{-1} \text{ mole}^{-1}$

- ৫৭। পরম শূন্য তাপমাত্রা হচ্ছে—  
 (A)  $0^\circ\text{C}$  (B)  $100^\circ\text{C}$  (C)  $273^\circ\text{C}$  (D)  $-273^\circ\text{C}$   
 উত্তর: (D)  $-273^\circ\text{C}$

- ৫৮। এক বায়ুমণ্ডলীয় চাপ হচ্ছে—  
 (A) 76 Pa (B) 760 Pa  
 (C)  $1.013 \times 10^5 \text{ Pa}$  (D) 273 Pa  
 উত্তর: (C)  $1.013 \times 10^5 \text{ Pa}$

- ৫৯। গ্যাসের প্রতি অণুর গড় গতিশক্তি—  
 (A)  $\frac{3}{2} RT$  (B)  $\frac{3}{2} kT$  (C)  $kT$  (D)  $\frac{2}{3} kT$   
 উত্তর: (B)  $\frac{3}{2} kT$

- ৬০। কোন গ্যাসের মূল বর্গবেগ পরম তাপমাত্রার—  
 (A) সমানুপাতিক (B) ব্যস্তানুপাতিক  
 (C) বর্গের সমানুপাতিক (D) বর্গের ব্যস্তানুপাতিক  
 উত্তর: (C) বর্গের সমানুপাতিক

- ৬১। একটি আদর্শ গ্যাসের স্থির তাপমাত্রার চাপ দ্বি-গুণ করা হলে এর আয়তন—  
 (A) 4 গুণ হবে (B) দ্বি-গুণ হবে  
 (C) অর্ধেক হবে (D) এক-চতুর্থাংশ  
 উত্তর: (C) অর্ধেক হবে

- ৬২। 64g অক্সিজেন ( $\text{O}_2$ ) গ্যাসে কতগুলো অণু আছে?  
 (A)  $N_A$  (B)  $2 N_A$  (C)  $32 N_A$  (D)  $64 N_A$   
 উত্তর: (B)  $2 N_A$

- ৬৩। কিছু পরিমাণ  $\text{CO}_2$  গ্যাসে  $3.01 \times 10^{23}$  সংখ্যক অণু আছে এ গ্যাসের ভর হবে—  
 (A) 44 kg (B)  $44 \times 10^{-3} \text{ kg}$   
 (C)  $22 \times 10^{-3} \text{ kg}$  (D)  $0.5 \times 10^{-3} \text{ kg}$   
 উত্তর: (C)  $22 \times 10^{-3} \text{ kg}$

- ৬৪। কোন আদর্শ গ্যাসের আয়তন সমানুপাতিক হবে তার—  
 (A) চাপের (B) সেলসিয়াস  
 (C) পরম তাপমাত্রার (D) ফারেনহাইট তাপমাত্রার  
 উত্তর: (C) পরম তাপমাত্রার

- ৬৫। এক পারমাণবিক গ্যাসের গড় গতিশক্তি হল—  
 (A)  $\frac{1}{2} RT$  (B)  $RT$  (C)  $\frac{3}{2} RT$  (D)  $\frac{5}{2} RT$

উত্তর: (C)  $\frac{3}{2} RT$

- ৬৬। একটি বক্স পায়ে P চাপে কিছু গ্যাস রাখা আছে। যদি গ্যাসের ভর অর্ধেক কিন্তু অণুসমূহের দ্রুতি দ্বি-গুণ করা হয় বর্তমান চাপ হবে—  
 (A) 4 P (B) 2 P (C) P (D) P/2  
 উত্তর: (B) 2 P

- ৬৭। একটি জারে (পায়ে)  $\text{H}_2$  ও  $\text{O}_2$  গ্যাসে 1 : 5 অনুপাতে মিশ্রিত করা হল।  $\text{H}_2$  ও  $\text{O}_2$  গ্যাসের অণুসমূহের গড় গতিশক্তির অনুপাত হবে?  
 (A) 1 : 16 (B) 1 : 4 (C) 1 : 5 (D) 1 : 1  
 উত্তর: (D) 1 : 1

- ৬৮। কক্ষ তাপমাত্রায় কোন দ্বি-পারমাণবিক গ্যাসের rms দ্রুতি পাওয়া গেল  $1920 \text{ m/s}$ ; গ্যাসটি হবে?  
 (A)  $\text{H}_2$  (B)  $\text{F}_2$  (C)  $\text{O}_2$  (D)  $\text{CO}_2$   
 উত্তর: (A)  $\text{H}_2$

- ৬৯। কোন নির্দিষ্ট পরিমাণ আদর্শ গ্যাসের চাপ ও আয়তন দ্বি-গুণ করা হলে পরম তাপমাত্রা হবে?  
 (A) 1 গুণ (B) 2 গুণ (C) 3 গুণ (D) 4 গুণ  
 উত্তর: (D) 4 গুণ

- ৭০। 1 মোল আদর্শ গ্যাসকে  $0^\circ\text{C}$  তাপমাত্রায় 1L আয়তনের পায়ে রাখলে চাপের পরিমাণ হবে—  
 (A) 22.4 atm (B) 11.2 atm (C) 1 atm (D)  $\frac{1}{22.4} \text{ atm}$   
 উত্তর: (A) 22.4 atm

- ৭১। যে তাপমাত্রায় প্রমাণ চাপে বিস্তৃত পানি জলীয় বাষ্পের সাথে সাম্যবস্থায় থাকে তাকে বলা হয়—  
 (A) উর্ধ্ব স্থির বিন্দু (B) নিম্ন স্থির বিন্দু  
 (C) বরফ বিন্দু (D) ত্রৈধ বিন্দু  
 উত্তর: (B) নিম্ন স্থির বিন্দু

- ৭২। সেলসিয়াস স্কেলের 100 ডিগ্রি ফারেনহাইট স্কেলের কত অংশের সমান?  
 (A) 212 (B) 180 (C) 173 (D) 100  
 উত্তর: (B) 180

- ৭৩। একটি কক্ষের তাপমাত্রা  $30^\circ\text{C}$ ; ফারেনহাইট এর মান কত?  
 (A)  $86^\circ\text{F}$  (B)  $80^\circ\text{F}$  (C)  $70^\circ\text{F}$  (D)  $68^\circ\text{F}$   
 উত্তর: (B)  $80^\circ\text{F}$

- ৭৪। প্রমাণ চাপ = 760 mm. পারদ স্তম্ভ চাপ = কত?  
 (A)  $1.013 \times 10^5 \text{ Pa}$  (B)  $1.013 \times 10^4 \text{ Pa}$   
 (C)  $1.013 \times 10^{-4} \text{ Pa}$  (D)  $1.013 \times 10^{-5} \text{ Pa}$   
 উত্তর: (B)  $1.013 \times 10^4 \text{ Pa}$

৭৫।  $PV = nRT$  গ্যাস সমীকরণে V নির্দেশ করে—

- (A)  $\frac{1}{2}$  মোল গ্যাসের আয়তন (B) 1মোল গ্যাসের আয়তন  
 (C) 2মোল গ্যাসের আয়তন (D) পাত্রের আয়তন  
 উত্তর: (B) 1মোল গ্যাসের আয়তন

- ৭৬। একটি গ্যাস আদর্শ গ্যাস হিসেবে আচরণ করে—  
 (A) নিম্নচাপ ও উচ্চ তাপমাত্রায় (B) উচ্চচাপ ও নিম্ন তাপমাত্রায়  
 (C) নিম্নচাপ ও নিম্ন তাপমাত্রায় (D) উচ্চচাপ ও উচ্চ তাপমাত্রায়  
 উত্তর: (A) নিম্নচাপ ও উচ্চ তাপমাত্রায়

- ৭৭। এক মোল হাইড্রোজেন এবং এক মোল অক্সিজেনের ভর যথাক্রমে 2 g এবং 32 g হলে কোন একটি নির্দিষ্ট তাপমাত্রার তাদের rms বেগের অনুপাত হবে—  
 (A) 8 (B) 6  
 (C) 5 (D) 4  
 উত্তর: (A) 8

বিডিনি.কম



Test Yourself (নিজেকে যাচাই করুন)  
এই অধ্যায়ের Most Important 20টি MCQ

1. গ্যাসে গতিতত্ত্ব অনুসারে  $0K$  তাপমাত্রায় গ্যাসের গতিশক্তি হবে—

- (A) সর্বাধিক (B) শূন্য  
(C) খুব বেশিও না কমও না (D) কোনটিই নয়

1. (A) (B) (C) (D)

2. সমোষ্ণ সমীকরণ (Isothermal equation) পাওয়া যায় কোন সূত্র হতে?

- (A) বয়েল এর সূত্র (B) চার্লসের সূত্র  
(C) চাপীয় সূত্র (D) আভোগেদ্রোর সূত্র

2. (A) (B) (C) (D)

3. হ্রি তাপমাত্রায় কোন গ্যাসের চাপ এবং আয়তনের পরিবর্তন নিম্নের কোনটি?

- (A) আইসোথার্মাল (B) আইসোবারিক  
(C) আইসোক্রনিক (D) কোনটিই নয়

3. (A) (B) (C) (D)

4. হ্রি তাপমাত্রায় নির্দিষ্ট ভরের গ্যাসের আয়তন ও চাপ  $v-p$  লেখ চিত্র কোন ধরনের?

- (A) সমপরাবৃত্ত (Rectangular Hyperbola)  
(B) সরল রৈখিক (Straight line)  
(C) বৃত্তাকার (Circular) (D) অধিবৃত্ত (Parabola)

4. (A) (B) (C) (D)

5. পরম শূন্য তাপমাত্রা কোনটি?

- (A)  $-273^\circ K$  (B)  $0^\circ C$   
(C)  $273^\circ K$  (D)  $-273^\circ C$

5. (A) (B) (C) (D)

6. প্রমাণ চাপ বা এক বায়ুমণ্ডলীয় চাপ কত?

- (A)  $760 \text{ cm Hg}$  (B)  $1.01 \times 10^5 \text{ kPa}$   
(C)  $1.013 \times 10^5 \text{ Nm}^{-2}$  (D)  $76 \times 10^5 \text{ Pa}$

6. (A) (B) (C) (D)

7. আদর্শ গ্যাসের চাপ—

- (A)  $p = \frac{1}{3} C^2$  (B)  $p = \frac{1}{3\rho} C^2$   
(C)  $p = \frac{1}{3} \rho C^2$  (D)  $p = \frac{1}{3} mC^2$

7. (A) (B) (C) (D)

8. এস.আই. এককে মোলার গ্যাস ধ্রুবক  $R$  এর মান কত?

- (A)  $0.082 \text{ JK}^{-1} \text{ mol}^{-1}$  (B)  $8.32 \text{ JK}^{-1} \text{ mol}^{-1}$   
(C)  $8.314 \text{ JK}^{-1} \text{ mol}^{-1}$  (D)  $1.987 \text{ JK}^{-1} \text{ mol}^{-1}$

8. (A) (B) (C) (D)

9. গ্যাসের গতিতত্ত্বের জনক কাকে বলা হয়?

- (A) ম্যাক্সওয়েল (B) বার্নোলি  
(C) ড্যানডার ওয়ালস (D) ক্রিমহান

9. (A) (B) (C) (D)

10. গ্যাসের গতিতত্ত্বের প্রত্যক্ষ প্রমাণ পাওয়া যায় নিম্নের কোনটি হতে?

- (A) ব্যাপন (B) বাষ্পচাপ  
(C) গ্যাসের প্রসারণ (D) ব্রাউনীয় গতি

10. (A) (B) (C) (D)

11. একটি গ্যাস আদর্শ গ্যাস হিসেবে আচরণ করে—

- (A) নিম্ন চাপ ও উচ্চ তাপমাত্রায় (B) উচ্চচাপ ও নিম্ন তাপমাত্রায়  
(C) উচ্চ চাপ ও উচ্চ তাপমাত্রায় (D) নিম্ন চাপ ও নিম্ন তাপমাত্রায়

11. (A) (B) (C) (D)

12. নিম্নে কোনটি  $16^\circ C$  তাপমাত্রায় সম্পৃক্ত জলীয় বাষ্পের চাপ?

- (A) 15.48 (B) 11.99  
(C) 10.52 (D) 13.63

12. (A) (B) (C) (D)

13. গড় মুক্তপথের জন্য ম্যাক্সওয়েলের সমীকরণ কোনটি?

- (A)  $\lambda = \frac{1}{n\pi\sigma^2}$  (B)  $\lambda = \frac{n}{\sqrt{2}\pi\sigma^2}$   
(C)  $\lambda = \frac{1}{\sqrt{2}n\pi\sigma^2}$  (D)  $\lambda = \frac{n}{\pi\sigma^2}$

13. (A) (B) (C) (D)

14. গ্যাসের গতিতত্ত্ব থেকে নিম্নের কোন সূত্র উপপাদন করা যায়?

- (A) বয়েলের সূত্র (B) চাপীয় সূত্র  
(C) আদর্শ গ্যাস সমীকরণ (D) সবগুলো

14. (A) (B) (C) (D)

15. বোলজম্যান ধ্রুবক এর মান কত?

- (A)  $1.36 \times 10^{-22} \text{ JK}^{-1}$  (B)  $1.30 \times 10^{-22} \text{ JK}^{-1}$   
(C)  $1.38 \times 10^{-23} \text{ JK}^{-1}$  (D)  $1.35 \times 10^{-23} \text{ JK}^{-1}$

15. (A) (B) (C) (D)

16. নিম্নের কোনটি অসম্পৃক্ত বাষ্পের বৈশিষ্ট্য?

- (A) তাপমাত্রা বৃদ্ধি করে একটি নির্দিষ্ট পরিমাণ অসম্পৃক্ত বাষ্পকে সম্পৃক্ত করা হয়।  
(B) যে স্থানে অসম্পৃক্ত বাষ্প থাকে ঐখানে নির্দিষ্ট তাপমাত্রায় আরো বাষ্প গ্রহণ করতে পারে।  
(C) বয়েলের সূত্র মেনে চলে না।  
(D) চার্লসের সূত্র মেনে চলে না।

16. (A) (B) (C) (D)

17. শরৎ কালে কোন সময়ে শিশির পড়ে?

- (A) অমাবস্যার রাতে (B) মেঘমুক্ত রাতে  
(C) মেঘলা রাতে (D) পূর্ণিমার রাতে

17. (A) (B) (C) (D)

18. পানিকে  $7^\circ C$  থেকে  $1^\circ C$  এ ঠাণ্ডা করলে কী ঘটে?

- (A) এটি শুধুমাত্র সংকুচিত হয়  
(B) এটি শুধুমাত্র প্রসারিত হয়  
(C) এটি প্রথমে সংকুচিত হয় এবং পরে প্রসারিত হয়  
(D) এটি প্রথমে প্রসারিত হয়, তারপর সংকুচিত হয় এবং পরে আবার প্রসারিত হয়

18. (A) (B) (C) (D)

19. নির্দিষ্ট তাপমাত্রায় কোন অবস্থানে স্থান সর্বাধিক যে পরিমাণ বাষ্প ধারণ করতে পারে, তা অপেক্ষা কম বাষ্প থাকলে তাকে কী বলে?

- (A) অসম্পৃক্ত বাষ্প (B) সম্পৃক্ত বাষ্পচাপ  
(C) সম্পৃক্ত বাষ্প (D) অসম্পৃক্ত বাষ্পচাপ

19. (A) (B) (C) (D)

20. তাপমাত্রা বৃদ্ধি পেলে গ্যাস অণুগুলোর মূল গড় বর্গবেগ—

- (A) হ্রাস পায় (B) বৃদ্ধি পায়  
(C) অপরিবর্তিত থাকে (D) প্রথমে বৃদ্ধি ও পরে হ্রাস পায়

20. (A) (B) (C) (D)

Answer Sheet

1. (B) ব্যাখ্যা: রয়েল পৃষ্ঠা-৩৭১	2. (A) ব্যাখ্যা: রয়েল পৃষ্ঠা-৩৬৭	3. (A) ব্যাখ্যা: রয়েল পৃষ্ঠা-৩৬৭	4. (A) ব্যাখ্যা: রয়েল পৃষ্ঠা-৩৬৭	5. (D) ব্যাখ্যা: রয়েল পৃষ্ঠা-৩৬৮
6. (C) ব্যাখ্যা: রয়েল পৃষ্ঠা-৩৬৮	7. (C) ব্যাখ্যা: রয়েল পৃষ্ঠা-৩৬৯	8. (C) ব্যাখ্যা: রয়েল পৃষ্ঠা-৩৬৯	9. (B) ব্যাখ্যা: রয়েল পৃষ্ঠা-৩৭০	10. (D) ব্যাখ্যা: রয়েল পৃষ্ঠা-৩৭১
11. (A) ব্যাখ্যা: রয়েল পৃষ্ঠা-৩৬৬	12. (D) ব্যাখ্যা: রয়েল পৃষ্ঠা-৩৭৪	13. (C) ব্যাখ্যা: রয়েল পৃষ্ঠা-৩৭১	14. (D) ব্যাখ্যা: রয়েল পৃষ্ঠা-৩৭৩	15. (C) ব্যাখ্যা: রয়েল পৃষ্ঠা-৩৭৩
16. (B) ব্যাখ্যা: রয়েল পৃষ্ঠা-৩৭৩	17. (B) ব্যাখ্যা: রয়েল পৃষ্ঠা-৩৭৫	18. (C) ব্যাখ্যা: রয়েল পৃষ্ঠা-৩৭৪	19. (A) ব্যাখ্যা: রয়েল পৃষ্ঠা-৩৭৪	20. (B) ব্যাখ্যা: রয়েল পৃষ্ঠা-৩৭১



প্রতিদিনের চাকুরীর মার্কুলার পেতে [এখানে ক্লিক করুন](#)

প্রতি মাসের কারেন্ট অ্যাফেয়ার্স পিডিএফ [এখানে ক্লিক করুন](#)

চাকুরীর প্রয়োজনীয় সকল পিডিএফ বই [এখানে ক্লিক করুন](#)

বিসিএম এর প্রয়োজনীয় পিডিএফ বই [এখানে ক্লিক করুন](#)

প্রতি সপ্তাহের চাকুরী পত্রিকা ডাউনলোড [এখানে ক্লিক করুন](#)

সকল নিয়োগ পরীক্ষার প্রশ্ন সমাধান [এখানে ক্লিক করুন](#)

**বিডিনিয়োগ.কম দেশের মেরা পিডিএফ কালেকশন**

SSC এর প্রয়োজনীয় সকল পিডিএফ বই [এখানে ক্লিক করুন](#)

HSC এর প্রয়োজনীয় সকল পিডিএফ বই [এখানে ক্লিক করুন](#)

বিশ্ববিদ্যালয় ভর্তির সকল পিডিএফ বই [এখানে ক্লিক করুন](#)

সকল ধরনের **মাজেশন** ডাউনলোড [এখানে ক্লিক করুন](#)

